৩৭৬ কখ। পদান্তে বর্ত্তমানো বিসর্গঃ কখয়োঃ পরয়োর্জ্জিহ্বামূলীয়ো বা ভবতি। অনুস্বারানুনাসিকসংজ্ঞাবৎ জিহ্বামূলীয়োপধ্মানীয়সংজ্ঞাপি লোকপ্রসিদ্ধা এব জ্ঞাতব্যা।

শষপরয়োঃ ৯৫ খ্যাক্রি ৭০ চ।১০ ন।১০ স্যাৎ (ক্রিয়া)

৩৭৭। শষপরয়োঃ খ্যাক্রিঃ চ ন স্যাৎ।—কঃ কৃশাতা, বাসঃ ক্ষৌমং, ঘটঃ খ্যাতঃ ॥

পফয়োঃ ৭ঃ উপধ্মানীয়ঃ ১০

৩৭৮। পফয়োরুপধ্মানীয়ঃ।—কঃ পরঃ কᵯপরঃ, কঃ ফলতি কᵯফলতি ॥

শষসপরয়োঃ ৭ঃ ন।১০ স্যাৎ (ক্রিয়া)

৩৭৯। শষসপরয়োর্ন স্যাৎ।—অম্ভিঃ প্সাতম্ ॥

৩৮০। সন্ধিরেকপদে নিত্যো নিত্যো ধাতূপসর্গয়োঃ।
সূত্রেষ্বপি তথা নিত্যঃ সৈবান্যত্র বিভাষিতঃ ॥

কিং ধনেন করিষ্যন্তি ঈশ্বরাঃ ক্ষণভঙ্গিনা। ভবান্ শেতে ইত্যাদি ॥

ইতি বাদীন্দ্রচক্রচূড়ামণিমহাপণ্ডিতশ্রীক্রমদীশ্বরাচার্য্যকৃতে
সংক্ষিপ্তসারে মহারাজাধিরাজশ্রীমজ্জুমরনন্দি-
পরিশোধিতায়াং বৃত্তৌ প্রথমঃ
সন্ধিপাদঃ সমাপ্তঃ ॥ ১

৩৭৭ শষ। শষপরয়োঃ কখয়োঃ খ্যাক্রি চ পরে জিহ্বামূলীয়ো ন ভবতি। কঃ কৃশাতা ইতি কুঙ্ তাঙ্ বা, খ্যাক্রকৃশাক্রৌ চক্ষিঙ ইতি কৃশাক্রাদেশঃ। ঘটঃ খ্যাত ইতি ক্তঃ; যথা খ্যা প্রকথন-ইত্যস্য গ্রহণং ন ভবতি, তৎ গৌ চ কনিগমি ইত্যাদিসূত্র এব ব্যাখ্যাতং; খ্যা প্রকথন ইত্যস্য তু ভবত্যেব। অর্থভেদস্তু দ্বয়োরস্তীতি নিষেধঃ। প্রকথনং হি বিস্তীর্ণতা। গৌড়ীয়াস্তু খ্যা প্রকথনে ইতি পঠন্তি, তথাপ্যর্থভেদোঽপ্যস্ত্যেব।

৩৭৮ পুফ। পদান্তে বর্ত্তমানো বিসর্গঃ পফয়োরুপধ্মানীয়ো বা ভবতি।

৩৭৯ শষ। শষসপরয়োঃ পফয়োরুপধ্মানীয়ো ন ভবতি।

/ ৩৮০ সন্ধি। বর্ণানাং দ্রুততরোচ্চারণং সন্ধিরিতি প্রাগেব যদুক্তং, তদ্ব্যবস্থার্থমাহ—সন্ধিরিত্যাদি। একপদে নিত্যমেব দ্রুততরোচ্চারণাৎ তৎকার্য্যমপি নিত্যমেব ভবতি, তদ্যথা বৃক্ষৌ ভবতঃ। ভিন্নপদব্যবস্থার্থং লক্ষণমাহ—নিত্য ইত্যাদি। ধাতুশ্চ উপসর্গশ্চ ধাতূপসর্গৌ, তয়োঃ সন্ধির্নিত্যঃ, তদ্-যথা প্রাপ্নোতি। সূত্রেষ্বপি তেনৈব প্রকারেণ নিত্য ইতি কর্ম্মণ্যন্, নিত্যকথাদেরাদৌ। সৈবেতি স এব সন্ধিঃ উক্তাদন্যস্মিন্ বিভাষিতঃ বিকল্পেন ভাষিত ইত্যর্থঃ। সৈবেতি ন তদঃ সস্য পাদপূরণ ইত্যসন্ধিনিষেধঃ। ভবান্ শেতে ইত্যাদি, পক্ষে দ্রুততরোচ্চারণাভাবাৎ শে রুশ্চেতি ছাদেশশ্চ ন-ভবতি। এবং পুনং তিষ্ঠতি, দুষ্খং যাতীত্যাদৌ বা অনুস্বারঃ।

ইতি মহাপণ্ডিতশ্রীক্রমদীশ্বরকৃতে সংক্ষিপ্তসারে
মহারাজাধিরাজশ্রীমজ্জুমরনন্দিপরিশোধিতায়াং রসবত্যাং বৃত্তৌ ঔত্থাসনিক-
শ্রীগোয়ীচন্দ্রবিরচিতায়াং বিবরণীনামটীকায়াং
প্রথমঃ সন্ধিপাদঃ সমাপ্তঃ ।১

তিঙন্তপাদ

ধাতোঃ ৫০ তিঙ্‌……মহে ।১।০ লড়্‌ ১০ বর্ত্তমানে ৭০

১। ধাতোস্তিঙ্‌ তস্‌ অন্তি, সিঙ্‌ থস্‌ থ, মিঙ্‌ বস্‌ মস্‌। তে আতে অন্তে, সে আথে ধ্বে, এ বহে মহে ;—লড়্‌ বর্ত্তমানে।—"যত্রারব্ধা ফলান্তৈকা ক্রিয়া কালঃ স বর্ত্ততে।" বর্ত্তমানে কালে ধাতোরুত্তরে লট্‌সংজ্ঞকাস্তিঙাদয়ো ভবন্তি। প্রত্যেকং তে লট্‌সংজ্ঞকাশ্চ। কৃৎপর্য্যন্তং ধাতোরিত্যধিকারঃ॥

ভ্বাদিদশগণাঃ ১।০ ণিঙ্‌সনাদ্যন্তাঃ ১।০ চ ।১। ধাতবঃ ১।০

২। ভ্বাদিদশগণা ণিঙ্‌সনাদ্যন্তাশ্চ ধাতবঃ।—ভবতি ভবতঃ ভবন্তি,

১ ধাতোঃ। তিঙাদি মহ ইত্যন্তং পদং লুপ্তপ্রথমাবহুবচনান্তম্‌। ছন্দোবৎ সূত্রাণি ভবন্তীতি ছন্দসি বহুলং বিভক্তিলোপঃ শাস্ত্রান্তরোক্তস্তথৈবাত্রাপি দ্রষ্টব্যঃ। ক্রিয়াকৃতাবচ্ছেদভেদোপচারাৎ নিত্যস্যৈকস্য কালস্য বর্ত্তমান ইতি, ভবিষ্যন্নিতি, ভূত ইতি চাখ্যা। তত্র বর্ত্তমানলক্ষণমাহ—যত্রে-ত্যাদি। যত্র কালে আরব্ধা সাধয়িতুং প্রস্তুতা ফলান্তা ফলপর্য্যবসায়িনী ক্রিয়া একা একরূপা বিজাতীয়া তদ্বিরুদ্ধা নাস্তিবিতেত্যর্থঃ, স কালো বর্ত্ততে বর্ত্তমানাখ্যাং লভত ইত্যর্থঃ। স চ ধাত্বর্থবিশে[illegible]। কৃৎপর্য্যন্তমিতি কৃদধিকারসমাপ্তিং যাবৎ। ননু লাঘবার্থমারব্ধে শাস্ত্রে কিমিত্যেকাকরা এব লড়াদীনাং প্রত্যভিজ্ঞানার্থং তত্র লড়াদয়ঃ স্থানিত্বেন উপকল্পিতাঃ, ইহ তু সংজ্ঞাত্বেনৈতাবন্মাত্রং বিশেষঃ। অয়মেব সিদ্ধান্তঃ—ধাত্বাদীনাং সন্‌প্রভৃতীনাঞ্চ সংজ্ঞানাং করণীয়ঃ। অতএবানেনাচার্য্যেণ পূর্ব্বাচা[illegible] সংজ্ঞাভিরেব প্রায়েণ ব্যবহ্রিয়তে।

২ ভ্বাদি। ভূ আদির্যেষাং তে দশগণপঠিতাঃ, ণিঙন্তাঃ সনাদ্যন্তাশ্চ ধাতুসংজ্ঞকা ভবন্তি।

---

(১) এই তিঙন্তপাদে লট্‌ লোট্‌ লঙ প্রভৃতি দশটী লকার আছে ; তন্মধ্যে সর্ব্ব প্রথমে এই লট্‌ বলা হইতেছে। ইহাদের প্রত্যেকেরই নামের প্রথমে 'ল' এই বর্ণটী আছে বলিয়া ইহাদিগকে লকার বলে। লট্‌ বর্ত্তমানকালে হয়। যে কোন একটী কার্য্যের আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত যে সময়, তাহাকে বর্ত্তমানকাল বলে। কাল ও সময় একই কথা। এই বর্ত্তমানকালে ধাতুর উত্তর লট্‌ সংজ্ঞক (নামক) তিঙ্‌ আদি করিয়া আঠারটি বিভক্তি হয়। এই আঠারটি বিভক্তির প্রত্যেকটিকেই লট্‌ বলে আর সবগুলিকে ত বলেই। সূত্রে যে 'ধাতোঃ' এই কথাটি আছে, ইহার অধিকার (অনুবৃত্তি) কৃদন্তপাদ সমাপ্তি পর্য্যন্ত ; এইরূপ অধিকারকেই 'গঙ্গাস্রোতোঽধিকার' বলে। গঙ্গাস্রোতোঽধিকার বলিবার তাৎপর্য্য এই যে, গঙ্গাস্রোতঃ যেমন হিমাচল-শিখর হইতে আরম্ভ করিয়া কোথাও না থামিয়া বরাবর অবিচ্ছিন্নপ্রবাহে সাগর-সঙ্গম পর্য্যন্ত চলিয়াছে, সূত্রস্থ 'ধাতোঃ' এই কথাটির অনুবৃত্তিও তেমনি এই সূত্র হইতে আরম্ভ করিয়া বরাবর অনিবৃত্তভাবে কৃদন্তপাদের শেষ সূত্র পর্য্যন্ত চলিয়াছে।

(২) ভূঃ আদির্যেষাং তে ভ্বাদয়ঃ (বহুব্রী) দশ চ তে গণাশ্চ (গণপঠিতাঃ) ইতি দশ গণাঃ (কর্ম্মধা) ভ্বাদয়শ্চ তে দশ গণাশ্চেতি ভ্বাদিদশগণাঃ (কর্ম্মধা) ণিঙ্‌ চ সনাদয়শ্চ তে ণিঙ্‌সনাদয়ঃ (দ্বন্দ্ব) ণিঙ্‌সনাদয়ঃ অন্তে যেষাং তে ণিঙ্‌সনাদ্যন্তাঃ (বহুব্রী)।

ভবসি ভবথঃ ভবথ, ভবামি ভবাবঃ ভবামঃ। পচতে পচেতে পচন্তে, পচসে পচেথে পচধ্বে, পচে পচাবহে পচামহে ॥

ভূতে ৭০ চ।১০ নম্বাদ্যোঃ ৩ঃ০

৩। ভূতে চ নম্বাদ্যোঃ।—নম্বাদ্যোঃ শব্দৈর্যোগে বর্ত্তমানে কালে ভূতে চ লড় ভবতি ॥

ক্রিয়াবাচকানামেব দশগণপাঠাৎ স্বরাদিবাচকানাং দিবাদীনাং ন ধাতুত্বম্। সনাদেশ্চেত্যত্র উদাহরণে-নৈব সনাদীন্ ব্যাকরিষ্যতি। তত্র ণিঙোঽগ্রহণাদিহ তু ণিঙিতি পৃথগুক্তম্। ণিঙাদ্যন্তা ইতি ন কৃতং বৈচিত্র্যার্থম্। ণিঙাদ্যন্তা ইতি কৃতেঽপি সনাদ্যন্তানামপি গ্রহণে সিদ্ধে উভয়োরুপাদানং ণিঙন্তাদপি সনি কৃতে সনন্তাদপি ণিঙি কৃতে নাম্নোঽপি ণিঙন্তস্য ধাতুসংজ্ঞা ভবতীতি সর্ব্বোপসংগ্রহ-সূচনার্থম্। অন্যথা দশগণপঠিতানামেব ণিঙাদ্যন্তানাং ধাতুসংজ্ঞা ভবতীতি মন্দধিয়াং শঙ্কা স্যাৎ ইতি কেচিদ্ব্যাচক্ষতে। প্রকৃতিপ্রত্যয়য়োর্নিয়তসম্বন্ধেন সান্নিধ্যাৎ প্রথমবুদ্ধিগ্রাহ্যত্বম্। অতস্তেনৈব ণিঙ্সনাদ্যন্তং ধাতুসংজ্ঞকং, ন তূপসর্গসহিতম্। চতুর্লড়াদৌ শপ্ ভূণ্যাদেরিত্যত্র যথা প্রথমগণস্যৈব গ্রহণং, তথাত্রাপি স্যাদিতি শঙ্কানিরাসার্থং দশগণা ইতি কৃতম্।

৩ ভূতে। চকারো বর্ত্তমান ইত্যস্যানুকর্ষণার্থঃ। সামান্যবিধানমেতদুত্তরত্র বিশেষবিধানেন প্রপঞ্চয়িষ্যতি। অনেন ভূতে, পূর্ব্বসূত্রেণ বর্ত্তমানে লড়িতি সিদ্ধে যচ্চকারেণ বর্ত্তমান ইত্যনুকৃষ্য ভূতে বর্ত্তমানে চানেন বিধানং, তন্মন্দধিয়াং শঙ্কানিরাসার্থম্; অন্যথা বর্ত্তমানে লটং বাধিত্বা ভূতেঽনেন বিধীয়তে ইতি শঙ্কা স্যাৎ।

ভূ আদি দশ-গণ-পঠিত (১) প্রকৃতি এবং ণিঙ সনাদ্যন্ত (২) প্রকৃতিকে ধাতু বলে। সুতরাং 'ভূ' এই প্রকৃতিটি ভ্বাদিগণ-পঠিত বলিয়া ধাতু হইল; ইহার উত্তর তিঙাদি বিভক্তি হইতে পারে, এজন্য ঐ ভূধাতুর লট্ বিভক্তির রূপ দেখান হইতেছে। ভূধাতুর অর্থ—সত্তা (হওয়া)। রূপ, যথা—ভূ+তিঙ, 'চতুর্লড়াদৌ—' শপ্, 'লুক্ চিহ্ন্যাঃস্য' শপ্-তিঙের ঙ লোপ, 'জস্ঙিতো—' ভূধাতুর উকারের গুণ, 'ণ্যাদৌ—' ওকারস্থানে অব্=ভবতি। ভূ+তস্, অন্যান্য সাধন-প্রণালী পূর্ব্ববৎ, বিশেষ 'স্রোর্বিসর্গো—' সকার স্থানে বিসর্গ=ভবতঃ। ভূ+অন্তি, বিশেষ 'লুগচ্ছঙা—' অন্তির অকার লোপ=ভবন্তি। ভূ+সিঙ্=ভবসি। ভূ+থস্=ভবথঃ। ভূ+থ=ভবথ। ভূ+মিঙ্ 'অঙম্যা—' অকার স্থানে আকার=ভবামি। ভূ+বস্=ভবাবঃ। ভূ+মস্=ভবামঃ। পচ্+তে=পচতে, পচ্+আতে, 'এদঙিৎ' আতের আকার স্থানে একার, 'আচ্চে—' অকারলোপ=পচেতে। পচ্+অন্তে, 'লুগচ্ছ—' অন্তের অকার লোপ=পচন্তে। পচ্+সে=পচসে। পচ+আথে=পচেথে—'পচেতে'বৎ। পচ+ধ্বে=পচধ্বে। পচ্+এ=পচে। পচ্+বহে=পচাবহে। পচ্+মহে=পচামহে।

(৩) নম্ব প্রভৃতি শব্দের যোগে বর্ত্তমানকাল ও ভূতকালে লট্ হয়। এই সূত্রটী সামান্যতঃ বিধান করা হইল, পরবর্ত্তী সূত্রগুলিতে উদাহরণের সহিত বিশেষ বিধান করা হইবে। এজন্য এই সূত্রটীতে উদাহরণ দেওয়া হয় নাই।

১। ভ্বাদ্যাদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদী চুরাদয়ঃ।

২। ণিঙ্ সন-যন-কাম্যাশ্চ ঈয়ায়াবায়লুক্ তথা।
আয়ঙ্ কণ্ড্বাদি-যশ্চৈব নব জ্ঞেয়া ণিঙাদয়ঃ॥

নন্বনা ৩০ পৃষ্টপ্রতিবচনে ৭০

৪। নন্বনা পৃষ্টপ্রতিবচনে।—অভূদ্ঘটঃ কিম্? ননু ভবতি॥

বা।১০ নুনাভ্যাম্ ৩ঃ

৫। বা নুনাভ্যাম্।—অভূদ্ঘটঃ কিম? নু ভবতি না ভবতি ন্বভূৎ নাভূৎ॥

স্মেন ৩০ ভূতানদ্যতনপরোক্ষাপরক্ষয়োঃ ৭ঃ

৬। স্মেন ভূতানদ্যতনপরোক্ষাপরোক্ষয়োঃ।—স্মশব্দো ভূতকালবচনঃ। ভবতি স্ম রামো রাজা, বদতি স্ম মামিদং পিতা॥

৪ ননু। নন্বনা যোগে প্রশ্নপূর্ব্বকপ্রতিবচনে গম্যমানে বর্ত্তমানে ভূতে চ লড়্ ভবতি। পৃষ্টমিতি ভাবে ক্তঃ, পৃষ্ট [প্রশ্ন] পূর্ব্বকং প্রতিবচনং পৃষ্টপ্রতিবচনমিতি ময়ূরব্যংসকাদিত্বাদ্বা সমাসঃ, শাকপার্থিবাদিত্বাদ্বা সমাসঃ। তৎপুরুষাদৌ সংস্কৃতাদেনিত্যমিতি পূর্ব্বকশব্দলোপঃ। অভূদ্ঘটঃ কিমিতি প্রশ্নে ননু ভবতীতি প্রতিবচনম্। ননু প্রতিবচনং প্রশ্নপূর্ব্বকমেব সম্ভবতি তৎ কিং পৃষ্টশব্দেন? অত্রোচ্যতে—প্রতিবচনশব্দস্যার্থান্তরেঽপি বৃত্তিরস্তি, যথোচ্যতে ময়া স প্রত্যুক্তঃ প্রতিক্ষিপ্ত ইত্যর্থঃ। কিঞ্চ বচনং বচনং প্রতি প্রতিবচনম্ ইতি বীপ্সায়ামিত্যব্যয়ীভাবেনাপি প্রতিবচনশব্দস্য সিদ্ধত্বা গ্রহণং স্যাৎ।

৫ বা নু। নুনাভ্যাং যোগে পৃষ্টপ্রতিবচনে গম্যমানে ভূতে চ লড়্, বা ভবতি। পক্ষে যথাকাল-বিহিত এব প্রত্যয়ঃ; স চ বর্ত্তমানে লড়েব, ভূতে চ লুঙাদিঃ। নাভূদিতি লুঙ্হ্রচ্ছ্, লুঙ্ সঙ্, সঙ্লুগ-নাদেরিতি সঙ্লুক্, লঙ্লুঙ্লৃঙ্ক্ষ্বমাঙ্বালাবিত্যঙ্।

৬ স্মেন। স্মেন যোগে ভূতানদ্যতনপরোক্ষে লিটঃ, অপরোক্ষে লঙোঽপবাদো লড়্ ভবতি। নাত্র বর্ত্তমানে লট্, ভূত এবাস্য প্রয়োগাৎ। অতএবাহ স্মশব্দো ভূতকালবচন ইতি।

(৪) প্রশ্নের প্রত্যুত্তর গম্যমান হইলে (বুঝাইলে) ননু শব্দের যোগে বর্ত্তমানকাল ও ভূত কালে লট্ হয়। অভূৎ ঘটঃ কিম্? ঘট হইয়াছে কি? এই প্রশ্নের উত্তর—ননু ভবতি অর্থাৎ হইতেছে এবং হইয়াছে। এ স্থলে যখন ভবতির অর্থ 'হইতেছে' হইল, তখন বর্ত্তমান কালে লট্ হইয়াছে। আর যখন ভবতির অর্থ 'হইয়াছে' হইল তখন ননু শব্দের যোগ থাকায় ভূত কালে লট্ হইয়াছে। ভূ+(লুঙ্) হ্রচ্ছ্, 'লুঙ্সঙ্চ' মধ্যে সঙ্, 'সঙ্ লুক্—' সঙ্ লোপ, 'লঙ্ লুঙ্—' পদের আদিতে অঙ্ আগম=অভূৎ।

(৫) প্রশ্নের প্রত্যুত্তর গম্যমান হইলে নু ও না' শব্দের যোগে ভূতকালে লট্ বিকল্পে হয়। বিকল্প অর্থাৎ একবার হয় আর একবার হয় না। অভূৎ ঘটঃ কিং? ঘট হইয়াছে কি? এই জিজ্ঞাসায় উত্তর দেওয়া হইতেছে—'নু ভবতি'—হইয়াছে আর 'না ভবতি' অর্থাৎ হইয়াছে না (হয় নাই)। এই উত্তরদ্বয়ে ভূতকালে লট্ হইয়াছে। আর বিকল্প বিধানবশতঃ যেবার ভূতকালে লট্ হইল না, সেবার ভূত-সামান্যবিহিত লুঙ্ হইল। পদ হইল—ন্বভূৎ এবং নাভূৎ। নু+অভূৎ—ন্বভূৎ, আর না+অভূৎ—নাভূৎ। সন্ধিকার্য্য। অভূৎ পূর্ব্বসূত্রে সাধা হইয়াছে।।

(৬) ভূত অনদ্যতন পরোক্ষ এবং ভূত অনদ্যতন অপরোক্ষ কালে স্ম শব্দের যোগে ভূতকালে লট্ হয়। অদ্য যাহা হইয়া গিয়াছে, তাহাকে অদ্যতন ভূত এবং অদ্যতন

স্মাযুক্তপুরাযোগে ৭০ ভূতানদ্যতনে ৭০ বা।১০ লুঙ্ ১০ চ।১০

৭। স্মাযুক্তপুরাযোগে ভূতানদ্যতনে বা লুঙ্ চ।—বসন্তীহ পুরা বিপ্রাঃ, অবাৎসুঃ অবসন্। স্মযুক্তে তু পুরা স্ম বসন্তি॥

অদ্যতনভূতেঽপি লুঙ্ ভবত্যেব; অবাদীৎ স্ম। ভবতি স্ম রামো রাজা, বদতি স্ম মামিদং পিতা ইত্যুদাহরণদ্বয়েন পরোক্ষাপরোক্ষৌ স্পষ্টাবেব। ভূতানদ্যতন এবোক্তে পরোক্ষেঽপরোক্ষে চ বিধানং লভ্যত এব, তৎ পরোক্ষাপরোক্ষয়োরিতি কৃতং স্পষ্টার্থম্। একস্মিন্ বিষয়ে সাবকাশোঽয়ম্ অপরস্মিন্ বিষয়ে লিটা লঙা বা লড্ বাধ্যত ইতি শঙ্কা স্যাৎ।

৭ স্মাযু। স্মশব্দেনাযুক্তস্য পুরাশব্দস্য যোগে ভূতানদ্যতনে লট্ লুঙ্ চ বা স্যাৎ। এতাভ্যাং, ত্যক্তে পক্ষেঽপরোক্ষে লঙ্, পরোক্ষে লিড্ ভবতি। তেন ভূতসামান্যবিহিতো লুঙ্ অনদ্যতনে লঙা লিটা চ বাধিতত্বাৎ ন প্রাপ্নোতীতি বিধানম্। অবাৎসুরিতি বস নিবাসে লুঙ্ প্রথমপুরুষ, বহুবচনং অন্, সঙ্, সঙন্তাদভুবো নিত্যমিতি অন উস্, অনিঙ হলন্তস্যেতি বৃদ্ধিঃ, সে তোঽচতুর্ষিতি দস্য তঃ। পুরা স্ম বসন্তীতি স্মেনেত্যাদিনা লট্।

ভিন্ন ভূতকালকে অনদ্যতন ভূতকাল বলে। পরোক্ষশব্দের অর্থ অপ্রত্যক্ষ এবং অপরোক্ষশব্দের অর্থ প্রত্যক্ষ। স্মশব্দ অতীতকালবাচক। ভবতি স্ম রামো রাজা—রাম রাজা হইয়াছিলেন। এ স্থানে রামচন্দ্র যে রাজা হইয়াছিলেন, তাহা আমরা চক্ষুতে দেখি নাই, এজন্য ইহা পরোক্ষ অর্থাৎ অপ্রত্যক্ষ বিষয় হইল। আর তিনি ত আজ কাল রাজা হন নাই, কোন যুগান্তরে হইয়াছিলেন, এজন্য অনদ্যতন ভূতকাল হইল। সুতরাং স্মশব্দের যোগে 'ভবতি' এই পদে ভূত অনদ্যতন পরোক্ষ-, কালে লট্ বিভক্তি হইল। এইটী হইল—ভূত-অনদ্যতন পরোক্ষকালের 'উদাহরণ; আর ভূত অনদ্যতন অপরোক্ষকালের উদাহরণ যথা—'বদতি স্ম মামিদং পিতা' পিতা আমাকে ইহা (রামের রাজা হওয়ার কথা) বলিয়াছিলেন। এস্থলে বক্তা যখন স্বয়ং বলিতেছেন যে, পিতা আমাকে ইহা বলিয়াছিলেন, তখন সে পিতার বলা নিশ্চয়ই প্রত্যক্ষ করিয়াছে, প্রত্যক্ষ না করিলে তাহার ঐ কথা বলাই অসম্ভব হইয়া পড়ে। অতএব পিতার কথা পুত্রের প্রত্যক্ষ-বিষয় হইল বলিয়া, ইহা অপরোক্ষ। আর পিতা অনেক দিন ওকথা বলিয়াছিলেন বলিয়া অনদ্যতন হইল। সুতরাং এখানে স্মশব্দের যোগে 'বদতি' এই পদে ভূত অনদ্যতন অপরোক্ষকালে লট্ বিভক্তি হইয়াছে। বদ+তিঙ্, 'চতুর্দশা-' মধ্যে শঙ্= বদতি।

(৭) স্মশব্দযোগ-রহিত পুরা শব্দের যোগে ভূতানদ্যতনকালে লট্ ও লুঙ্ বিকল্পে হয়। "বসন্তীহ পুরা বিপ্রাঃ অবাৎসুঃ অবসন্"—অর্থাৎ পূর্ব্বে এই স্থানে বিপ্রগণ বাস করিয়াছিলেন। এখানে স্মশব্দ যোগ-রহিত পুরা শব্দের যোগে ভূতানদ্যতন কালে 'বসন্তি' এই পদে লট্, 'অবাৎসুঃ' পদে লুঙ্ এবং 'অবসন্' এই পদে লঙ্ হইল। লট্ লুঙ্-পরিত্যক্ত পক্ষে 'অবসন্' এই পদে ভূতানদ্যতন-বিহিত লঙ্ বিভক্তি হইয়াছে। ব্যাকরণ শাস্ত্রের নিয়ম এই যে, 'বা-দ্বয়ং পদত্রয়ম্' অর্থাৎ যেখানে দুইটী কার্য্যের বিকল্প বিধান হয়, সেখানে তিনটি পদ হইয়া থাকে। সুতরাং এই সূত্রে লট্ এবং লুঙের বিকল্প বিধান থাকায়, বস্ ধাতুর উত্তর একবার লট্, একবার লুঙ্ এবং যে বার লট্ ও লুঙ্ এতদুভয়ের

কেবলাৎ ৫০ বর্ত্তমানপ্রায়ে ৭০

৮। কেবলাদ্বর্ত্তমানপ্রায়ে।—কদা আগতোঽসি ? এষ আগচ্ছামি ইদানীমাগমমিত্যর্থঃ। "প্রত্যাহ কোশলপতিঃ প্রথমাপরাদ্ধঃ" ইতি রঘুঃ। আয়ামি লগ্নঃ আয়াস্যামীত্যর্থঃ। অস্ত্যাকাশমিত্যাদি ॥

কেব। নন্বাদিযোগরহিতাদ্ধাতোর্বর্ত্তমানপ্রায়ে বর্ত্তমানসন্নিহিতে ভূতে ভবিষ্যতি চ কালে লড্ ভবতি। উভয়োরেব কালয়োর্বর্ত্তমানসন্নিহিতত্বাৎ বর্ত্তমানপ্রায়ত্বম্। কদা আগতোঽসীতি প্রশ্নে এষ আগচ্ছামীত্যত্র বর্ত্তমানপ্রায়ত্বং সূচিতবান্, অতএব ভূতার্থেন ব্যাখ্যা কৃতঃ। আয়োত্ত পঞ্চাহো ক্রশ্চোত ... কুত্র আত্মনেশশ্চ। অবর্ত্তমানপ্রায়ে তু—পরুদগচ্ছৎ, বর্ষেণ গমিষ্যতি। অস্ত্যাকাশমিত্যাদিবর্ণেনৈব সূচিতং নিত্যানাং পদার্থানাং সদা সংসম্বন্ধান্বয়িতয়া সদৈব বর্ত্তমানকালসম্বন্ধাদ্বর্ত্তমানাদ্বিহিত এব প্রত্যয়ঃ। প্র ...ক্ত তু কাচিৎ ... স্বসত্তানন্তসত্তা বা অবধিং কৃত্বা ত্রৈকালিকান্ প্রত্যয়ান্ প্রযুঙ্‌ক্তে—তিষ্ঠন্তি নগাঃ স্থাস্যন্তি ইত্যাদি।

কোনটাই হইল না. সেবার যথাকালবিহিত লঙ্ বিভক্তিই হইল। বক্তা একরূপ ক্ষেত্রে তিনটি পদের মধ্যে যে পদটী ইচ্ছা করিবেন, সেই পদটীই প্রয়োগ করিতে পারিবেন। বস্ ধাতু ভ্বাদিগণীয়, অর্থ—বাস করা। বস্+(লট্) অন্তি, 'চতুর্দশী—' মধ্যে শব্—বসন্তি। বস্+(লুঙ) অন্। 'লুঙ্‌সঙ্‌চ' মধ্যে শঙ্, "সভুস্তা—" অন্ স্থানে উস, "অনিট্" বৃদ্ধি, 'সেঙ্কো—' সস্থানে ৎ, 'লঙলুঙ—" পদের আদিতে অকার আগম—অবাৎসুঃ। বস্+ (লঙ্) অন্, মধ্যে শঙ্=অবসন। স্মশব্দ অযুক্ত পুরাশব্দের যোগে লট্ লুঙ্ বিকল্পে হয়, সূত্রে এই কথা বলা হইয়াছে, কিন্তু যখন স্মশব্দযুক্ত পুরাশব্দের যোগ হইবে, তখন কিরূপ হইবে ? এই আশঙ্কা নিবারণের জন্য বৃত্তিকার 'স্মযুক্তে তু' বলিয়া প্রত্যুদাহরণ দেখাইতেছেন ; যথা 'পুরা স্ম বসন্তি,—অর্থাৎ পূর্ব্বে বাস করিয়াছিল। এখানে স্মশব্দযুক্ত পুরাশব্দের যোগ থাকায় এই লক্ষণানুসারে বিকল্পে লট ও লুঙ না হইয়া পূর্ব্বসূত্র 'স্মেন ভূতা—" অনুসারে স্মযোগে ভূতানদ্যতন কালে নিত্য লট্ হইল।

(৮) বর্ত্তমানসন্নিহিত ভূত ও বর্ত্তমানসন্নিহিত ভবিষ্যৎকালে নমু আদি যোগরহিত ধাতুর উত্তর লট্ হয়। মুহূর্ত্তমাত্র পূর্ব্বে অর্থাৎ এখনি যে কার্য্য হইল, তাহাকে বর্ত্তমানসন্নিহিত ভূত এবং মুহূর্ত্তমাত্র পরে অর্থাৎ এখনি যে কার্য্য হইবে, তাহাকে বর্ত্তমান সন্নিহিত ভবিষ্যৎকাল বলে। উক্ত কাল বর্ত্তমানসদৃশ বলিয়াই সূত্রে বর্ত্তমানপ্রায় বলা হইয়াছে। এখানে প্রায়শব্দের অর্থ সদৃশ। 'কদা আগতোঽসি' কখন আসিলে ? এই প্রশ্নের উত্তর 'এষ আগচ্ছামি" অর্থাৎ এখনি আসিলাম। এই বাক্যটী বর্ত্তমানসন্নিহিত ভূত কালের উদাহরণ। 'এখনি আসিলাম' এই কথা বলিলে বক্তার আগমন ক্রিয়ার বর্ত্তমানতা যে অতি অল্পক্ষণ নষ্ট হইয়া ভূতত্ব প্রাপ্ত হইয়াছে, তাহা বেশ বুঝিতে পারা যায়। এজন্য ইহা বর্ত্তমানসন্নিহিত ভূত কাল হইল। বৃত্তিকার সূত্রার্থ দৃঢ় করিবার জন্য রঘুবংশ হইতে মহাকবি কালিদাসের একটি পদ্যাংশ উদ্ধৃত করিয়াছেন ; যথা—'প্রত্যাহ কোশলপতিঃ প্রথমাপরাদ্ধঃ' অর্থাৎ কোশলপতি (দশরথ) প্রথম অপরাধযুক্ত হইয়া বলিলেন। এখানে 'বলা' ক্রিয়ার বর্ত্তমানত্ব ক্ষণমাত্র নষ্ট হইয়াছে, এজন্য ইহা বর্ত্তমানসন্নিহিত ভূতকাল হইল। 'আয়ামি লগ্নঃ' অর্থাৎ উলঙ্গ হইয়া আসি। এখানে আসিতে মুহূর্ত্তমাত্র বিলম্ব না

ভবিষ্যতি ৭০ পুরাদ্যৈঃ ৩ঃ০

৯। ভবিষ্যতি পুরাদ্যৈঃ।—পুরাদ্যৈঃ শব্দৈর্যোগে বর্ত্তমানে ভবিষ্যতি চ লড় ভবতি। পুরা যাতি অগ্রে যাস্যতীত্যর্থঃ। যাবত্তিষ্ঠতি স্থাস্যতীত্যর্থঃ। পুরা শ্বো যাতি, শ্বো যাবদ্‌যাতি। শ্বঃশব্দো ভবিষ্যৎকালবচনঃ॥

ভূতবিহিতাঃ ১১০ চ।১০ কর্হিকদাভ্যাম্ ৩ঃ বা।১০

১০। ভূতবিহিতাশ্চ কর্হিকদাভ্যাং বা।—কর্হি যাতি, কদা যাতি, অযাৎ ষযৌ যাস্যতি যাতা॥

৯ ভবি। পুরাযাবচ্ছব্দাববায়ৌ গৃহ্যেতে, অব্যয়ানামেব যোগে প্রায়েণাত্র বিধেরুপক্রান্তত্বাৎ। অতএবানয়োরনব্যয়য়োর্যোগে ন ভবতি; যাবদ্দাস্যতি তাবদ্ভোক্ষ্যতে, করণভূতয়া পুরা যাস্যতি অগ্রে যাস্যতীতি লৃড়ন্তেনার্থবিকারো লৃড় ন বাধিত ইতি সূচনায়। পুরা শ্বো যাতীত্যত্র তু লুড়পি বাধিতঃ, ভাবিন্যনদ্যতনে লুড় বিধানাৎ; এতদেব সূচয়িতুং শ্ব ইত্যুদাহৃতম্। যথা পূর্ব্বসূত্রে বর্ত্তমান ইত্যনুকর্ষণার্থশ্চকারঃ, তথাত্র ন কৃতঃ; তস্মাদ্বর্ত্তমান ইত্যত্র নানুবর্ত্ততে; ন হি ভবিষ্যৎকালদ্যোতকপুরাদিযোগে বর্ত্তমানকালঃ সম্ভবতি। বর্ত্তমানে তু শাস্ত্রেণ বিহিতেন লট্। বৃত্তৌ তু যদ্বর্ত্তমান ইতি পাঠো দৃশ্যতে, স পূর্ব্বসূত্রদর্শনাল্লিপিকরপ্রমাদকৃতঃ। যদ্যপ্যনুবৃত্তিঃ স্যাত্তদা ভূতবিহিতাশ্চ কর্হিকদাভ্যাং বেত্যনেন বর্ত্তমানে চ ভূতবিহিতাঃ প্রত্যয়াঃ স্যুঃ; ইদং ন কুত্রাপি ব্যাকরণে দৃশ্যতে।

১০ ভূত। কর্হিকদাভ্যাং যোগে ভবিষ্যতি লট্, ভূতবিহিতাশ্চ প্রত্যয়া বা ভবন্তি। পক্ষে

থাকায় ইহা বর্ত্তমানসন্নিহিত ভবিষ্যতের উদাহরণ হইল। অস্ত্যাকাশমিত্যাদি, (১) আকাশম্ অস্তি—ইহার অর্থ—আকাশ ছিল থাকিবে, আছে, এখনি ছিল, এখনি থাকিবে, অর্থাৎ আকাশ চিরকালই আছে। ইহা নিত্য পদার্থ বলিয়া ইহাতে সকল কালেরই আরোপ করা চলে। এই উদাহরণটী নিত্য পদার্থ সকলের ক্রিয়াতে যে অস্ ধাতুর বর্ত্তমানবিহিত প্রত্যয় ব্যতীত অপর কালবিহিত প্রত্যয় হইবে না, তাহারই সূচনার্থ। আ+গম্+(লট্) মি 'শিতি তিষ্ঠাদিঃ—'গচ্ছাদেশ'অঙম্য—' দীর্ঘ, আগচ্ছামি প্রভৃতি+ব্রূঞ্ (লট্) মিঙ্ 'পঞ্চাদো—' তিঙ্ স্থানে অন্, ও ব্রূঞ্ স্থানে আহ আদেশ. 'যবর—' ইকার স্থানে য=প্রত্যাহ আ+যা+(লট্) মিঙ্=আয়ামি।

(৯) পুরাপ্রভৃতি শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ হয়। 'পুরা যাতি' অর্থাৎ অগ্রে যাইবে। এখানে 'যাতি' ক্রিয়ার অর্থ 'যাইবে' অতএব ভবিষ্যৎকালে যে লট্ হইয়াছে, তাহা স্পষ্টই প্রতীতি হইতেছে। এই প্রকার 'যাবৎ তিষ্ঠতি' অর্থাৎ যতক্ষণ থাকিবে। 'পুরা শ্বো যাতি' পরশ্ব অগ্রে যাইবে; 'শ্বো যাবৎ যাতি' পরশ্ব যতক্ষণে যাইবে। শ্বঃশব্দের অর্থ আগামী কল্য অর্থাৎ পরশ্ব। যাবৎ শব্দটী পুরাদির মধ্যে পঠিত। অনব্যয় পুরা ও যাবৎ শব্দের যোগে লট্ হয় না। যা ধাতুর অর্থ গতি (যাওয়া) যা+(লট্) তিঙ্=যাতি। স্থা ধাতুর অর্থ গতিনিবৃত্তি (থাকা) স্থা+(লট্) তিঙ, 'শিতি তিষ্ঠাদি—' স্থা-স্থানে তিষ্ঠ্ আদেশ=তিষ্ঠতি।

(১০) কর্হি ও কদা শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ ও ভূতকাল-বিহিত প্রত্যয় সকল বিকল্পে হয়। কর্হি ও কদা শব্দের অর্থ—কখন ও কবে; ইহারা অব্যয়।

(১) বৈয়াকরণগণ বর্ত্তমানকালকে চারি প্রকারে বিভক্ত করেন; যথা—

প্রবৃত্তোপরতশ্চৈব বৃত্তোঽবিরত এব চ। নিত্যপ্রবৃত্তঃ সামীপ্যো বর্ত্তমানশ্চতুর্বিধঃ॥

কিংকতরকতমৈঃ ৩:০ লিপ্সাপ্রশ্নোত্তরে ৭০ চ।১০

১১। কিংকতরকতমৈর্লিপ্সাপ্রশ্নোত্তরে চ।—ক লভে ভিক্ষাং, ক লেভে, ক লপ্স্যে? কস্তে ভিক্ষাং দদাতি অদাৎ দদৌ দাস্যতি দাতা॥

যথাবিহিতাশ্চ প্রত্যয়াঃ। অযাদিতি যা প্রাপণে লঙ্। যযাবিতি লিট্ অণ্, দ্বিরুক্তিঃ, হ্রস্বঃ, ঔদাতো ণাণাবিতি ঔকারঃ, আল্লুক্। ভূতবিহিতা ইতি সামান্যবিধানাৎ লুঙপ্যত্র ভবতি, অযাসীৎ। অতএব কদা ভুক্তবান্ ইত্যপি ধর্ম্মদাসেনোদাহৃতম্। [আশংসায়াং ভূতসামান্যবিহিতাশ্চেতি বক্তব্যম্। আশংসনমাশংসা, অপ্রাপ্তস্য প্রিয়ার্থস্য প্রাপ্তীচ্ছা আশংসা, তস্যাশ্চ ভবিষ্যৎকাল এব বিষয়ঃ। ভবিষ্যতি কালে আশংসায়াং গম্যমানায়াং লৃট্, ভূতসামান্যবিহিতাশ্চ প্রত্যয়া বা ভবন্তি। এতৈর্যুক্তে লৃড্ ভবতি। গুরুশ্চেদাগচ্ছতি আগমৎ আগতঃ, এতদ্ব্যাকরণমধীমহে অধ্যগীষ্মহি এতদ্ব্যাকরণমধীতং; পক্ষে গুরুশ্চেদাগমিষ্যতি, ব্যাকরণমধ্যেষ্যামহে। সামান্যগ্রহণং কিমর্থম্? ভূতবিশেষবিহিতয়োর্লঙ্লিটোর্নিরাসার্থম্। এতল্লক্ষণং বৃত্তৌ লিপিকরপ্রমাদাৎ পতিতম্।]

১১ কিং ক। লব্ধুমিচ্ছা লিপ্সা। লিপ্সায়াঃ প্রশ্নে তদুত্তরে চ গম্যমানে কিংকতরকতমৈর্যোগে ভবিষ্যতি লট্ ভূতবিহিতাশ্চ প্রত্যয়া বা ভবন্তি। পক্ষে লুট্ লৃট্ চ। ক লভে ভিক্ষামিতি লব্ধুকামঃ পৃচ্ছতি। লভে ইতি ডুলভষ প্রাপ্তৌ লট্ এ, শঙ্, আচ্চেদাদাবিত্যকারলুক্। লেভে ইতি লিট্ এ, দ্বিরুক্তিঃ, অনাদেশাভ্যাসস্যেত্যাদিনা অকারস্যৈকারঃ, দ্বিরুক্তিলুর্ক্ চ। লপ্সে

এস্থলে ভবিষ্যৎকালে লট্ ও ভূতকাল-বিহিত প্রত্যয়ের বিকল্প বিধান বশতঃ একবার লট্ ও একবার ভূতবিহিত প্রত্যয় হয়, আর যেবার লট্ ও ভূতকালবিহিত প্রত্যয়, এতদুভয়ের কোনটীই হইবে না; সেইবার যথাকালবিহিত প্রত্যয়—অর্থাৎ ভবিষ্যৎ-কাল-বিহিত প্রত্যয় লৃট্ ও লুট্ হইবে। ভূতকাল-বিহিত প্রত্যয় বলিতে লঙ্, লুঙ্ ও লিট্ প্রভৃতি বুঝিতে হইবে। উদাহরণ, যথা—'কর্হি যাতি, কদা যাতি।' অর্থ—কখন যাইবে? কবে যাইবে? এখানে ভবিষ্যৎকালে লট্ হওয়ায় 'যাতি'র অর্থ 'যাইবে' হইল। এইরূপ 'অযাৎ, যযৌ' এখানে ভবিষ্যৎকালে ভূতকাল-বিহিত প্রত্যয় লঙ্ ও লিট্ হইল। এই দুই ক্রিয়াতেও "কর্হি" ও কদাশব্দের যোগ আছে, ইহা বলাই বাহুল্য। এস্থলে ভূতবিহিত প্রত্যয় হইলেও ভবিষ্যতেরই অর্থ বুঝাইবে। অর্থ—'যাইবে'। যাস্যতি, যাতা অর্থ—যাইবে। এবার লট্ ও ভূত-বিহিত প্রত্যয় না হওয়ায় যথাকালবিহিত প্রত্যয় অর্থাৎ লৃট্ ও লুট্ হইয়াছে। যা+(লট্) তিঙ্=যাতি, যা+(লঙ্) দুঙ্,'লঙ্ লুঙ্—'পদের আদিতে অকার আগম=অযাৎ। যা+(লিট্) অণ্ 'নিম্নিড়ন্ত—' দ্বিরুক্তি ও হ্রস্ব, 'ঔদাতো—' অণ স্থানে ঔ, 'দ্বিরুক্তিহেতু—' আকার লোপ=যযৌ। যা+(লৃট্) তিঙ্ 'লট্ লৃট্—' লটের লৃট্ সংজ্ঞা করিয়া মধ্যে স্যঙ্=যাস্যতি। যা+(লুট্) তাঙ্=যাতা।

(১১) লাভেচ্ছা-বিষয়ক প্রশ্ন ও তদুত্তর গম্যমান হইলে কিম্, কতর ও কতম শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ ও ভূতকালবিহিত প্রত্যয় সকল বিকল্পে হয়। লব্ধুমিচ্ছা লিপ্সা, লিপ্সাশব্দের অর্থ লাভ করিবার নিমিত্ত ইচ্ছা। "ক লভে ভিক্ষাং, লেভে, লপ্স্যে" ইহার অর্থ—কোথায় ভিক্ষা লাভ করিব? এইটী লাভেচ্ছা-বিষয়ক প্রশ্নের উদাহরণ। দুই বিষয়ের বিকল্প বিধান থাকিলে তিনটী পদ হয়, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে। এজন্য এখানেও লট্ ও ভূতকাল-বিহিত প্রত্যয়ের বিকল্প বিধান বশতঃ 'ক' এই সপ্তম্যন্ত

প্ররোচনায়াং ১০ চ।১২

১২। প্ররোচনায়াঞ্চ।—যো ভক্তং দদাতি অদাৎ দদৌ দাস্যতি দাতা, স স্বর্গং যাতি অযাৎ যযৌ যাস্যতি যাতা॥

ইতি লট্ লৃট্ স্যঙ্ চেতি লৃট্ এ, স্যঙ্ চ। অদাদিতি লুঙ্ ডুঙ্, সঙ্, সঙ্লুগিণনাদেরিতি সঙ্লুক্। কিম্শব্দাৎ ক্রিয়াগুণসংজ্ঞাভির্দ্বয়োরেকস্য পৃথক্কারে ডরো বা ডদাদেরিতি ডরঃ, বহূনাং জাতৌ ডম ইতি ডমঃ, কিমিত্যাদিনা কাদেশঃ। লিপ্সাপ্রশ্নে কিম্ ইতি কিম্? কো গ্রামং গমিষ্যতি।

১২ প্ররো। প্ররোচনা প্রোৎসাহনং, তস্যাং গম্যমানায়াং ভবিষ্যতি কালে লট্ ভূতবিহিতাশ্চ প্রত্যয়া বা ভবন্তি। বিনা লিপ্সাং প্ররোচনা ন সম্ভবতি, অস্মাৎ পূর্ব্বযোগেনৈব সিদ্ধে কিংকতর-কতমাযোগার্থং বচনম্। স স্বর্গং যাতীতি স্বর্গগমনপ্রলোভনেন দাতুঃ প্রোৎসাহনং গম্যতে।

কিম্শব্দের যোগ থাকাতে 'লভে' এই পদে লট্ এবং 'লেভে' এই পদে ভূতবিহিত প্রত্যয় লিট্, (বৃত্তিকার এখানে লিট্ ভিন্ন অন্য ভূতবিহিত প্রত্যয়ের উল্লেখ করেন নাই) এবং লট্ ও ভূতবিহিত প্রত্যয় পরিত্যাগপক্ষে 'লপ্স্যে' এই পদে যথাকালবিহিত অর্থাৎ ভবিষ্যৎকালবিহিত লৃট্ হইল। আবকল এই প্রকার লাভেচ্ছা বিষয়ক প্রশ্নের উত্তরের উদাহরণ; যথা—"কস্তে ভিক্ষাং দদাতি, অদাৎ দদৌ, দাস্যতি দাতা" ইহার অর্থ—কে তোমাকে ভিক্ষা দিবে। এখানেও 'কঃ' এই প্রথমান্ত কিম্শব্দের ক্রিয়ার সহিত যোগ থাকাতে 'দদাতি' পদে লট্, 'অদাৎ দদৌ' এই পদদ্বয়ে যথাক্রমে ভূতবিহিত প্রত্যয় লুঙ্ ও লিট এবং 'দাস্যতি দাতা' এই পদদ্বয়ে যথাকালবিহিত প্রত্যয় লৃট ও লুট্ হইয়াছে। কিম্ শব্দের যোগে এই উদাহরণদ্বয় দেখান হইয়াছে। কতর ও কতম যোগেও এই প্রকার জ্ঞাতব্য। লভ্+(লট্) এ, 'চতুর্লড়া—' মধ্যে শঙ্, 'অচ্চে—' অকারলোপ=লভে। লভ+(লিট্) এ, 'নিল্লিড়ন্ত—'দ্বিরুক্তি, 'অনাদেশা—' দ্বিরুক্ত বর্ণের লোপ ও প্রকৃতির অকারস্থানে একার=লেভে। লভ্+(লৃট্) এ 'লট্ লৃট্—' মধ্যে স্যঙ্, 'বর্গস্যাদি—' ভস্থানে প, 'হল্পর—' একারের সহিত যোগ=লপ্স্যে। দা+(লট্) তিঙ্, 'নিল্লিড়ন্ত—' দ্বিরুক্তি ও হ্রস্ব=দদাতি। দা+(লুঙ) ডুঙ্, 'লুঙসঙ্ চ' মধ্যে সঙ্, 'সঙ্লুক্—' সঙের লোপ=অদাৎ। দা+(লিট্) অণ, 'নিল্লিড়ন্ত—' দ্বিরুক্তি ও হ্রস্ব, 'ঔদাতো—' অন্ স্থানে ঔকার, 'দ্বিরুক্তিহেতো—' আকার লোপ=দদৌ। দা+(লৃট্) তিঙ্ 'লট্ লৃট্—' মধ্যে স্যঙ্=দাস্যতি। দা+(লুট্) তাঙ্=দাতা।

(১২) প্ররোচনা গম্যমান হইলে ভবিষ্যৎকালে লট্ ও ভূতকালবিহিত প্রত্যয় বিকল্পে হয়। প্ররোচনার অর্থ—উৎসাহিত করা। 'যো ভক্তং দদাতি, স স্বর্গং যাতি' ইহার অর্থ এই যে, যে অন্নদান করিবে, সে স্বর্গে যাইবে। এই বাক্যে স্বর্গে যাওয়ার লোভ দেখাইয়া লোককে অন্নদান করিবার নিমিত্ত উৎসাহিত করা হইতেছে। অতএব এখানে প্ররোচনা প্রতীয়মান হইতেছে। এজন্য 'দদাতি' ও 'যাতি' এই উভয়ের প্রকৃতিভূত 'দা' ও 'যা' ধাতুতে লট্ এবং ভূতকাল-বিহিত প্রত্যয় ও এতদুভয়পরিত্যাগ-পক্ষে যথাকালবিহিত প্রত্যয় লৃট্ ও লুট্ হইয়াছে। এই সূত্রস্থিত পদগুলি পূর্ব্ব পূর্ব্ব সূত্রে সাধিত হইয়াছে, অতএব পুনরুল্লেখ নিষ্প্রয়োজন।

গর্হায়াং ৭০ অপিজাত্বোর্ভ্যাম্ ৩ঃ ভূতে ৭০ চ।১০

১৩। গর্হায়ামপিজাত্বোর্ভ্যাং ভূতে চ।—অপি ত্বং বৃষলং যাজয়সি॥

নবশঃ ১।০ পরস্মায়াত্মনে।১ঃ লড়াদৌ ৭০

১৪। নবশঃ পরস্মায়াত্মনে লড়াদৌ।—লড়াদৌ পূর্ব্বে নব পরস্মৈপদং পরে নব আত্মনেপদং পরিভাষ্যন্তে। পরস্মৈ পরস্মৈপদমিতি, আত্মনে আত্মনেপদমিতি, সম্বন্ধানুপপত্তিভ্যাং শব্দলক্ষণা॥

১৩ গর্হা। গর্হায়াং গম্যমানায়াম্ অপিজাত্বোর্ভ্যাং যোগে ভবিষ্যতি ভূতে চ লড়্ ভবতি। বিশেষবিহিতত্বাদয়ং সর্ব্বেষামপবাদঃ। অপি ত্বং বৃষলং যাজয়সীতি অবিবক্ষিতকর্ম্মত্বেন যজেরকর্ম্মকত্বাং বৃষলমিতি প্রযোজ্যং কর্ম্ম।

১৪ নব। নবশ ইতি সংখ্যৈকার্থাদ্বীপ্সায়ামিতি নবশব্দাৎ শস্। ননু পরস্মৈ আত্মনে ইতি সূত্রে শ্রূয়তে, কথং পরস্মৈপদমাত্মনেপদমিতি ব্যাচকার? অত আহ সম্বন্ধানুপপত্তিভ্যাং শব্দলক্ষণা ইতি। সম্বন্ধেনানুপপত্ত্যা বা, শব্দান্তরং লক্ষ্যতে অনয়া শব্দলক্ষণা ইতি। যথা মাতরি ভক্ত্যা প্রবর্ত্তিতব্যমিত্যুক্তে স্বস্রামিতি পদং সম্বন্ধেনাত্মনো লক্ষ্যতে, যথা চ গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতীত্যত্র বাসানুপপত্ত্যা গঙ্গাশব্দেন গঙ্গাতীরং লক্ষ্যতে, তথেহাপি পরস্মৈ ইত্যনেন পরস্মৈপদমিতি লক্ষ্যতে; অনয়োঃ সম্বন্ধো বিদ্যত এব। তথাহি ব্যাকরণাখ্যায়ামাত্মপরয়োশ্চতুর্থ্যা ইতি অলুগ্বিধানেন পরস্মৈপদশব্দস্য ব্যাকরণাখ্যা সূচিতা। অতঃ সমাসপদৈকদেশেনাপরপদং লক্ষ্যতে, যথা ভীমো

---

(১৩) গর্হা (নিন্দা) গম্যমান হইলে অপি এবং জাতু শব্দের যোগে ভবিষ্যৎ ও ভূতকালে লট্ হয়। উদাহরণ; যথা—'অপি ত্বং বৃষলং যাজয়সি' ইহার অর্থ—তুমি কি শূদ্র যজিয়েছ বা যজাইবে? এখানে অপি শব্দের যোগ থাকায় নিন্দা গম্যমানে ভূতকালে 'অযাজয়ঃ' এবং ভবিষ্যৎকালে 'যাজয়িষ্যসি' না হইয়া ইহার পরিবর্ত্তে 'যাজয়সি' হইয়াছে। ব্রাহ্মণের শূদ্র-যাজন নিন্দার কথা, অতএব নিন্দার্থে স্পষ্টই প্রতীমান হইতেছে। যজ্+ণিচ্ 'ণিত্যকথা—' বৃদ্ধি, যাজি+(লট্) সিপ্ =যাজয়সি।

(১৪) লট্ প্রভৃতি দশ লকারের পূর্ব্বস্থিত বিভক্তি নয়টীকে পরস্মৈপদ এবং পরস্থিত বিভক্তি নয়টীকে আত্মনেপদ বলে। যেমন লটের 'তিঙ্' হইতে 'মস্' পর্য্যন্ত পূর্ব্বস্থিত বিভক্তি নয়টী পরস্মৈপদ; আর 'তে' হইতে 'মহে' পর্য্যন্ত পরস্থিত বিভক্তি নয়টী আত্মনেপদ। এইরূপ সকল লকারেরই পূর্ব্বস্থিত নয়টী বিভক্তিকে পরস্মৈপদ ও পরস্থিত নয়টী বিভক্তিকে আত্মনেপদ বলিয়া জানিতে হইবে। সূত্রস্থিত 'নবশঃ' শব্দের অর্থ—নয়টী নয়টী করিয়া; নবন্ শব্দের উত্তর বীপ্সার্থে শস্ প্রত্যয় করিয়া 'নবশঃ' পদ সিদ্ধ হইয়াছে। যেখানে কোন শব্দের মুখ্যার্থ দ্বারা প্রকৃত অর্থ বোধ না হয়, সেই স্থানে প্রকৃতার্থ বোধের জন্য সেই শব্দের মুখ্যার্থ সম্বন্ধযুক্ত অন্য অর্থ গ্রহণ করিতে হয়; ইহার নাম লক্ষণা। সূত্রস্থ 'পরস্মৈ' ও 'আত্মনে' শব্দে প্রকৃতার্থের বোধ হইতেছে না বলিয়া এখানেও সেইজন্য 'পরস্মৈ' ও 'আত্মনে' শব্দের মুখ্যার্থ সম্বন্ধযুক্ত 'পদ'শব্দ লক্ষণা করিয়া 'পরস্মৈ' শব্দের পরস্মৈপদ রূপ অর্থ ও 'আত্মনে' শব্দের আত্মনেপদরূপ অর্থ করা হইয়াছে। যেখানে লক্ষণা করিতে হয়, সেখানে অন্বয়ানুপপত্তি ও শক্যের সহিত লক্ষিত পদের সম্বন্ধ থাকে। ইহা লক্ষণা-প্রবৃত্তির কারণ স্বরূপ। এজন্য বৃত্তিকার বলিয়াছেন,—"সম্বন্ধানুপপত্তিভ্যাং শব্দলক্ষণা" অর্থাৎ শক্যপদের সহিত লক্ষিত পদের সম্বন্ধ ও অনুপপত্তি হেতু শক্যসম্বন্ধাবচ্ছিন্ন অন্য পদ লক্ষিত

শতৃবসূ ১ঃ চ°।১০ পরস্মৈ।১০ শানানৌ ১ঃ চ।১০ আত্মনে।১০

১৫। শতৃবসূ চ পরস্মৈ শানানৌ চাত্মনে॥

ত্রিশঃ ১ঃ০ প্রথমমধ্যমোত্তমাঃ ১ঃ০ নামযুস্মদস্মৎসু ৭ঃ০

১৬। ত্রিশঃ প্রথমমধ্যমোত্তমা নামযুস্মদস্মৎসু।—পরস্মৈ চাত্মনে চ ত্রিশঃ ত্রীণি ত্রীণি নব বচনানি প্রথমপুরুষমধ্যমপুরুষোত্তমপুরুষাঃ পরিভাষিতাঃ সন্তো নামযুস্মদস্মৎসু বাচ্যেষু ভবন্তি। দেবো ভবতি, দেবৌ ভবতঃ, দেবা ভবন্তি; ত্বং ভবসি, যুবাং ভবথঃ, যূয়ং ভবথ; অহং ভবামি, আবাং ভবাবঃ, বয়ং ভবামঃ। এবমাত্মনে চ। পচতে পচেতে পচন্তে, পচসে পচেথে পচধ্বে; পচে পচাবহে পচামহে।

ভীমসেনঃ, সত্যা সত্যভামা ইতি। অনুপপত্ত্যা চ; ন হি পরস্মৈ ইতি চতুর্থ্যন্তস্য পরিভাষাত্বমুপলভ্যতে, অতোঽনুপপত্ত্যা পরস্মৈ ইত্যনেন পরস্মৈপদমিতি লক্ষ্যতে। নন্বু ব্যাখ্যানগম্যায়াঃ শাব্দী প্রতীতিঃ সুলভা ভবতীতি বহুশ উক্তং, তৎ কিমিতি পরস্মৈপদমিত্যাত্মনেপদমিতি ন কৃতম্? অত্রোচ্যতে—ন কেবলং শাস্ত্রে মুখ্যশব্দ এব ব্যবহারঃ, কিন্তু লাক্ষণিকোঽপীতি। শিষ্যাণাং ব্যুৎপত্ত্যর্থমেবংবিধমুপন্যস্তং; শিষ্যব্যুৎপত্তিরেব হি শাস্ত্রে প্রধানফলম্।

১৫ শতৃ। শতৃবসূ চ পরস্মৈপদং, শানানৌ চাত্মনেপদং পরিভাষ্যেতে।

১৬ ত্রিশঃ। সামান্যেন তিঙাদিপ্রসঙ্গে প্রাপ্তে নিয়মার্থং বচনম্। প্রথমেত্যাদিপদেনাত্র নি ভীমো ভীমসেনবৎ প্রথমপুরুষাদিঃ পরিভাষ্যতে। গোবলীবর্দ্দবৎ সামান্যবিশেষন্যায়েন যুস্মদস্মদ্ব্যতিরিক্তং নামাত্র গৃহ্যতে। দেবো ভবতীত্যাদৌ নাম্নামেকত্বত্বাৎ সম্প্রযুক্তাঃ স্যুঃ ত্রি ভবঃ। যুস্মদ-

---

হয়। সম্বন্ধশ্চ অনুপপত্তিশ্চ তে সম্বন্ধানুপপত্তী তাভ্যাং সম্বন্ধানুপপত্তিভ্যাং (হেত্বর্থে তৃতীয়া); শব্দস্য লক্ষণা শব্দ-লক্ষণা (ষষ্ঠীতৎ) শব্দো লক্ষ্যতে অনয়া ইতি ভাবঃ। ইহা পরিভাষা সূত্র।

(১৫) শতৃ ও বসু প্রত্যয়কে পরস্মৈপদ এবং শান ও আনকে আত্মনেপদ বলে। কৃদন্তপাদের 'লড়্লৃড়্বং কৃচ্ছতৃ শানৌ' ও 'লিড্বদ্বস্বানৌ' এই সূত্রদ্বয়ে যে শতৃ-শান ও বসু-আন বিহিত হইয়াছে, এই প্রত্যয় চতুষ্টয়ের মধ্যে 'শতৃ বসু' পরস্মৈপদ এবং 'শান-আন' আত্মনেপদ, অর্থাৎ শতৃ আর বসু পরস্মৈপদী ধাতুর উত্তর হয় এবং শান আর আন আত্মনেপদী ধাতুর উত্তর প্রযুক্ত হইয়া থাকে।

(১৬) পরস্মৈপদ এবং আত্মনেপদের নয়টী নয়টী বিভক্তির প্রথম হইতে যথাক্রমে তিনটী তিনটীকে প্রথমপুরুষ, মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ বলে এবং নামবাচ্যে প্রথমপুরুষ, যুস্মদ্বাচ্যে মধ্যমপুরুষ ও অস্মদ্বাচ্যে উত্তমপুরুষ হয়। সকল লকারেরই এই একই নিয়ম। এখানে কেবল লটের উদাহরণ দিয়া দেখান যাইতেছে। যথা—লটের পরস্মৈপদ—প্রথমপুরুষ; 'তিপ্ তস্ অন্তি' ইহা নামবাচ্যে প্রযুক্ত হয়। যুস্মদ্, অস্মদ্ ছাড়া সমুদয় শব্দকেই নাম বলে। 'তিপ্' প্রথমপুরুষের একবচন, 'তস্' দ্বিবচন' এবং 'অন্তি' বহুবচন। একবচনে একটী, দ্বিবচনে দুটী এবং বহুবচনে বহুসংখ্যক বুঝায়। কর্ত্তাতে ও ক্রিয়াতে সমান বচন হয়; কর্ত্তায় যদি একবচন থাকে, তাহা হইলে ক্রিয়াতেও একবচন হইবে। কর্ত্তায় দ্বিবচন থাকিলে ক্রিয়াতেও দ্বিবচন হইবে এবং কর্ত্তায় বহুবচন হইলে ক্রিয়াতেও বহুবচন হইবে, নামবাচ্যে প্রথমপুরুষের উদাহরণ যথা—'দেবো ভবতি' ইহার অর্থ—একটী দেবতা আছেন। 'দেবৌ ভবতঃ' ইহার অর্থ—দুটী দেবতা আছেন। 'দেবা ভবন্তি' ইহার

গম্যমানে ৭০ অপি ।১০ নাম্নি ৭০ প্রথমঃ ১০ যুষ্মদস্মদোঃ ৭১২ চ ।১০ মধ্যমোত্তমৌ ১ঃ

১৭। গম্যমানেঽপি নাম্নি প্রথমো যুষ্মদস্মদোশ্চ মধ্যমোত্তমৌ।—পচতি পচসি পচামি ॥

স্মদোরর্থগ্রহণাৎ পাতিতং বেৎস্যসীত্যাদৌ অসিযোগে মধ্যমঃ। অস্মি করোমি ইতি অস্মিযোগে উত্তমঃ। কথং তর্হি যুষ্মদর্থভবদযোগে, যথা ভবান্ মন্যতে ইত্যত্র প্রথমঃ? ভাষাপ্রয়োগাদেবাবগন্তব্যম্।

১৭ গম্য! অস্যার্থো ব্যক্ত এব। অনেনৈতৎ স্পষ্টীকৃতং নামযুষ্মদস্মৎসপ্তমী ন কেবলং বাচ্যে সপ্তমী, কিন্তু গম্যমানেঽপীতি। প্রযুজ্যমানে তাবত্তবত্যেব, অপ্রযুজ্যমানমপি যদা গম্যতে তদাপীত্যর্থঃ।

অর্থ—বহুদেবতা আছেন। দেব শব্দটী, যুষ্মদ অস্মদ্ হইতে ভিন্ন বলিয়া নাম হইল। এইরূপ শিব, হরি, রাম, শ্যাম, গো, অশ্ব, যক্ষ, রাক্ষস, ভূত, প্রেত, পশু ও পক্ষী প্রভৃতি যুষ্মদ অস্মদ্ ছাড়া জগতে যত শব্দ আছে, সবই নাম এবং এই নামের বিষয় প্রথমপুরুষ হয়। 'তিপ্' প্রথমপুরুষের একবচন, কর্ত্তা—দেবশব্দ, আর 'ভবতি' হইল—ক্রিয়া। কর্ত্তা ও ক্রিয়াতে সমান বিভক্তি হয়, এজন্য এখানে কর্ত্তা—'দেব' শব্দে একবচন আছে বলিয়া ক্রিয়া—'ভবতি' পদেও একবচন হইল। এইরূপ 'দেবৌ ভবতঃ' এখানে কর্ত্তা দেবশব্দে দ্বিবচন আছে বলিয়া ক্রিয়া—'ভবতঃ' পদেও দ্বিবচন হইয়াছে এবং 'দেবা ভবন্তি' স্থলে কর্ত্তা—দেবশব্দে বহুবচন রহিয়াছে বলিয়া ক্রিয়া 'ভবন্তি' পদেও বহুবচন হইয়াছে। যুষ্মদবাচ্যে মধ্যমপুরুষের উদাহরণ; যথা—'সিপ্, থস্ থ' মধ্যমপুরুষ 'সিপ্' একবচন, 'থস' দ্বিবচন, এবং 'থ' বহুবচন ইহাদের যুষ্মদ্ বাচ্য হয়। উদাহরণ, যথা 'ত্বং ভবসি' (তুমি হইতেছ) এখানে 'ত্বং' কর্ত্তা, 'ভবসি' ক্রিয়া, 'ত্বং' যুষ্মদ বলিয়া 'ভবসি'পদে মধ্যমপুরুষ হইয়াছে এবং 'ত্বং' একবচনান্ত বলিয়া 'ভবসি' ক্রিয়ায়ও মধ্যমপুরুষের একবচন হইয়াছে। এইরূপ 'যুবাং ভবথঃ' তোমরা দুইজন হইতেছ, এখানে কর্ত্তা 'যুবাং' পদে দ্বিবচন আছে বলিয়া ক্রিয়া 'ভবথঃ' পদেও দ্বিবচন হইয়াছে। 'যূয়ং ভবথ' (তোমরা বহু হইতেছ) এখানে কর্ত্তায় বহুবচন আছে বলিয়া ক্রিয়াতেও বহুবচন হইয়াছে। অস্মদবাচ্যে উত্তমপুরুষের উদাহরণ, যথা—"অহং ভবামি, আবাং ভবাবঃ, বয়ং ভবামঃ" যথাক্রমে অর্থ—আমি হইতেছি, আমরা দুইজন হইতেছি, আমরা অনেকে হইতেছি। 'মিপ্ বস্ মস্' উত্তমপুরুষ; মিপ্ একবচন, বস্ দ্বিবচন, মস বহুবচন। ইহাদের অস্মদ বাচ্য হয়। এখানে 'অহং' এই কর্ত্তৃপদে একবচন আছে বলিয়া 'ভবামি' ক্রিয়াতেও একবচন হইয়াছে। এইরূপ 'আবাং' এই কর্ত্তৃপদে দ্বিবচন আছে বলিয়া 'ভবাবঃ' ক্রিয়াপদে দ্বিবচন এবং 'বয়ং' এই কর্ত্তৃপদে বহুবচন আছে বলিয়া 'ভবামঃ' ক্রিয়াপদেও বহুবচন হইয়াছে। এইরূপ নিয়ম সকল লকারেরই পরস্মৈপদ ও আত্মনেপদে বুঝিতে হইবে। পরস্মৈপদের মত আত্মনেপদেরও সমস্তই সমান, কিছুমাত্র ভেদ নাই; এজন্য এখানে আর কর্ত্তৃপদ না দিয়া কেবল ক্রিয়াপদগুলিই দেখান হইয়াছে, যথা—পচতে পচেতে পচন্তে—প্রথমপুরুষ। পচসে, পচেসে, পচধ্বে—মধ্যমপুরুষ। পচে, পচাবহে পচামহে—উত্তমপুরুষ। প্রত্যেক পুরুষেরই প্রথমটী একবচন, দ্বিতীয়টী দ্বিবচন এবং তৃতীয়টী বহুবচন। এই পদগুলি প্রথমসূত্রেই সাধিত হইয়াছে, অতএব এখানে আর উল্লিখিত হইল না।

(১৭) নাম, যুষ্মদ্ ও অস্মদ্ গম্যমান হইলে যথাক্রমে প্রথমপুরুষ, মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ হয়। নাম, যুষ্মদ্ ও অস্মদ্ বাচ্যে অর্থাৎ বাক্যে সাক্ষাৎ প্রতীয়মান (প্রযুক্ত) হইলে প্রথমপুরুষ, মধ্যম-

সমাসপ্রত্যয়ান্তয়োঃ ৭ঃ ৮।১০

১৮। **সমাসপ্রত্যয়ান্তয়োশ্চ।—পরমত্বং ত্বদ্রূপঃ ত্বত্তরঃ ত্বত্তমঃ ত্বৎপাশঃ ত্বৎকল্পঃ পচসি। পরমাহং মদ্রূপঃ মত্তরঃ মত্তমঃ মৎপাশঃ মৎকল্পঃ পচামি॥**

১৮ সমা। পটো দগ্ধ ইত্যত্র যথা পটাবয়বে পটশব্দপ্রয়োগঃ, তথা সমাসাবয়বেঽপি সমাসপ্রয়োগঃ। সমাসাবয়বয়োঃ প্রত্যয়ান্তয়োশ্চ যুষ্মদস্মদোর্বাচ্যয়োঃ মধ্যমোত্তমৌ ভবতঃ। সমাসাবয়বত্বাদ্ যুষ্মদস্মদাবেব সমাসৌ। পরমত্বমিতি পরমশ্চাসৌ ত্বঞ্চেতি বিশেষণস্যেত্যাদিনা কর্ম্মধারয়ঃ, বিশেষ্যত্বাৎ ত্বমিতি প্রধানম্। ত্বদ্রূপ ইতি রূপঃ স্বত্তৌ তিঙশ্চেতি রূপঃ। ত্বত্তর ইতি দ্বিবহুভ্যোঽত্যর্থে তরতমাবিতি তরঃ। ত্বংপাশ ইতি পাশো নিন্দ্যে ইতি পাশঃ, ত্বমদাবেকত্বে পদপ্রত্যয়য়োরিতি ত্বদাদেশঃ। অত্রাপি যুষ্মদর্থ এব প্রধানং, স্বার্থিকপ্রত্যয়ানাং প্রকৃত্যর্থাভিধানাৎ। ত্বৎকল্প ইত্যাদৌ তু যদা যুষ্মদর্থ এব কিঞ্চিদূনযুষ্মদর্থত্বেন উচ্যতে, তদা যুষ্মদর্থস্য প্রধানত্বান্মধ্যমঃ। যদা তু আরোপিতযুষ্মদর্থোঽন্য এব কিঞ্চিদূনযুষ্মদর্থত্বেনোচ্যতে তদা যুষ্মদর্থস্যাপ্রধানত্বাৎ ন মধ্যমঃ। ত্বৎকল্পো দেবদত্তঃ পচতীতি।

পুরুষ ও উত্তমপুরুষ হয়, এই কথাই পূর্ব্বসূত্রে বলা হইয়াছে। কিন্তু যেখানে নাম, যুষ্মদ ও অস্মদ্ সাক্ষাৎ প্রযুক্ত না হইয়া প্রতীয়মান হইবে, (নাম, যুষ্মদ অস্মদ উহ্য থাকিবে) সেখানে প্রথমপুরুষ মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ হইবে কি না? এরূপ আশঙ্কায় বলিতেছেন যে, নাম, যুষ্মদ ও অস্মদ সাক্ষাৎ প্রতীয়মান না হইলেও (উহ্য থাকিলেও) প্রথমপুরুষ, মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ হইবে। যথা—পচতি, পচসি, পচামি। এখানে 'পচতি' ক্রিয়াব একবচনান্ত দেবদত্তাদি নাম কর্ত্তৃরূপে প্রতীয়মান হওয়ায় প্রথম পুরুষের একবচন, 'পচসি' ক্রিয়ায় একবচনান্ত যুষ্মদ কর্ত্তৃরূপে গম্যমান হওয়ায় মধ্যমপুরুষের একবচন এবং 'পচামি' ক্রিয়ায় একবচনান্ত অস্মদ্ কর্ত্তৃরূপে গম্যমান হওয়ায় উত্তমপুরুষের একবচন হইয়াছে। পচ্ + তিঙ্ = পচতি। পচ + সিঙ্ = পচসি। পচ্ + মিঙ্, 'অঙমা—' দীর্ঘ = পচামি।

(১৮) সমাসাবয়ব ও প্রত্যয়ান্ত যুষ্মদ্ অস্মদ্ বাচ্যেও মধ্যমপুরুষ এবং উত্তমপুরুষ হয়। যথা—'পরমত্বং পচসি' ইহার অর্থ—পরম তুমি পাক করিতেছ। 'ত্বং' এই পদটী কর্ত্তা হইলে 'পচসি' ক্রিয়া হইতে পারে, কিন্তু 'পরমত্বং' এই সমাসাবয়ব পদটী কর্ত্তা হইলে তাহার ক্রিয়ায় 'পচসি' হইবে কি না? ছাত্রের এরূপ সংশয় হইতে পারে। সেই সংশয় নিরাসের জন্যই এই সূত্র। 'পরমত্বং' এই পদটীতে কর্ম্মধারয় সমাস করা হইয়াছে। ইহার সমাসবাক্য এইরূপ—পরমশ্চাসৌ ত্বঞ্চেতি পরমত্বম্। 'ত্বদ্রূপঃ পচসি' এখানে যুষ্মদ্ শব্দরূপ প্রত্যয় দ্বারা ব্যবহিত হইয়াছে; অতএব ইহার ক্রিয়া 'পচসি' হইবে কি না? এরূপ সংশয় হইতে পারিত, এই সূত্র দ্বারা সে সংশয় দূরীভূত হইল। অস্মদেরও এই একই ব্যবস্থা। যথা—'পরমাহং পচামি, 'মদ্রূপঃ পচামি' এখানেও 'পরমাহং' স্থানে কর্ম্মধারয় সমাস দ্বারা সমাসবাক্য (পরমশ্চাসৌ অহঞ্চেতি—) আর 'মদ্রূপঃ' স্থলেও রূপপ্রত্যয় দ্বারা অস্মদ্ শব্দ ব্যবহিত হইয়াছে। যুষ্মদ্ শব্দ ও অস্মদ্ শব্দ স্বাভাবিক অবস্থায় না থাকিয়া সমাসাবয়ব ও প্রত্যয়ান্ত হইলেও তত্তদ্বাচ্যে মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ হইল। যুষ্মদ্ + রূপ = ত্বদ্রূপঃ—'রূপঃস্বত্তৌ—' রূপ প্রত্যয়, 'ত্বমদাবেকত্বে—' যুষ্মদ্ স্থানে 'ত্বং' আদেশ, ত্বদ্রূপ + সু = ত্বদ্রূপঃ। যুষ্মদ্ + তর—ত্বত্তর—'দ্বিবহুভ্যোঽত্যর্থে—' তর প্রত্যয়, পূর্ব্বসূত্রানুসারে যুষ্মদ্ স্থানে 'ত্বং' আদেশ—ত্বত্তর + সু = ত্বত্তরঃ। যুষ্মদ্ + তম—ত্বত্তম—'দ্বিবহুভ্যো—' তম প্রত্যয়, ত্বত্তম + সু = ত্বত্তমঃ। যুষ্মদ্ + কল্প—ত্বৎকল্প—'মনাগূনে কল্প—' কল্প প্রত্যয়—যুষ্মৎকল্প + সু = যুষ্মৎকল্পঃ। যুষ্মদ্ + পাশ—যুষ্মৎপাশ 'পাশো নিন্দ্যে' পাশ প্রত্যয়—ত্বৎপাশ + সু = ত্বৎপাশঃ। পরমাহং প্রভৃতির সাধন প্রণালী ও সূত্র একই রকম।

ন।১০ অপ্রধানার্থয়োঃ ৭ঃ

১৯। নাপ্রধানার্থয়োঃ।—অতিত্বং পচতি, অত্যহং পচতি, অত্বং ত্বং সম্পদ্যতে ত্বদ্ভবতি, অনহমহং মদ্ভবতি, ন ত্বমত্বং ভবতি, নাহমনহং ভবতি ॥

পরিহাসে ৭০ মন্যাৎ ৫০ উত্তমঃ ১০ তদ্যুক্তাৎ ৫০ চ।১০ মধ্যমঃ ১০ একবৎ ১০ চ।১০

২০। পরিহাসে মন্যাদুত্তমস্তদ্যুক্তাচ্চ মধ্যম একবচ্চ।—অত্র হি মধ্যমে

১৯ নাপ্র। অপ্রধানার্থয়োর্যুষ্মদস্মদোর্বাচ্যয়োঃ মধ্যমোত্তমৌ ন ভবতঃ। অতিত্বমিতি ত্বামতিক্রান্তঃ, দ্বিতীয়য়েত্যাদিনা সমাসঃ ; অত্র যুষ্মদর্থোঽপ্রধানম্, অতিত্বমিত্যনেনান্যস্যাভিধানাৎ। ত্বদ্ভবতীতি যুষ্মদ্শব্দাৎ অভূততদ্ভাবে ইত্যাদিনা চ্বিঃ ; অত্রাপি যুষ্মদর্থোঽপ্রধানং, তৎপদেন যস্তং ন ভবতি তস্যাভিধানাৎ। অত্বমিতি তৎপুরুষো বা নঞঃ সমাস ইতি তৎপুরুষঃ, যদ্যপ্যুত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষস্তথাপি অত্বমিতি পদেন যুষ্মদর্থসদৃশ এবান্যোঽভিধীয়ত ইতি যুষ্মদর্থোঽপ্রধানম্।

২০ পরি। মন্য ইতি যদ্বিকরণনির্দ্দেশাৎ মন জ্ঞানে ইত্যস্যৈব দৈবাদিকস্য গ্রহণং ন তু তানাদিকস্য মনু বোধন ইত্যস্য গ্রহণম্। পরিহাসে গম্যমানে মন্যতের্মধ্যমে প্রাপ্তে উত্তমো ভবতি,

---

(১৯) অপ্রধানার্থ যুষ্মদ্ ও অস্মদ্ বাচ্যে মধ্যমপুরুষ ও উত্তমপুরুষ হয় না। 'অতিত্বং পচতি' অতি ত্বম্, 'দ্বিতীয়য়া অত্যাদেঃ—' প্রাদিতৎপুরুষ সমাস। ত্বাং (তোমাকে অতিক্রান্তঃ (অতিক্রম করিয়াছে যে) এখানে 'অতিত্ব' এই পদটিতে 'ত্বং' এই পদের যে অর্থ, সে অর্থ না বুঝাইয়া অন্য অর্থ বুঝাইতেছে বলিয়া যুষ্মদের অর্থ অপ্রধান হইল। অতএব 'অতিত্বং' এই পদটী যুষ্মদ অস্মদ্ ভিন্ন হওয়ায় নাম হইল এবং নাম হইল বলিয়া নাম বাচো 'পচতি' এই পদে প্রথমপুরুষ হইয়াছে। 'অতিত্বং' পদটী একবচনান্ত বলিয়া 'পচতি' ক্রিয়ারও প্রথমপুরুষের একবচন হইল। 'অত্যহং পচতি' মাং (আমাকে) অতিক্রান্ত (অতিক্রম করিয়াছে যে অত্যহম (পূর্ব্ববৎ সমাস) এখানে 'অত্যহং' পদটী 'অহং 'পদের অর্থ না বুঝাইয়া অন্য অর্থ বুঝাইতেছে; এজন্য এখানে অস্মদের অর্থ অপ্রধান হইল এবং 'অত্যহং' পদটী যুষ্মদ অস্মদ্ ভিন্ন হওয়ায় নাম-বাচক হইয়াছে বলিয়া প্রথমপুরুষ ও একবচনান্ত বলিয়া ক্রিয়াতেও একবচন হইল। 'ত্বদ্ ভবতি' অত্বং (যে তুমি নয়) ত্বং (সে তুমি) সম্পদ্যতে (হইতেছে) 'অভূততদ্ভাবে—' অভূততদ্ভাবে 'চ্বি' প্রত্যয়, 'ত্বন্মদাবেকত্বে—' যুষ্মদ্স্থানে ত্ব'আদেশ। 'চ্বি' প্রত্যয়ের কিছুই থাকে না, নামে মাত্র প্রত্যয় হয়। এখানে 'ত্বং' এই পদটীতে যে 'ত্বং' নয়, তাহাকে বুঝাইতেছে, 'ত্বং' এর অর্থ বুঝাইতেছে না, এজন্য যুষ্মদর্থ অপ্রধান হইল। অপ্রধান হওয়ায় মধ্যমপুরুষ হইল না। 'মদ্ভবতি' ইহার সমাস বাক্য অনহং (যে আমি নয়) অহং (সে আমি) সম্পদ্যতে (হইতেছে) সাধনপ্রণালী পূর্ব্ববৎ। এখানেও পূর্ব্বোক্ত প্রকার 'মৎ' শব্দে যে অহং নয়, তাহাকে বুঝাইতেছে ; এজন্য অস্মদ্ অপ্রধানার্থ হইল। সুতরাং উত্তমপুরুষ হইল না। 'অত্বং' ন (নয়) ত্বং (তুমি) 'তৎপুরুষো বা' নঞ্ তৎপুরুষ সমাস 'নঞোঽৎ' নঞ্স্থানে অৎ। যদিও তৎপুরুষ সমাসে উত্তর পদের অর্থ প্রধান থাকে, তথাপি অত্বং শব্দে ত্বংসদৃশ অন্য অর্থ বুঝাইতেছে বলিয়া অপ্রধানার্থ হইল ;—এজন্য মধ্যমপুরুষ হইল না। 'অনহং' ন অহং অনহং। ইহার সকল কথাই 'অত্বং' বৎ। অধিকন্তু 'অচ্যন্' এই সূত্রে স্বর পরে থাকায় নঞের স্থানে অন্ হইয়াছে।

(২০) পরিহাস গম্যমান হইলে মন্ ধাতুর উত্তর উত্তমপুরুষ এবং উত্তমপুরুষ-যুক্ত ধাতুর উত্তর মধ্যমপুরুষ হয়। এই সূত্রে মধ্যমপুরুষের প্রাপ্তিতে উত্তমপুরুষ এবং উত্তমপুরুষের প্রাপ্তিতে মধ্যমপুরুষের বিধান করা হইল। উদাহরণ ; যথা—কেহ পরিহাস করিয়া বলিতেছে ;—"এহি, ত্বং

প্রাপ্তে উত্তমো বিধীয়তে, উত্তমে চ মধ্যমঃ। এহি ত্বং মন্যে, দুগ্ধমহং পাস্যসি; কিং পাস্যসি, পীতং তত্তে দুষ্খপিত্রা। লোড়াদাবপ্যেবম্॥

তেষাং ৬:০ পরঃ ১০ ক্রিয়াকালৈকত্বে ৭০

২১। তেষাং পরঃ ক্রিয়াকালৈকত্বে।—ক্রিয়াকালয়োরেকত্বে সতি নামযুষ্মদস্মৎসু বাচ্যেষু তেষাং প্রথমমধ্যমোত্তমানাং যঃ পরঃ স ভবতি। স চ ত্বঞ্চাহঞ্চ পচামঃ, স চ ত্বঞ্চ পচথঃ, অহঞ্চ ত্বঞ্চ স চ পচামঃ॥

তদযুক্তাং ধাতোরুত্তরে উত্তমে প্রাপ্তে মধ্যমঃ, স চৈকবদ্ভবতি। দ্বিত্ববহুত্বয়োরপ্যেকবচনমিত্যর্থঃ। মন্য ইতি উত্তমপুরুষৈকবচনম্ এ। পাস্যসীতি মধ্যমপুরুষৈকবচনং সিঙ্। পরিহাসাদন্যত্র তু—এহি ত্বং মন্যসে, দুগ্ধমহং পাস্যামি, সাধু মন্যসে, এবং ক্রিয়তাম্।

২১ তেষাং। প্রথমমধ্যমোত্তমানাং সূত্রপাঠক্রমেণ পরত্বমপেক্ষিতমিত্যুদাহরণ এব ব্যক্তং, লিঙ্গবিভক্ত্যোস্তু শব্দোপাদানক্রমেণ পরত্বমিতি। স গচ্ছতি, ত্বং পচসীত্যত্র ক্রিয়ৈকত্বাভাবঃ। স পচতি, ত্বং পক্ষ্যসি, অহমপচমিত্যত্র কালৈকত্বাভাবঃ, অতো নাস্য বিষয়ঃ। যদা তু আধারে নিয়তে শক্তী অপেক্ষ্যেতে, তদা আখ্যাতমপি ভিদ্যতে; ত্বং পচসি, অহং পচামি। যদা ত্বাধারানিয়তশক্ত্যপেক্ষা, তদা শক্তিদ্বয়াবিরোধাদেকমাখ্যাতং প্রযুজ্যতে; ত্বঞ্চাহঞ্চ পচাবঃ।

মন্যে দুগ্ধমহং পাস্যসি, কিং পাস্যসি? পীতং তৎ তে দুঃখপিত্রা।" ইহার অর্থ—এস, তুমি মনে করিতেছ, দুগ্ধ—আমি পান করিব? কি পান করিব? তাহা তোমার দুঃখপিতা (বিড়াল) পান করিয়াছে। পরিহাস গম্যমান হইলে লোড়াদিতেও এই নিয়ম জানিবে। পরিহাস গম্যমান না হইলে 'মন্যে' স্থানে 'মন্যসে' এবং 'পাস্যামি' স্থানে 'পাস্যসি' হইবে। এখানে দিবাদিগণীয় জ্ঞানার্থ মনধাতুর প্রয়োগ। মন + লট্) এ, 'দিবাদের্যং—' মধ্যে যং, 'যতের অকার বিশিষ্ট য থাকে' 'আন্তে—' ওকার পরেতে অকার লোপ, পূর্ব্ববর্ণে একার যোগ = মন্যে। পা + (লৃট্) সিঙ্ 'লট্ লৃট্—' মধ্যে স্যাঙ্ = পাস্যসি।

(২১) ক্রিয়া ও কালের ঐক্য থাকিলে নাম, যুষ্মদ্ ও অস্মদ্ বাচ্যে বিহিত প্রথমপুরুষ, মধ্যমপুরুষ এবং উত্তমপুরুষের মধ্যে সূত্রনির্দ্দেশানুসারে যে পর সেই হয়। "ত্রিশঃপ্রথমমধ্যমোত্তমা নামযুষ্মদস্মৎসু" এই সূত্রে প্রথমপুরুষ, মধ্যমপুরুষ ও উত্তমপুরুষের মধ্যে যাহার পর যে শব্দ লিখিত হইয়াছে, তাহাদের পরস্পর প্রাপ্তিতে অপেক্ষাকৃত যে পরে লিখিত আছে, সেই হইবে। যেমন—'স চ ত্বঞ্চ অহঞ্চ পচামঃ, এখানে প্রথমপুরুষ হইবে, না মধ্যমপুরুষ হইবে, না উত্তমপুরুষ হইবে? তিন পুরুষেরই প্রাপ্তি হইয়াছে, সূত্রলিখিত ক্রম দেখিয়া ইহার মীমাংসা করিতে হইবে। সূত্রে আছে 'প্রথমমধ্যমোত্তমাঃ' উত্তমপুরুষ সকলের পরে আছে, অতএব প্রথমপুরুষ ও মধ্যমপুরুষ না হইয়া এখানে উত্তমপুরুষ হইল। "স চ ত্বঞ্চ পচথঃ" এখানে প্রথমপুরুষ হইবে কি মধ্যমপুরুষ হইবে? সূত্রের ক্রম হইতেছে—অগ্রে প্রথমপুরুষ, তারপর মধ্যমপুরুষ। অতএব প্রথমপুরুষ ও মধ্যমপুরুষের প্রাপ্তিতে প্রথমপুরুষকে অপেক্ষা করিয়া মধ্যমপুরুষই হইল। "অহঞ্চ ত্বঞ্চ স চ পচামঃ" এখানে তিনেরই প্রাপ্তি আছে, কিন্তু সূত্রে উত্তমপুরুষ সর্ব্বাপেক্ষা পরে লিখিত আছে বলিয়া এখানে প্রথমপুরুষ বা মধ্যমপুরুষ না হইয়া উত্তমপুরুষ হইল। এইরূপে সূত্র-নির্দ্দিষ্ট ক্রমানুসারে পুরুষপ্রবৃত্তি নির্ণয় করিতে হইবে। যেখানে একটীমাত্র ক্রিয়ার একাধিক কর্ত্তৃপদ থাকে, সেখানে কর্ত্তৃপদের সংখ্যানুসারে ক্রিয়ার বচন নিরূপিত হয়। প্রয়োগ—পচ্ + (লট্) থস্ = পচথঃ। পচ্ + (লট্) মস্ = পচামঃ—'অতস্ম্যু—' অকারের দীর্ঘ।

ক্বচিৎ ৭০ লিঙ্গবিভক্ত্যোঃ ৬ঃ

২২। ক্বচিল্লিঙ্গবিভক্ত্যোঃ।—স্ত্রিয়ো ধনং, সুতৌ যাতৌ ॥

ভাবকর্ম্মণোঃ ৭ঃ আত্মনে।১০

২৩। ভাবকর্ম্মণোরাত্মনে।—ভাবে কর্ম্মণি চ বাচ্যে ধাতোরুত্তরে আত্মনেপদং ভবতি। ধাত্বর্থঃ কেবলো ভাবঃ, তস্যৈকত্বাৎ প্রথমপুরুষৈক-বচনম্। ভূয়তে ঘটেন, অনুভূয়তে ঘটঃ ॥

২২ ক্বচি। বিভক্তিগ্রহণমত্র বচনোপলক্ষণম্। ক্বচিৎ ক্রিয়াকালয়োরেকত্বে সতি লিঙ্গবিভ-ক্ত্যোর্যঃ পরঃ স ভবতি। ক্বচিদিতি পদেন স্ত্রিয়ো যাতাঃ, ধনং যাতং সুতৌ যাতৌ ইত্যত্র স্ত্রিয়ো ধনং সুতো যাতানীতি ক্লীবাক্লীবয়োঃ ক্লীবঃ স চৈকবদ্বেতি একশেষাভাবত্যেব।

২৩ ভাব। ধাতোস্তাবল্লড়াদয়ঃ সামান্যেন বিহিতা বিদ্যন্ত এব, তত্র অনেন নিয়মঃ ক্রিয়তে, ভাবকর্ম্মণোরেবাত্মনেপদং ভবতীতি। নন্বেবং নিয়মে সতি ভাবকর্ম্মণোঃ পরস্মৈপদমপি স্যাৎ। নৈবং; শেষাৎ পরস্মৈ ইত্যেতদপি নিয়মার্থমেব, শেষাদেব কর্ত্তরি পরস্মৈপদং ভবতীতি। যদি ভাবকর্ম্মণো-রাত্মনেপদমেব ভবতীতি নিয়মঃ স্যাত্তদা কো লাভো ভবতা লব্ধ ইত্যত্র কর্ম্মণি ঘণ্ দুর্লভঃ স্যাৎ। ধাত্বর্থঃ কেবলো ভাব ইতি ক্রিয়ামাত্রাত্মক ইত্যর্থঃ। ননু নামাদিষু বাচ্যেষু প্রথমপুরুষাদয়ো বিহিতাঃ, ভাবে বাচ্যে কিং ভবতীতি সন্দেহ আহ—তস্যৈকত্বাদিত্যাদি। লক্ষণসামর্থ্যাৎ ভাবে বাচ্যে আত্মনেপদং ভবিতব্যমেব, তস্যৈকত্বাৎ প্রথমবুদ্ধিগ্রাহ্যত্বাচ্চ প্রথমপুরুষৈকবচনমেব যুক্তম্। কর্ম্মলক্ষণন্তু তৎসমুদ্দিষ্টং কর্ম্ম ইত্যনেনৈব প্রতিপাদয়িষ্যতি। অকর্ম্মকা অপি ধাতবঃ উপসর্গসম্বন্ধেনার্থান্তরবৃত্তয়ঃ সকর্ম্মকা ভবন্তীতি সূচয়িতুম্ অনুভূয়তে ঘট ইত্যুদাহৃতম্।

(২২) কোথাও কোথাও ক্রিয়া এবং কালের একত্বে লিঙ্গ অথবা বিভক্তির মধ্যেও যাহা পর, তাহাই হয়। এখানে সকলের পরস্থিত শব্দের যে লিঙ্গ ও যে বচন; ক্রিয়াতেও সেই লিঙ্গ এবং সেই বচন হয় জানিবে। লিঙ্গগ্রহণহেতু তিঙন্ত ক্রিয়া সম্ভব নহে; কৃদন্ত ক্রিয়া বুঝিতে হইবে। উদাহরণ, যথা—"স্ত্রিয়ো ধনং সুতৌ যাতৌ" এখানে এক 'যাত' ক্রিয়ার সহিত সকল কর্তৃপদের সম্বন্ধ থাকায় ক্রিয়া কোন্ পদের লিঙ্গ-বচন গ্রহণ করিবে? এরূপ সংশয় হইতে পারিত, তাহার জন্যই এই সিদ্ধান্ত। এখানে সুত শব্দ সর্ব্বাপেক্ষা পরে আছে বলিয়া 'যাত' ক্রিয়া ঐ পদেরই লিঙ্গ বচন প্রাপ্ত হইল। সূত্রে 'ক্বচিৎ' বলার কারণ এই যে, ইহা শিষ্টপ্রয়োগ অনুসারে হয়, বুঝিতে হইবে। এরূপ ক্ষেত্রে "ক্লীবাক্লীবয়োঃ ক্লীবঃ স চৈকবদ্বা" এই সূত্রানুযায়ী 'যাত' ক্রিয়া একশেষ সমাসনিষ্পন্ন হইয়া 'যাতানি' ও 'যাতং' হইবে। একশেষের সমাসবাক্য যথা—'যাতাশ্চ যাতঞ্চ যাতৌ চ' এই বাক্যে 'যাতানি' ও 'যাতং' হয়।

(২৩) ভাব ও কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। সূত্রস্থিত 'আত্মনে' শব্দের অর্থ 'আত্মনেপদ' 'আত্মনে' শব্দের বিস্তৃত ব্যাখ্যা 'নবশঃ' ইত্যাদি সূত্রে লিখিত হইয়াছে। ধাত্বর্থ-মাত্রকে ভাব বলে; ঐ ভাবের একত্ব ব্যতীত দ্বিত্ব বা বহুত্ব নাই। সুতরাং (ভাবের একত্ব বশতঃ) ভাববাচ্যের ক্রিয়াতে আত্মনেপদের প্রথমপুরুষের একবচন হয়। অতএব প্রত্যেক ধাতুর ভাববাচ্যের ক্রিয়া—দশ লকারে দশটী। ভাববাচ্যে—কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্ম-কারক থাকে না * এবং ক্রিয়ায় আত্মনেপদের প্রথমপুরুষের একবচন হয়। কর্ম্মবাচ্যে—কর্ম্মকারকে প্রথমাবিভক্তি হয়, কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি হইয়া থাকে এবং ক্রিয়া—কর্ম্মপদের অনুযায়ী ও

* কোথাও কোথাও অনুক্ত অবস্থায় থাকে।

অকর্ম্মকঃ ১, অপি ১০ ক্রিয়ান্তরান্তর্ভাবে ৭০ সকর্ম্মকঃ ১০ স্যাৎ ৮০ (ক্রিয়া)

২৪। অকর্ম্মকোঽপি ক্রিয়ান্তরান্তর্ভাবে সকর্ম্মকঃ স্যাৎ।—আস্যন্তে আসনিকাঃ, শয্যন্তে শয়নিকাঃ; আসিতুং শয়িতুং যাচ্যন্ত ইত্যর্থঃ॥

কর্ত্তরি ৭০ অনুদাত্তঙিদ্‌যনায়াম্ ৬ঃ০

২৫। কর্ত্তর্য্যনুদাত্তঙিদ্‌যনায়াম্।—অনুদাত্ত-ঙিদ্ যনায়্ ইত্যেতেষাং ধাতূনাং প্রয়োগে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। এধতে শেতে বোভূয়তে শ্যেনা-

২৪ অক। অকর্ম্মকোঽপীতি ন কেবলমেবাকর্ম্মক উপসর্গসম্বন্ধে সকর্ম্মকো ভবতীতি, কিন্তু ক্রিয়ান্তরান্তর্ভাবেঽপি; অয়মেবার্থোঽপিশব্দেন সমুচ্চয়ার্থেন সূচিতঃ। অপিশব্দোঽয়ং ভিন্নক্রমঃ, ক্রিয়ান্তরান্তর্ভাবেঽপ্যকর্ম্মকঃ সকর্ম্মকঃ স্যাৎ ইতি। আস্যন্ত ইতি আস উপবেশনে, শয্যন্ত ইতি শীঙ্ স্বপ্নে, যগ্‌ভাবকর্ম্মণোরিতি যক্, শীঙঃ শের্যনি চেতি শেভাবঃ, শীঙোঽঙিদ্যে ইতি অয়াদেশঃ। যদ্যয়ং প্রয়োগো ভাবে স্যাত্তদা একবচনং স্যাৎ। আস্যন্তে আসনিকাঃ ইতি ণিঙন্তেনাপি সিধ্যতীতি শঙ্কায়াং দ্বিতীয়োদাহরণম্। ণিঙন্তাদপি শীঙঃ শয্যন্ত ইতি স্যাৎ। সংগ্রামে স্পর্দ্ধন্তে কৃষ্ণমিত্যাদি, অত্রান্তর্ভূতপ্রাপ্ত্যর্থঃ স্পর্দ্ধিঃ, কৃষ্ণং প্রাপ্য স্পর্দ্ধন্ত ইত্যর্থঃ।

২৫ কর্ত্ত। অনুদাত্তশ্চ ঙ্ চ ইতি দ্বন্দ্বসমাসং কৃত্বা তাবিতৌ যেষাং তে অনুদাত্তঙিতঃ। দ্বন্দ্বাৎ পরঃ পূর্ব্বো বা যঃ শ্রূয়তে, স লভতে প্রত্যেকসম্বন্ধমিতি অনুদাত্তেতাং ঙিতাঞ্চ ধাতূনামিত্যর্থঃ।

আত্মনেপদী হয়। উদাহরণ যথা—'ভূয়তে ঘটেন' এইটী ভাববাচ্যের উদাহরণ, 'ঘট' কর্ত্তা, কর্ত্তায় তৃতীয়া হইয়াছে। আর 'ভূয়তে' এইটী ক্রিয়া, ক্রিয়াতে আত্মনেপদের প্রথমপুরুষের একবচন হইয়াছে। ভাববাচ্যে কর্ম্ম অসম্ভব বলিয়া কর্ম্ম নাই। 'অনুভূয়তে ঘটঃ' এইটী কর্ম্মবাচ্যের উদাহরণ, ঘট—উক্ত কর্ম্ম; কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়, এজন্য কর্ম্মে প্রথমা হইয়াছে, অনুভূয়তে—ক্রিয়া, ক্রিয়াতে আত্মনেপদ হইয়াছে। কর্ম্মবাচ্যে কর্ম্মানুযায়ী ক্রিয়া হয়; এজন্য (ঘটশব্দ নাম ও প্রথমার একবচনান্ত বলিয়া) 'অনুভূয়তে' ক্রিয়াতে প্রথমপুরুষ ও একবচন হইয়াছে। আর কর্ম্মবাচ্য বলিয়া আত্মনেপদ ত হইবেই। ভাববাচ্যে ও কর্ম্মবাচ্যে আত্মনেপদ ভিন্ন কখনও পরস্মৈপদ হয় না। ইহাই এই সূত্রের প্রতিপাদ্য। ভূ+(ভাবে লট্) তে, 'যগ্ ভাবকর্ম্মণোঃ' যক্=ভূয়তে। অনু+ভূ (কর্ম্মণি লট্) তে=অনুভূয়তে।

(২৪) ক্রিয়ান্তরের (অন্য ক্রিয়ার) অন্তর্ভাব হইলে অকর্ম্মকধাতুও সকর্ম্মক হয়। যথা—'আস্যন্তে আসনিকাঃ' এখানে 'আসনিকাঃ' পদটী উক্ত কর্ম্ম; আর 'আস্যন্তে' ক্রিয়া। 'আস্যন্তে' এই ক্রিয়াপদের অর্থ—আসিতুং যাচ্যন্তে, এখানে 'আস্যন্তে' ক্রিয়ায় 'যাচ্যন্তে' এই ক্রিয়ান্তরের অন্তর্ভাব থাকায় অকর্ম্মক আস্ ধাতু সকর্ম্মক হইল। আসনিক শব্দের অর্থ—উপবেশনার্থী; 'শয্যন্তে শয়নিকাঃ "শয্যন্তে" পদের অর্থ—শয়িতুং যাচ্যন্তে। শয়নিক শব্দের অর্থ—শয়নার্থী। এখানেও "শয্যন্তে" ক্রিয়ায় "যাচ্যন্তে" এই ক্রিয়ান্তরের অন্তর্ভাব হেতু অকর্ম্মক শীঙ্ ধাতু সকর্ম্মক হইল। আস্ ধাতুর অর্থ—উপবেশন; আস্+(কর্ম্মণি লট্) অন্তে "যগ্‌ভাব—" যক্=আস্যন্তে। শীঙ্ ধাতুর অর্থ—শয়ন করা; শীঙ্+(কর্ম্মণি লট্) অন্তে, "যগ্‌ভাব—" মধ্যে যক্, "শীঙঃ শের্যনি—' শীঙ্ স্থানে শে, "শীঙোঽঙিদ্যে, একার স্থানে অয়্ আদেশ=শয্যন্তে।

(২৫) অনুদাত্তশ্চ ঙ্ চ তৌ (দ্বন্দ্ব) তৌ ইতৌ যেষাং তে অনুদাত্ত-ঙিতঃ (বহুব্রী) যন্ চ (যনন্তশ্চ) আয়্ চ (আয়ন্তশ্চ) তৌ যনায়ৌ (যনন্ত-আয়ন্তৌ) (দ্বন্দ্ব) অনুদাত্তঙিতশ্চ যনায়ৌ চ তে অনুদাত্তঙিদ্‌যনায়ঃ তেষাং অনুদাত্তঙিদ্‌যনায়াম্ ধাতূনামিত্যর্থঃ। অনুদাত্তেৎ, ঙিৎ, যনন্ত ও

য়তে। অনুদাত্তাদয়ো দশগণধাতুপাঠে প্রসিদ্ধাঃ, বেদে তূচ্চার্য্যন্তে। উচ্চৈরুচ্চারণাদুদাত্তঃ, নীচৈস্ত্বনুদাত্তঃ, সমাহৃতঃ স্বরিতঃ ॥

যনায়ৌ প্রত্যয়ৌ, তৌ চ ধাতূ ন সম্ভবত ইতি তদন্তানাং গ্রহণম্। বোভূয়তে ইতি হলাদ্যেকাচ ইত্যাদিনা যন্, দ্বিরুক্তিঃ, গুণাদির্দ্বিরুক্তৌ ইতি গুণঃ, ঠচথধেত্যাদিনা ভস্য বঃ। শ্যেনায়ত ইতি কর্ত্তুরায় ইত্যাদিনা আয়, অন্নোরিত্যকারলুক্। নম্ন অনুদাত্ত এব কঃ? অত আহ—অনুদাত্তাদয় ইত্যাদি। সা চ প্রসিদ্ধিরেবংবিধা এধপ্রভৃতীনামন্তে যঃ স্বরঃ পঠ্যতে সোঽনুদাত্ত ইতি, যশ্চ যজ-প্রভৃতীনামন্তে স স্বরিত ইতি, যস্তু শেষাণাং স উদাত্ত ইতি দশগণধাতুপাঠে লিপিকরপ্রামাণ্যাদেব জ্ঞেয়ম্। এতেনৈতৎ প্রতিপাদিতং, ভাষাবিষয়ে উচ্চারণানভিজ্ঞানাং কথং সঙ্কেতঃ সম্ভবতি ইতি ন চোদ্যং, দশগণপাঠে প্রসিদ্ধ্যৈব সঙ্কেতাবগমাৎ। উচ্চৈরুচ্চারণাদুদাত্ত ইতি, এতেনৈতদুক্তং পদব্যুৎ-পত্তিদ্বারেণৈবার্থোঽবধারণীয়ঃ। তথাহি উদূর্দ্ধমাদত্ত ইতি উদাত্ত ইতি উদাঙ্পূর্ব্বাদ্দাঞঃ ক্তঃ উচ্ছব্দ ঊর্দ্ধবচনঃ। অনূর্দ্ধমাদত্ত ইত্যনুদাত্তঃ। নন্ম যদি ঙিতো ধাতোরাত্মনেপদং ভবতি, তদা ণিঙন্তাদপি প্রাপ্নোতি, ণিঙন্তস্য ধাতোর্ঙিত্ত্বাৎ। অত্রোচ্যতে—ঙিৎপ্রত্যয়নিমিত্তং ধাতোরাত্মনেপদং ন ভবতি, তস্য ঙকারস্য গুণার্থত্বাৎ; এতৎ স্বার্থে চাত্মনে কমেশ্চতুর্ষ্বিতি ণিঙন্তাদাত্মনেপদবিধানেনৈব বোধিতম্; অন্যথা আত্মনেপদবিধানমনর্থকং স্যাৎ। অথবা তন্নিয়মার্থং; ণিঙ্নিমিত্তমাত্মনেপদং ভবৎ কমেরেব ভবতি নান্যস্য, কর্ত্তুরায় ইত্যাদিনা বিহিতস্যায়োঽঙিত্ত্বেনৈব সূচিতম্; অন্যথা আয়ঙমেব বিদধ্যাৎ। এতেনাত্রাত্মনেপদার্থমায়গ্রহণং ন কৃতং স্যাৎ। অথবা ণিঙোঽবুধাদেরিত্যত্র ণিঙিতি নিয়মার্থং; ণিঙন্তাদাত্মনেপদং ভবৎ কর্ত্রর্থক্রিয়াফল এব ভবতি, নান্যত্র। অবুধাদেরিতি চ বুধাদেরাত্মনেপদবাধনার্থং লক্ষণম্। পূর্ব্বসূত্রেণ ভাবে কর্ম্মণি চ এতৈঃ কর্ত্তর্য্যাত্মনেপদবিধানাৎ, শেষাৎ কর্ত্তরি পরস্মৈপদবিধানাৎ ত্রিষ্বেবাত্মনেপদসংজ্ঞকা ভবন্তি; পরস্মৈপদসংজ্ঞকাস্তু কর্ত্তর্য্যেব

আয়ন্ত ধাতুর প্রয়োগে কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। অনুদাত্তস্বর যাহার ইৎ হয় অর্থাৎ যায়, তাহাকে অনুদাত্তেৎ বলে; ইহা ধাতুর বিশেষণ। অনুদাত্তাদি স্বরত্রয় দশগণধাতুপাঠ নামক গ্রন্থেই প্রসিদ্ধ এবং তাহাতেই ব্যাখ্যাত হইয়াছে। বেদপাঠেই এই স্বরত্রয় যথাযথ উচ্চারিত হয়। উচ্চা-রণানভিজ্ঞ ব্যক্তিগণকে এই স্বরত্রয়ের উচ্চারণ ভাষায় বুঝান অসম্ভব। এই জন্যই সূত্রে ইহা বিশেষরূপে ব্যাখ্যাত হয় নাই; তবে যতটুকু সম্ভব বলা হইয়াছে: যে স্বরের উচ্চারণ উচ্চ, তাহাকে উদাত্ত, যাহার উচ্চারণ নীচ (লঘু) তাহাকে অনুদাত্ত এবং যাহার উচ্চারণ সমান অর্থাৎ উচ্চও নয়, নীচও নয়, তাহাকেই স্বরিত বলে। তন্মধ্যে এধপ্রভৃতি ধাতুর উত্তর যে স্বর বিদ্য-মান, তাহাই অনুদাত্ত; যজ্ প্রভৃতি ধাতুর উত্তর যে স্বর বিদ্যমান তাহা স্বরিত এবং এতদ্ভিন্ন ধাতুর উত্তর যে স্বর আছে, তাহাই উদাত্ত বলিয়া বুঝিতে হইবে। উদাহরণ, যথা—"এধতে" এইটী অনুদাত্তেৎ ধাতু। ইহার অন্তে যে স্বর আছে, তাহাই অনুদাত্ত স্বর। তাহার উচ্চারণ লঘু। এধ+(কর্ত্তরি লট্) তে, অনুদাত্ত স্বর ইৎ হইয়াছে বলিয়া এধ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হইল। "চতুর্ল্ড়া—" মধ্যে শঙ্ = এধতে। "শেতে" এই পদটী ঙিতের উদাহরণ, ঙ—যার যায়, তাহাকে ঙিৎ বলে; শীঙ্ ধাতুর ঙ—যায় "শী" থাকে; এজন্য ইহা ঙিৎ ধাতু। শী+(কর্ত্তরি লট্) তে, 'শীঙঃ শে—' শীঙ্ স্থানে 'শে' আদেশ = শেতে। 'বোভূয়তে' এইটী যনন্ত ধাতুর উদাহরণ,—ভূ+যন্ = বোভূয় (যনন্তধাতু) লট্ কর্ত্তরি তে, 'হলাদ্যেকাচো—' যন্ প্রত্যয়, 'গুণাদেঃ—' দ্বিরুক্ত বর্ণের গুণ, 'ঠচথধ—' দ্বিরুক্ত ভকার স্থানে বকার, 'চতুর্ল্ড়া—' মধ্যে শঙ্ = বোভূয়তে 'শ্যেনায়তে' এইটি আয়ন্তধাতুর উদাহরণ। ইহার অর্থ—শ্যেন ইব আচরতি—শ্যেন পক্ষীর

কর্ম্মব্যতীহারে ৭০ অহসাদেঃ ৫০

২৬। কর্ম্মব্যতীহারেঽহসাদেঃ।—কর্ম্মশব্দঃ ক্রিয়াবাচী, ব্যতীহারো বিনিময়ো ব্যত্যাসঃ পরিবর্ত্তো বিপর্য্যয় ইত্যনর্থান্তরম্। নির্জ্ঞাতান্যসম্বন্ধায়াঃ ক্রিয়ায়া বিপর্য্যয়োঽন্যত্র দর্শনং কর্ম্মব্যতীহারঃ। তদ্বিশিষ্টক্রিয়াবচনাদ্ধ-সাদ্যন্যধাতোরুত্তরে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। ব্যতিলুনতে ধান্যং কৃষকাঃ। "ধর্ম্মোঽস্তি সত্যং তব রাক্ষসায়মন্যো ব্যতিস্তে তু মমাপি ধর্ম্মঃ। ব্রহ্মদ্বিষস্তে প্রণিহন্মি যেন রাজন্যবৃত্তির্ধৃতকার্ম্মুকেষু"রিতি ভট্টিঃ। কর্ম্মেতি কিম্? বিপ্রস্য ধান্যং ব্যতিলুনন্তি কৃষকাঃ। অত্র হি বিপ্রসম্বন্ধিনো ধান্যস্য কৃষকৈঃ সহ সম্বন্ধাদ্দ্রব্যস্য ব্যতীহারঃ। অহসাদেরিতি কিম্? ব্যতিহসন্তি ॥

নান্যত্র ইতি ব্যবস্থিতম্। নন্বু কর্ত্তরীতি কিমর্থম্? ভাবে কর্ম্মণি কর্ত্তরি চ সামান্যেনৈবাত্মনে-পদবিধানেঽপি ন দোষঃ, ভাবকর্ম্মণোরপ্যাত্মনেপদস্যেবেষ্টত্বাৎ। তুঃ ক্রিয়তে উত্তরার্থম্; উত্তরসূত্রেণাপি সামান্যেন বিধানে অহসাদেরিতি ভাবকর্ম্মণোরপ্যাত্মনেপদপ্রতিষেধঃ স্যাৎ। ব্যতিহস্যতে দেবদত্তেনেতি। কিঞ্চ বোপসর্গাদ্বহাস্যত্যোবিতি বিকল্পশ্চ ভাবকর্ম্মণোঃ স্যাৎ।

২৬ কর্ম্ম। কর্ম্মশব্দঃ ক্রিয়াবাচীতি এতেন লৌকিকমিহ কর্ম্ম গৃহ্যতে, ন তু পারিভাষিকং তৎসমুদ্দিষ্টং কর্ম্মেতি সূচিতম্। এতদেব কথং? প্রত্যাসত্তেঃ। ক্রিয়য়া ধাতোঃ সম্বন্ধঃ প্রত্যাসন্নঃ; সাধনাত্মককর্ম্মসম্বন্ধস্তু পরম্পরয়া। যদ্যেবং, ক্রিয়াব্যতীহার ইত্যেবং কস্মান্ন কৃতম্? শিষ্যব্যুৎপত্তি-করণার্থম্। বহুপ্রকারেণার্থাবগমে হি শিষ্যাণাং বহুবিষয়া ব্যুৎপত্তির্জায়তে, অন্যথা গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতীত্যাদৌ লক্ষণাবৃত্তেঃ শব্দস্য প্রকরণাদিভিরবধারণীয়বিশেষস্য চ দ্বিজমানয় ইত্যাদেরপ্রয়োগ এব স্যাৎ। নির্জ্ঞাতান্যসম্বন্ধায়া ইতি নিশ্চিতসম্বন্ধায়া ইত্যর্থঃ। অস্যা ইদং সাধনম্, ইয়মস্য সাধ্যেতি নিশ্চিতঃ সম্বন্ধঃ। অনেকপদৈরাবিষ্কৃতমপি ব্যতীহারপদং স্ফুটার্থেন ব্যাকরোতি—অন্যত্র

ন্যায় আচরণ করিতেছে। শ্যেন + আয় = শ্যেনায় + (কর্ত্তরি লট্) তে 'কর্ত্তুরায়—' আয় প্রত্যয়; 'অন্ত্যাঃ' শ্যেন শব্দের অকারলোপ 'চতুর্ল্ডা—' মধ্যে শঙ্, = শ্যেনায়তে। অনুদাত্তেৎ ধাতু, ঙিৎ ধাতু, যন্প্রত্যয়ান্ত ধাতু এবং আয়্প্রত্যয়ান্ত ধাতু—ইহাদের উত্তর আত্মনেপদ ব্যতীত পরস্মৈপদ হয় না, ইহাই এই সূত্রের মর্ম্মার্থ।

(২৬) কর্ম্মব্যতীহার গম্যমান হইলে হসাদি ভিন্ন ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। কর্ম্মব্যতীহার অর্থাৎ একরূপ ক্রিয়ার অন্যত্র দর্শন। সূত্রস্থ 'কর্ম্ম' পদের অর্থ ক্রিয়া, কর্ম্মকারক নহে। ব্যতীহার পদের শীঘ্র অর্থাবগতির নিমিত্ত তাহার কতিপয় পর্য্যায় শব্দ প্রদত্ত হইয়াছে; যথা—বিনিময়, ব্যত্যাস, পরিবর্ত্ত ও বিপর্য্যয়। 'নির্জ্ঞাতান্যসম্বন্ধায়াঃ' পদটি 'ক্রিয়ায়াঃ' এই পদের বিশেষণ, নিশ্চিতরূপেণ জ্ঞাতঃ অন্যেন সহ সম্বন্ধো যস্যাঃ সা (ক্রিয়া) তস্যাঃ। একত্র নিশ্চিতসম্বন্ধা ক্রিয়ার অন্যত্র দর্শনকে কর্ম্মব্যতীহার বলে। ইহাই কর্ম্মব্যতীহারের লক্ষণ। কর্ম্মব্যতীহার বিশিষ্ট ক্রিয়াবচনের উত্তরই আত্মনেপদ হয়। এখানে ক্রিয়ার উত্তর আত্মনেপদ অসম্ভব বলিয়া ক্রিয়াবচন পদে প্রত্যাসত্তিহেতু ধাতু বুঝিতে হইবে। একের ক্রিয়া অন্যের করা অসম্ভব বলিয়া তৎসজাতীয় ক্রিয়ার অন্যত্র দর্শন বলিতে হইবে। "কতিপয় কৃষক ধান্যচ্ছেদন করিতেছে" বলিলে বুঝিতে হইবে যে, সকল কৃষকই একতমের নিশ্চিতসম্বন্ধা ছেদন ক্রিয়ার সজাতীয় ক্রিয়া করিতেছে। ইহাকেই কর্ম্মব্যতীহার বলে। 'ব্যতিলুনতে ধান্যং কৃষকাঃ'—কৃষকগণ ধান্য ছেদন করিতেছে।

শব্দার্থঃ ১০

২৭। শব্দার্থঃ।—ব্যতিপঠন্তি, ব্যতিজল্পন্তি ॥

দর্শনং কর্ম্মব্যতীহার ইতি। ব্যতিলুনতে ধান্যং কৃষকা ইতি লূঞ্ ছেদনে, আত্মনেঽনত ইতি অন্তস্থানে অৎ, ক্র্যাদের্নাদিত্যাদিনা নাৎ, হ্রস্বশ্চ, লুগচীতি আকারলুক্। অন্যস্থ নিশ্চিতসম্বন্ধায়া লবনক্রিয়ায়াঃ সজাতীয়াং লবনক্রিয়াং কৃষকাঃ কুর্ব্বন্তি ইত্যর্থঃ। এতেনৈবান্যক্রিয়ায়া অন্যেন করণং ন সম্ভবতীতি কুচোদ্যমপি নিরস্তম্। ধর্ম্মোঽস্তীত্যাদি—ভো রাক্ষস ! তবায়ং ধর্ম্মো লোক-হিংসাত্মকঃ সত্যং নিশ্চিতমস্তি, কিন্তু মমাপ্যন্যো ধর্ম্মো লোকরক্ষাত্মকঃ ব্যতিস্তে। তব ধর্ম্মাবস্থানক্রিয়াং নিশ্চিতাং মম ধর্ম্মঃ কুরুতে, যেন ধর্ম্মেণ ব্রহ্মদ্বিষঃ তব ক্ষত্রিয়বৃত্তির্ধৃতকার্ম্মুকাস্ত্রঃ সন্ প্রণিহন্মি। তে ইতি কর্ম্মণি ষষ্ঠী। ব্যতিস্ত ইতি অস ভুবি, শ্নাস্ত্যোরদিত্যকারলুক্। কর্ম্মেতি কিমিতি কর্ম্ম ইতি কিমর্থং ক্রিয়তে, কিমর্থং বা কর্ম্মশব্দঃ ক্রিয়াবাচী গৃহীতঃ, দ্বিধাপি প্রত্যুদাহৃতম্। বিপ্রস্য ধান্যং ব্যতিলুনন্তি কৃষকা ইত্যত্র নির্জ্ঞাতান্যসম্বন্ধস্য ধান্যস্য দ্রব্যস্যান্যত্র দর্শনং, ন তু ক্রিয়ায়াঃ; অত এবাহ—অত্র হীত্যাদি।

২৭ শব্দা। শব্দার্থো ধাতুর্হসাদির্ভবতি। ব্যতিজল্পন্তীতি জপ জল্প ব্যক্তায়াং বাচি।

এখানে একতমের সজাতীয় ক্রিয়া সকলেই করিতেছে—ইহাই কর্ম্মব্যতীহার। ধর্ম্মোঽস্তীত্যাদি—ভো রাক্ষস ! তব অয়ং ধর্ম্মঃ প্রাণিহিংসাত্মকঃ সত্যং নিশ্চিতমস্তি ; কিন্তু মমাপি অন্যো ধর্ম্মো লোক-রক্ষাত্মকো ব্যতিস্তে। যেন ধর্ম্মেণ রাজন্যবৃত্তিরহং ধৃতকার্ম্মুকঃ সন্ ব্রহ্মদ্বিষস্তে প্রণিহন্মি। অর্থাৎ হে রাক্ষস ! তোমার এই একটি প্রাণিহিংসাত্মক ধর্ম্ম আছে—ইহা সত্য ; কিন্তু আমারও অন্য একটি লোকরক্ষাত্মক ধর্ম্ম আছে, যে ধর্ম্ম দ্বারা ক্ষত্রবৃত্তি আমি ধনুর্ব্বাণ ধারণ করিয়া ব্রহ্মদ্বেষী তোমাকে নিহত করিব। এখানে উভয়েরই ধর্ম্ম আছে, সুতরাং একতরের নিশ্চিতসম্বন্ধা ক্রিয়ার অন্যত্র দর্শন হইতেছে, অতএব কর্ম্মব্যতীহার হইয়াছে। কর্ম্ম ইতি কিং ?' অর্থাৎ যেখানে ক্রিয়ার ব্যতীহার না হইয়া দ্রব্যের ব্যতীহার হইবে ; সেখানে কিরূপ হইবে ? —সেখানে আত্মনেপদ হইবে না। যথা—"বিপ্রস্য ধান্যং ব্যতিলুনন্তি কৃষকাঃ' এখানে নির্জ্ঞাতান্যসম্বন্ধ ধান্যরূপ দ্রব্যের অন্যত্র দর্শন হইয়াছে, ক্রিয়ার নহে, এজন্য কর্ম্মব্যতীহার না হওয়ায় আত্মনেপদ হইল না। "অহসাদেরিতি কিম্ ?' কর্ম্মব্যতীহারে হসাদিভিন্ন ধাতুর আত্মনেপদের কথা বলা হইয়াছে, কিন্তু যখন হসাদি ধাতু হইবে, তখন কিরূপ হইবে ?—তখন আত্মনেপদ হইবে না ; যথা—'ব্যতিহসন্তি' এখানে কর্ম্মব্যতীহার সত্ত্বেও হসাদি বলিয়া আত্মনেপদ হইল না। 'ব্যতি' শব্দ ব্যতীহারদ্যোতক। যে ক্রিয়াপদে ব্যতি উপসর্গযুক্ত আছে, সেই ক্রিয়ার ব্যতীহার আছে বুঝিতে হইবে। বি + অতি লূঞ্ (ছেদনে), লট্) অন্তে 'আত্মনেঽনত' 'অন্তে' স্থানে অতে,'ক্র্যাদের্নাৎ—' মধ্যে নাৎ ও 'লূ' র উকারের হ্রস্ব 'লুগচি' নাতের আকার লোপ = ব্যতিলুনতে। বি + অতি + অস্ + (লট্) তে = ব্যতিস্তে 'শ্নাস্তো—' অস্ ধাতুর অকারলোপ। বি + অতি + হস্ = (লট্) অন্তি = ব্যতিহসন্তি। 'ব্রহ্মদ্বিষস্তে' এখানে 'জাস্যাদের্হিংসায়াম্' সূত্রদ্বারা কর্ম্মকারকে ষষ্ঠী বিভক্তি হইয়াছে।

(২৭) শব্দার্থ ধাতু হসাদি হয়। "কর্ম্মব্যতীহারেঽহসাদেঃ' এই সূত্রে কর্ম্মব্যতীহারে হসাদি-ভিন্ন ধাতুর আত্মনেপদ বিহিত হইয়াছে। কর্ম্মব্যতীহার সত্ত্বে হসাদির আত্মনেপদ হয় না। অধুনা কতিপয় সূত্র দ্বারা হসাদি ব্যক্ত করা হইতেছে। হসাদির উদাহরণে যে কর্ম্মব্যতীহার আছে—ইহা বলাই বাহুল্য। এই সকল সূত্রের উদাহরণে ব্যতীহারদ্যোতক 'ব্যতি' এই উপসর্গটী প্রযুক্ত আছে, সুতরাং হসাদি সূত্রের উদাহরণে কর্ম্মব্যতীহার বুঝাইবার চেষ্টা করা

গত্যর্থঃ ১০ অসংবিবহঃ ১০

২৮। গত্যর্থোঽসংবিবহঃ।—ব্যতিগচ্ছন্তি। অসংবিবহ ইতি কিং? ব্যতিসংবিবহন্তে গর্গাঃ॥

হিংসার্থঃ ১০ অসংপ্রহৃঞ্ ১০

২৯। হিংসার্থোঽসংপ্রহৃঞ্।—ব্যতিঘ্নন্তি। অসংপ্রহৃঞ্ ইতি কিম্? ব্যতিসংপ্রহরন্তে যোধাঃ॥

অন্যোন্যেতরেতরপরস্পরোপপদঃ ১০

৩০। অন্যোন্যেতরেতরপরস্পরোপপদঃ।—অন্যোন্যং ব্যতিলুনন্তি অন্যোন্যং লুনন্তীত্যর্থঃ। অন্যোন্যস্য ব্যতিলুনন্তি অন্যে চান্যস্যেত্যর্থঃ।

২৮ গত্য। গত্যর্থো ধাতুঃ সংবিপূর্ব্ববহিং ত্যক্ত্বা হসাদির্ভবতি। ব্যতিগচ্ছন্তীতি শিতীত্যাদিনা গচ্ছাদেশঃ। ব্যতিসংবিবহন্তে গর্গা ইতি কন্যাং বরঞ্চ পরস্পরং প্রাপয়ন্তীত্যর্থঃ। বহেঃ প্রাপণোপসর্জ্জনীভূতগত্যর্থত্বাৎ হসাদিত্বে প্রাপ্তে প্রতিষেধঃ। অসংবিবহ ইতি ভাষ্যদর্শনাদুক্তম্। অয়মেব নিষেধো জ্ঞাপয়তি—প্রাপণার্থস্যাপি গত্যর্থত্বেন নিষেধ ইতি; ব্যতিবহন্তি ব্যতিহরন্তি ভারং কৃষকা ইতি ধর্ম্মদাসস্তু ভাষ্যার্থবিরুদ্ধমেব ব্যতিবহন্তে ভারং, ব্যতিহরন্তে ভারমিত্যুদাজহার।

২৯ হিংসা। হিংসার্থো ধাতুঃ সংপ্রপূর্ব্বহরতিং বর্জ্জয়িত্বা হসাদির্ভবতি। ব্যতিঘ্নন্তীতি হনাদেরনগীত্যকারলুক্, অল্লুগাদৌ হনো হো ঘ ইতি হস্য ঘঃ।

৩০ অন্যো। অন্যোন্য ইতরেতর পরস্পর ইত্যেবমুপপদো ধাতুর্হসাদির্ভবতি। উপোচ্চারিতং

নিষ্প্রয়োজন; কারণ প্রধান সূত্রে কর্ম্মব্যতীহার সম্বন্ধে যাবতীয় বক্তব্যই বিশেষরূপে বিবৃত করা হইয়াছে। বি+অতি+পঠ (লট্) অন্তি, 'চতুল'ড়া—' মধ্যে শঙ্=ব্যতিপঠন্তি। বি-অতি-জল্প+(লট্) অন্তি ব্যতিজল্পন্তি।

(২৮) সম্ ও বি পূর্ব্বক বহ্ ধাতু ভিন্ন গত্যর্থ ধাতু হসাদি হয়। বি-অতি-গম+(লট্) অন্তি, 'শিতি তিষ্ঠাদি—' গম্ স্থানে গচ্ছ্=ব্যতিগচ্ছন্তি। সংপূর্ব্বক বিপূর্ব্বক বহ ধাতু ভিন্ন গত্যর্থ ধাতু হসাদি হয় বলা হইল, কিন্তু যখন সং পূর্ব্বক বি পূর্ব্বক বহধাতু কর্ম্মব্যতীহার অর্থে প্রযুক্ত হইবে, তখন কিরূপ হইবে? এই প্রশ্নের উত্তরে বলা হইতেছে—তখন 'কর্ম্মব্যতীহারে—' এই সূত্রানুসারে আত্মনেপদ হইবে; যথা—"ব্যতিসংবিবহন্তে গর্গাঃ' অর্থাৎ গর্গগণ কন্যাকে বর ও বরকে কন্যা পাওয়াইতেছেন। বি-অতি-সং-বি-বহ+(লট্) অন্তে= ব্যতিসংবিবহন্তে।

(২৯) সং ও প্র পূর্ব্বক হৃঞ্ ধাতু ভিন্ন হিংসার্থ ধাতু হসাদি হয়। 'ব্যতিঘ্নন্তি' পদটী হিংসার্থ হন্ ধাতু দ্বারা সিদ্ধ হইয়াছে। বি+অতি হন্ (লট্) অন্তি, 'হনাদে—' হন ধাতুর অকার লোপ, 'অল্লুগাদৌ—' হনর 'হ' স্থানে ঘ, ঘকারের সহিত নকারের যোগ হওয়ার পর তাহাতে অন্তির অকারযুক্ত=ব্যতিঘ্নন্তি। সূত্রে সং ও প্রপূর্ব্বক হৃঞ্ ধাতু ভিন্ন হিংসার্থ ধাতু হসাদি হয় বলা হইয়াছে; কিন্তু যখন কর্ম্মব্যতীহারে সংপূর্ব্বক প্রপূর্ব্বক হৃঞ্ ধাতুর প্রয়োগ হইবে, তখন কি হইবে? উত্তর—তখন আত্মনেপদ হইবে; যথা—'ব্যতিসংপ্রহরন্তে যোধাঃ' অর্থাৎ যোদ্ধৃগণ পরস্পর প্রহার করিতেছে। বি-অতি-সং-প্র-হৃঞ্+(লট্) অন্তে, 'চতুল'ড়া—' মধ্যে শঙ্, 'জসৃঙিতো—' সকারের গুণ=ব্যতিসংপ্রহরন্তে।

(৩০) অন্যোন্য, ইতরেতর ও পরস্পর শব্দ যে সকল ধাতুর উপপদ হয়, ঐ সকল ধাতুকেও হসাদি বলিয়া জানিবে। যথা—'অন্যোঽন্যং ব্যতিলুনন্তি'—পরস্পর ছেদন করিতেছে। অন্যো-

এবামতরেতরমিতরেতরস্য, পরস্পরং পরস্পরস্য। "দুদোহ গাং স যজ্ঞায় শস্যায় মঘবা দিবম্। সম্পদ্বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়"মিতি রঘুঃ॥

ন্যাদ্যাৎ ৫০ বিশাদেঃ ৫০

৩১। ন্যাদ্যাদ্বিশাদেঃ।—ন্যাদ্যাদুত্তরস্মাদ্বিশাদেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। নিবিশতে॥

ব্যবপরিভ্যঃ ৫ঃ০ ক্রীঞঃ ৫০

৩২। ব্যবপরিভ্যঃ ক্রীঞঃ।—বিক্রীণীতে॥

এদমুপপদম্। যদ্যুপপদগ্রহণং ন ক্রিয়তে, তদা পঞ্চম্যন্তনির্দ্দেশে সতি তদুত্তরস্যৈব হসাদিত্বং স্যাৎ, ন তু ধাতোঃ পূর্ব্ববর্ত্তিনঃ। ব্যতিলুনন্তি অন্যোন্যমিতি ইতরেতরাদিশব্দানাং সর্ব্বনামকর্ম্মব্যতিহার ইতি দ্বিরুক্তিঃ। অন্যত্রাপীষ্যত ইতি প্রকরণে অন্যোন্যপরস্পরশব্দয়োঃ পাঠাৎ স্ফুট্। সম্যগিত্যাদি এবংবিধা অপি শিষ্টপ্রয়োগা হসাদৌ দ্রষ্টব্যা ইত্যর্থঃ।

৩১ ন্যাদ্যা। ধাতুভিঃ সহ নিয়মেনোপসর্গাণাং সম্বন্ধাদুপসর্গাণামেব ন্যাদীনাং গ্রহণম্, অত উপসর্গাদেব ভবতি নান্যস্মাৎ। তেন মধুনি বিশন্তি ভ্রমরাঃ, বহুনি জয়তি বনং, পরা জয়তি সেনা, স্ত্রীমনু যুনক্তি স্ত্রীং লক্ষীকৃত্য যুনক্তি ইত্যর্থঃ। অভিন্যবীবিশদিত্যাদৌ ণিজন্তস্য ধাত্বন্তরত্বান্নাত্মনেপদম্। যদি প্রত্যয়ান্তোঽপি ধাতুগ্রহণেন গৃহ্যতে, তদা পূর্ব্ববদন্যত ইত্যাত্মনেপদবিধানমনর্থকং স্যাৎ। প্রথমং ধাতোরুপসর্গেণ সহ সম্বন্ধঃ, ততঃ আত্মনেপদং ততঃ অভাদয়ঃ ইতি প্রক্রিয়া। তথাচোক্তং—পূর্ব্বং ধাতুরুপসর্গেণ সহ যুজ্যতে, পশ্চাৎ সাধনেনেতি। নিবিশত ইতি শস্তুদাদেরিতি শঃ।

৩২ ব্যব। বি অব পরি ইত্যেতেভ্যঃ উত্তরস্মাৎ ক্রীণাতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। অকর্ত্রর্থক্রিয়াফলে অনেনাত্মনেপদার্থং বচনং, কর্ত্রর্থক্রিয়াফলে তু স্বরিতঞিতোরিত্যাদিনৈব সিদ্ধেঃ। বিক্রীণীত ইতি ডুক্রীঞ দ্রব্যবিনিময়ে, ক্র্যাদের্নাদিত্যাদিনা নাৎ, নাহ্বাদেরিত্যাদিনা আকারস্যেকারঃ।

ইন্যস্য ব্যতিলুনন্তি—অন্যে অন্যের ছেদন করিতেছে, ইতরেতর ও পরস্পর শব্দেরও এই প্রকার উদাহরণ জানিতে হইবে। দুদোহ' ইত্যাদি। অর্থ— স যজ্ঞার্থ পৃথিবীং, তথা মঘবা শস্যায় দিবং দুদোহ। উভৌ (এবং) সম্পদ্বিনিময়েন ভুবনদ্বয়ং দধতুঃ। অর্থাৎ রাজা দিলীপ যজ্ঞের নিমিত্ত পৃথিবী এবং মঘবা (ইন্দ্র) শস্যের নিমিত্ত স্বর্গ দোহন করিতেন। তাঁহারা পরস্পর এইরূপ সম্পদ বিনিময় দ্বারা ভুবনদ্বয় পালন করিতেন। এখানে নিশ্চিতসম্বন্ধ দুদোহ ক্রিয়ার অন্যত্র দর্শন হওয়ায় কর্ম্মব্যতীহার হইয়াছে, দুহ্ ধাতু হসাদিও নহে; অথচ আত্মনেপদ হয় নাই। এই জন্য হসাদি সূত্রে উদাহৃত এই শিষ্ট প্রয়োগটী সূচনা করিতেছে যে, কর্ম্মব্যতীহার সত্বে যে সকল শিষ্টপ্রয়োগে আত্মনেপদ হইবে না, তাহাকে হসাদির অন্তর্ভুক্ত বলিয়া বুঝিতে হইবে। বি-অতি-লূঞ্ ধাতু ক্র্যাদিগণীয় 'ক্র্যাদের্নাৎ' মধ্যে নাৎ 'লূ' র ঊকারের হ্রস্ব, 'লুগচি—' নাতের আকার লোপ, অন্তির অকার নবারে যুক্ত = ব্যতিলুনন্তি।

(৩১) নি প্রভৃতি উপসর্গের উত্তর বিশ্ প্রভৃতি ধাতুর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। নি+বিশ=(লট্) তে, 'শস্তুদাদেঃ—' মধ্যে শ = নিবিশতে।

(৩২) বি, অব, এবং পরিপূর্ব্বক ক্রীঞ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। ক্রীঞ্ ধাতুর অর্থ—ক্রয় করা এবং বিপূর্ব্বক ক্রীঞ্ ধাতুর অর্থ বিক্রয় করা। ক্রীঞ্ ধাতু ক্র্যাদি

জেঃ ৫০ বিপরাভ্যাম্ ৫:

৩৩। জের্বিপরাভ্যাম্।—বিজয়তে, পরাজয়তে ॥

সংপ্রব্যবেভ্যঃ ৫:০ স্থঃ ৫০

৩৪। সংপ্রব্যবেভ্যঃ স্থঃ।—সংতিষ্ঠতে ॥

ন্যুপসংবিভ্যঃ ৫:০ হ্বঃ ৫০

৩৫। ন্যুপসংবিভ্যো হ্বঃ।—নিহ্বয়তে ॥

আঙি ৭০ স্পর্দ্ধায়াম্ ৭০

৩৬। আঙি স্পর্দ্ধায়াম্।—আহ্বয়তে মল্লো মল্লং স্পর্দ্ধমান আহ্বানং করোতীত্যর্থঃ ॥

৩৩ জের্বি। জেরিত্যনুকরণং, সর্ব্বমনুকরণে বেতি ইয়াদেশাভাবঃ। বিপরাভ্যামুত্তরস্মাৎ জি জয়ে ইত্যস্মাদ্ধাতোঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। জিভৃ অভিভবে ইত্যস্যাপ্যত্র গ্রহণমিত্যাহুঃ উপাধ্যায়সর্ব্বস্বাদয় ইতি।

৩৪ সংপ্র। সম্ প্র বি অব ইত্যেতেভ্য উত্তরস্মাৎ তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সংতিষ্ঠতে ইতি শিতীত্যাদিনা তিষ্ঠাদেশঃ। অর্থপ্রকরণানুরোধেন তিষ্ঠতেঃ পুনরেবাত্মনেপদং বক্ষ্যতি।

৩৫ ন্যুপ। নি উপ সং বি ইত্যেতেভ্য উত্তরস্মাৎ হ্বেঞঃ স্পর্দ্ধা-শব্দয়োরিত্যস্মাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি এতদপ্যকর্ত্রর্থক্রিয়াফলার্থম্। হ্ব ইতি হ্বেঞস্ত্যক্তানুবন্ধস্যাতি কৃতে ধাতোবাল্লুক্ শসাদ্যচীতি আকারলোপঃ।

৩৬ আঙি। আঙুপপদে হ্বয়তেঃ স্পর্দ্ধায়াং বিষয়ে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। আঙ্পূর্ব্বোহয়ং হ্বেঞ্ ধাতুঃ শব্দার্থ এব স্বভাবাৎ, স্পর্দ্ধা পুনরস্য বিষয়ঃ; এতদেব সূচয়িতুমাহ—স্পর্দ্ধমান আহ্বানং করোতীত্যর্থঃ।

গণীয় বলিয়া মধ্যে নাৎ হয়। বি+ক্রীঞ্+(লট্) তে, "ক্র্যাদের্নাৎ—" মধ্যে নাৎ, নাতের 'না' থাকে, "নাহ্বাদে—" "না" র আকার স্থানে ঈকার=বিক্রীণীতে।

(৩৩) বি ও পরাপূর্ব্বক 'জি' ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। বি+জি=(লট্) তে=বিজয়তে, পরা+জি+(লট্) তে=পরাজয়তে—সর্ব্বত্র "চতুর্ল ডা—" মধ্যে শঙ্। জি ধাতু ভ্বাদিগণীয়, অর্থ—জয়লাভ করা।

(৩৪) সম্, প্র, বি এবং অবপূর্ব্বক স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। সং+স্থা+(লট্) তে, 'চতুর্ল ডা—' মধ্যে শঙ্, 'শিতি তিষ্ঠাদি—'স্থা স্থানে তিষ্ঠ্ আদেশ=সংতিষ্ঠতে। স্থা ধাতু ভ্বাদিগণীয় অকর্ম্মক, অর্থ—থাকা (গতি-নিবৃত্তি)।

(৩৫) নি, উপ, সম্ এবং বি-পূর্ব্বক হ্বেঞ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। নি+হ্বেঞ্(লট্) তে, 'চতুর্ল ডা—' মধ্যে শঙ্, 'ন্যাদৌ—' একার স্থানে অয়্ আদেশ=নিহ্বয়তে। হ্বেঞ্ ধাতু ভ্বাদি। অর্থ—আহ্বান।

(৩৬) স্পর্দ্ধা (যুদ্ধার্থে আহ্বান) অর্থে আঙ্পূর্ব্বক হ্বেঞ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "আহ্বয়তে মল্লো মল্লং—" মল্ল মল্লকে যুদ্ধে আহ্বান করিতেছে। মল্ল—পালোয়ান।

আঙি ৭০ নুপ্রচ্ছোঃ ৮ঃ

৩৭। আঙি নুপ্রচ্ছোঃ।—আনুতে শৃগালঃ উৎকন্ঠিতঃ শব্দং করো-তীত্যর্থঃ। আপৃচ্ছতে গুরূন্॥

সমঃ ৫০ ক্ষ্ণোতেঃ ৫০

৩৮। সমঃ ক্ষ্ণোতেঃ।—সংক্ষ্ণুতে শস্ত্রম্॥

অপ্রতীঘাতোৎসাহস্ফীততাসু ৭ঃ০ ক্রমঃ ৫০

৩৯। অপ্রতীঘাতোৎসাহস্ফীততাসু ক্রমঃ॥

উপপরাভ্যাম্ ৫ঃ এব।১০ তাসু ৭ঃ০ উপসর্গে ৭০

৪০। উপপরাভ্যামেব তাসূপসর্গে।—যুদ্ধেষু ক্রমতে ন প্রতিহন্যত ইত্যর্থঃ। অধ্যয়নায় ক্রমতে বুদ্ধিরুৎসহতে ইত্যর্থঃ। দেবদত্তঃ ক্রমতে স্ফীতো ভবতীত্যর্থঃ। উপক্রমতে পরাক্রমতে॥

৩৭ আঙি। আঙি উপপদে নু স্তুতৌ, প্রচ্ছ জ্ঞীপ্সায়ামিত্যেতয়োঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। আঙ্পূর্ব্বো নুধাতুরুৎকণ্ঠাপূর্ব্বকে শব্দে স্বভাবাদেব বর্ত্ততে ইত্যুৎকণ্ঠিত ইত্যাদিনা সূচিতম্। আপৃচ্ছতে ইতি তুদাদিত্বাৎ শে কৃতে, বশাদেরুশাদিরিতি পৃচ্ছাদেশঃ।

৩৮ সমঃ। সম উত্তরস্মাৎ ক্ষ্ণু তেজন ইত্যস্মাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। অস্য ধাতোর-কর্ম্মকত্বাভাবাৎ সমোঽকর্ম্মগম্যাদেরিত্যত্রাপঠিতত্বাদিহ পৃথক্করণম্। সংক্ষ্ণুতে শস্ত্রং যোধঃ।

৩৯ অপ্র। অপ্রতীঘাতে উৎসাহে স্ফীততায়াঞ্চ বর্ত্তমানাৎ ক্রমতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি।

৪০ উপ। উপসর্গে ইতি বর্গাজ্জাত্যাদিভিরিত্যাদিনা পৃথক্করণে সপ্তমী। উপসর্গেষু মধ্যেষু উপপরাভ্যামেবোত্তরাদপ্রতীঘাতাদিষু বর্ত্তমানাৎ ক্রমতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। এবকারেণ

(৩৭) আঙ্ পূর্ব্বক নু ধাতুর ও প্রচ্ছ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। আ + নু + (লট্) তে = আনুতে (নু ধাতু অদাদি, অর্থ—স্তুতি)। আ + প্রচ্ছ + (লট্),তে, ('শস্তুদাদেঃ' মধ্যে শ; 'বশাদে—' প্রচ্ছ্ স্থানে পৃচ্ছ্ আদেশ = আপৃচ্ছতে। প্রচ্ছ্ ধাতু তুদাদিগণীয়। অর্থ—জিজ্ঞাসা করা।

(৩৮) সং পূর্ব্বক ক্ষ্ণু ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। সং + ক্ষ্ণু + (লট্) তে = সংক্ষ্ণুতে। ক্ষ্ণু ধাতু অদাদি। অর্থ—তীক্ষ্ণীকরণ।

(৩৯) অপ্রতিঘাত, (প্রতিহত না হওয়া) উৎসাহ ও স্ফীততা (বৃদ্ধিপ্রাপ্ত) অর্থে ক্রম ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। এই সূত্রের উদাহরণগুলি পরসূত্রে রহিয়াছে। অপ্রতিঘাতের উদাহরণ যথা—"যুদ্ধেষু ক্রমতে" অর্থাৎ অপ্রতিহতভাবে যুদ্ধ করিতেছে। এখানে ক্রম ধাতুর অর্থ অপ্রতিঘাত। উৎসাহের উদাহরণ যথা—'অধ্যয়নায় ক্রমতে' অর্থাৎ পড়িবার জন্য উৎসাহ করিতেছে। এখানে ক্রম ধাতুর অর্থ উৎসাহ। স্ফীততার উদাহরণ যথা—'দেবদত্তঃ ক্রমতে' অর্থাৎ দেবদত্ত স্থূল হইতেছে (মোটা হইতেছে); এখানে ক্রমধাতুর অর্থ স্ফীততা। ক্রম্ + (লট্) তে, 'চতুর্দ্দশ্যা—' মধ্যে শঙ্ = ক্রমতে।

(৪০) অপ্রতিঘাত, উৎসাহ ও স্ফীততা অর্থে উপ এবং পরা ব্যতীত অন্য উপসর্গের উত্তর ক্রমধাতুর আত্মনেপদ হয় না। "উপক্রমতে, পরাক্রমতে" এখানে পূর্ব্বোক্ত অর্থত্রয়েই ক্রমধাতুর

আঙঃ ৫০ জ্যোতিরুদ্গমে ৭০

৪১। আঙো জ্যোতিরুদ্গতৌ।—আক্রমতে রবিরুদ্গচ্ছতীত্যর্থঃ। অগ্নিরাক্রমতে দিবমুত্থায় ব্যাপ্নোতীত্যর্থঃ। অথাচ—"দিবমাক্রমমাণেব কেতুতারা ভয়প্রদা" ইতি ভট্টিঃ। "নভঃ সমাক্রামতি কৃষ্ণবর্ত্মনা স্থিতৈকচক্রেণ রথেন ভাস্করঃ।" ইত্যসাধুরিতি ভাগবৃত্তিঃ॥

নিয়মার্থতা সূচিতা। যদ্যপপরাভ্যামিত্যুক্তেঽপি বিধানসামর্থ্যাদেব নিয়মো লভ্যতে, অপ্রতীঘাতাদীনামনুবৃত্তিবপ্যুপদেশপরম্পরয়া, তথাপ্যেবংবিধং লক্ষণং স্পষ্টার্থম্। এবং সতি ঝটিত্যসন্দিগ্ধা প্রতীতির্জায়তে।

৪১ আঙো। আঙ উত্তরস্মাৎ ক্রমতের্জ্যোতিষামুদ্গতৌ বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। উদ্গতিরূর্দ্ধগমনমুচ্যতে, ঊর্দ্ধগমনপূর্ব্বিকা ব্যাপ্তিশ্চ। প্রথমেঽর্থে বর্ত্তমানোঽকর্ম্মকঃ ক্রমিঃ, দ্বিতীয়ে তু সকর্ম্মকঃ; এতদুদাহরণদ্বয়মেব ব্যাচকার। এতদর্থঞ্চ ভট্টিপ্রয়োগ নিদর্শনং দর্শিতবান্। "নভঃ সমাক্রামতি" ইত্যসাধুরিতি ভাগবৃত্তিকৃতো মতমপদর্শী স্ববসোঽত্র দর্শিতঃ। জ্যোতিরুদ্গতাবিতি কিম্? আক্রামতি ধূমো গগনম্। জ্যোতিষাং গ্রহনক্ষত্রাণামিতি ব্যাকারো ভাগবৃত্তৌ কৃতঃ, ন্যাসেঽপি জ্যোতিষাং গ্রহনক্ষত্রাদীনামিতি ব্যাকারঃ। জ্যোতিঃশব্দেনাত্রাগ্নিরপি গৃহীত ইত্যুদাহরণেন বৃত্তিকৃৎস্ববসো লক্ষ্যতে। উপমানেনাপি যত্রোপমেয়স্য জ্যোতীরূপতা প্রতীয়তে, তত্রাপ্যাত্মনেপদমিতি সূচয়িতুং "দিবমাক্রমমাণেবে"তি ভট্টিপ্রয়োগো দর্শিতঃ অতএব মাঘেঽপি, "দন্তালিকাধবণনিশ্চলপাণিযুগ্মমর্দ্ধোদিতো হরিরিবোদয়শৈলমূর্দ্ধ্নঃ। স্তোকেন নাক্রমত বল্লভপালমগ্নঃ শ্রীবৃক্ষকীপুরুষিকোন্নমিতাগ্রকায়ঃ।" ইতি।

অর্থ। উপ-ক্রম + (লট্) তে = উপক্রমতে, পরা-ক্রম + (লট্) তে = পরাক্রমতে। সর্ব্বত্র 'চতুর্লড়া—' মধ্যে শঙ্।

(৪১) জ্যোতির্ম্ময় পদার্থের ঊর্দ্ধগমন অর্থে আঙ্ পূর্ব্বক ক্রমধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যাহাদিগের জ্যোতিঃ অর্থাৎ দীপ্তি আছে, তাহাদিগকে জ্যোতির্ম্ময় পদার্থ বলে। 'রবিরাক্রমতে'—সূর্য্য উপরে উঠিতেছেন। সূর্য্য জ্যোতির্ম্ময় পদার্থ। এই প্রকার 'অগ্নিরাক্রমেতে'—অগ্নিশিখা আকাশ পর্য্যন্ত উঠিয়া ব্যাপ্ত হইতেছে। অগ্নি জ্যোতির্ম্ময় পদার্থ। 'দিবমাক্রমমাণেব কেতুতারা ভয়প্রদা' (দিবমাক্রমমাণা কেতুতারা ইব ভয়প্রদা।) অর্থাৎ আকাশে উদিত কেতুতারার ন্যায় ভয়ঙ্করী। কেতুতারা—ধূমকেতু, ইহার দীপ্তি আছে বলিয়া ইহাকে জ্যোতির্ম্ময় পদার্থ বলে। 'আক্রমমাণা' এই পদে আত্মনেপদ হইয়াছে, 'শান' আত্মনেপদ, সূত্র—'শতৃবস্ চ—'। "নভঃ সমাক্রামতি কৃষ্ণবর্ত্মনা স্থিতৈকচক্রেণ রথেন ভাস্করঃ॥" 'ভাস্করঃ কৃষ্ণবর্ত্মনা (অগ্নিনা সহ) স্থিতৈকচক্রেণ রথেন নভঃ (আকাশং) সমাক্রামতি।' অর্থাৎ সূর্য্য অগ্নির সহিত একচক্র রথযানে নভোমণ্ডলে বিচরণ করেন। এখানে জ্যোতির্ম্ময় পদার্থ সূর্য্যের ঊর্দ্ধগমন সত্ত্বেও 'সমাক্রামতি' পদে আত্মনেপদ হয় নাই—বলিয়া এই শিষ্টপ্রয়োগ অসাধু। ইহা ভাগবৃত্তিকারও বলেন। আ-ক্রম + শান + (স্ত্রীলিঙ্গে) আং = আক্রমমাণা, 'লড়্লৃড়্বৎ—' শান, লড়্বৎ অতিদেশ, 'চতুর্লড়া—'মধ্যে শঙ্, "শানেঽতঃ" শান পরেতে অকারের উত্তর 'ম' আগম। সম্-আঙ্-ক্রম্ + (লট্) তিঙ = সমাক্রামতি, 'চতুর্লড়া—'মধ্যে শঙ্, 'ক্রমঃ পরস্মৈ—' ক্রমধাতুর অকারের দীর্ঘ।

বেঃ ৫০ পাদবিক্ষেপে ৭০

৪২। বেঃ পাদবিক্ষেপে।—বিক্রমতে হয়ঃ—শীঘ্রং গচ্ছতীত্যর্থঃ। "জলে বিক্রমমাণায়া" ইতি ভট্টিঃ॥

প্রোপাভ্যাম্ ৫ঃ আরম্ভে ৭০

৪৩। প্রোপাভ্যামারম্ভে।—প্রক্রমতে ভোক্তুম্ উপক্রমতে॥

অনুপসর্গাৎ ৫০ অন্যতরস্যাম্ ।১০

৪৪। অনুপসর্গাদন্যতরস্যাম্।—ক্রমতে ক্রামতি॥

৪২ বেঃ। বেরুত্তরাৎ ক্রমতেঃ পাদবিক্ষেপেঽর্থে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। অশ্বাদীনাং গতিবিশেষো বিক্রমণমিত্যন্যৈর্ব্যাখ্যাতং, তত্রাপরিতোষসূচনায় ভট্টিপ্রয়োগো দর্শিতঃ। যদ্যপি ক্রমিঃ পাদবিক্ষেপ এব পঠ্যতে, তথাপি পাদবিক্ষেপ ইতি কৃতম্ অনেকার্থা ধাতব ইতি সূচনার্থম্। পাদবিক্ষেপ ইতি কিম্? অশ্বেন বিক্রামত্যজিনসন্ধিঃ স্ফুটীভবতীত্যর্থঃ।

৪৩ প্রোপা। প্র, উপ ইত্যেতাভ্যামুত্তরাৎ ক্রমতেঃ আরম্ভে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। আরম্ভ ইতি কিম্? পূর্ব্বেদ্যুঃ প্রক্রামতি গচ্ছতীত্যর্থঃ। অপরেদ্যুরুপক্রামতি আগচ্ছতীত্যর্থঃ।

৪৪ অনু। অবিদ্যমানোপসর্গাৎ ক্রমতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি অন্যতরস্যাম্। পর্য্যায়শব্দানাং গুরুলঘুচর্চ্চা নাস্তীতি সূচয়িতুং বেত্যকৃত্বান্যতরস্যামিতি কৃতম্। অপ্রতীঘাতাদ্যর্থব্যতিরিক্তোঽস্য বিষয়ঃ।

(৪২) পাদবিক্ষেপ অর্থে বিপূর্ব্বক ক্রমধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"বিক্রমতে হয়ঃ" অর্থাৎ অশ্ব দৌড়িতেছে। এখানে বিপূর্ব্বক ক্রমধাতুর অর্থ হইল—পাদবিক্ষেপ। কেহ কেহ বলেন যে, অশ্বাদির পাদবিক্ষেপ অর্থেই আত্মনেপদ হয়। কিন্তু এরূপ কথা যুক্তিযুক্ত নহে—ইহা প্রমাণিত করিবার জন্যই ভট্টিকাব্য হইতে একটী প্রয়োগ উদ্ধৃত করা হইয়াছে; যথা—"জলে বিক্রমমাণায়াঃ" এই বিক্রমমাণ, পদটী রাক্ষসীর বিশেষণ। সুতরাং এখানে অশ্বের পাদবিক্ষেপ কোনমতে সম্ভবপর নহে, রাক্ষসীরই পাদবিক্ষেপ বলিতে হইবে। অথচ আত্মনেপদও হইয়াছে; অতএব বুঝিতে হইবে যে, সাধারণতঃ পাদবিক্ষেপ অর্থে ক্রমধাতুর আত্মনেপদ হইয়া থাকে। বি-ক্রম + (লট্) তে = বিক্রমতে, বি-ক্রম + শান = বিক্রমমাণ (স্ত্রীলিঙ্গে) আৎ—বিক্রমমাণা। 'নাম্নোঽতঃ—'স্ত্রীলিঙ্গে আৎ প্রত্যয়, 'অদিল্লুক্' অকারের লোপ।

(৪৩) আরম্ভ অর্থে প্র ও উপপূর্ব্বক ক্রমধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। এখানে প্র ও উপপূর্ব্বক ক্রমধাতুর অর্থ আরম্ভ। 'ভোক্তুং প্রক্রমতে ভোক্তুম্ উপক্রমতে' ইহার অর্থ—ভোজন করিতে আরম্ভ করিতেছে। প্র-ক্রম + (লট্) তে = প্রক্রমতে। উপ-ক্রম্ + (লট্) তে = উপক্রমতে।

(৪৪) অনুপসর্গ ক্রমধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ বিকল্পে হয়। 'বা' ও 'অন্যতরস্যাং' একই পর্য্যায়ের শব্দ, ইহাদের কোনরূপ অর্থান্তর নাই; এজন্য শিষ্যগণের নূতন নূতন শব্দ শিক্ষা হইবে বলিয়া 'বা' পদের পরিবর্ত্তে 'অন্যতরস্যাং এই পদ ব্যবহৃত হইয়াছে। 'ক্রমতে' এই পদে আত্মনেপদ এবং 'ক্রামতি' পদে পরস্মৈপদ হইয়াছে। ক্রম্ (লট্) + তে = ক্রমতে ক্রম্ (লট্) তিঙ্—ক্রামতি' 'ক্রমঃ পরস্মৈ—' ক্রমধাতুর অকার দীর্ঘ।

ক্রীড়ঃ ৫০ অন্বাঙ্ সংপরিভ্যঃ ৫।০

৪৫। ক্রীড়োঽন্বাঙ্ সংপরিভ্যঃ।—অনুক্রীড়তে ক্রীডতীত্যর্থঃ॥

সংপূর্ব্বাৎ ৫০ ন।১০ কূজনে ৭০

৪৬। সংপূর্ব্বান্ন কূজনে।—সংক্রীড়ন্তি শকটানি॥

লক্ষণাদ্যর্থানুপরিভ্যাম ৫০

৪৭। লক্ষণাদ্যর্থানুপরিভ্যাম্।—স্ত্রীমনু ক্রীড়তি, স্ত্রীং স্ত্রীং পরিক্রীড়তি॥

যজ্ঞপাত্রাযোগে ৭০ অসংনিদুর্ঃ ৫০ প্রাদেঃ ৫০ যুজঃ ৫০

৪৮। যজ্ঞপাত্রাযোগেঽসংনিদুর্ঃ প্রাদের্যুজঃ।—উদ্‌যুঙ্‌ক্তে নিযুঙ্‌ক্তে। যজ্ঞপাত্রযোগে তু—দ্বন্দ্বং যজ্ঞপাত্রাণি প্রযুনক্তি ধীরঃ॥

৪৫ ক্রীড়া। অনু আঙ্ সং পরি ইত্যেতেভ্য উত্তরাৎ ক্রীড়তেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি।

৪৬ সংপূর্ব্বাৎ ক্রীড়তেঃ কূজনে গম্যমানে আত্মনেপদং ন ভবতি। কূজনমব্যক্তধ্বনিঃ।

৪৭ লক্ষ। লক্ষণাদ্যর্থাভ্যামনুপরিভ্যামুত্তরস্মাৎ ক্রীড়তেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ন ভবতি। লক্ষণাদীত্যনেন লক্ষণেঽভিপ্রতিপর্য্যনব ইত্যাদিষু যোগেষু যে লক্ষণাদয়োঽর্থা উক্তাস্তে গৃহ্যন্তে। স্ত্রীমনুক্রীড়তি ইতি লক্ষণেঽভীত্যাদিনা অথবা অনুর্হীনসহহেত্বর্থেপি হাদিরিতি হাদিত্বাৎ দ্বিতীয়া। স্ত্রীং স্ত্রীং পরিক্রীড়তি ইতি বীপ্সায়ামিত্যর্থে বীপ্সায়ামিতি হাদিত্বং, পদস্ত সাকল্যাভীক্ষ্ণ্যয়োরিতি দ্বিরুক্তিঃ। প্রতিষেধোঽয়ং প্রকরণস্থৈব, তেন কৃক্রোঽনুপরাভ্যামিত্যপি বাধ্যতে; গঙ্গামনুকুরুতে তপঃ। ধাতুনা সহ সম্বন্ধাভাবাদেবাত্র ন ভবিষ্যতীতি ব্যাখ্যানগৌরবপরিহারায় স্পষ্টার্থং লক্ষণম্।

৪৮ যজ্ঞ। সংনিদুর্ ইত্যেতৈর্বর্জ্জিতাৎ উপসর্গাদুত্তরাৎ যুজঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি।

(৪৫) অনু, আঙ্, সং ও পরিপূর্ব্বক ক্রীড় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। ক্রীড় ধাতুর অর্থ—ক্রীড়া (খেলা করা)। ক্রীড় ধাতু ভ্বাদিগণীয়। অনু + ক্রীড় + (লট্) তে, "চতুর্ল-ডাদৌ—" মধ্যে শপ্ = অনুক্রীড়তে।

(৪৬) কূজন গম্যমান হইলে সংপূর্ব্বক ক্রীড় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয় না। কূজনের অর্থ—অব্যক্ত শব্দ করা। এই সূত্র দ্বারা নিষেধ না করিলে কূজন গম্যমান হইলেও পূর্ব্বসূত্রানুসারে সংপূর্ব্বক ক্রীড়ধাতুর উত্তর আত্মনেপদ হইত। উদাহরণ—'সংক্রীড়ন্তি শকটানি' গাড়ী অব্যক্ত শব্দ (ক্যাক্—কোঁক্) করিতেছে। সং-ক্রীড় + (লট্) অন্তি, 'লুগচ্ছভাদেঃ' শপের উত্তর অন্তির অকারের লোপ = সংক্রীড়ন্তি।

(৪৭) কর্ত্তৃবাচ্যে লক্ষণাদ্যর্থ অনু ও পরি উপসর্গের উত্তর ক্রীড়ধাতুর আত্মনেপদ হয় না। লক্ষণাদির আদিপদে—বীপ্সা, বিভাগ, হীন, সহ ও হেতুপ্রভৃতি কারকপাদোক্ত "লক্ষণেঽভিপ্রতিপর্য্যনবঃ" প্রভৃতি সূত্রোক্ত অর্থ জ্ঞাতব্য। উদাহরণ যথা—'স্ত্রীমনুক্রীড়তি' অর্থাৎ স্ত্রীলোক লক্ষ্য করিয়া ক্রীড়া করিতেছে। এখানে অনু উপসর্গের অর্থ লক্ষণ। 'স্ত্রীং স্ত্রীং পরিক্রীড়তি' অর্থাৎ স্ত্রী সকলেতে ক্রীড়া করিতেছে। এখানে পরি উপসর্গের অর্থ হইল—বীপ্সা। "পদস্ত সাকল্যা—" এই সূত্রানুসারে সাকল্যার্থে 'স্ত্রীং' পদের দ্বিরুক্তি হইয়াছে। অনু + ক্রীড় (লট) + তিঙ্ = অনুক্রীড়তি। পরি-ক্রীড় + (লট্) তিঙ্ = পরিক্রীড়তি। 'সর্ব্বত্র চতুর্লডাদৌ—" মধ্যে শপ্।

(৪৮) যজ্ঞপাত্রের যোগ না বুঝাইলে সং, নির এবং দুর ভিন্ন প্রাদির উত্তর যজ্ঞধাতুর কর্ত্ত

অবাৎ ৫০ গিরতেঃ ৫০

৪৯। অবাদ্গিরতেঃ।—অবগিরতে॥

সমঃ ৫০ প্রতিজ্ঞায়াম্ ৭০

৫০। সমঃ প্রতিজ্ঞায়াম্।—সংগিরতে। মধুরমুদ্গিরতে যথেক্ষুরিত্যসাধুঃ॥

যজ্ঞপাত্রাযোগে সতি যুজ সমাধাবিত্যত্রানুদাত্তত্বাদাত্মনেপদং সিদ্ধমেব, যুজির্ যোগে ইত্যত্রাকর্ত্রর্থক্রিয়াফলে আত্মনেপদার্থং বচনম্। উদযুঙ্ক্তে ইতি রুধাদিত্বাৎ শ্নম্, শ্নাস্তোরদিত্যকারলুক্, উপান্তস্য বর্গে ইতি নস্য ঙঃ।

৪৯ অবা। অবাদুত্তরাদ্ গৄ নিগরণে ইত্যস্মাৎ আত্মনেপদং ভবতি। গিরতেরিতি নির্দ্দেশো গৄ শব্দে ইত্যস্য ক্র্যাদের্নিবাসার্থং। অবপূর্ব্বস্য গৃণাতেরনভিধানাৎ প্রয়োগ এব নাস্তীতি জয়াদিত্যাদয়স্তন্মতে মন্দধিয়াং সুখপ্রতীত্যর্থঃ।

৫০ সমঃ। সম উত্তরাৎ গিরতেঃ প্রতিজ্ঞায়াং কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। প্রতিজ্ঞা অঙ্গীকরণমভ্যুপগম ইতি পর্য্যায়ঃ। প্রতিজ্ঞায়ামিতি কিম্? সংগিরতি গ্রামান্ দদাতীত্যর্থঃ।

বাচ্যে আত্মনেপদ হয়। যুজ্‌ধাতু রুধাদিগণীয়, অর্থ—যোগ করা। যেখানে যজ্ঞপাত্রের যোগ বুঝাইবে, সেখানে আত্মনেপদ হইবে না। যথা—"দ্বন্দ্বং যজ্ঞপাত্রাণি প্রযুনক্তি ধীরঃ" অর্থাৎ ধীর ব্রাহ্মণ দুইটী দুইটী করিয়া যজ্ঞপাত্র প্রয়োগ করিতেছেন। [এখানে যজ্ঞপাত্রের যোগ বুঝাইতেছে; এজন্য আত্মনেপদ হয় নাই। "উদযুঙ্ক্তে, নিযুঙ্ক্তে" এই উদাহরণদ্বয়ে যজ্ঞপাত্রের যোগ বুঝায় নাই। সাধারণ বস্তুর নিয়োগ বুঝাইতেছে; এজন্য, এখানে আত্মনেপদ হইয়াছে। বক্ষ্যমাণ 'উপসর্গাদূহো—' এই সূত্রের বৃত্তিতে প্রাদি উপসর্গ দ্রষ্টব্য। উৎ যুজ্ + (লট্) তে, 'রুধাদেঃ শ্নম' যুজ্‌ধাতুর মধ্যে শ্নম্, 'শ্নাস্তো—' শ্নমের অকার লোপ, 'চজোঃ কঃ' জকার স্থানে ক, 'উপান্তস্য—' ক পরেতে নকার স্থানে ঙ = উদযুঙ্ক্তে। নি-যুজ্ + (লট্) তে = নিযুঙ্ক্তে। সাধনপ্রণালী পূর্ব্ববৎ।

(৪৯) অব পূর্ব্বক গৄ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। গৄ ধাতু তুদাদিগণীয়। অর্থ—নিগরণ। ক্র্যাদিগণীয় গৄ ধাতুও একটী আছে, এ সূত্রে তাহার গ্রহণ নয়—ইহা সূত্রস্থ 'গিরতেঃ' এই পদটী বুঝাইয়া দিতেছে। অব + গৄ + তে, 'শস্তুদাদেঃ" মধ্যে শ, শ'র অকার থাকে, শ্ যায়, 'ঋদির্' গৄ ধাতুর ঋকার স্থানে ইর্, ইরের ইকার গ'তে এবং শ'র অকার র'তে যুক্ত হইল।

(৫০) প্রতিজ্ঞা অর্থে সংপূর্ব্বক গৄধাতুর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—সংগিরতে। সং-গৄ + তে = 'সংগিরতে'।—সাধনপ্রণালী পূর্ব্ববৎ। সং ও অবপূর্ব্বক গৄ ধাতুর আত্মনেপদ বিহিত হইয়াছে, বলিয়া অপর উপসর্গের উত্তর গৄধাতুর আত্মনেপদ হইবে না। যদি কোথাও দৃষ্ট হয়, তাহা অসাধু অর্থাৎ ব্যাকরণবিরুদ্ধ পদ বলিতে হইবে; যেমন—"মধুরমুদ্গিরতে যথেক্ষুঃ" অর্থাৎ ইক্ষু যেমন মধুর রস উদ্গিরণ করে। এখানে এই 'উদ্গিরতে' পদটী অসাধু, কেননা, 'উৎ' এই উপসর্গের উত্তর গৄধাতুর আত্মনেপদ বিহিত হয় নাই, অথচ আত্মনেপদ করা হইয়াছে। 'উদ্গিরতি' এইরূপ পাঠ সাধু।

উচ্চরঃ ৫০ সকর্ম্মকাৎ ৫০

৫১। উচ্চরঃ সকর্ম্মকাৎ ॥

সঞ্চরঃ ৫০ তৃতীয়াযুক্তাৎ ৫০ চ ।১০

৫২। সঞ্চরস্তৃতীয়াযুক্তাচ্চ।—রাজাজ্ঞামুচ্চরতে—উল্লঙ্ঘয়তীত্যর্থঃ। অশ্বেন সঞ্চরতে ॥

উপাদ্ ৫০ যমঃ ৫০ স্বীকরণে ৭০

৫৩। উপাদ্‌যমঃ স্বীকরণে।—কন্যামুপযচ্ছতে—শস্ত্রমুপযচ্ছতে। শকটমুপযচ্ছতে ইতি ভাষ্যম্ ॥

৫১ উচ্চ। উৎপূর্ব্বাৎ চরতেঃ সকর্ম্মকাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি।

৫২ সংচ। সংপূর্ব্বাচ্চরস্তৃতীয়ান্তপদযুক্তাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। হেতুতৃতীয়াযুক্তাদপি ভবতি। বুদ্ধ্যা সংচরতে, নৃপ উচ্চরতে ইতি চর গত্যর্থঃ। অকর্ম্মকাত্তু উচ্চরতি ধূমঃ। সকর্ম্মকাদকর্ম্মকাদপি সামান্যেন বিধানম্। তৃতীয়াযুক্তাদিতি কিম্? উভৌ লোকৌ সঞ্চরতি ইমঞ্চামুঞ্চ দেবলঃ।

৫৩ উপা। উপপূর্ব্বাৎ যম্‌উপরমে ইত্যস্মাৎ স্বীকরণেঽর্থে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি অস্বং স্বং করোতীতি স্বীকরণম্। কন্যামুপযচ্ছতে ইতি পাণিগ্রহণমপি স্বীকরণমেব। শাস্ত্রমুপযচ্ছতে ইতি শাস্ত্রং স্বীকরোতীত্যর্থঃ। পাণিগ্রহণমিহ স্বীকরণং গৃহ্যতে, ন স্বীকরণমাত্রমিতি জয়াদিত্যেনোক্তং; সর্ব্ববর্ম্মচন্দ্রাদীনামপ্যেতন্মতম্। তন্মতে অসম্মতিসূচনায় শকটমুপযচ্ছতে ইতি ভাষ্যমিতি

(৫১) সকর্ম্মক উৎপূর্ব্বক চর ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। চর ধাতু ভ্বাদিগণীয়। অর্থ—গতি। উদাহরণ যথা—'রাজাজ্ঞামুচ্চরতে' অর্থাৎ রাজাজ্ঞা উল্লঙ্ঘন করিতেছে। এখানে 'রাজাজ্ঞা' শব্দটী চর ধাতুর কর্ম্ম। অতএব সকর্ম্মক চর ধাতুর উত্তর আত্মনেপদ হইয়াছে। যেখানে চর ধাতুর কর্ম্ম থাকিবে না, সেখানে আত্মনেপদ হইবে না; যথা—'উচ্চরতি ধূমঃ' এখানে কর্ম্মপদ না থাকায় চর্ ধাতুর উত্তর আত্মনেপদ হইল না। উৎ-চর্+তে, 'চতুর্ল্ড়াদৌ—' মধ্যে শঙ্, 'তশ্চটৌ' চকার পরে ৎ স্থানে চ, 'হল্‌পর—' চকার চকারে যুক্ত = উচ্চরতে।

(৫২) তৃতীয়ান্ত পদযুক্ত সংপূর্ব্বক চর্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। 'অশ্বেন সঞ্চরতে' অশ্ব দ্বারা গমন করিতেছে। এখানে 'অশ্বেন' এই তৃতীয়ান্তপদের সহিত 'সঞ্চরতে' এই ক্রিয়ার অন্বয়হেতুক যোগ থাকায় 'সঞ্চরতে' ক্রিয়ার আত্মনেপদ হইল। সং-চর+তে, সাধন-প্রণালী পূর্ব্ববৎ, বিশেষ 'বর্গে বা—' মকারস্থানে তদ্বর্গান্ত ঞ = সঞ্চরতে।

(৫৩) স্বীকরণ অর্থে উপপূর্ব্বক যম ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। অস্বং স্বং করোতি ইতি স্বীকরণম্ আত্মীয়ীকরণমিত্যর্থঃ। স্বীকরণের অর্থ—স্বীকার অর্থাৎ যাহা নিজ ছিল না, তাহাকে নিজ করা। কোন কোন বৈয়াকরণ স্বীকরণকে মাত্র বিবাহ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন,* কিন্তু ঐরূপ ব্যাখ্যা সকল বৈয়াকরণের সম্মত নহে—ইহা জানাইবার জন্যই বৃত্তিকার ভাষ্য হইতে প্রয়োগ উদ্ধৃত করিয়াছেন; যথা—'শকটমুপযচ্ছতে' 'শকটকে স্বীকরণ করিতেছে' অর্থাৎ নিজ করিয়া লইতেছে। 'শকটকে বিবাহ করিতেছে' এরূপ অর্থ যে কোন ক্রমে সঙ্গত হইতে পারে না—ইহা বলাই বাহুল্য। অতএব স্বীকরণের অর্থ—মাত্র বিবাহ বলিলে, তাহা অসঙ্গত হয়; সংক্ষিপ্তসারমতে বিবাহকেও স্বীকরণ বলা হইয়াছে; যথা—'কন্যামুপযচ্ছতে'

আগময়তেঃ ৫০ কালহরণে ৭০

৫৪। আগময়তেঃ কালহরণে।—আগময়স্ব সাধুম্॥

প্রকাশনাদৌ ৭০ বদঃ ৫০

৫৫। প্রকাশনাদৌ বদঃ।—প্রকাশনাদৌ গম্যমানে বদতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। বদতে মনুঃ স্মৃতৌ—প্রকাশমানোঽর্থং প্রতিপাদয়তীত্যর্থঃ॥

বিপ্রতিপত্তৌ ৭০

৫৬। বিপ্রতিপত্তৌ।—ক্ষেত্রে বিবদন্তে কৃষকাঃ—বিপ্রতিপদ্যমানা বিচিত্রং বদন্তীত্যর্থঃ॥

দর্শিতম্। যতো ন প্রত্যক্ষস্মৃতিরনুমিতিস্মৃত্যা বাধ্যতে। স্বীকরণশব্দস্য পাণিগ্রহণার্থতা ব্যাখ্যানগম্যা, সা চ প্রত্যক্ষস্মৃতিবিরুদ্ধেতি নাদরমর্হতীতি।

৫৪ আগ। আঙ্পূর্ব্বাদ্গমিধাতোর্ণিঙন্তাৎ কালহরণে গম্যমানে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। কালহরণং কালপ্রতীক্ষণম্। আগময়স্ব সাধুমিতি ঋণশোধনকালপ্রতীক্ষণং সাধুং কারয় ইত্যর্থঃ। আগময়স্বেতি গমের্ণিঙ্, বৃদ্ধিঃ, অস্বার্থণৌ ইত্যাদিনা ঘটাদিত্বাৎ হ্রস্বঃ, তুঙ্ভামস্বিত্যাদিনা লোট্সংজ্ঞকঃ স্বঃ, শঙ্, গুণঃ।

৫৫।৫৬।৫৭ প্রকা। প্রকাশনাদৌ গম্যমান ইত্যনেন ভাবণার্থ এবাত্র বদিরিতি সূচিতং,

'কন্যাকে বিবাহ করিতেছে' অর্থাৎ কন্যাকে স্বীকরণ করিতেছে। 'শস্ত্রমুপযচ্ছতে' 'শস্ত্র গ্রহণ করিতেছে' অর্থাৎ শস্ত্রের স্বীকরণ করিতেছে। এই উদাহরণত্রয়ে স্বীকরণ অর্থে উপপূর্ব্বক যম্ ধাতুর উত্তর আত্মনেপদ হইয়াছে। উপ—যম্+তে, 'চতুর্দ্দ্ড়া—' মধ্যে শঙ্, 'দানযমোঃ—' যম্ স্থানে যচ্ছ্ আদেশ, শঙের অকার পূর্ব্ববর্ণে যুক্ত=উপযচ্ছতে।

(৫৪) কালহরণ গম্যমান হইলে আঙ্ পূর্ব্বক ণিঙন্ত গম ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। কালহরণের অর্থ কালপ্রতীক্ষা। যথা—'আগময়স্ব সাধুম্' অর্থাৎ সাধুকে ঋণ পরিশোধ করিবার কাল প্রতীক্ষা করাও। সাধুর অর্থ—উত্তমর্ণ অর্থাৎ মহাজন। এখানে কাল প্রতীক্ষা গম্যমান হওয়ায় আঙ্পূর্ব্বক ণিঙন্ত গমধাতুর উত্তর আত্মনেপদ হইল। আঙ্—গম্+ণিঙ্, 'ণিত্যকথাদেঃ—' বৃদ্ধি, 'ণৌ ঘটাদেঃ—' হ্রস্ব, আগমি (ণিঙন্তধাতু) (লোট্)+স্ব, 'চতুর্দ্দ্ড়া—' মধ্যে শঙ্, 'জস্ ঙিতো—'গুণ, 'ন্যাদৌ—' একারস্থানে অয়্ আদেশ, শঙের অকার য়কারে যুক্ত হইল=আগময়স্ব।

(৫৫) প্রকাশনাদি অর্থ বুঝাইলে বদ্ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। প্রকাশনাদির আদিপদে উত্তর সূত্রদ্বয় অর্থাৎ বিপ্রতিপত্তি ও উৎসাহ। "বদতে মনুঃ স্মৃতৌ" অর্থাৎ ভগবান্ মনু প্রকাশমান হইয়া স্মৃত্যর্থ প্রতিপাদন করেন। এই অর্থটাই গম্যার্থ। এই বাক্যের বাচ্যার্থ অর্থাৎ স্থূল অর্থ এই যে, ভগবান্ মনু স্মৃতি বিষয়ে বলেন। এই বাক্যে ক্রিয়া দ্বারা কর্ত্তার প্রকাশমানত্ব প্রতীয়মান হইতেছে, সুতরাং আত্মনেপদ হইল। বদ্+তে, 'চতুর্দ্দ্ড়া—' মধ্যে শঙ্=বদতে।

(৫৬) বিপ্রতিপত্তি প্রতীত হইলে বদ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "ক্ষেত্রে বিবদন্তে

উৎসাহে ৭০

৫৭। উৎসাহে।—যুদ্ধে বদতে, উৎসাহমানো বদতীত্যর্থঃ॥

উপসান্ত্বনে ৭০ বর্ত্তমানাৎ ৫০

৫৮। উপসান্ত্বনে বর্ত্তমানাৎ।—ক্লিষ্টান্নুপবদতে, উপসান্ত্বয়তীত্যর্থঃ॥

জ্ঞানে ৭০

৫৯। জ্ঞানে।—বদতে নৈয়ায়িকস্তর্কে,—বদিতুং জানাতীত্যর্থঃ॥

রহসি ৭০ উপচ্ছন্দনে ৭০

৬০। রহস্যুপচ্ছন্দনে।—পরদারানুপবদতে—প্রলোভয়তীত্যর্থঃ॥

অনুপূর্ব্বাৎ ৫০ অকর্ম্মকাৎ ৫০ উক্তৌ ৭০ ব্যক্তবাচাম্ ৬ঃ০

৬১। অনুপূর্ব্বাদকর্ম্মকাদুক্তৌ ব্যক্তবাচাম্।—ব্যক্তবাচো হি মনুষ্যাঃ প্রসিদ্ধাঃ। অনুবদতে কঠঃ কালাপস্য, যথা কালাপেনোক্তং তথা কঠোঽয়ং

প্রকাশনাদিকন্তু সাধনবিশেষণত্বেন ভাষণহেতুঃ। অতএব প্রকাশমানোঽর্থং প্রতিপাদয়তি, বিপ্রতিপদ্যমানা বিচিত্রং বদন্তি, উৎসাহমানো বদতীত্যর্থ-ব্যাকারঃ কৃতঃ।

৫৮।৫৯।৬০ উপ। উপসান্ত্বনে জ্ঞানে রহস্যুপচ্ছন্দনে চার্থে বর্ত্তমানাদিত্যনেন বদতেরুপসান্ত্বনাদিকমেবার্থঃ, ভাষণন্তু তদ্বিশেষণমিতি সূচিতম্। অতএবোপসান্ত্বয়তি, বদিতুং জানাতি, প্রলোভয়তীত্যর্থব্যাকারঃ কৃতঃ। প্রকাশনাদেরন্যত্র—বদতি কিঞ্চিৎ।

৬১ অনু। অনুপূর্ব্বাৎ বদতেরকর্ম্মকাৎ ব্যক্তবাচামুক্তৌ ভাষণে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। ব্যক্তবাচো হি মনুষ্যাঃ প্রসিদ্ধা ইতি যোগরূঢ়িরিয়ং; তথাচ ব্যক্তা বিভক্তাঃ স্পষ্টাঃ

কৃষকাঃ" কৃষক সকল বিপ্রতিপদ্যমান হইয়া ক্ষেত্রে বিচিত্র আলাপ করিতেছে। এখানে বিপ্রতিপত্তি প্রতীয়মান হওয়ায় আত্মনেপদ হইয়াছে। সাধন-প্রণালী পূর্ব্ববৎ।

(৫৭) উৎসাহ গম্যমান হইলে বদ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "যুদ্ধে বদতে" অর্থাৎ উৎসাহান্বিত হইয়া বলিতেছে, এইরূপ অর্থ প্রতীত হওয়ায় আত্মনেপদ হইয়াছে। সাধন-প্রণালী পূর্ব্ববৎ।

(৫৮) উপসান্ত্বন অর্থে বর্ত্তমান বদ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "ক্লিষ্টান্ উপবদতে" ক্লিষ্ট ব্যক্তিকে সান্ত্বনা করিতেছে। এখানে বদ্ ধাতুর অর্থ—উপসান্ত্বনা, অতএব আত্মনেপদ হইয়াছে।

(৫৯) জ্ঞানার্থ বদ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "বদতে নৈয়ায়িকস্তর্কে" নৈয়ায়িক তর্ক-বিষয়ে বলিতেছেন অর্থাৎ বলিতে জানেন। এখানে বদ্ ধাতুর অর্থ জ্ঞান, এজন্য আত্মনেপদ হইল।

(৬০) গুপ্তভাবে প্রলোভিত করা অর্থে বদ্ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। "পরদারানুপবদতে" পরস্ত্রীকে গুপ্তভাবে প্রলোভিত করিতেছে। এখানে বদ্ধাতুর অর্থ—গুপ্তভাবে প্রলোভন দেওয়া। সুতরাং আত্মনেপদ হইয়াছে।

(৬১) ব্যক্তবাক্যের উক্তি বুঝাইলে অনুপূর্ব্বক অকর্ম্মক বদ্ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। কাদিবর্ণাত্মক স্পষ্ট মনুষ্যবাক্যকে ব্যক্ত বাক্য বলে। স্পষ্ট অর্থযুক্ত বাক্য উচ্চারণ করে বলিয়া মনুষ্যগণই ব্যক্ত-বাক্য বলিয়া প্রসিদ্ধ। "অনুবদতে কঠঃ কালাপস্য" কঠ কালাপের অনুবাদ

বদতীত্যর্থঃ। অকর্ম্মকাদিতি কিম্? যজুরুদিতমনুবদতি। ব্যক্তবাচামিতি কিম্? অনুবদতি বীণা॥

সহোক্তৌ ৭। ০ চ।১।০

৬২। সহোক্তৌ চ।—সংপ্রবদন্তে বেদং ব্রাহ্মণাঃ—সহ বদন্তীত্যর্থঃ। ব্যক্তবাচামিত্যেব—বরতনু সংপ্রবদন্তি কুক্কুটাঃ॥

বা।১।০ অন্যোন্যবিরুদ্ধায়াং ৭।০ চ।১।০

৬৩। বান্যোন্যবিরুদ্ধায়াঞ্চ।—বিপ্রবদন্তে মৌহূর্ত্তিকাঃ বিপ্রবদন্তি।

কাদিবর্ণাত্মিকা বাচো যেষাং তে ব্যক্তবাচঃ। যজুরুদিতমনুবদতি ইতি অনুশব্দঃ পুনরিত্যস্যার্থঃ। অনুবদতি বীণা ইত্যত্রাপি বংশস্যেত্যধ্যাহারেঽপ্যকর্ম্মকত্বং, যথা বংশস্য স্বনিতং তথা বীণা বদতীত্যর্থঃ।

৬২ সহো। চকারো ব্যক্তবাচামিত্যনুকর্ষণার্থঃ। ব্যক্তবাচাং সহোক্তৌ চ বর্ত্তমানাৎ বদতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সকর্ম্মকাদকর্ম্মকাচ্চানেন বিধানম্।

৬৩ বান্যো। চকারঃ সহোক্তাবিত্যস্যানুবৃত্ত্যর্থঃ। ব্যক্তবাচাং সহোক্তৌ বাচ্যায়াম্ অন্যোঽ-

করিতেছেন অর্থাৎ কালাপ যেমন বলিয়াছেন, কঠও তদ্রূপ বলিতেছেন। এখানে কঠ মনুষ্য বলিয়া তাঁহার উক্তি, ব্যক্তবাক্যের উক্তি হইয়াছে, "উপবদতে" ক্রিয়ার কর্ম্ম না থাকায় উহা অকর্ম্মক হইয়াছে এবং 'উপ' উপসর্গেরও যোগ রহিয়াছে—অতএব আত্মনেপদ হইল। ব্যক্তবাক্যের উক্তিতে অনুপূর্ব্বক অকর্ম্মক বদ্‌ধাতুর আত্মনেপদ হয় বলা হইয়াছে, এজন্য যখন অনুপূর্ব্বক বদ্‌ধাতুর কর্ম্ম থাকিবে, তখন আত্মনেপদ হইবে না; যথা—"যজুরুদিতমনুবদতি" এখানে 'যজুরুদিতং' এই পদটী অনুবদতি ক্রিয়ায় কর্ম্ম; এজন্য আত্মনেপদের অপর কারণ গুলি বিদ্যমান থাকাতেও কর্ম্ম রহিয়াছে বলিয়া আত্মনেপদ হইল না। অনুপূর্ব্বক বদ্‌ধাতুর আত্মনেপদ বিষয়ে ব্যক্তবাক্যের উক্তিও একটী কারণ। অতএব ব্যক্তবাক্যের উক্তি না হইলে আত্মনেপদ হইবে না; যথা—'অনুবদতি বীণা'' এখানে অপর কারণ সত্ত্বেও কেবল ব্যক্ত বাক্যের উক্তি নয় বলিয়া আত্মনেপদ হয় নাই। বীণা বাঁশীর মত বাজিতেছে, বীণার আওয়াজ অব্যক্ত মধুর ধ্বনি মাত্র, ব্যক্তবাক্য নহে, কেননা, মনুষ্যের বাক্য না হইলে ব্যক্তবাক্য হয় না।

(৬২) ব্যক্তবাক্যের সহোক্তি বুঝাইলে বদ্‌ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। এই সূত্রে ব্যক্তবাক্যের অনুবৃত্তি আছে, এজন্য বলা হইয়াছে,—"ব্যক্তবাচামিত্যেব' অর্থাৎ 'ব্যক্তবাক্যের" এই কথাটীর অনুবৃত্তি আছে। এককালীন অর্থাৎ এক সঙ্গে উচ্চারণ করাকে 'সহোক্তি' বলে; যথা—"সংপ্রবদন্তে বেদং ব্রাহ্মণাঃ—' ব্রাহ্মণগণ এক সঙ্গে সমস্বরে বেদ উচ্চারণ করিতেছেন"। এখানে মানুষের বাক্য বলিয়া ব্যক্তবাক্য এবং যুগপৎ উচ্চারিত হইতেছে বলিয়া সহোক্তি হইয়াছে। সুতরাং আত্মনেপদও হইয়াছে। যেখানে সহোক্তি হইবে, অথচ ব্যক্তবাক্য হইবে না; সেখানে আত্মনেপদ হইবে না; যথা—"বরতনু সংপ্রবদন্তি কুক্কুটাঃ' 'অয়ি চার্ব্বঙ্গি! কুক্কুট সকল যুগপৎ ডাকিতেছে।" এখানে সহোক্তি হইয়াছে বটে, কিন্তু মনুষ্যের বাক্য ত হয় নাই, যে ব্যক্তবাক্য হইবে, পক্ষীর কূজন ব্যক্ত হইবে কেন? সুতরাং আত্মনেপদ হইল না। সং-প্র-বদ + অন্তে "চতুর্দ্দশা—" মধ্যে শও, 'লুগচ্ছঙাদেঃ' শঙের অকারের উত্তর অন্তের অকারের লোপ = সংপ্রবদন্তে। সং-প্র-বদ্ + অন্তি = সংপ্রবদন্তি। সাধন-প্রণালী—সংপ্রবদন্তেবৎ।

(৬৩) ব্যক্তবাক্যের পরস্পর বিরুদ্ধ সহোক্তি হইলে বদ্‌ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ

ব্যক্তবাচামিত্যেব। বিপ্রবদন্তি শকুনয়ঃ, নানারুতং কুর্ব্বন্তীত্যর্থঃ। সহোক্তাবিত্যেব। ক্রমেণ মৌহূর্ত্তিকো মৌহূর্ত্তিকেন সহ বিপ্রবদতি ॥

সাদৃশ্যে ৭০

৬৪। সাদৃশ্যে।—বাচিকষড়িকৌ ন সংবদেতে ইতি ভাষ্যম্ ॥

স্থঃ ৫০ হৃদ্ব্যঞ্জনাদৌ ৭০

৬৫। স্থো হৃদ্ব্যঞ্জনাদৌ।—স্বাভিপ্রায়াভিব্যঞ্জনাদাবর্থে বর্ত্তমানাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। তিষ্ঠতে রণ্ডা বিকর্ম্মস্থেভ্যঃ, স্বহৃদয়ং ব্যনক্তীত্যর্থঃ ॥

স্ববিরুদ্ধায়াং বর্ত্তমানাং বদতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি বা। সহোক্তৌ চেত্যনেন প্রাপ্তে বিভাষেয়ম্। একো যাদৃক্ বদতি তদ্বিরুদ্ধমপরো বদতি ইত্যন্যোন্যবিরুদ্ধা উক্তিঃ। নানারুতং কুর্ব্বন্তীত্যনেন অন্যোন্যবিরুদ্ধতা স্থচিতা, জাতিশক্তিভেদেন পরস্পরবিরুদ্ধত্বাং কৃতানাম্।

৬৪ সাদৃ। সাদৃশ্যে বর্ত্তমানাং বদতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। বাচিকেত্যাদি এতদর্থং পাণিনীয়লক্ষণাভাবাং অনার্ষমেতদিতি যদি কশ্চিচ্চোদয়েৎ, তদর্থমাহ ইতি ভাষ্যম্। বাগাশীর্দত্তাং ষড়ঙ্গুলিদত্তাচ্চ একাচ্‌পূর্ব্বপদাদনাদিপদস্যেতি একে, অনাদিপদস্য চ লোপে কৃতে, যদা বর্গাদেস্তৃতীয়ো ভবতি তদা বাচিক ইতি ন ভবতি, যদা ন ভবতি তদা ষড়িক ইতি ন সিধ্যতি ; অত্রার্থে ভাষ্যকার আহ—বাচিকষড়িকৌ ন সংবদেতে ইতি।

৬৫ স্থো। অনেকার্থত্বাদ্ধাতূনাং তিষ্ঠতিরত্র হৃদ্ব্যঞ্জনেঽর্থে বর্ত্ততে। তিষ্ঠতীতি শিতীত্যাদিনা তিষ্ঠাদেশঃ। বিকর্ম্মস্থেভ্য ইতি শ্লাঘাদেযজ্ঞাপ্সেতি সম্প্রদানম্।

বিকল্পে হয়। যথা—"বিপ্রবদন্তে মৌহূর্ত্তিকা বিপ্রবদন্তি" মৌহূর্ত্তিকগণ—সময়-নির্ণায়ক ব্যক্তিগণ যুগপৎ পরস্পর বিরুদ্ধ কথা বলিতেছেন। অর্থাৎ কেহ বলিতেছেন—এখন বেলা দশ দণ্ড, কেহ বলিতেছেন দশ দণ্ড পাঁচ পল, আবার কেহ বলিতেছেন দশ দণ্ড হইতে এখনও পাঁচ পল বিলম্ব আছে। এখানে এই প্রকার পরস্পর বিরুদ্ধা সহোক্তি বুঝিতে হইবে। আত্মনেপদ বিকল্পে হওয়ায় "বিপ্রদন্তে" ও "বিপ্রবদন্তি" এই দুইটী পদ হইয়াছে। এই সূত্রে ব্যক্তবাক্যের অনুবৃত্তি আছে বলিয়া "বিপ্রবদন্তি শকুনয়ঃ" এস্থানে ব্যক্তবাক্যের অভাবে একবারেই আত্মনেপদ হইল না। এইরূপ সহোক্তিরও অনুবৃত্তি থাকায় "ক্রমেণ মৌহূর্ত্তিকো মৌহূর্ত্তিকেন সহ বিপ্রবদতি" এ স্থানে মাত্র সহোক্তির অভাবে আত্মনেপদ হইল না। সাধন-প্রণালী পূর্ব্ববৎ।

(৬৪) সাদৃশ্য অর্থে বর্ত্তমান বদ্‌ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"বাচিকষড়িকৌ ন সংবদেতে" বাচিক এবং ষড়িক এই পদদুটী সাদৃশ্যযুক্ত নহে। এখানে বদ্‌ধাতুর অর্থ সাদৃশ্য হওয়ায় আত্মনেপদ হইল। বাচিক শব্দের অর্থ বাগাশীর্দত্ত এবং ষড়িক শব্দের অর্থ—ষড়ঙ্গুলিদত্ত। এই শব্দদ্বয়ের উত্তর ইক প্রত্যয় করায় 'একাচ্‌ পূর্ব্বপদাদনাদিপদস্য' এই সূত্রানুসারে অনাদিপদের (অশীর্দত্ত ও অঙ্গুলিদত্ত এই পদদ্বয়ের) লোপ হইয়াছে। লোপ হওয়ার পর ইক প্রত্যয় পরেতে বাচ্‌ শব্দের চকার স্থানে তৃতীয় বর্ণ হয় নাই ; কিন্তু ষট্‌ শব্দের টকার স্থানে তৃতীয় হইয়াছে। এজন্য ভাষ্যকার বলিয়াছেন, বাচিক ও ষড়িক এই শব্দদ্বয়ের সাদৃশ্য নাই। এই উদাহরণে এই প্রকার সাদৃশ্য বুঝিতে হইবে। সং-বদ্ + আতে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্‌, 'এদ্‌ঙিৎ' আতের আকারস্থানে একার, 'আচ্চৈ—' একার পরেতে অকারের লোপ = সংবদেতে। 'ইতি ভাষ্যং' অর্থাৎ ঐ উদাহরণটী ভাষ্য হইতে উদ্ধৃত করা হইয়াছে।

(৬৫) স্বীয় অভিপ্রায়াভিব্যঞ্জনাদি অর্থে স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়।

উদঃ ৫০ অনূৰ্দ্ধ্ব ঘটনে ৭০

৫৬। উদোঽনূর্দ্ধ্ব ঘটনে।—কুটুম্ব উত্তিষ্ঠতে, তদর্থে ঘটত ইত্যর্থঃ। অনূর্দ্ধ্ব ইতি কিম্? আসনাদুত্তিষ্ঠতি। ঘটন ইতি কিম্? গ্রামাচ্ছতমুত্তিষ্ঠতি, উৎপদ্যত ইত্যর্থঃ ॥

উপাৎ ৫০ দেবপূজায়াম্ ৭০

৬৭। উপাদ্দেবপূজায়াম্।—আদিত্যমুপতিষ্ঠতে—পূজয়তীত্যর্থঃ ॥

৬৬ উদো। উদ উত্তরাদনূর্দ্ধ্বঘটনে ঊর্দ্ধ্বব্যতিরিক্তে ঘটনেঽর্থে বর্ত্তমানাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। অনূর্দ্ধ্বঘটন ইতি পর্য্যুদাসাশ্রয়ণাদূর্দ্ধ্বঘটনসদৃশী ইতস্ততো গমনাত্মিকা চেষ্টৈবাস্য বিষয়ঃ। অতএবাহ গ্রামাচ্ছতমুত্তিষ্ঠতীতি উৎপদ্যত ইত্যর্থঃ; এতেনাত্রাঘটনার্থতা উক্তা, উৎপত্তেরবচেষ্টারূপত্বাৎ। তদর্থে ঘটত ইত্যর্থ ইতি তদর্থে তদ্বিষয়ে, অর্থশব্দোঽয়ং বিষয়বাচী; অতএব কুটুম্ব ইত্যত্র বৈষয়িকাদ্যধিকরণমিত্যধিকরণসংজ্ঞায়াং সপ্তমী।

৬৭ উপা। উপাদুত্তরাত্তিষ্ঠতের্দ্দেবপূজায়াং কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি।

এই সূত্র হইতে আরম্ভ করিয়া 'লিপ্সায়াং বা' সূত্র পর্য্যন্ত—কতিপয় সূত্রে স্থাধাতুর আত্মনেপদের কথা বলা হইতেছে। স্বাভিপ্রায়াভিব্যঞ্জনাদি এই আদিপদে ঐ সকল সূত্রনির্দ্দিষ্ট অর্থ বুঝিতে হইবে। স্বীয় অভিপ্রায় ব্যক্ত করাকেই স্বাভিপ্রায়াভিব্যঞ্জন বলে। যথা—"তিষ্ঠতে রণ্ডা বিকর্ম্মস্থেভ্যঃ—" রণ্ডা স্ত্রী বিকর্ম্মস্থ ব্যক্তির নিকট স্বীয় হৃদ্গত অভিপ্রায় ব্যক্ত করিতেছে। এখানে স্থা ধাতুর অর্থ হইল—স্বাভিপ্রায়াভিব্যক্তি, অতএব আত্মনেপদ হইল। স্থা + তে, 'চতুর্ল্লাদৌ' মধ্যে শপ্, 'শিতি তিষ্ঠাদিঃ—' স্থা স্থানে তিষ্ঠ্ আদেশ, ষ্ঠ-য়ে শপের অকার যোগ = তিষ্ঠতে। স্থাধাতুর আত্মনেপদ-বিধায়ক সূত্রগুলিতে যতগুলি পদ আছে, সবগুলিরই সাধনপ্রণালী এই 'তিষ্ঠতে'বৎ, যেখানে বিশেষ থাকিবে, সেখানে তাহা বলা হইবে।

(৬৬) অনূর্দ্ধ্বঘটন অর্থাৎ অনূর্দ্ধ্বচেষ্টা অর্থে উৎপূর্ব্বক স্থাধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"কুটুম্বে উত্তিষ্ঠতে" অর্থাৎ কুটুম্ব উপস্থিত হইলে তাঁহার সংবর্দ্ধনার জন্য ইতস্ততঃ গমনরূপ চেষ্টা করিতেছে। এখানে ঊর্দ্ধ্বচেষ্টা না হওয়ায় আত্মনেপদ হইল। অনূর্দ্ধ্ব চেষ্টার অর্থ—অনূর্দ্ধ্ব ভাবে চেষ্টা করা। আর ঊর্দ্ধ্ব চেষ্টা না হইলেই অনূর্দ্ধ্বচেষ্টা হইল। অনূর্দ্ধ্বচেষ্টা অর্থে আত্মনেপদ হয় বলা হইয়াছে, যখন অনূর্দ্ধ্ব চেষ্টা হইবে না, তখন কি হইবে?—উত্তর—তখন আত্মনেপদ হইবে না; যথা—"আসনাদুত্তিষ্ঠতি" আসন হইতে উঠিতেছে। এখানে আসন হইতে উঠিতেছে বলিয়া উপরদিকে চেষ্টা করা হইয়াছে, এজন্য ইহা অনূর্দ্ধ্ব চেষ্টা না হইয়া ঊর্দ্ধ্বচেষ্টা হইল। সুতরাং আত্মনেপদও হইল না। অনূর্দ্ধ্বচেষ্টা অর্থে আত্মনেপদের কথা বলা হইয়াছে; কিন্তু যখন অনূর্দ্ধ্ব বিষয় হইবে, অথচ চেষ্টা থাকিবে না, তখন আত্মনেপদ হইবে কি না? ইহার উত্তর—হইবে না; উদাহরণ যথা—"গ্রামাৎ শতমুত্তিষ্ঠতি" গ্রাম হইতে শতটাকা উৎপন্ন হইতেছে অর্থাৎ আয় হইতেছে (যেমন আমরা 'চাঁদা উঠিতেছে' বলিয়া থাকি, সেইরূপ) এখানে অচেতন পদার্থ বলিয়া টাকার চেষ্টা নাই, এজন্য আত্মনেপদও হয় নাই।

(৬৭) দেবপূজা অর্থে উপপূর্ব্বক স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"আদিত্যমুপতিষ্ঠতে" আদিত্যকে পূজা করিতেছে। এখানে উপপূর্ব্বক স্থা ধাতুর অর্থ হইল—পূজা করা। সুতরাং আত্মনেপদ হইয়াছে।

সঙ্গতিমৈত্রীকরণয়োঃ ৭ঃ চ।১০

৬৮। **সঙ্গতিমৈত্রীকরণয়োশ্চ**।—গঙ্গা যমুনামুপতিষ্ঠতে, রথিকো রথিকামুপতিষ্ঠতে, উপশ্লিষ্যতীত্যর্থঃ। দূরস্থোঽপীশ্বরমুপতিষ্ঠতে, মৈত্রীং করোতীত্যর্থঃ॥

মন্ত্রকরণে ৭০

৬৯। **মন্ত্রকরণে**।—"যে সূর্য্যমুপতিষ্ঠন্তে মন্ত্রৈঃ সন্ধ্যাত্রয়ং দ্বিজাঃ" ইতি ভট্টিঃ। মন্ত্রকরণ ইতি কিম্? ভর্ত্তারমুপতিষ্ঠতি যৌবনেন॥

প্রতিজ্ঞায়াম ৭০

৭০। **প্রতিজ্ঞায়াম্**।—শব্দং নিত্যমাতিষ্ঠতে—অভ্যুপগচ্ছতীত্যর্থঃ॥

৬৮ সঙ্গ। সঙ্গতিকরণে মৈত্রীকরণে চ বর্ত্তমানাদুপপূর্ব্বাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সঙ্গতিঃ সংশ্লেষঃ। মৈত্রী দূরস্থস্যাপি সম্ভবতীতি সঙ্গতিমৈত্রীকরণয়োর্ভেদঃ. এতদেব দূরস্থোঽপীত্যনেন স্পষ্টং কৃতবান্।

৬৯ মন্ত্রঃ। মন্ত্রঃ করণং ক্রিয়াসিদ্ধিসাধনং যস্য তন্মন্ত্রকরণং, এতস্মিন্নর্থে বর্ত্তমানাদুপপূর্ব্বাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। মন্ত্রপদেন বেদাম্নাতা ঋচোঽভিধীয়ন্তে। যে সূর্য্যমুপতিষ্ঠন্তে মন্ত্রৈরিতি ঋগ্‌ভিরিত্যর্থঃ; নাত্র দেবপূজার্থঃ। ভর্ত্তারমিত্যাদি অত্র যৌবনস্য করণত্বম্। করণ ইতি কিম্? সাবিত্রীমুপতিষ্ঠতি।

৭০ প্রতি। প্রতিজ্ঞা অভ্যুপগমোঽঙ্গীকরণমিত্যর্থঃ। প্রতিজ্ঞায়ামর্থে বর্ত্তমানাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। আঙৈবায়মর্থো দ্যোত্যতে।

---

(৬৮) সঙ্গতি ও মৈত্রীকরণ অর্থে উপপূর্ব্বক স্থাধাতুর উত্তর আত্মনেপদ হয়। সঙ্গতি মিলন। মৈত্রীকরণ—মিত্রতা-সম্পাদক কর্ম্ম। যথা—"গঙ্গা যমুনামুপতিষ্ঠতে" গঙ্গা যমুনায় সঙ্গত অর্থাৎ মিলিত হইতেছেন। "রথিকো রথিকামুপতিষ্ঠতে" অর্থাৎ রথী রথীর সহিত মিলিত হইতেছে। এই উদাহরণদ্বয়ে সঙ্গতি অর্থে আত্মনেপদ হইল। মৈত্রীকরণের উদাহরণ যথা—"দূরস্থোঽপীশ্বরমুপতিষ্ঠতে"—দূরে থাকিয়াও ঈশ্বরের সহিত মিত্রতা করিতেছে। এখানে মৈত্রীকরণ অর্থে আত্মনেপদ হইল।

(৬৯) মন্ত্রঃ করণং (ক্রিয়াসিদ্ধিসাধনং) যস্য তৎ তস্মিন্। মন্ত্রকরণ অর্থে বর্ত্তমান উপপূর্ব্বক স্থাধাতুর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—ভট্টিকাব্যে "যে সূর্য্যমুপতিষ্ঠন্তে মন্ত্রৈঃ সন্ধ্যাত্রয়ং দ্বিজাঃ" যে সকল দ্বিজ ত্রিসন্ধ্যায় মন্ত্র (ঋক্) দ্বারা সূর্য্যের উপাসনা করেন ইত্যাদি। এখানে ক্রিয়াটী মন্ত্র-করণক হওয়ায় আত্মনেপদ হইল। মন্ত্র অর্থে ঋক্, যখন ক্রিয়া মন্ত্রকরণক হইবে না, তখন আত্মনেপদও হইবে না; যথা—"ভর্ত্তারমুপতিষ্ঠতি যৌবনেন" যৌবন দ্বারা ভর্ত্তার সন্তোষ-বিধান করিতেছে। এখানে ক্রিয়াপদটী মন্ত্রকরণক না হইয়া যৌবনকরণক হওয়ায় আত্মনেপদ হইল না। যখন ক্রিয়াপদ মন্ত্রকরণক না হইয়া মন্ত্রকর্ম্মক হইবে, তখনও আত্মনেপদ হইবে না, যথা—"সাবিত্রীমুপতিষ্ঠতি" এখানে সাবিত্রীরূপ মন্ত্র, করণ না হইয়া কর্ম্ম হওয়ায় ক্রিয়াপদটী মন্ত্রকরণক হইল না বলিয়া আত্মনেপদ হয় নাই।

(৭০) প্রতিজ্ঞা অর্থে স্থাধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"শব্দং নিত্যমা

গম্যে ৭০ বিবাদপদনির্ণয়ে ৭০

৭১। গম্যে বিবাদপদনির্ণয়ে।—"ত্বয়ি নস্তিষ্ঠতে প্রীতি"রিতি ভট্টিঃ। অস্মাকং প্রীতিস্ত্বয়ি তিষ্ঠন্তী ত্বামেব প্রমাণং করোতীত্যর্থঃ। এবং "সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে য" ইতি ভারবিঃ॥

মার্গে ৭০

৭২। মার্গে।—অয়ং পন্থাঃ শ্রুঘ্নমুপতিষ্ঠতে॥

অকর্ম্মকাৎ ৫০

৭৩। অকর্ম্মকাৎ।—উপতিষ্ঠতে ভোক্তুম্॥

৭১ গম্যে। বিবাদপদস্য বিরোধস্থানস্য নির্ণয়ো যস্মিন্ স বিবাদপদনির্ণয়ঃ, মধ্যস্থ উচ্যতে। তস্মিন্ গম্যে তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। তিষ্ঠতেরত্রাবস্থানমেবার্থঃ, মধ্যস্থস্তু তদ্বিষয়ঃ; এতদুদাহরণেনৈব স্পষ্টং কৃতবান্।

৭২ মার্গে। উপাদুত্তরাত্তিষ্ঠতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি মার্গে বাচ্যে।

৭৩ অক। উপাদুত্তরাত্তিষ্ঠতেরকর্ম্মকক্রিয়াবচনাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সকর্ম্মকাত্তু, রাজানমুপতিষ্ঠতি।

তিষ্ঠতে" শব্দকে নিত্য বলিয়া অঙ্গীকার করিতেছে অর্থাৎ প্রতিজ্ঞা করিতেছে। এখানে স্থাধাতুর অর্থ প্রতিজ্ঞা, অতএব আত্মনেপদ হইল।

(৭১) বিবাদপদস্য (বিরোধস্থানস্য) নির্ণয়ঃ যস্মিন স বিবাদপদনির্ণয়ঃ "মধ্যস্থঃ"। বিবাদপদ নির্ণয় অর্থাৎ মধ্যস্থ গম্যমান হইলে স্থাধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"ত্বয়ি নস্তিষ্ঠতে প্রীতিঃ" তোমাতেই আমাদের প্রীতি আছে; অর্থাৎ তোমাকেই আমরা প্রমাণ বলিয়া মনে করি। এখানে 'ত্বয়ি'পদ প্রতিপাদ্য ব্যক্তি মধ্যস্থরূপে প্রতীয়মান হওয়ায় আত্মনেপদ হইল। এই প্রকার "সংশয্য কর্ণাদিষু তিষ্ঠতে যঃ" যিনি সংশয়াপন্ন হইয়া কর্ণপ্রভৃতিকে মধ্যস্থরূপে অবলম্বন করিয়াছেন। এখানে কর্ণাদি মধ্যস্থরূপে প্রতীয়মান হওয়ায়, স্থাধাতুর উত্তর আত্মনেপদ হইয়াছে। "উপাদ্দেবপূজায়াম্" সূত্র হইতে আরম্ভ করিয়া "লিপ্সায়াং বা" সূত্র পর্য্যন্ত স্থাধাতুর আত্মনেপদ বিধায়ক যতগুলি সূত্র আছে, সবগুলিতেই 'উপ' পূর্ব্বক স্থাধাতুর আত্মনেপদ বিহিত হইয়াছে; কিন্তু এই সকল সূত্রের মধ্যবর্ত্তী "প্রতিজ্ঞায়াম্" ও "গম্যে বিবাদপদনির্ণয়ে" এই সূত্র দুইটীতে উপপূর্ব্বক স্থাধাতুর আত্মনেপদ বিহিত না হইয়া কেবল স্থাধাতুর আত্মনেপদ বিহিত হইয়াছে। এজন্য বুঝিতে হইবে যে, এই সূত্র দুইটী "স্থো হৃদ্ব্যঞ্জনাদৌ" এই সূত্রের পরবর্ত্তী সূত্র, লিপিকরপ্রমাদ বশতঃ স্থানচ্যুত হইয়া এই স্থানে সন্নিবেশিত হইয়াছে। অন্যথা এই সূত্রদ্বয়েও 'উপ' এই উপসর্গের অনুবৃত্তি থাকিত।

(৭২) মার্গ অর্থাৎ পথ বুঝাইলে উপপূর্ব্বক স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"অয়ং পন্থাঃ শ্রুঘ্নমুপতিষ্ঠতে" এই পথ শ্রুঘ্নদেশপ্রাপ্ত হইয়াছে। যেমন 'পচতি' বলিলে পাককর্ত্তাকে বুঝায়, তেমনি এখানে 'উপতিষ্ঠতি' পদ শ্রুঘ্নযায়ী পথকে বুঝাইতেছে; অতএব আত্মনেপদ হইল।

(৭৩) অকর্ম্মক উপপূর্ব্বক স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"উপতিষ্ঠতে

লিপ্‌সায়াং ৭০,বা।১০

৭৪। লিপ্সায়াং বা।—ভিক্ষুকো ব্রাহ্মণকুলমুপতিষ্ঠতে, উপতিষ্ঠতি॥

লিঙ্‌লুঙ্‌শেষু ৭।০ মৃঙঃ ৫০

৭৫। লিঙ্‌লুঙ্‌শেষু মৃঙঃ।—ক্বচিদ্‌ভাব্যর্থো ভূতবদঙ্গীক্রিয়তে ইতি লিঙ্‌লুঙ্‌শেষু সৎসু মৃঙঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। মৃষীষ্ট অমৃত ম্রিয়তে॥

৭৪ লিপ্সা। উপাদ্বুত্তরাত্তিষ্ঠতেলিপ্সায়াং গম্যমানায়াং কর্ত্তর্য্যাত্মনেপদং বা ভবতি। উপাদ্দেবপূজায়ামিত্যারভ্য উপপূর্ব্বাদেব তিষ্ঠতেরাত্মনেপদবিধানম্‌। এতন্মধ্যে যত্তু প্রতিজ্ঞায়ামিতি গম্যে বিবাদপদনির্ণয় ইতি লক্ষণদ্বয়মুক্তং, তদসঙ্গতমিব প্রতিভাসতে। তস্মাৎ স্থো হৃদ্ব্যঞ্জনাদাবিত্যস্যানন্তরমেতল্লক্ষণদ্বয়ং পূর্ব্বমাসীল্লিপিকরপ্রমাদাদিহাগতমিতি লক্ষ্যতে।

৭৫ লিঙ্‌। ননু অনেনাত্মনেপদে নিয়তে লিঙাদির্ভিভবিতব্যং, লিঙাদিষু সৎসু অনেনাত্মনেপদনিয়ম ইতীতরেতরাশ্রয়বিরোধমাশঙ্কমানমাহ—ক্বচিদ্ভাব্যর্থো ভূতবদঙ্গীক্রিয়ত ইতি। লিঙাদয়ো যদ্‌ ভবিষ্যন্তি, তত্রৈব ভূতা ইতি স্বীকৃতা ইতি নিয়মোঽবিরুদ্ধ এব। ঙিত্ত্বাদেবাত্মনেপদে সিদ্ধে আত্মনেপদবিধানং নিয়মার্থং, লিঙাদিষ্বেব মৃঙ্‌ধাতোরাত্মনেপদং ভবতি নান্যত্র। তেন মরিষ্যতি অমরিষ্যৎ মুমূর্ষতি। যদ্যেবং ঙিৎকরণং কিমর্থমনেনৈবাত্মনেপদসিদ্ধেঃ? সত্যং ভাষায়াং বিষয়েঽনর্থকং; কিন্তু গণকার এবাত্র প্রয়োক্তব্যঃ। অয়ন্তু সূত্রকারো নতু গণকারঃ। মৃষীষ্ট ইতি ইচ্‌ক্রাদিত্যাদিনা ষত্বম্‌। অমৃতেতি ঋদ্ধনশ্চাত্মনে সিজিতি সিচ্‌, অঙ্‌ঘাদদৃন্ত্যাং স্থাদীঙশ্চাঙ্‌যে ইতি সিচো লুক্‌। ম্রিয়ত ইতি শস্তুদাদেরিতি শঃ, রিদৃতো যে চেতি ঋকারস্য রিকারঃ।

ভোক্তুম্‌" এখানে উপপূর্ব্বক স্থা ধাতুর কর্ম্ম না থাকায় আত্মনেপদ হইল। কর্ম্ম থাকিলে হইবে না; যথা—"রাজানমুপতিষ্ঠতি" এখানে কর্ম্ম রহিয়াছে বলিয়া আত্মনেপদ হইল না।

(৭৪) লিপ্সা গম্যমান হইলে উপপূর্ব্বক স্থাধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ বিকল্পে হয়। যথা—"ভিক্ষুকো ব্রাহ্মণকুলমুপতিষ্ঠতে উপতিষ্ঠতি" ভিক্ষুক ব্রাহ্মণকুলে উপস্থিত হইতেছে। এখানে ভিক্ষালাভেচ্ছা প্রতীয়মান হওয়ায় উপপূর্ব্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ বিকল্পে হইল। উপ-স্থা+তে 'চতুর্লড়াদৌ—' মধ্যে শঙ্‌, 'শিতি তিষ্ঠাদিঃ—' স্থা ধাতু স্থানে তিষ্ঠ্‌ আদেশ=উপতিষ্ঠতে। পরস্মৈপদে উপ-স্থা+তিঙ্‌=উপতিষ্ঠতি। সাধন-প্রণালী 'উপতিষ্ঠতে" বৎ।

(৭৫) লিঙ্‌, লুঙ্‌, শ অর্থাৎ চতুর্লকার পরেতে মৃঙ্‌ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। মৃঙ্‌ ধাতু তুদাদিগণীয়, অর্থ—মরণ। ইহা ঙিৎ ধাতু বলিয়া 'কর্ত্তর্য্যনুদাত্তঙিদ্‌যনায়াম্‌" এই সূত্রানুসারে ইহার আত্মনেপদ সিদ্ধ আছে; সিদ্ধ থাকা সত্ত্বে পুনরায় এই সূত্র দ্বারা ইহার আত্মনেপদ বিহিত হইতেছে। এজন্য এই লক্ষণটী নিয়ম লক্ষণ। ব্যাকরণ শাস্ত্রে বলে—'সিদ্ধো সত্যামারম্ভো নিয়মঃ" অর্থাৎ কোন একটী কার্য্য সিদ্ধি থাকিলে পুনরায় সেই কার্য্যের আরম্ভ অর্থাৎ বিধানকে নিয়ম বলে। এখানে তাহা ঘটিয়াছে। "কর্ত্তর্য্যনু—"সূত্র দ্বারা মৃঙ্‌ ধাতুর আত্মনেপদ সিদ্ধ থাকা সত্ত্বেও আবার এই সূত্র দ্বারা উহার আত্মনেপদ বিধান করা হইল। অতএব এইটী নিয়ম লক্ষণ। এই নিয়মের ফলে লিঙ্‌, লুঙ্‌ ও শ অর্থাৎ চতুর্লকার পরেতেই মৃঙ্‌ ধাতুর উত্তর আত্মনেপদ হইবে, অন্য লকার পরেতে হইবে না। সূত্রে বলা হইয়াছে যে, 'লিঙ্‌ লুঙ্‌ শেষু সৎসু' অর্থাৎ লিঙ্‌ লুঙ্‌ শ হইলে আত্মনেপদ হয়, কিন্তু আত্মনেপদ হওয়ায় পূর্ব্বে 'লিঙ্‌ লুঙ্‌—' শ হইতে পারে না; কারণ আত্মনেপদ না হইলে লিঙ্‌-লুঙ্‌ শ

জ্ঞাদেঃ ৫০ অপহ্নবাদৌ ৭০

৭৬। জ্ঞাদেরপহ্নবাদৌ।—অপহ্নবাদাবর্থে বর্ত্তমানাজ্জানাত্যাদেরুত্তরে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। শতমপজানীতে—অপহ্নুত ইত্যর্থঃ॥

সম্প্রতিভ্যাম্ ৫ঃ০ অস্মরণে ৭০

৭৭। সংপ্রতিভ্যামস্মরণে।—শতং সংজানীতে, ব্যবহরতীত্যর্থঃ। অস্মরণ ইতি কিম্? পুত্রং সংজানাতি—উৎকণ্ঠত ইত্যর্থঃ॥

শেব প্রবৃদ্ধে দন্তে ছিন্নে কর্ণে শ্বৈবেতি পবিভাষানিয়মাৎ মৃঙ ঋতোরিত্বেঽপি ধাতুত্বম্, অতো নুন্ধা-শ্বিত্যাদিনা ইয়াদেশঃ।

৭৬ জ্ঞাদে। অপহ্নবো গোপনমপলাপঃ; অপপূর্ব্বস্য জানাতেরস্মিন্নর্থে বৃত্তিঃ। শতমপজানীতে ইতি জ্ঞা অববোধনে, জ্ঞো জাশ্চেতি নাৎ জাদেশশ্চ, নাহ্বাদেরিত্যাদিনা ঈকারঃ। অনপহ্নবে তু, ন ত্বং কিঞ্চিদপি জানাসি।

৭৭ সংপ্র। সম্ প্রতি ইত্যেতাভ্যামুত্তরাজ্জানাতেরস্মরণেঽর্থে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। পুত্রং সংজানাতীতি সংজ্ঞো বা কর্ম্মণ ইতি তৃতীয়াভাবপক্ষে দ্বিতীয়া। উৎকণ্ঠত ইত্যর্থ ইত্যনেন স্মরণমিতি উৎকণ্ঠাস্মরণমিতি সূচিতম্, অতোঽনুৎকণ্ঠাস্মরণে আত্মনেপদং ভবত্যেব। স্মরণমাত্র এবাত্মনেপদং ন ভবতীতি বহূনাং সম্মতম্।

হইয়াছে এরূপ কথা বলা চলে না। এজন্য বলা হইয়াছে যে, "ভাব্যর্থো ভূতবদঙ্গীক্রিয়তে" অর্থাৎ ব্যাকরণশাস্ত্রে ইষ্টসিদ্ধির নিমিত্ত ভাবী অর্থকে ভূতবৎ অঙ্গীকার করা চলে। এখানে আত্মনেপদ-প্রবৃত্তির পরবর্ত্তী অতএব ভাবী লিঙ্-লুঙ্ শ কে ভূতবৎ অর্থাৎ আত্মনেপদ প্রবৃত্তির পূর্ব্ববর্ত্তিরূপে কল্পনা করা হইয়াছে। এইরূপ যুক্তিকে ব্যাকরণশাস্ত্রে ন্যায় বলে। উদাহরণ—লিঙ্—মৃষীষ্ট। লুঙ্—অমৃত। 'শ' অর্থাৎ চতুর্বিকাব—ম্রিয়তে। সাধন-প্রণালী—মৃ+(আশীর্লিঙ্) সীষ্ট 'ইচ্- ক্রাৎ—" সকাবের ষত্ব=মৃষীষ্ট। মৃ+(লুঙ্) ত 'ঋদ্ধন—' মধ্যে সিচ্ 'অঙ্-যাদদৃন্তাৎ—' সিচ্ লোপ,' 'লঙ্ লুঙ্ লুঙ্ষ—' পদের 'আদিতে অঙ্ আগম=অমৃত। মৃ+(লট্) তে 'শস্বদাদেঃ' মধ্যে শ, 'রিদৃতো—' ঋকারের স্থানে রি, 'নুন্ধাতু—' ইকারের স্থানে ইয়্=ম্রিয়তে।

(৭৬) অপহ্নবাদি অর্থে জ্ঞা প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। অপহ্নব—গোপন অপলাপ, উদাহরণ, যথা—'শতমপজানীতে' অর্থাৎ শত মুদ্রা গোপন করিতেছে। এখানে জ্ঞা ধাতুর অর্থ হইল—গোপন। এজন্য আত্মনেপদ হইল। যখন জ্ঞা ধাতুর অর্থ অপহ্নব হইবে না, তখন আত্মনেপদও হইবে না; যথা—ন ত্বং কিঞ্চিদপি জানাসি'? তুমি কিছুই জান না? এখানে জ্ঞা ধাতুর অর্থ অপহ্নব হয় নাই বলিয়া আত্মনেপদ হয় নাই। জ্ঞা ধাতুর সহিত 'অপ' উপসর্গের যোগ হইলেই অপহ্নব বুঝায়। জ্ঞা ধাতু ক্র্যাদিগণীয়। অর্থ—জ্ঞান (জানা) সকর্ম্মক। অপ জ্ঞা+(লট্) তে 'জ্ঞো জাশ্চ' মধ্যে নাৎ, জ্ঞা স্থানে জা আদেশ, (নাতের না থাকে) 'নাহ্বাদেঃ—' নাতের আকার স্থানে ঈকার।

(৭৭) অস্মরণ অর্থে সং ও প্রতিপূর্ব্বক জ্ঞা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—'শতং সংজানীতে" 'অর্থাৎ শত মুদ্রা লইয়া ব্যবহার করিতেছে। এখানে জ্ঞা ধাতুর অর্থ—স্মরণ নয়; সুতরাং আত্মনেপদ হইল। যখন জ্ঞা ধাতুর অর্থ অস্মরণার্থ হইবে না, অর্থাৎ স্মরণার্থ হইবে? তখন

ভুনক্তেঃ ৫৯ অপালনে ৭০

৭৮। ভুনক্তেরপালনে।—ভক্তং ভুঙ্‌ক্তে, সুখমুপভুঙ্‌ক্তে। "বুভুজে পৃথিবীপালঃ পৃথিবীমেব কেবলা"মিতি রঘুঃ।—উপভুক্তবানিত্যর্থঃ। পালনে তু—ভুনক্তি পৃথিবীং রাজা—পালয়তীত্যর্থঃ॥

তপঃ ৫০ তপোঽর্জ্জনে ৭০ যক্ ১০ চ ।১১

৭৯। তপস্তপোঽর্জ্জনে যক্ চ।—তপস্তপ্যতে তাপসঃ—তপোঽর্জ্জয়তীত্যর্থঃ॥

৭৮ ভুন। ভুনক্তেরিতি নির্দ্দেশো ভুজ্ পালনাভ্যবহারয়োরিত্যস্য রৌধাদিকস্য গ্রহণার্থং তেন ভুজ কৌটিল্য ইত্যস্য তৌদাদিকস্য গ্রহণং ন ভবতি। পালনব্যতিরিক্তেঽর্থে বর্ত্তমানাদ্ভুনক্তেরাত্মনেপদং ভবতি। ভক্তং ভুঙ্‌ক্তে ইতি ভক্ষণার্থোঽত্র ভুজিঃ। সুখমুপভুঙ্‌ক্ত ইত্যাদাবুপভোগার্থো ভুজিঃ।

৭৯ তপ। তপ ধূপ সন্তাপে ইত্যস্মাত্তপোঽর্জ্জনেঽর্থে বর্ত্তমানাদাত্মনেপদং ভবতি কর্ত্তরি বাচ্যে; তৎসন্নিয়োগে যক্ চ। যকঃ ককারকরণং যগ্‌ভাবকর্ম্মণোরিত্যনেন বিহিতস্য যকো বিধানমেতদিতি সূচনার্থং; তেন চতুর্ষ্বেব যগ্ ভবতি। অত্র বিধানস্য চ প্রয়োজনমেতদেব, কর্ত্তরি যক্

আত্মনেপদও হইবে না; যথা—'পুত্রং সংজানাতি' পুত্রকে স্মরণ করিয়া উৎকণ্ঠিত হইতেছে। এখানে জ্ঞা ধাতুর অর্থ স্মরণ, সুতরাং আত্মনেপদ হয় নাই। সাধন প্রণালী পূর্ব্ববৎ।

(৭৮) অপালন অর্থে ভুজ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—'ভক্তং ভুঙ্‌ক্তে সুখমুপভুঙ্‌ক্তে, ভুনক্তি পৃথিবীমিত্যাদি' এই উদাহরণত্রয়ের মধ্যে প্রথম উদাহরণটীতে ভুজধাতুর অর্থ ভোজন এবং দ্বিতীয় ও তৃতীয় উদাহরণে—উপভোগ। এ সকল স্থানে ভুজ ধাতুর অর্থ—পালন নয় বলিয়া আত্মনেপদ হইয়াছে। যখন ভুজধাতুর পালন—অর্থ হইবে, তখন আত্মনেপদ হইবে না; যথা "ভুনক্তি পৃথিবীং রাজা" অর্থাৎ রাজা পৃথিবী পালন করিতেছেন। এখানে ভুজ ধাতুর অর্থ 'পালন' বলিয়া আত্মনেপদ হয় নাই। ভুজধাতু পালনার্থ হইলেই পরস্মৈপদী, আর পালন ভিন্ন অর্থ হইলেই আত্মনেপদী। ভুজধাতু রুধাদিগণীয় ও সকর্ম্মক, অর্থ—ভোজন, ভোগ ও পালন। ভুজ + তে "রুধাদেঃ শ্নম্" মধ্যে শ্নম্, 'শ্নাস্তো—' শ্নমের অকার লোপ, (শ্নমের অকার বিশিষ্ট ন থাকে) 'চজোঃ কঃ' জ স্থানে ক্, 'উপান্তস্য' নকারস্থানে তদ্বর্গান্ত—ঙ = ভুঙ্‌ক্তে। ভুজ্ + (লিট্) এ "নিম্লিড়ন্ত—' 'ভু' র দ্বিরুক্তি, "থচথধ—"দ্বিরুক্ত 'ভ'স্থানে ব = বুভুজে। ভুজ + তিঙ্ = 'ভুঙ্‌ক্তে' বৎ, বিশেষ—'শ্নাস্তো—' সূত্রানুসারে অকার লোপ হইল না = ভুনক্তি।

(৭৯) তপস্যার অর্জ্জন অর্থে তপ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয় এবং চতুর্ল্‌কার পরেতে মধ্যে যক্ হইয়া থাকে। তপোঽর্জ্জন—তপশ্চরণ (তপস্যা করা)। উদাহরণ, যথা—"তপস্তপ্যতে তাপসঃ" তাপসব্যক্তি তপ অর্জ্জন করিতেছেন। এখানে তপস্যার অর্জ্জন অর্থে তপ ধাতুর উত্তর আত্মনেপদ ও মধ্যে যক্ হইল। তপ + তে, মধ্যে যক্ = তপ্যতে। যকের য্ থাকে। যখন তপস্যার অর্জ্জন বুঝাইবে না, তখন তপ্ ধাতুর উত্তর আত্মনেপদও হইবে না; যথা—"তপাংসি তাপসাংস্তপন্তি" অর্থাৎ তপস্যা তাপসদিগকে দুঃখ প্রদান করে। এখানে তপধাতুর অর্থ হইল—দুঃখ দেওয়া। এজন্য আত্মনেপদ হইল না। অপিচ—উত্তপতি সুবর্ণং

ন।১০ অনো: ৫০ যক্ ১০ ইতি।২০ একে ১:০

৮০। নানোর্যগিত্যেকে।—অনুতপতে॥

শপ: ৬০ শপথে ৭০

৮১। পশঃ শপথে।—শপথে॥

নাথেঃ ৫০ আশিষি ৭০

৮২। নাথেরাশিষি।—পুত্রং নাথতে॥

যথা স্যাৎ। তপোঽর্জ্জন ইতি কিম্? তপাংসি তাপসাস্তপন্তি দুঃখয়ন্তীতার্থঃ, উত্তপতি স্বর্ণং স্বর্ণকারঃ তপ্তং করোতীত্যর্থঃ।

৮০ নানো। অনুপূর্ব্বাত্তপোঽর্জ্জনেঽর্থে বর্ত্তমানাত্তপতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। তৎসন্নিযোগে যক্ ন ভবতীত্যেকে বদন্তি।

৮১ শপঃ। শপ আক্রোশ ইত্যস্মাৎ শপথেঽর্থে বর্ত্তমানাদাত্মনেপদং ভবতি কর্ত্তরি বাচ্যে। বাচা শরীরস্পর্শনং শপথঃ। শপথ ইতি কিম্? মিত্রং শপতি আক্রোশতীত্যর্থঃ।

৮২ নাথে। অনুদাত্তেত্ত্বাদাত্মনেপদে সিদ্ধে নিয়মার্থং বচনম্। নাথ্ নাধৃ যাচ্ঞোপতাপৈশ্বর্য্যাশীঃষ্বিত্যেতস্মাদাশিষ্যেবার্থে বর্ত্তমানাৎ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। ইষ্টাশংসনম্ আশীঃ। নাথত- ইতি কিমপ্যেতদপেক্ষিতং বস্তু মে ভূয়াদিত্যাশংসাং করোতীত্যর্থঃ। আশিষীতি কিম্? মধু নাথতি যাচত ইত্যর্থঃ। যাচনেঽপ্যাত্মনেপদং ক্বচিদ্দৃশ্যতে, তৎ চিন্ত্যম্। তথাচ ভারবিঃ—"মার্গণৈরথ তব প্রয়োজনং নাথসে কিমু পতিং ন ভূভৃতঃ।"

"স্বর্ণকারঃ" এখানে তপধাতুর অর্থ হইল—তপ্ত করা, সুতরাং আত্মনেপদ হয় নাই। আত্মনেপদ না হওয়ায় যক্‌ও হইল না। তপধাতু ভ্বাদিগণীয়, এই সূত্রানুসারে আত্মনেপদ হইলেই ইহার উত্তর যক্ হয়, অন্যথা—পরস্মৈপদে ভ্বাদিগণীয় বলিয়া ইহার মধ্যে শঙ্ হইবে।

(৮০) কোন কোন বৈয়াকরণ বলেন যে, তপস্যার অর্জ্জন অর্থে অনুপূর্ব্বক তপধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়, কিন্তু যক্ হয় না। যথা—'অনুতপতে'। এখানে তপস্যার অর্জ্জন অর্থে তপধাতুর উত্তর আত্মনেপদ হইয়াছে, যক্ হয় নাই। অনু তপ + তে 'চতুর্দ্দশ্যা—' মধ্যে শঙ্ = অনুতপতে।

(৮১) শপথ অর্থে শপ্‌ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। শপথ—শপথ করা, (দিব্য করা) 'তোমার গাত্র স্পর্শ করিয়া বলিতেছি', ইত্যাদি লোক-প্রসিদ্ধ। উদাহরণ— 'শপতে'। অর্থাৎ শপথ করিতেছে। শপধাতুর অর্থ—আক্রোশ, কিন্তু এখানে শপথ অর্থ হওয়ায় আত্মনেপদ হইল। যখন শপথ অর্থ হইবে না, তখন আত্মনেপদও হইবে না; যথা— "মিত্রং শপতি" অর্থাৎ মিত্রের প্রতি আক্রোশ করিতেছে। এখানে শপধাতুর অর্থ আক্রোশ হওয়ায় আত্মনেপদ হইল না। শপ্ + তে 'চতুর্দ্দশ্যা—' মধ্যে শঙ্ = শপতি।

(৮২) আশীর্ব্বাদ অর্থে নাথ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। আশীর্ব্বাদ—অভিলষিত প্রাপণের ইচ্ছা। উদাহরণ, যথা—"পুত্রং নাথতে" পুত্রকে আশীর্ব্বাদ করিতেছে। এখানে আশীর্ব্বাদ অর্থে নাথ্ ধাতুর উত্তর আত্মনেপদ হইল। যখন নাথধাতুর অর্থ—আশীর্ব্বাদ হইবে না, তখন আত্মনেপদও হইবে না; যথা—"মধু নাথতি" অর্থাৎ মধু প্রার্থনা করিতেছে। এখানে নাথধাতুর অর্থ হইল—যাচ্ঞা; সুতরাং আত্মনেপদ হয় নাই। নাথ্‌ধাতুর অর্থ—যাচ্ঞা, উপতাপ, ঐশ্বর্য্য ও আশীর্ব্বাদ। এই সকল অর্থের মধ্যে কেবল আশীর্ব্বাদ অর্থেই আত্মনেপদ

জ্ঞঃ ৫০ অকর্ম্মকাৎ ৫০

৮৩। জ্ঞোঽকর্ম্মকাৎ।—মধুনো জানীতে—জ্ঞাত্বা প্রবর্ত্তত ইত্যর্থঃ॥

ন।১০ অপ্রবর্ত্তনার্থাৎ ৫০

৮৪। নাপ্রবর্ত্তনার্থাৎ।—"সম্ভবিষ্যাব একস্যামভিজানাসি মাতরী"তি ভট্টিঃ॥

শদঃ ৫০ চতুর্ষু ৭০

৮৫। শদশ্চতুর্ষু।—শীয়তে॥

৮৩ জ্ঞো। জ্ঞাদেবপঙ্কবাদাদিপ্রয়োগানুবন্ধমেবল্লক্ষণং ন কৃতম্, অর্থবিশেষেঽনেন বিধানাভাবাৎ অকর্ম্মকক্রিয়াবচনাজ্জানাতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। মধুনো জানীত ইতি জ্ঞোঽপ্রাদেরিত্যনেন কর্ত্রর্থক্রিয়াফলে আত্মনেপদং প্রাপ্তমেব, অকর্ত্রর্থক্রিয়াফলে অনেন বিধীয়তে। জ্ঞাত্বা প্রবর্ত্তত-ইত্যর্থ ইত্যনেন সকর্ম্মকস্যৈব জানাতেরর্থবিশেষে অকর্ম্মকতা দর্শিতা। তথাহি—জ্ঞানপূর্ব্বিকায়াং প্রবৃত্তৌ যদা জানাতির্বর্ত্ততে, তদা প্রবর্ত্তনক্রিয়ায়াং মধুনঃ করণত্বং ন তু কর্ম্মত্ত্বা। অতএব জ্ঞোঽবোধার্থস্য করণাদিত্যনেন করণে ষষ্ঠী ভবতি; মধুনা করণভূতেন প্রবর্ত্তত ইত্যর্থঃ।

৮৪ নাপ্র। অকর্ম্মকাজ্জানাতেঃ বিহিতমাত্মনেপদম্ অপ্রবর্ত্তনার্থান্ন ভবতি, প্রবর্ত্তনার্থাদেব ভবতীত্যর্থঃ। "সম্ভবিষ্যাব একস্যামভিজানাসি মাতরী" অত্রাকর্ম্মকে, জানাতির্ভবত্যেব, ন তু প্রবর্ত্তনার্থঃ। তথাচ ভাষ্য উক্তম্—"অভিজানাসি দেবদত্ত কাশ্মীরে নিবৎস্যাম" ইতি।

৮৫ শদ। শদ্ শাতন ইত্যস্মাল্লৃড়াদিষু চতুর্ষু কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। শীয়ত ইতি শদসদোঃ শীয়সীদাবিতি শীয়াদেশঃ। চতুর্ষ্বিতি কিম্? শৎস্যতি।

হয় কোথাও কোথাও যাচ্ঞা অর্থেও আত্মনেপদ হইতে দেখা যায়; যথা—"মার্গণৈরথ তব প্রয়োজনং নাথসে কিমু পতিং ন ভূভৃতঃ।" (ভারবি) এই পদ্যাংশস্থিত 'নাথসে' পদের অর্থ 'যাচসে'। অতএব এখানে যাচ্ঞা অর্থে আত্মনেপদ হইয়াছে। নাথ + সে, 'চতুর্ল ড়া—' মধ্যে শঙ্ = নাথসে।

(৮৩) অকর্ম্মক জ্ঞা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—"মধুনো জানীতে" অর্থাৎ জানিয়া মধুদ্বারা প্রবৃত্ত হইতেছে। 'মধুনঃ' এই পদটী করণকারক; "জ্ঞোঽবোধার্থস্য করণাৎ" এই সূত্রানুসারে করণকারকে ষষ্ঠী বিভক্তি হওয়ায় 'মধুনা' স্থানে 'মধুনঃ' হইয়াছে। এখানে এই জ্ঞাধাতু অকর্ম্মক; সুতরাং আত্মনেপদ হইয়াছে। 'জানীতে' এই পদ পূর্ব্বে সাধিত হইয়াছে।

(৮৪) অকর্ম্মক জ্ঞাধাতু অপ্রবর্ত্তনার্থ হইলে তাহার উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয় না। যথা—"সংভবিষ্যাব একস্যামভিজানাসি মাতরি" জানিতেছে আমরা উভয়ে এক মাতার গর্ভে জন্মগ্রহণ করিব। এখানে জ্ঞাধাতু অকর্ম্মক হইয়াছে বটে; কিন্তু অপ্রবর্ত্তনার্থ হওয়ায় আত্মনেপদ হইল না। এই সূত্র দ্বারা প্রতিপন্ন হইল যে, পূর্ব্বসূত্রানুসারে অকর্ম্মক জ্ঞাধাতুর উত্তর বিহিত আত্মনেপদ প্রবর্ত্তন অর্থেই হইবে, অপ্রবর্ত্তন অর্থে হইবে না। অভি-জ্ঞা + লট্) সিদ্ধ "জ্ঞো জাশ্চ" মধ্যে নাং ও জ্ঞাধাতু স্থানে 'জা' আদেশ = অভিজানাসি।

(৮৫) চতুর্লকার পরে থাকিলে শদ্ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—শীয়তে। শদ্ + তে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্, 'শদসদোঃ—' শদ্ স্থানে শীয় আদেশ = শীয়তে। যখন চতুর্লকার পরে হইবে না, তখন আত্মনেপদও হইবে না; যথা—শৎস্যতি, এখানে লৃট্ পরে হইয়াছে বলিয়া আত্মনেপদ হইল না।

বা।১০ উপসর্গাঃ ৫০ উহাস্ত্যোঃ

৮৬। বোপসর্গাদূহাস্ত্যোঃ।—সমূহতি সমূহতে, উদস্যতি উদস্যতে। অনয়োরকর্ম্মকত্ব এবাত্মনেপদমিত্যন্যে, তদযুক্তম্। তথাচ—"সন্ততং তিমির-মিন্দুরুদাসে"ইতি ভারবিঃ॥

দাণঃ ৫০ অশিষ্টব্যবহারে ৭ গম্যে ৭০ চতুর্থ্যর্থে ৭০ তৃতীয়া ১০ চ।১০

৮৭। দাণোঽশিষ্টব্যবহারে গম্যে চতুর্থ্যর্থে তৃতীয়া চ।—দাস্যা মালাং সংপ্রযচ্ছতে কামুকঃ, দাস্যৈ মালাং দদাতীত্যর্থঃ॥

অপাৎ ৫০ কিরঃ ৫০ চতুষ্পাৎপক্ষিহর্ষাদৌ ৭০ স্টু ১০ চ।১০ কৃতি ৭০ অপি।১০

৮৮। অপাৎ কিরশ্চতুষ্পাৎপক্ষিহর্ষাদৌ স্টু চ কৃত্যপি।—অপস্কিরতে বৃষভো হৃষ্টঃ॥

৮৬ বোপ। উপসর্গাদূহস্ত্যোঃ বিতর্কে, অস্ ক্ষেপণে ইত্যেতয়োরাত্মনেপদং বা ভবতি কর্ত্তরি বাচ্যে। অস্যতীতি, নির্দ্দেশোঽস্ ভুবি ইত্যস্য নিরাসার্থঃ। অনয়োরিত্যাদিনা চন্দ্রমতে দূষণমাহ।

৮৭ দাণো। দাণ দানে ইত্যস্মাদশিষ্টব্যবহারে গম্যমানে আত্মনেপদং ভবতি কর্ত্তরি বাচ্যে; চতুর্থ্যর্থে তৃতীয়া চ। দাস্যা মালাং সংপ্রযচ্ছতে কামুক ইতি কামুকঃ সন দাস্যৈ মালাং দদাতীত্যর্থঃ; দাস্যৈ মালাদানমশিষ্টব্যবহারঃ।

৮৮।৮৯।৪ অপাদুত্তরস্মাৎ কৄ বিক্ষেপে ইত্যস্মাচ্চতুষ্পদাং পক্ষিণাং চ হর্ষে, আদিপদেন

(৮৬) উপসর্গপূর্ব্বক বিতর্কার্থ উহ্ ধাতু এবং ক্ষেপণার্থ অস্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনে-পদ বিকল্পে হয়; যথা—"সমূহতি সমূহতে, উদস্যতি উদস্যতে" 'সমূহতি' পদে পরস্মৈপদ এবং 'সমূহতে' পদে আত্মনেপদ হইয়াছে। এইরূপ 'উদস্যতি' পদে পরস্মৈপদ এবং 'উদস্যতে'পদে আত্মনেপদ হইয়াছে। কোন কোন বৈয়াকরণ বলেন যে, এই ধাতুদ্বয় যখন অকর্ম্মক হইবে, তখনই ইহাদের উত্তর আত্মনেপদ হইবে, কিন্তু এ কথা যুক্তিসঙ্গত নহে; যথা—"সন্ততং তিমির-মিন্দুরুদাসে" (ভারবি) অর্থাৎ চন্দ্র গাঢ় অন্ধকার অপসারিত করিয়াছিলেন। এখানে 'উদাসে' ক্রিয়াটী উৎ উপসর্গপূর্ব্বক ক্ষেপণার্থ অস ধাতু দ্বারা নিষ্পন্ন হইয়াছে। 'তিমিরং' পদটী এই ক্রিয়ার কর্ম্ম। অতএব কর্ম্মসত্ত্বেও যে অস্ ধাতুর আত্মনেপদ হইয়াছে, তাহা স্পষ্টই দেখিতে পাওয়া যাইতেছে। সুতরাং অন্যের মত অশ্রদ্ধেয়। সম্-উহ্ + তিঙ্ 'চতুর্দ্দা—' মধ্যে শঙ, 'দীর্ঘো-পান্ত্য' গুণাভাব = সমূহতি। সমূহতে—সমূহতিবৎ। উৎ-অস্ + তিঙ্ 'দিবাদের্যং—' মধ্যে যং 'বর্গাদেস্তৃতীয়ঃ—' তকারস্থানে দকার = উদস্যতি। উদস্যতে—উদস্যতিবৎ।

(৮৭) অশিষ্ট ব্যবহার গম্যমান হইলে দাণ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয় এবং চতুর্থী বিভক্তির প্রাপ্তিতে তৃতীয়া বিভক্তি হইয়া থাকে। যথা—"দাস্যা মালাং সংপ্রযচ্ছতে কামুকঃ" অর্থাৎ কামুক ব্যক্তি দাসীকে মালা দান করিতেছে। এখানে দাসীকে মালা দান করায় অশিষ্ট ব্যবহার গম্যমান হইতেছে; এজন্য দাণ ধাতুর উত্তর আত্মনেপদ হইল। আর সংপ্রদান কারক দাসী শব্দে চতুর্থী বিভক্তি না হইয়া এই সূত্রের-বিধানসামর্থ্যে তৃতীয়া বিভক্তি হইয়াছে। সং-প্র-দাণ্ + তে 'চতুর্দ্দা—' মধ্যে শঙ, 'দাণযমোঃ—' দাণ্ স্থানে 'যচ্ছ্' আদেশ = সংপ্রযচ্ছতে।

(৮৮) চতুষ্পদ জন্তু এবং পক্ষীদিগের হর্ষ বিষয়ে অপপূর্ব্বক বিক্ষেপার্থ কৄ ধাতুর উত্তর

জীবিকায়াম্ ৭০

৮৯। জীবিকায়াম্।—অপস্কিরতে কুক্কুটো ভক্ষ্যার্থী ॥

আশ্রয়করণে ৭০

৯০। আশ্রয়করণে।—অপস্কিরতে শ্বা শয়নার্থী। বৃষভো হৃষ্টোঽপ-স্কীর্য্য গতঃ ॥

জীবিকায়াম্ আশ্রয়করণে চ বিষয়ে কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। স্মুট্ চ কৃত্যপি ইতি অপরো যোগঃ। অপাদুত্তরঃ কিরতেরাত্মনেপদবিষয়ে কৃদ্বিষয়ে চ চতুষ্পাৎপক্ষিহর্ষাদৌ বিষয়ে স্মুড় ভবতি। এক-যোগে তু আত্মনেপদবৎ কিরতেরুত্তরঃ স্মুড়পি ভবতীতি সন্দেহঃ স্যাৎ। চতুষ্পাদিতি ষসংখ্যা-গৃঢাচ্চেতি পাদস্যাল্লুক্। অপস্কিরতে বৃষভো হৃষ্ট ইতি কিরতের্বিক্ষেপ এবার্থঃ, হর্ষাদিস্তু তস্য বিষয়ঃ। অপস্কীর্য্য গত ইতি কৈক্তককর্ত্তৃকয়োরিত্যাদিনা ক্তা, প্রাদের্যচ্ সমাসে ইতি ক্তো যচ্, ঋদির্ ইতি ইর্, রান্তাদেরিত্যাদিনা দীর্ঘঃ। চতুষ্পাৎ পক্ষীতি কিম্? অপকিরতি মনুষ্যঃ। হর্ষাদাবিতি কিম্? অপকিরতি শ্বা ওদনপিণ্ডে নাশিতস্তৃপ্তঃ; তৃপ্তো হি নিয়মেন হৃষ্টো ভবতীতি তৃপ্তিকার্য্যং হর্ষো, ন তু সাক্ষাচ্ছব্দেনোক্তঃ; স্মুটষ্টকারো লিটি সস্মটকৃঞ ইত্যত্র সন্দেহনিবাসার্থঃ, অন্যথোপসর্গস্য সোঽপি গ্রহণমিতি শঙ্কা স্যাৎ; এবঞ্চ সতি স্মটকুরেত্যত্র ইড্ স্যাৎ। পূর্ব্বং ধাতুরুপসর্গেণ যুজ্যতে পশ্চাৎ সাধনেনেতি ন্যায়াৎ কিরতেঃ অপস্কিরতে ইত্যাদৌ প্রথমং স্মুট্, স্মুড়য়ং ধাতোরবয়বো বিধীয়তে, তেন অপচস্করে ইত্যাদৌ স্মুটঃ প্রাক্ দ্বিরুক্তিঃ, অপাস্কিরত-ইত্যাদৌ স্মুটঃ প্রাক্ অডাগমঃ; এতচ্চ লিঙ্সিচোরাত্মনেপদে সংযোগাদৃদন্তস্য সস্মটকৃঞ বর্জ্জমিতি সস্মট্কৃঞ্ প্রতিষেধেন জ্ঞাপিতম্। যদা স্মুড় ধাত্ববয়বো ন ভবতি, তদা ধাতোঃ সংযোগাদিত্বাভাবাদেব ঋধাদিত্বাভাবে প্রাপ্তে সস্মট্কৃঞ বর্জ্জমিত্যনর্থকং স্যাৎ, করোতি চ যৎ তজ্জ্ঞাপয়তি—স্মুড়য়ং ধাত্ববয়ব ইতি।

কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ ও মধ্যে স্মুট্ হয় এবং এই অর্থে কৃৎ বিষয়েও স্মুট্ হইয়া থাকে। যথা—"অপস্কিরতে বৃষভো হৃষ্টঃ" অর্থাৎ হৃষ্ট বৃষভ শৃঙ্গ বা পাদ দ্বারা মৃত্তিকা খনন করিয়া বিক্ষিপ্ত করি-তেছে। এখানে চতুষ্পদ জন্তু বৃষভের হর্ষ বুঝাইতেছে বলিয়া আত্মনেপদ ও স্মুট্ হইয়াছে। হর্ষাদির আদিপদে—পরবর্ত্তী সূত্রদ্বয়ে যে অর্থ উক্ত হইয়াছে, তাহা। যখন চতুষ্পাৎ জন্তু ও পক্ষীর হর্ষ বুঝা-ইবে না, তখন আত্মনেপদ ও স্মুট্ কিছুই হইবে না; যথা—'অপকিরতি মনুষ্যঃ।' যখন হর্ষাদি হইবে না, তখনও আত্মনেপদ ও স্মুট্ হইবে না; যথা—"অপকিরতি শ্বা"। অপ-কৃ+তে, 'শস্তুদাদেঃ' মধ্যে শ, 'ঋদির' ঋকার স্থানে ইর্, পূর্ব্ববর্ণে শয়ের অকার যুক্ত, 'অপ' উপসর্গের উত্তর স্মুট্, স্মুটের স্ থাকে = অপস্কিরতে।

(৮৯) জীবিকা (আহার-অন্বেষণ) বিষয়ে অপপূর্ব্বক কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ ও মধ্যে স্মুট্ হয়। এই অর্থে কৃৎপ্রত্যয় বিষয়েও স্মুট্ হইয়া থাকে। যথা—"অপস্কিরতে কুক্কুটো ভক্ষ্যার্থী" অর্থাৎ ভক্ষ্যার্থী কুক্কুট ইতস্ততঃ তৃণাদি বিক্ষেপ করিতেছে। এখানে অপস্করণের বিষয় (উদ্দেশ্য)—জীবিকা (আহারান্বেষণ)। সুতরাং আত্মনেপদ ও স্মুট্ হইয়াছে।

(৯০) আশ্রয়করণ অর্থে অপপূর্ব্বক কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ ও স্মুট্ হয়। কৃৎ বিষয়েও এই অর্থে স্মুট্ হইয়া থাকে। যথা—"অপস্কিরতে শ্বা শয়নার্থী" অর্থাৎ শয়নার্থী কুকুর পাদ দ্বারা ইতস্ততঃ তৃণাদি বিক্ষেপ করিতেছে। এখানে অপস্করণের বিষয় (উদ্দেশ্য)—আশ্রয়করণ। কৃতের উদাহরণ যথা—"বৃষভো হৃষ্টো অপস্কীর্য্য গতঃ" অপ-কৃ। ক্তা 'প্রাদের্যচ্—' ক্ত স্থানে

ক্ত্বা ১০ ণম্ ১০ চ ।১০ উপাৎ ৫০ লূর্থযোগে ৭০

৯১। ক্ত্বা ণম্ চোপাল্লূর্থযোগে।—উপস্কারং লুনাতি, উপস্কারং ছিনত্তি ; বিক্ষিপ্য লুনাতীত্যর্থঃ ॥

প্রতেঃ ৫০ চ ।১০ হিংসানুবন্ধিবিক্ষেপে ৭০

৮২। প্রতেশ্চ হিংসানুবন্ধিবিক্ষেপে।—উপস্কীর্ণং, প্রতিস্কীর্ণম্ ॥

অবস্করঃ ১০ বিষ্ঠায়াম্ ৭০

৯৩। অবস্করো বিষ্ঠায়াম্ ॥

৯১ ক্ত্বা। পূর্ব্বোক্তার্থাভাবাদপ্রাপ্তে বিধানম্। লূর্থযোগে সতি উপাত্তরঃ কিরতেঃ স্নড্ ভবতি ; তস্য ক্ত্বা ণম্ চ, সন্নিয়োগশিষ্টং বিধানম্। লবনং লূঃ, লূবর্থো যেষাং তে লূর্থাঃ। লূর্থযোগ ইতি কিম্ ? উপাকিরতি পুষ্পম্।

৯২ প্রতে। চকার উপ ইত্যস্যানুকর্ষণার্থঃ। হিংসানুবন্ধিনি বিক্ষেপে বর্তমানস্য কিরতেঃ উপাৎ প্রতেশ্চোত্তরঃ স্নড্ ভবতি। উপস্কীর্ণমিতি ক্তপ্রত্যয়ে ঋত ইদ্ধাতোরিত্যাদিনা ইর্ ভাবঃ, ঋদির্ ইতি ইর্, রান্তাদেরিত্যাদিনা দীর্ঘঃ। ক্তক্তবতোরিত্যাদিনা তস্য নঃ, ণত্বম। তথা বিক্ষিপ্তঃ, যথা হিংসামনুবধ্নাতি। তথাচ "উরো বিদারং প্রতিচস্করে নখৈ"রিতি মাঘঃ।

৯৩ অব। অবস্কর ইতি নিপাত্যতে বিষ্ঠায়াং বাচ্যায়াম্। অবস্কর ইতি ঋদৃতোর্দেঙ ইতি কর্ম্মণি ঙঃ, অবাদুত্তরঃ স্নট্ নিপাত্যতে বিষ্ঠায়াম্। অন্যত্র অবকরঃ

যচ্, 'ঋদির' ঋকারস্থানে ইর্, 'রান্তাদে—' ইকারের দীর্ঘ, 'অপ' উপসর্গের উত্তর স্নট্, ইরের র যকারে যুক্ত = অপস্কীর্য। ক্ত্বা প্রত্যয়ান্ত পদগুলিকে অসমাপিকা ক্রিয়া বলে এবং উহারা অব্যয় হইয়া থাকে। অব্যয় শব্দের পদত্বনিষ্পত্তির নিমিত্ত উহাদের উত্তর 'সু' বিভক্তি করিতে হয় এবং 'সুপোঽব্যয়াৎ' এই সূত্রানুসারে ঐ 'সু' বিভক্তির লোপ হয়।

(৯১) লূঃ লবনং (ছেদনং), লূঃ অর্থো যেষাং তে লূর্থাঃ (ধাতবঃ) তেষাং যোগঃ তস্মিন্। লূর্থ অর্থাৎ ছেদনার্থ ধাতুর যোগ হইলে উপপূর্ব্বক কৃ ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয়স্থানে ণম্ এবং মধ্যে স্নট্ হয়। যথা—'উপস্কারং লুনাতি, উপস্কারং ছিনত্তি' অর্থাৎ ক্ষেপণ করিয়া ছেদন করিতেছে। এখানে ছেদনার্থ লূ ধাতু ও ছিদ ধাতুর যোগ থাকায় উপপূর্ব্বক কৃ ধাতুর উত্তর ক্ত্বা-ণম্ ও মধ্যে স্নট্ হইয়াছে। উপ কৃ + ক্ত্বা, ক্ত্বাস্থানে ণম্ 'নিত্যাকথাদে—' বৃদ্ধি, ণমের অকার রকারে যুক্ত, 'উপ' উপসর্গের উত্তর স্নট্ = উপস্কারম্। লূ + তিপ্, 'ক্র্যাদের্নাঃ' —মধ্যে নাঃ = লুনাতি। ছিদ্ + তিপ্, 'রুধাদেঃ শ্নম্' ধাতুর মধ্যে শ্নম্, 'বর্গস্যাদি—' দকার স্থানে ত, তকার তকারে যুক্ত = ছিনত্তি।

(৯২) হিংসানুবন্ধী বিক্ষেপ অর্থে কৃ ধাতুর প্রয়োগে উপ ও প্রতি উপসর্গের উত্তর স্নট্ হয়। হিংসানুবন্ধী বিক্ষেপ—হিংসার জনক বিক্ষেপ। উপ—কৃ + ক্ত 'ঋদির্' ঋকার স্থানে ইর্, 'রান্তাদে —' ইরের ইকারের দীর্ঘ, 'ক্তক্তবতোঃ—' ক্ত প্রত্যয়ের তকারস্থানে ন, 'ঋষেভ্যঃ—' ণত্ব, 'ক্তত্বান্তঃ —' ইড্ নিষেধ = উপস্কীর্ণঃ। প্রতিস্কীর্ণও ঐরূপ।

(৯৩) বিষ্ঠা বুঝাইলে অবস্কর শব্দে স্নট্ নিপাতন-সিদ্ধ হয়। অব কৃ + 'ঋদৃতোর্দেঙঃ' ঙ প্রত্যয়, ঋকারের গুণ, 'ঙ' প্রত্যয়ের অকার—রকারে যুক্ত, 'অব' উপসর্গের উত্তর স্নট্। বিষ্ঠাবাচক না হইলে অবকর হয়, স্নট্ হইবে না।

অপস্করঃ ১০ রথাঙ্গে ৭০

৯৪। অপস্করো রথাঙ্গে ॥

বিষ্কিরঃ ১০ পক্ষিণি ৭০ মত্বং ১০ চ।১০ বিকিরঃ ১০ চ।১০

৯৫। বিষ্কিরঃ পক্ষিণি মত্বঞ্চ বিকিরশ্চ ॥

সংপর্য্যুপেভ্যঃ ৫ঃ০ কৃঞঃ ৫০ অভূষণে ৭০

৯৬। সংপর্য্যুপেভ্যঃ কৃঞোঽভূষণে।—সংস্কর্ত্তা, পরিষ্কর্ত্তা, উপস্কর্ত্তা। অভূষণে তু—সংকরোতি পরিকরোতি উপকরোতি।

সমঃ ৫০ অভূষণে ৭০ অপি।১০ ক্বচিৎ ৭০ ইতি।১০ একে ১ঃ০

৯৭। সমোঽভূষণেঽপি ক্বচিদিত্যেকে।—সংস্কৃতমনিত্যম্ ॥

৯৪ অপ। অপস্কর ইতি নিপাত্যতে রথাঙ্গে বাচ্যে। তথৈব কিবতের্ঙঃ, অপাত্তুত্তরঃ স্থট্ নিপাত্যতে।

৯৫ বিষ্কি। বিষ্কির ইতি নিপাত্যতে, বিকিরশ্চ, পক্ষিণি বাচ্যে, মত্বং চ। ইক্লুপান্ত ইত্যাদিনা কর্ত্তরি বিহিতাং প্রত্যয়ান্তস্য কিরতেঃ প্রয়োগে বেরুত্তরঃ স্থট্ নিপাত্যতে, তস্মিন্ মূর্দ্ধন্যাদেশশ্চ। পরেঃ স্থটশ্চেতি মত্বমুক্তমিহ ন স্যাদিতি মত্ববিধানম্। বিষ্কির ইতি নির্দ্দেশাদেব মূর্দ্ধন্যনিপাতনে সিদ্ধে মত্বঞ্চেতি কৃতং মন্দধিয়াং ঝটিতিপ্রতিপত্ত্যর্থম্। বিষ্কিরঃ পক্ষিণি মত্বঞ্চ বেতি কৃতেঽপি পক্ষিণি বিকির ইতি লভ্যত এব, তথাপি বিকির ইতি কৃতং তদাপি পক্ষিণোঽন্যত্র ন ভবতীতি সূচনার্থম্।

৯৬ সংপ। সম পরি উপ ইত্যেতেভ্য উত্তরো ভূষণেঽর্থে করোতেঃ স্থড্ভবতি। সংস্কর্ত্তেতি সমো মঃ স্থটি লোপো বেতি মকারস্য সানুস্বারসকারঃ। পরিষ্কর্ত্তেতি পরেঃ স্থটশ্চেতি মূর্দ্ধন্যঃ।

৯৭ সম। সম উত্তরাদভূষণেঽপি করোতেঃ স্থড্ভবতি। ক্বচিদিত্যেক ইতি যেঽপি স্থটমিচ্ছন্তি তেঽপ্যসর্ব্ববিষয়মিতি বদন্তীতি সূচনায় ক্বচিদিতি কৃতম্। সংস্কৃতমনিত্যমিতি কাৰ্য্যপর্য্যায়োঽত্র সংস্কৃতশব্দঃ, কাৰ্য্যং দ্রব্যাদ্যনিত্যমিত্যর্থঃ। অভূষণেঽর্থান্তরেঽপি দৃশ্যতে। তথাচ—"সত উৎকর্ষাধানং সংস্কার" ইতি জয়াদিত্যাদয়ঃ।

---

(৯৪) রথাঙ্গ বাচ্যে অপস্কর শব্দে স্থট্ নিপাতনসিদ্ধ হয়। সাধন প্রণালী পূর্ব্ববৎ।

(৯৫) পক্ষী বাচ্যে বিষ্কির ও বিকির এই দুটী পদ নিপাতনে সিদ্ধ হয়। বি—কৄ + (ইক্লুপান্তপ্র্যাদেরৎ) অং প্রত্যয়, 'বি' উপসর্গের উত্তর স্থট্, মত্ব = বিষ্কিরঃ। বি—কৄ + অং = বিকিরঃ।

(৯৬) ভূষণ (ভূষিত করা) অর্থে কৃঞ্ ধাতুর প্রয়োগে সং, পরি ও উপ উপসর্গের উত্তর স্থট্ হয়। যথা—"সংস্কর্ত্তা পরিষ্কর্ত্তা উপস্কর্ত্তা" সম্-কৃ + তৃঙ্, গুণ, 'সম' উপসর্গের উত্তর স্থট্ = সংস্কর্ত্ + (১মা—১বচন) স্থ 'ঋত আং—' মিলিত সকার ও ঋকার স্থানে আং = সংস্কর্ত্তা। অবশিষ্টপদ সংস্কর্ত্তাবৎ।

(৯৭) কেহ কেহ বলেন যে, কৃঞ্ ধাতুর প্রয়োগে ভূষণ ভিন্ন অর্থেও 'সং' উপর্গের উত্তর স্থট্ হয়। যথা 'সংস্কৃতমনিত্যম্' এখানে সংস্কৃত শব্দের অর্থ কাৰ্য্য অর্থাৎ দ্রব্যাদি, তাহা অনিত্য। সং—কৃ + ক্ত, মধ্যে স্থট্—সংস্কৃত + স্থ 'সোম্ঃ' স্থ স্থানে ম্, = সংস্কৃতম্।

সমূহে ৭০ চ।১০

৯৮। সমূহে চ।—অস্মাকং সংস্কৃতং পরিষ্কৃতম্ উপস্কৃতং সমূহ ইত্যর্থঃ॥

উপাৎ ৫০ গুণোৎকর্ষবিকৃতবাক্যাধ্যাহারেষু ৭১০

৯৯। উপাদ্‌গুণোৎকর্ষবিকৃতবাক্যাধ্যাহারেষু।—পটস্যোপস্কুরুতে—গুণান্তরাধানং করোতীত্যর্থঃ। উপস্কৃতং ভুঙ্‌ক্তে, উপস্কৃতমধীতে॥

অন্যত্র ৭০ অপি।১০ ইষ্যতে (ক্রিয়া)

১০০। অন্যত্রাপীষ্যতে॥

আশ্চর্য্যম্ ১০ অদ্ভুতে ৭০

১০১। আশ্চর্য্যমদ্ভুতে॥

আস্পদং ১০ স্থানে ৭০ প্রভুত্বে ৭০ চ।১০

১০২। আস্পদং স্থানে প্রভুত্বে চ॥

৯৮ সমূ। সম্ পরি উপ ইত্যেতেভ্য উত্তরঃ সমূহে চ করোতেঃ সুড্ ভবতি।

৯৯।১০০ উপাদ্। উপাদুত্তরো গুণোৎকর্ষাদিষ্বর্থেষু করোতেঃ সুড্ ভবতি। লব্ধসত্তাকস্যার্থস্য পূর্ব্বজাতানামেব গুণানাং বৈশিষ্ট্যং গুণোৎকর্ষঃ। বিকৃতং স্বরূপাদন্যথাভাবঃ। একদেশোক্তাবনেনৈব প্রতীতিসমুদায়ার্থস্য বাক্যার্থস্য সুখপ্রতিপত্তয়ে স্বরূপেণোপাদানং বাক্যাধ্যাহারঃ। পটস্যোপস্কুরুতে ইতি কৃঞাদেঃ সেবাদাবিতি প্রতিযত্নে ইত্যাত্মনেপদম্। অত্র গুণোৎকর্ষে কৃঞ ইতি কর্ম্মণি ষষ্ঠী। অন্যত্রাপীষ্যতে ইতি স্পষ্টমেব বিবৃণোতি।

১০১ আশ্চ। আশ্চর্য্যমভীষ্টম্ অদ্ভুতেঽভিধেয়ে। চর ভক্ষণে চরেরাঙশ্চাগুরৌ ইতি যঙ্, আঙ উত্তরঃ সুট নিপাত্যতে, সশ্চেতি সস্য শঃ। অদ্ভুত ইতি কিম্? আচর্য্যং কর্ম্ম শোভনম্।

১০২ আস্প। আস্পদমভীষ্টং স্থানে প্রভুত্বে চাভিধেয়ে। পদ গতৌ, ক্লীবেঽপি পূজাদেশ্চেতি ঘঃ ঙো বা, আঙ উত্তরঃ সুট্ নিপাত্যতে।

(৯৮) সমূহ অর্থ বাচ্যে কৃঞ্ ধাতুর প্রয়োগে সম্, উপ ও পরি উপসর্গের উত্তর সুট্ হয় যথা—'অস্মাকং সংস্কৃতমিত্যাদি' এখানে সংস্কৃত, পরিষ্কৃত ও উপস্কৃত শব্দ সমূহবাচক।

(৯৯) গুণোৎকর্ষ, বিকৃত ও বাক্যাধ্যাহার অর্থে কৃঞ্ ধাতুর প্রয়োগে 'উপ' উপসর্গের উত্তর সুট্ হয়। গুণোৎকর্ষের উদাহরণ যথা—'পটস্যোপস্কুরুতে' অর্থাৎ পটের গুণোৎকর্ষ—করিতেছে (রঙাইতেছে)। বিকৃতের উদাহরণ—যথা—'উপস্কৃতং ভুঙ্‌ক্তে' বিকৃত খাদ্য ভোজন করিতেছে। বাক্যাধ্যারের উদাহরণ যথা—"উপস্কৃতমধীতে" বাক্যাধ্যাহার করিয়া অধ্যয়ন করিতেছে। উপ—কৃঞ্+তে 'কৃঞোঽহ্ভিত্বাৎ' মধ্যে উৎ, 'কৃঞোঽভিত্যার' কৃঞ্ ধাতুর ঋকার স্থানে উর, উতের উকার রকারে যুক্ত, 'উপ' উপসর্গের উত্তর সুট্ = উপস্কুরুতে।

(১০০ পূর্ব্ব পূর্ব্ব সূত্রের বিধানাতিরিক্ত স্থানেও সুট্ হয়। তাহা পরবর্ত্তী সূত্র সকলে নিরূপিত হইতেছে।

(১০১) অদ্ভুত বাচ্যে 'আশ্চর্য্য' এই পদে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। আঙ্—চর+('চরেরাঙশ্চাগুরৌ') যঙ্, আঙ্ উপসর্গের উত্তর সুট্, 'সশ্চ' সূত্রে সুটের স স্থানে শ্—আশ্চর্য্য+স্ 'সোর্ম্ম' সু স্থানে ম = আশ্চর্য্যম্। অদ্ভুতবাচক না হইলে সুট্ হয় না; যথা—"আচর্য্যং কর্ম্ম শোভনম্"। এখানে আচর্য্য—আচরণীয়।

(১০২) স্থান ও প্রভুত্ব বাচ্যে আস্পদ শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। যথা—আঙ্-পদ্+'ক্লীবেঽপি পূজাদে—' ঙ, মধ্যে সুট্—আস্পদম্। আস্পদ শব্দে স্থান ও প্রভুত্ব বুঝায়।

গোপদমানগোসেবিতয়োঃ ৭ঃ ষত্বং ১০ চ /১০ গোষ্পদম্ ১০

১০৩। গোপদমানগোসেবিতয়োঃ ষত্বঞ্চ গোষ্পদম্।—গোষ্পদপ্রং বৃষ্টো দেবঃ, গোষ্পদমাত্রং ক্ষেত্রং, গোষ্পদং রাষ্ট্রং গাবঃ প্রপদ্যন্তেঽস্মিন্ রাষ্ট্রে ॥

কুস্তুম্বুরুঃ ১০ ধন্যাকে ৭০

১০৪। কুস্তুম্বুরুর্ধন্যাকে ॥

অপরস্পরাঃ ১ঃ০ ক্রিয়াসাতত্যে ৭০

১০৫। অপরস্পরাঃ ক্রিয়াসাতত্যে।—অপরস্পরা বহন্তি—সততং বহন্তীত্যর্থঃ ॥

১০৩ গোষ্প। গোপদমানে গোসেবিতে চ বাচ্যে গোষ্পদমভীষ্টম্। কিমত্র নিপাত্যতে? সুট্, ষত্বঞ্চ? গোষ্পদমাত্রং ক্ষেত্রম্। গোষ্পদপ্রং বৃষ্টো দেব ইত্যত্রাপি গোষ্পদশব্দেন পরিমাণমভিধীয়তে, অতএব তৎপূরণে বৃষ্টত্বমুচ্যতে। গোষ্পদং রাষ্ট্রং গাবঃ প্রপদ্যন্তেঽস্মিন্ রাষ্ট্রে ইতি ততঃ গোভিঃ সেবিতং গোষ্পদমিত্যুচ্যতে। অবিদ্যমানং গোষ্পদমস্মিন্নিতি বহুব্রীহিণা তাদ্দ্বাসম্ভবেঽপ্যগোষ্পদমিতি সিধ্যতি।

১০৪ কুস্তু। কুস্তুম্বুরুরিত্যভীষ্টং ধন্যাকে বাচ্যে। তুম্বুরুনাম ওষধিভেদঃ, কুৎসিতস্তুম্বুরুরিতি যথাকথঞ্চিৎ ব্যুৎপত্তিমাত্রেণ শব্দবৃত্তিঃ, সুড়ত্র নিপাত্যতে। কুস্তুম্বুরুরিতি ধন্যাকনামা ওষধিবিশেষঃ। তৎফলমিতি কুস্তুম্বুরু। সূত্রে পুংলিঙ্গনির্দ্দেশেন নপুংসকলিঙ্গমবিবক্ষিতম্। এতেনৌষধৌ বাচ্যায়াং পুংলিঙ্গ এব শব্দোঽয়ং, ফলে তু নপুংসকলিঙ্গঃ। যদা তু তুম্বুরোঃ কুৎসা বাচ্যা, তদা কুতুম্বুরুরিতি ভবতি।

১০৫ অপ। অপরস্পরা ইতীষ্যতে ক্রিয়াসাতত্যে গম্যমানে। অপরে চ পরে চেতি দ্বন্দ্বসমাসে সুট্ নিপাত্যতে। বহনক্রিয়ায়াঃ সাতত্যমত্রাভিধীয়তে। ক্রিয়াসাতত্য ইতি কিম্? অপরপরাঃ সার্থা গচ্ছন্তি, অপরে পরে চ সার্থাঃ সকৃদেব গচ্ছন্তীত্যর্থঃ। দ্বন্দ্বে চেতি সর্ব্বনামসংজ্ঞানিষেধঃ।

(১০৩) গোপদ পরিমাণ ও গো-নিষেবিত স্থান বাচ্যে গোষ্পদ শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। গোষ্পদ পরিমাণের উদাহরণ; যথা—"গোষ্পদপ্রং বৃষ্টো দেবঃ, গোষ্পদমাত্রং ক্ষেত্রম্" প্রথম বাক্যের অর্থ দেব (মেঘ) গোষ্পদ পূরণ করিয়া বর্ষণ করিতেছে। দ্বিতীয়টীর অর্থ—গোষ্পদ-পরিমিত ক্ষেত্র। গো-নিষেবিত স্থানের উদাহরণ; যথা—"গোষ্পদং রাষ্ট্রম্" অর্থাৎ গো-নিষেবিত রাষ্ট্র (গরু পাওয়া যায় যেখানে, যে রাষ্ট্র গরুর জন্য প্রসিদ্ধ)। গোষ্পদ শব্দে পরিমাণবিশেষ ও গো-নিষেবিত স্থান বুঝায়। গো-পদ + ঙ, মধ্যে সুট্, ষত্ব = গোষ্পদ; গোষ্পদ + পূরি + ক্তা—ণম্ 'উপ্লোপশ্চ—' পূরি ধাতুর উকার লোপ, 'ণিঙলোপো—' পূরির ইকার লোপ, রকার র-ফলারূপে পকারে যুক্ত, সর্ব্বশেষে ণম্ প্রত্যয়ের অকার 'প্র্'তে যুক্ত = গোষ্পদপ্রম্।

(১০৪) ধন্যাক বাচ্যে 'কুস্তুম্বুরু' এই পদে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। তুম্বুরু শব্দে ধ'নে গাছ বুঝায়। কুৎসিতঃ তুম্বুরুঃ কুস্তুম্বুরুঃ 'নিত্যং কুপ্রাদেঃ" নিত্য সমাস। কু + তুম্বুরু = কুস্তুম্বুরু (মধ্যে সুট্)। কুস্তুম্বুরু শব্দে ধ'নে ও ধনেগাছ দুইই বুঝায়। যখন গাছ বুঝাইবে, তখন পুংলিঙ্গ আর যখন ধ'নে ফল বুঝাইবে, তখন ক্লীবলিঙ্গ হইবে।

(১০৫) ক্রিয়া-সাতত্য গম্যমান হইলে 'অপরস্পরা' এই পদে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। যথা—

প্রস্কন্নহরিশ্চন্দ্রৌ ১ঃ ঋষৌ ৭০

১০৬। প্রস্কন্নহরিশ্চন্দ্রাবৃষৌ ॥

কাস্তীরম্ ১০ অজস্তুন্দ ১০ চ ১।১০ নগরে ৭০

১০৭। কাস্তীরমজস্তুন্দঞ্চ নগরে ॥

কারস্করঃ ১০ বৃক্ষে ৭০

১০৮। কারস্করো বৃক্ষে ॥

পারস্করঃ ১০ দেশে ৭০

১০৯। পারস্করো দেশে ॥

মস্করঃ ১০ বেণৌ ৭০

১১০। মস্করো বেণৌ ॥

১০৬ প্রস্ক। প্রস্কন্ন ইতি হরিশ্চন্দ্র ইত্যেতৌ ইষ্যোতে ঋষৌ বাচ্যে। সুডত্র নিপাত্যতে। কন্নং পাপং, প্রগতং কন্নমস্মাদিতি প্রস্কন্ন ইতি। হরিরিব চন্দ্রো হরিশ্চন্দ্রঃ, ইয়মপি যথাকথঞ্চিৎ ব্যুৎপত্তিঃ। ঋষাবিতি কিম্? প্রগতং কন্নমস্মাদ্দেশাৎ স প্রকন্নঃ, হরিচন্দ্রো মাণবকঃ।

১০৭ কাস্তী। কাস্তীরমিতি অজস্তুন্দমিতি চেষ্যতে নগরে বাচ্যে। ঈষত্তীরমিতি বাক্যে ঈষদর্থেঽনক্ষাদৌ চেতি কুশব্দস্থ স্থানে কাদেশঃ। অজস্যেব তুন্দমস্যেতি ব্যুৎপত্তিরেব ক্রিয়তে, নগরন্তু বাচ্যং, সুট্ নিপাত্যতে।

১০৮ কার। কারস্কর ইতীষ্যতে বৃক্ষে বাচ্যে। কারং করোতীতি নিশাদেঃ কৃঞ ইতি টঙ্, সুট্ নিপাত্যতে।

১০৯ পার। পারস্কর ইতীষ্যতে দেশে বাচ্যে। পারং করোতীতি হেত্বাদাবিত্যাদিনা কৃঞষ্টঙ্, সুট্ নিপাত্যতে।

১১০ মস্করো। মস্কর ইতীষ্যতে বেণৌ বাচ্যে। মকরশব্দো জলজন্তুবিশেষবাচকঃ, তত্র সুট্ নিপাত্যতে।

"অপরস্পরা বহন্তি" অর্থাৎ সতত বহন করিতেছে। অপরে চ পরে চ ইতি অপরস্পরাঃ, মধ্যে সুট্, 'দ্বন্দ্বে চ' সর্ব্বনাম সংজ্ঞার অভাব।

(১০৬) ঋষি বাচ্যে প্রস্কন্ন ও হরিশ্চন্দ্র—এই পদ দুইটিতে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। প্র—কন্ন – প্রস্কন্নঃ। হরি + চন্দ্র = হরিশ্চন্দ্রঃ। এই শব্দদ্বয়ে সুট্ হইল। প্রগতং কন্নং (পাপং) যস্য ইতি প্রস্কন্নঃ। হরিরিব চন্দ্রঃ ইতি হরিশ্চন্দ্রঃ। এই দুইটী শব্দ ঋষিবাচক।

(১০৭) নগর বাচ্যে কাস্তীর ও অজস্তুন্দ শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। কু + তীর – কাস্তীর, কুশব্দ স্থানে কা, মধ্যে সুট্। অজ + তুন্দ অজস্তুন্দ, মধ্যে সুট। কুৎসিতং তীরং কাস্তীরং, 'নিত্যং কু—' নিত্যসমাস, 'ঈষদর্থে—' কুশব্দ স্থানে কা আদেশ। অজস্যেব তুন্দমস্যেতি অজস্তুন্দম্। এই শব্দ দুইটী নগরবাচক।

(১০৮) বৃক্ষ বাচ্যে কারস্কর শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। কার + কর = কারস্করঃ—মধ্যে সুট্। কারং করোতি ইতি কারস্করঃ। 'নিশাদে—' টঙ্ প্রত্যয়। এই শব্দটী বৃক্ষবাচক।

(১০৯) দেশ বাচ্যে পারস্কর শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। পার + কর + পারস্করঃ—মধ্যে সুট্। পারং কারোতীতি পারস্করঃ, 'হেত্বাদাবশব্দাদে—' টঙ্। এই শব্দটী দেশবাচক।

(১১০) বেণু অর্থাৎ বাঁশ বাচ্যে মস্কর শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। মস্কর শব্দটী বংশপর্য্যায় ভুক্ত। মকর শব্দের মকারের পর সুট্ নিপাতিত হইয়াছে।

মস্করী ১০ পরিব্রাজকে ৭০

১১১। মস্করী পরিব্রাজকে ॥

তস্করঃ ১০ চৌরে ৭০

১১২। তস্করশ্চৌরে ॥

বৃহস্পতিঃ ১০ গুরৌ ৭০ তলোপঃ ১০ চ।১০

১১৩। বৃহস্পতির্গুরৌ তলোপশ্চ ॥

প্রাৎ ৫০ তুম্পতৌ ৭০ গবি ৭০ কর্ত্তরি ৭০

১১৪। প্রাত্তুম্পতৌ গবি কর্ত্তরি।—প্রস্তুম্পতি গৌঃ—হিনস্তীত্যর্থঃ। গবীতি কিম্? প্রতুম্পতি ব্যাঘ্রঃ। কর্ত্তরীতি কিম্? প্রতুম্প্যতে গৌঃ ॥

১১১ মস্করী। মস্করী ইতীষ্যতে পরিব্রাজকে বাচ্যে। মকরশব্দাদিন্প্রত্যয়ঃ, তত্র সুট্ নিপাত্যতে। কশ্চিদাহ—মাঙ্যুপপদে করোতেঃ করণে ঙপ্রত্যয়ো নিপাত্যতে সুট্, মাঙো হ্রস্বত্বং চ; মা ক্রিয়তে প্রতিষিধ্যতে যেন স মস্করো বেণুঃ। বেণুগ্রহণঞ্চ অর্থপ্রদর্শনার্থম্, অন্যত্রাপি ভবতি; মস্করো দণ্ডঃ। পরিব্রাজকেঽপ্যর্থে তথৈব, ইনত্র নিপাত্যতে ইতি বিশেষঃ। যো হি মাকরণশীলো ভবতি, স এবমাহ—মা কুরুত কর্ম্মাণি শান্তিরেব শ্রেয়সে ভবতি।

১১২ তস্ক। তস্কর ইতীষ্যতে চৌরে বাচ্যে। তৎ করোতীতি তস্করঃ, নিশাদেঃ কৃঞ ইতি টঙ্, সুট্ তলোপশ্চ নিপাত্যতে; অন্যত্র তৎকরঃ।

১১৩ বৃহ। বৃহস্পতিরিতীষ্যতে গুরৌ বাচ্যে। বৃহতাং পতির্বৃহস্পতিরিতি সুট্ তলুক্ চ নিপাত্যতে।

১১৪ প্রাত্। প্রাদুত্তরস্তুম্পতৌ পরে সুট্ নিপাত্যতে গবি কর্ত্তরি বাচ্যে। প্রস্তুম্পতীতি তুপ তুনপ্ ত্রুপ ত্রুনপ্ তুফ তুনফ্ দ্রুফ্ দ্রুনফ্ হিংসায়াং ভ্বাদিস্বদাদিশ্চ, তিঙ্ তুদাদিত্বাৎ শঃ, উপান্তস্য বর্গ ইতি নকারস্য মকারঃ। প্রতুম্প্যত ইতি ভাবকর্ম্মণোরাত্মনে ইত্যাত্মনেপদং, যগ্ভাবকর্ম্মণোরিতি যক্, হলুপান্তেত্যাদিনা নকারলুক্।

(১১১) পরিব্রাজক বাচ্যে মস্করী শব্দে সুট্ নিপাতনে সিদ্ধ হয়। 'মস্করো বংশদণ্ডঃ অস্তি অস্মিন্' এই অর্থে 'অতোঽণকাদে—' এই সূত্রানুসারে মস্কর শব্দের উত্তর অস্ত্যর্থে ইন্—মস্করিন্ + সু = মস্করী, 'মস্করবৎ' সুট্ নিপাতন জ্ঞাতব্য। মস্করী শব্দটী পরিব্রাজকবাচক। পরিব্রাজকের হস্তে বংশদণ্ড নিত্য বিদ্যমান থাকে।

(১১২) চৌর বাচ্যে তস্কর শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। তৎ + কর = তস্করঃ, মধ্যে সুট্, তকারের লোপ। এখানে তকারলোপও নিপাতন-সিদ্ধ। তৎ করোতীতি তস্করঃ, "নিশাদেঃ কৃঞঃ" টঙ্ প্রত্যয়, "তন্নিমিত্তোপপদস্য চ" উপপদ তৎপুরুষ সমাস।

(১১৩) দেবগুরু বাচ্যে বৃহস্পতি শব্দের মধ্যে সুট্ হয় এবং তকারের লোপ হইয়া থাকে। বৃহৎ + পতিঃ = বৃহস্পতিঃ। মধ্যে সুট্ এবং তকারের লোপ। বৃহতাং পতিঃ বৃহস্পতিঃ (ষষ্ঠীতৎ)।

(১১৪) গো কর্ত্তা বাচ্যে 'তুম্পতি' ক্রিয়া পরেতে 'প্র' উপসর্গের উত্তর সুট্ নিপাতিত হয়। তুনপ্ ধাতু ভ্বাদি ও তুদাদিগণীয়, অর্থ—হিংসা করা। উদাহরণ যথা—"প্রস্তুম্পতি গৌঃ"—গো হিংসা করিতেছে। এখানে 'তুম্পতি' ক্রিয়া পরেতে 'প্র' উপসর্গের উত্তর সুট্ হইল। গো

প্রতিষ্কশঃ ১০ দূতভৃত্যাগ্রগেষু ৭।০ ষত্বং ১০ চ।৭০

১১৫। প্রতিষ্কশো দূতভৃত্যাগ্রগেষু ষত্বঞ্চ।—কশিরত্র সৌত্রস্তালব্যান্তঃ॥

প্রায়শ্চিত্তম্ ১০

১১৬। প্রায়শ্চিত্তম্॥

১১৫ প্রতি। প্রতিষ্কশ ইতি নিপাত্যতে দূতে ভৃত্যে অগ্রগে চ বাচ্যে। পচাদিত্বাৎ ঙে কৃতে স্থুট্ নিপাত্যতে, ষত্বঞ্চ। কস্ গতিশাতনয়োরিতি দন্ত্যান্ত্যো ভ্বাদিগণে পঠ্যতে, অত আহ—কশিরত্র সৌত্রস্তালব্যান্ত ইতি। দূতভৃত্যাগ্রগেষ্বিতি কিম্? প্রতিগতঃ কশাং প্রতিকশোঽশ্বঃ; কশা বল্‌গা।

১১৬ প্রায়। প্রায়শ্চিত্তমিতীষ্যতে। প্রায়শব্দাচ্চিত্তশব্দে পরে স্থুট্ নিপাত্যতে। চিতী সংজ্ঞানে ক্তঃ চিত্তম্। প্রায় ইতি পুণ্যং, চিত্তমিতি নিশ্চয়ঃ; তদ্যেন জ্ঞাপয়তি, তৎ প্রায়শ্চিত্তমিতি। প্রায় ইতি পাপং, চিত্তং নিশ্চয়ঃ; পাপম্ অপনয়তে যেন তৎ প্রায়শ্চিত্তমিতি ধাতুপারায়ণম্। "প্রায়ো নাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়সংযুক্তং প্রায়শ্চিত্তং বিদুর্বুধাঃ"

কর্ত্তা না হইলে স্থুট্ হয় না; যথা—প্রতুম্পতি ব্যাঘ্রঃ। এখানে গো শব্দ কর্ত্তা না হইয়া ব্যাঘ্র কর্ত্তা হইয়াছে বলিয়া 'প্র' উপসর্গের উত্তর স্থুট্ হইল না। গো শব্দ কর্ত্তা না হইয়া অপর কর্ম্মাদি কারক হইলে স্থুট্ হইবে না; যথা—"প্রতুপ্যতে গৌঃ" এখানে গো শব্দ কর্ত্তৃকারক না হইয়া কর্ম্মকারক হইয়াছে; এজন্য স্থুট্ হইল না। সূত্রস্থ 'তুম্পতি' পদটী ধাতুকথনে তিঙ্ নিষ্পন্ন কৃদন্ত পদ, এই জন্যই উহার উত্তর স্থপ্ বিভক্তি হইয়াছে; তিঙন্তপদের উত্তর স্থপ্ বিভক্তি হয় না। তিঙন্তের (তিঙ্ নিষ্পন্ন ক্রিয়ার) রূপ যেরূপ হয়, কৃদন্তের তিঙ্ নিষ্পন্ন শব্দও অবিকল সেইরূপই হইয়া থাকে। কৃদন্তের তিঙের সূত্র—"ইঙ্ ধাতুকথনে তিঙ্ বং তিঙ্ বা"। তুন্প + (কর্ত্তরি লট্) তিঙ্ 'শস্তদাদেঃ' মধ্যে শ, 'উপান্তস্য বর্গে' নকারস্থানে মকার = তুম্পতি। প্র-তুন্প + (কর্ম্মণি লট্) তে 'যগ্‌ভাব—' মধ্যে যক্, 'হলুপান্ত্যা—' নকারের লোপ = প্রতুপ্যতে।

(১১৫) দূত, ভৃত্য এবং অগ্রগ বাচ্যে প্রতিষ্কশ শব্দে স্থুট্ নিপাতনসিদ্ধ হয় এবং ঐ পদ মধ্যস্থিত স্থুটের সকারের ষত্ব হইয়া থাকে। যথা—প্রতি + কশ = প্রতিষ্কশঃ। মধ্যে স্থুট্, ষত্ব। এখানে তালব্যান্ত সূত্রপঠিত কশ ধাতুর গ্রহণ, গতি-শাতনার্থ দন্ত্যসান্ত ভ্বাদিগণীয় কস্ ধাতুর গ্রহণ নহে; এই জন্যই বলা হইয়াছে যে, "কশিরত্র—" ইত্যাদি। প্রতিষ্কশ শব্দে দূত, ভৃত্য ও অগ্রগ বুঝায়। প্রতি-কশ + 'পচাদেশ্চ' ঙ = প্রতিষ্কশ + স্থু 'লুক্ চিহ্নার্থস্য' 'স্থু'র উকার লোপ, 'স্রোর্বিসর্গো—' অকারস্থানে বিসর্গ = প্রতিষ্কশঃ।

(১১৬) 'প্রায়শ্চিত্ত' এই শব্দটীতে স্থুট্ নিপাতনে সিদ্ধ হয়। চিৎ + ক্ত = চিত্তম্। প্রায় + চিত্তং, মধ্যে স্থুট্, সকারের পদান্তত্ব, এখানে সকারের পদান্তত্বও নিপাতন সিদ্ধ। 'স্রোর্বিসর্গো—' সকারের স্থানে বিসর্গ, 'চছে টঠে—' বিসর্গস্থানে শ = প্রায়শ্চিত্তম্। প্রায়শ্চিত্ত শব্দের ব্যুৎপত্তি;* যথা—(১) 'প্রায়' শব্দে পুণ্য এবং 'চিত্ত' শব্দে নিশ্চয়, অর্থাৎ যাহা দ্বারা পুণ্যের নিশ্চয় হয়; (২) 'প্রায়' শব্দে পাপ এবং 'চিত্ত' শব্দে অপনয়ন; যাহা দ্বারা পাপের অপনয়ন হয়; (৩) 'প্রায়' শব্দে তপস্যা এবং চিত্ত শব্দে নিশ্চয় অর্থাৎ তপোনিশ্চয়সংযুক্ত কর্ম্ম।

---

* (১) 'প্রায়ঃ' পুণ্যং তস্য চিত্তং নিশ্চয়ো যেন তৎ প্রায়শ্চিত্তম্। (২) প্রায়ঃ পাপং তস্য চিত্তম্ অপনয়নং যেন তৎ প্রায়শ্চিত্তম্। (৩) প্রায়ঃ তপঃ চিত্তং নিশ্চয়ঃ তৎসংযুক্তং কর্ম্ম প্রায়শ্চিত্তম্। এবিষয়ের একটী প্রমাণ যথা—"প্রায়োনাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়সংযুক্তং প্রায়শ্চিত্তং বিদুর্বুধাঃ॥"

বনস্পতিঃ ১০

১১৭। বনস্পতিঃ ॥

রথয্যা ১০ নদ্যাং ৭০ ষত্বং ১০ চ।১০

১১৮। রথষ্যা নদ্যাং ষত্বঞ্চ ॥

কিষ্কুকিষ্কিন্ধয়োঃ ৭১ চ।১০

১১৯। কিষ্কুকিষ্কিন্ধয়োশ্চ ॥

পরাৎ ৫০ শতসহস্রয়োঃ ৭১

১২০। পরাচ্ছতসহস্রয়োঃ।—‘পরিমাণং শতাদূর্দ্ধং পরশ্শতমুদাহৃতম্।’, পরস্সহস্রম্। “ব্রহ্মাদয়ো ব্রহ্মহিতায় তপ্ত্বা পরস্সহস্রাঃ শরদস্তপাংসী”তি মহাবীরচরিতম্ ॥

১১৭ বন। বনস্পতিরিতি নিপাত্যতে। বনস্য পতির্বনস্পতিঃ, বনাদুত্তরঃ পতিশব্দে পরে সুট্ নিপাত্যতে।

১১৮ রথ। রথষ্যা ইত্যত্র সুট্ ষত্বঞ্চ নদ্যামভিধেয়ায়াম্। রথং যাতীতি যা প্রাপণে আদন্তাদমাদেরপ্রাদেরিত্যঙ্, কৃদচীত্যাদিনা আকারলুক্, সুট্ ষত্বঞ্চ নিপাত্যতে।

১১৯ কিষ্কু। চকারঃ ষত্বানুকর্ষণার্থঃ। কিষ্কুকিষ্কিন্ধয়োশ্চ সুট্ ষত্বঞ্চ নিপাত্যতে। কিং-শব্দঃ কুৎসায়াং, কুঃ পৃথিব্যাং; সুট্ মলুক্ ষত্বঞ্চ নিপাত্যতে। কিষ্কুঃ পরিমাণবিশেষঃ। কিষ্কিন্ধেতি কিং কিং দধাতীতি আদন্তাদমাদেরপ্রাদেরিত্যঙ্, সুট্ মলুক্ ষত্বঞ্চ নিপাত্যতে। কিষ্কিন্ধা গুহা।

১২০ পরা। পরশব্দাদুত্তরঃ শতসহস্রয়োঃ পরয়োঃ সুট্ নিপাত্যতে। শতাৎ পরঃ পরশ্শতং,

(১১৭) ‘বনস্পতি’ এই শব্দটাতে সুট্ নিপাতিত হয়। বন + পতি, মধ্যে সুট্—বনস্পতি + সু = বনস্পতিঃ। বনস্য পতিঃ বনস্পতিঃ (৬ষ্ঠীতৎ)। যে সকল বৃক্ষের পুষ্প না হইয়া একেবারেই ফল হয়, ঐ সকল বৃক্ষকে বনস্পতি বলে; যথা—“ফলী বনস্পতির্জ্ঞেয়ঃ”।

(১১৮) নদী বাচ্যে ‘রথষ্যা’ এই পদটীতে সুট্ নিপাতিত হয় এবং সুটের সকারের ষত্ব হইয়া থাকে। রথং যাতি যা সা রথষ্যা নদী। রথ-যা + ‘আদন্তাদমাদে—’ অঙ্, ‘কৃদচি—’ ধাতুর আকার লোপ, মধ্যে সুট্ ষত্ব, ষকার পূর্ব্ববর্ণে যুক্ত—রথষ্য + স্ত্রীলিঙ্গে আং ‘অলিলুক্’ পূর্ব্বের অকারের লোপ, আতের আকার পূর্ব্ববর্ণে যুক্ত—রথষ্যা + ‘সু’, সু বিভক্তির লোপ = রথষ্যা।

(১১৯) কিষ্কু এবং কিষ্কিন্ধা শব্দে সুট্ ও ষত্ব নিপাতনে সিদ্ধ হয়। কি + কু, মধ্যে সুট্, ষত্ব—কিষ্কু। কি—কিং + ধা, প্রথম কি-শব্দের পর সুট্, ষত্ব = কিষ্কিন্ধা। কিং (কুৎসিতা) কুঃ (পৃথিবী) কিষ্কুঃ। কিষ্কু শব্দ পরিমাণবিশেষ-বাচক এবং রূঢ়, এজন্য ইহাতে যোগার্থের সম্ভাব নাই। ‘কিমো নিন্দায়াং’ (ক-ধা), কিম্ শব্দের মকারের লোপ, সুট্, ষত্ব। কিং কিং দধাতি যা সা কিষ্কিন্ধা—রামায়ণপ্রসিদ্ধা নগরী বালিগুহা এবং সাধারণ গুহাবাচকও বটে। এখানে প্রথম কিম্ শব্দের মকারের লোপ করিয়া সুট্ ও ষত্ব করা হইয়াছে, ‘আদন্তাদমাদে—’ অঙ্, স্ত্রীলিঙ্গে আং।

(১২০) শত ও সহস্র শব্দ পরেতে পর শব্দের উত্তর সুট্ হয়। যথা—“পরঃ শতম্, পরঃ সহস্রম্”। এই উদাহরণদ্বয়ে শত ও সহস্র শব্দ পরে থাকায় ‘পর’ এই শব্দের উত্তর সুট্ হইয়াছে। এই পদ দুইটী “সুপ্তাদৌ পঞ্চম্যাঃ” এই সূত্রানুসারে পঞ্চমীতৎপুরুষ সমাসে

অন্যোন্যঃ ১০ পরস্পরঃ ১০

১২১। অন্যোন্যঃ পরস্পরঃ ॥

অপ্রত্যক্ষে ৭০ পরোক্ষম্ ১০ ইত্যাদি ১০

১২২। অপ্রত্যক্ষে পরোক্ষমিত্যাদি ॥

• সহস্রাৎ পরং পরসহস্রমিতি মুক্তাদেবাকৃতিগণত্বাৎ পঞ্চমীতৎপুরুষঃ, রাজদন্তাদিত্বাৎ পরনিপাতঃ। "পরোঽযুতং পরোলক্ষং পরঃকোটী"তি চ রূপবত্তাকরঃ।

১২১ অন্যো। অন্যোন্যঃ পরস্পর ইতি চেষ্যতে। সর্ব্বনাম ইত্যাদিনা দ্বিরুক্তিঃ, দ্বিরুক্তৌ সুট্ নিপাত্যতে।

১২২ অপ্র। অপ্রত্যক্ষে পরোক্ষমিতীষ্যতে। অক্ষাৎ পরং পরোক্ষমিতি সুট্ নিপাত্যতে অপ্রত্যক্ষে বাচ্যে। যৎ প্রত্যক্ষং ন ভবতি পরমাণ্বাদি তদভিধীয়তে। পূর্ব্ববৎ পঞ্চমীতৎপুরুষঃ পরনিপাতশ্চ। অক্ষি অক্ষি পরি পরোক্ষমিতি পরেঃ পরশ্চেত্যব্যয়ীভাবে অৎসমাসান্তঃ পরোক্ষ-শব্দঃ সমাসপাদে ব্যুৎপাদনীয়ঃ, তেন তু যৎ প্রত্যক্ষমেবাক্ষা ন গৃহীতং তদভিধীয়তে। অমুমেবার্থ-

---

নিষ্পন্ন; "রাজদন্তাদিষু পরম্" এই সূত্রানুসারে এখানে শত ও সহস্র শব্দের পরনিপাত হইয়াছে। "পরিমাণং শতাদূর্দ্ধং পরঃশতমুদাহৃতম্" ইহার অর্থ এই যে, শতসংখ্যার ঊর্দ্ধ পরিমাণকেই 'পরঃশত' বলে। 'পরঃসহস্র' শব্দেও এইরূপ সহস্রাতীত সংখ্যা বুঝায়। ইহাদের সমাস-বাক্য যথা—শতাৎ পরং পরঃশতং, সহস্রাৎ পরং পরঃসহস্রম্। এ বিষয়ে মহাবীরচরিতের একটী পদ্যাংশ যথা—"ব্রহ্মাদয়" ইত্যাদি। ইহার অর্থ এই যে, ব্রহ্মাদি দেবগণ ব্রহ্মহিতের নিমিত্ত সহস্রাধিক বৎসর তপস্যা করিয়া ইত্যাদি। এই পদ্যাংশে যে, পরঃসহস্র শব্দ প্রযুক্ত হইয়াছে, ইহা দেখানই—এই পদ্যাংশ উদ্ধৃত করার উদ্দেশ্য। এখানে 'পরঃসহস্রাঃ' পদটী 'শরদঃ' এই পদের বিশেষণ; 'সহস্রাৎ পরাঃ' এইরূপ সমাস বাক্য, শরদ্ শব্দের বিশেষণ বলিয়া এই পদটীতেও "কালাধ্বভ্যামবিচ্ছেদে" এই সূত্রানুসারে স্ত্রীত্বপ্রাপ্তি ও দ্বিতীয়া হইয়াছে।

(১২১) অন্যোন্য ও পরস্পর শব্দে সুট্ নিপাতন-সিদ্ধ হয়। অন্যঃ+অন্যঃ "সর্ব্বনাম কর্ম্মব্যতীহারে" এই সূত্রানুসারে কর্ম্মব্যতীহার অর্থে 'অন্যঃ' পদের দ্বিরুক্তি ও সমাসবৎ, হওয়ায় প্রকৃতি ও দ্বিরুক্ত, এই উভয় পদেরই বিভক্তি লোপ, মধ্যে সুট্, স পদান্তবৎ, 'রোর্বি-সর্গো—' সকার স্থানে বিসর্গ, 'ওরতো—' পূর্ব্বের অকারের সহিত বিসর্গ স্থানে ওকার, ওকার পূর্ব্ব-বর্ণে যুক্ত, "এঙোঽতঃ" ওকারের উত্তর 'অন্য' এই পদের অকারের লোপ—অন্যোন্য+স = অন্যোন্যঃ। পরস্পরশব্দও এই নিয়মে সিদ্ধ হইয়াছে। অন্য ও পর শব্দ সর্ব্বনাম। ইহাদের মধ্যে অন্য শব্দ অন্যাদি এবং পর শব্দ পূর্ব্বাদি।

(১২২) অপ্রত্যক্ষ বাচ্যে 'পরোক্ষ' শব্দে সুট্ নিপাতনে সিদ্ধ হয়। অক্ষাৎ পরং পরোক্ষম্, পঞ্চমীতৎপুরুষ সমাস, রাজদন্তাদিত্বাৎ অক্ষ শব্দের পরনিপাত। অক্ষিবাচক অকবান্ত যে অক্ষ শব্দ আছে, এই সূত্রে তাহারই গ্রহণ। অক্ষ শব্দের পঞ্চমীতৎপুরুষ সমাস করিয়া যে পরোঽক্ষ পদ সিদ্ধ হয়, তাহাতে যাহা একেবারে দৃষ্টিগোচর হয় না—পরমাণ্বাদি, তাহাই বুঝায়। আর 'পরেঃ পরস্ চ' এই সূত্রানুসারে 'অক্ষি অক্ষি পরি' এই সমাসবাক্যে যে অব্যয়ীভাব সমাস-নিষ্পন্ন পরোক্ষ শব্দ সিদ্ধ হয়, তাহাতে যাহা প্রত্যক্ষ পদার্থ অর্থাৎ দেখিলে দেখা যায়, অথচ দেখা হয় নাই, এইরূপ পদার্থ বুঝায়। যেমন 'ভবতিস্ম রামো রাজা' ইত্যাদি 'অপ্রত্যক্ষে পরোঽক্ষমিত্যাদি' ও 'পরেঃ পরস্ চ' এই উভয় সূত্রগৃহীত পরোঽক্ষশব্দের এইমাত্র ভেদ বুঝিতে হইবে। 'আশ্চর্য্য-

সমঃ ৫০ অকর্ম্মগ্গমাদেঃ ৫০

১২৩। সমোঽকর্ম্মগমাদেঃ।—সংপূর্ব্বাদকর্ম্মকাদ্গমাদেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সংগচ্ছতে সমৃচ্ছতে সংপৃচ্ছতে সংস্বরতে সংশৃণুতে সংবিত্তে সংপশ্যতে। ঋ—সমৃষীষ্ট॥

ভেদমুদ্ভাবয়িতুম্ অপ্রত্যক্ষে পরোক্ষমিত্যুক্তম্। স্টঃ উত্তরপদভক্তত্বেন পদান্তত্বাভাবাৎ সর্ব্বত্র বিসর্গাভাবঃ। অন্যোন্যপরোক্ষাদৌ তু বিসর্গোঽপি নিপাত্যতে, ওরতাত্যকাদাবিত্যোকারঃ। ইত্যুপক্ষেপাদাগতং স্টড্বিধানং সমাপ্য প্রক্রান্তমেবাত্মনেপদং দর্শয়তি।

১২৩ সমো। সঙ্গচ্ছত ইতি শিতীত্যাদিনা গচ্ছাদেশঃ। সমৃচ্ছত ইতি ঋচ্ছ্ গতীন্দ্রিয়প্রলয়মূর্ত্তিভাবেষু। সংপৃচ্ছত ইতি প্রচ্ছ্ জ্ঞীপ্সায়াং, বশাদেরুশাদিরিতি পৃচ্ছাদেশঃ। সংস্বরতঃ ইতি স্বৃ শব্দোপতাপয়োঃ। সংশৃণুত ইতি শ্রু শ্রবণে, শ্রুবঃ শৃশ্চেতি নুং শৃভাবঃ। সংবিত্ত ইতি বিদ জ্ঞানে; পরস্মৈপদিভিঃ সাহচর্য্যাৎ অবিকরণনির্দ্দেশাৎ চান্যেষাং বিদীনামগ্রহণম্। সংপশ্যত ইতি দৃশির্ প্রেক্ষণে, শিতীত্যাদিনা পশ্যাদেশঃ। ঋ ইতি ঋ গতৌ ঋ প্রাপণে চেতি ভ্বাদিঃ, ঋ স্থ গতৌ হ্বাদিদ্বয়োরপি গ্রহণম্। সমৃষীষ্ট ইতি যাৎ যাস্তাং যাসুস্ ইত্যাদিনাশীর্লিঙ্সংজ্ঞকঃ সীষ্টঃ,

মদ্ভুতে' এই সূত্র হইতে আরম্ভ করিয়া "অপ্রত্যক্ষে পরোক্ষমিত্যাদি' পর্য্যন্ত প্রত্যেক সূত্রেই স্ট্ নিপাত হইয়াছে, ইহা বুঝিতে হইবে। পর+অক্ষ মধ্যে স্ট্, সুটের সকারস্থানে বিসর্গ' অকার পরেতে পূর্ব্বের অকারের সহিত বিসর্গস্থানে ওকার' ওকারের উত্তর অক্ষ শব্দের অকারের লোপ, লুপ্ত অকারের চিহ্ন—'ঽ'। অন্যোন্য, পরোক্ষ প্রভৃতি শব্দে সুটের সকারের স্থানে যে বিসর্গ হইয়াছে, তাহাও নিপাতন-সিদ্ধ বলিতে হইবে। যেহেতু ওরূপ স্থলে বিসর্গ হইবার কোন সূত্র নাই; পূজ্যপাদ টীকাকার ইহা বলিয়াছেন।

(১২৩) সংপূর্ব্বক অকর্ম্মক গম্ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। আত্মনেপদ বলিতে প্রয়োজনবশত সুট্' বিধান বলিয়া আপাতত পূর্ব্বপ্রক্রান্ত আত্মনেপদ-বিষয়ক কথা পুনরায় বলা হইতেছে। যথা—সংগচ্ছতে ইত্যাদি। সং-গম্+তে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্, 'শিতি তিষ্ঠাদিঃ—' গম্ স্থানে গচ্ছ্ আদেশ—' গচ্ছতে। সং-ঋচ্ছ্+তে 'শন্তুদাদেঃ—' মধ্যে শ=সমৃচ্ছতে। সং-প্রচ্ছ+তে "শন্তুদাদেঃ" মধ্যে শ, 'বদাদে—' প্রচ্ছ্ স্থানে পৃচ্ছাদেশ=সংপৃচ্ছতে। সং-স্বৃ+তে চতুর্লড়া—' মধ্যে শঙ্, গুণ=সংস্বরতে। সং-শ্রু+তে 'স্বাদের্নুং' মধ্যে নুং,'শ্রুবঃ শৃশ্চ' শ্রুধাতু স্থানে=শৃ আদেশ=সংশৃণুতে। সং-বিদ্+তে 'বর্গস্যাদি' দকার স্থানে ত, তকার তকারে যুক্ত=সংবিত্তে। সং—দৃশ্+তে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্ 'শিতি তিষ্ঠাদিঃ—' দৃশ্ স্থানে পশ্য আদেশ=সংপশ্যতে। সং—ঋ+সীষ্ট 'ইচ্ক্রাৎ—'সীষ্ট প্রত্যয়ের সকারের ষত্ব=সমৃষীষ্ট। এই ধাতুগুলি সকর্ম্মক হইলেও, ইহাদের কর্ম্ম উক্ত না থাকায়—অকর্ম্মক হইয়াছে। গম্ ধাতু—ভ্বাদি অর্থ—গমন, ঋচ্ছ্ ধাতুর অর্থ—গতি। প্রচ্ছ্ ধাতুর অর্থ জিজ্ঞাসা—তুদাদি। স্বৃ ধাতু ভ্বাদি, অর্থ—শব্দ ও উপতাপ। শ্রু ধাতুর অর্থ—শ্রবণ করা, স্বাদি। বিদ্ ধাতুর অর্থ—জ্ঞান (জানা)—অদাদি। দৃশ্ ধাতু ভ্বাদি, অর্থ—দেখা। ঋ ধাতু প্রাপণার্থ ভ্বাদিগণীয় এবং গত্যর্থ হ্বাদিগণীয় এতদুভয়েরই গ্রহণ। এই ধাতু সকলের যে যে অর্থ উক্ত হইল, এই সকল অর্থেই ইহারা গমাদিগণে গৃহীত হয়, অন্য অর্থে হয় না। "সমৃষীষ্ট" স্থানে আশীর্লিঙ্ প্রয়োগের কারণ এই যে, চতুর্লকারে প্রয়োগ করিলে ঋধাতু স্থানে ঋচ্ছ্ আদেশ হইত, সুতরাং 'ঋচ্ছ' ধাতুর সহিত 'ঋধাতুর ভেদ কল্পনা দুরূহ হইত। এই গমাদি ধাতুর আত্মনেপদের প্রাপ্তি ছিল না, এই সূত্র

স্বাঙ্গকর্ম্মকাৎ ৫০ চ।১০ উদ্‌বিতপাংযমহনঃ ৫০

১২৪। **স্বাঙ্গকর্ম্মকাচ্চোদ্‌বিতপাংযমহনঃ।**—উত্তপতে রবিঃ, বিতপতে স্বপাদম্, আযচ্ছতে, আযচ্ছতে, আহতে স্বশিরঃ। শাব্দী হ্যাকাঙ্ক্ষা শব্দেনৈব প্রপূর্য্যতে ইত্যনুক্তে কর্ম্মণি স্থিতেঽপ্যকর্ম্মকত্বম্। "গাণ্ডীবী কনকশিলানিভং ভুজভ্যামাজঘ্নে বিষমবিলোচনস্য বক্ষ" ইত্যসাধুরিতি ভাগবৃত্তিঃ॥

ইচ্‌ক্রাদিত্যাদিনা বত্বং। লটি ঋচ্ছাদেশে কৃতে ঋচ্ছধাতুনা সহ প্রয়োগবিশেষাভাবাৎ আশীর্লিঙ্ উদাহৃতঃ। গমচ্ছর্ত্তি-স্বৃ-বেত্তি শ্রু-দৃশি-প্রচ্ছাগমাদয়ঃ।

১২৪ স্বাঙ্গ। উৎপূর্ব্বাৎ বিপূর্ব্বাৎ তপতেরাঙ্‌পূর্ব্বাদ্‌যমো হনশ্চাকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাচ্চ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। উত্তপতে রবিরিতি দীপ্যত ইত্যর্থঃ। বিতপতে স্বপাদমিতি স্বমঙ্গং স্বাঙ্গমিতি আত্মীয়মঙ্গমিত্যর্থঃ, হস্তপাদাদি গৃহ্যতে। পরাঙ্গে অঙ্গব্যতিরিক্তে চ কর্ম্মণি ন ভবতি। উত্তপতি মৈত্রস্য পৃষ্ঠং চৈত্রঃ, উত্তপতি সুবর্ণং স্বর্ণকারঃ। আযচ্ছত ইতি যমুপরমে, দানযমোর্যচ্ছ ইতি যচ্ছাদেশঃ। আহত ইতি হনহিংসাগত্যোস্তথোশ্চাভীত্যাদিনা নকারলুক্। নন্বু হন্তেঃ সকর্ম্মকত্বাৎ কথমকর্ম্মকত্বম্, অর্থভেদোঽপ্যস্য ন বিদ্যত এব? অত আহ—শাব্দী হ্যাকাঙ্ক্ষা ইতি। অস্য ধাতোঃ স্বভাবসকর্ম্মকত্বাৎ অকর্ম্মকতা ন সম্ভবতীতি নিয়তমেব, কিন্তু শাব্দীয়মাকাঙ্ক্ষা; শব্দে ভবা শাব্দী শব্দোপাত্তং যত্র কর্ম্মাস্তি স সকর্ম্মকঃ, যত্র নাস্তি সোঽকর্ম্মক ইতি; ইয়মাকাঙ্ক্ষা শব্দেনৈব প্রপূর্য্যতে, শব্দোপাত্তেন কর্ম্মণৈবাকাঙ্ক্ষাবিরতিঃ বিধীয়ত ইত্যর্থঃ। ইতিশব্দো হেতৌ, অতঃ হেতোঃ স্থিতেঽপি কর্ম্মণ্যনুক্তে, শব্দানুপাত্তে সতি অকর্ম্মকত্বং কর্ম্মণোঽবিবক্ষয়েত্যভিপ্রায়ঃ। তথা-চোক্তম্—"ধাতোশ্চার্থান্তরে বৃত্তের্ধাত্বর্থেনোপসংগ্রহাৎ। প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্ম্মণোঽকর্ম্মিকা ক্রিয়া॥" তথাহি প্রাপণার্থস্য সকর্ম্মকস্য বহেঃ স্যন্দনে অকর্ম্মকতা, যথা নদী বহতি। প্রাণান্ ধারয়তি ইত্য

দ্বারা বিধান করা হইল। যখন এই গমাদি ধাতুর কর্ম্মপদ বাক্যে প্রযুক্ত না হইয়া উহ্য থাকিবে, তখনই ইহারা আত্মনেপদী হইবে।

(১২৪) স্বাঙ্গকর্ম্মক ও অকর্ম্মক উৎপূর্ব্বক বিপূর্ব্বক তপ ধাতু এবং আঙ্‌পূর্ব্বক যম ধাতু ও হন ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যে ধাতুর কর্ম্ম থাকে না, তাহাকে 'অকর্ম্মক ধাতু বলে। স্বীয় (নিজের) হস্ত-পদাদি অঙ্গ-প্রত্যঙ্গ সকল যে ধাতুর কর্ম্ম হয়, ঐ ধাতুকে স্বাঙ্গকর্ম্মক ধাতু বলে। নাস্তি কর্ম্ম যস্য সঃ অকর্ম্মকো ধাতুঃ। স্বং নিজম্ অঙ্গং কর্ম্ম যস্য স স্বাঙ্গকর্ম্মকঃ ধাতুঃ। স্বাঙ্গকর্ম্মক ও অকর্ম্মক এই শব্দদ্বয় সূত্রোক্ত ধাতুত্রয়ের বিশেষণ। উদাহরণ যথা—"উত্তপতে রবিঃ" এইটী হইল অকর্ম্মক উৎপূর্ব্বক তপ্ ধাতুর উদাহরণ; ইহার অর্থ—রবি তাপ দিতেছেন। এ বাক্যে কর্ম্ম নাই, সুতরাং অকর্ম্মক, এজন্য আত্মনেপদ হইয়াছে। 'বিতপতে স্বপাদং" এইটী স্বাঙ্গকর্ম্মক তপ্ ধাতুর উদাহরণ। ইহার অর্থ—নিজের পা-কে তাপ দিতেছে। নিজের পা বলিয়া স্বাঙ্গ হইল, পরের পা হইলে স্বাঙ্গ হইত না। আর তাপ দিতেছে বলিয়া তাপ দেওয়া ক্রিয়ার কর্ম্ম হইল—'স্বপাদং' এই পদটী। অতএব তপ্ ধাতুটী স্বাঙ্গকর্ম্মক হইয়াছে, সুতরাং আত্মনেপদও হইয়াছে। "আযচ্ছতে" এইটী অকর্ম্মক আঙ্‌পূর্ব্বক যম্ ধাতুর উদাহরণ। "আহতে স্বশিরঃ" এইটী স্বাঙ্গকর্ম্মক আঙ্‌পূর্ব্বক হনধাতুর উদাহরণ। ইহার অর্থ—নিজের মস্তকে আঘাত করিতেছে, অপরের মস্তকে আঘাত করা হইলে তাহা আত্মনেপদের বিষয় হইবে না, কেনন', তাহা নিজের অঙ্গ নয় বলিয়া স্বাঙ্গকর্ম্ম হয় না। এখানে হন্ ধাতু স্বাঙ্গকর্ম্মক হইয়াছে, সুতরাং আত্মনেপদও হইয়াছে। পরের অঙ্গ এবং অঙ্গব্যতিরিক্ত কর্ম্ম হইলে যে আত্মনেপদ হয় না,

স্মাদেঃ ৫০ সনি ৭০ অনন্তুজ্ঞাপ্রত্যাঙ্ শ্রুবঃ ৫০

১২৫। স্মাদেঃ সন্যননুজ্ঞাপ্রত্যাঙ্ শ্রুবঃ।—অনুজ্ঞাপ্রত্যাঙ্ শ্রুবর্জ্জং সনি সতি স্মাদেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং ভবতি। সুস্মূর্ষতে জিজ্ঞাসতে শুশ্রূষতে দিদৃক্ষতে। অনুজ্ঞাপ্রত্যাঙ্ শ্রুব ইতি কিম্? অনুজিজ্ঞাসতি প্রতিশুশ্রূষতি ॥

স্বার্থে জীবতি ইতি ধাত্বর্থেন উপসংগ্রহাদকর্ম্মকতা। আস্তে শেতে ইত্যাদেঃ প্রসিদ্ধেঃ। আহত• ইত্যাদেঃ কর্ম্মাবিবক্ষয়াকর্ম্মকতা ইতি। গাণ্ডীবী ইত্যাদৌ শ্লোকে আজঘ্নে ইত্যসাধুঃ পরাঙ্গ-কর্ম্মকত্বাৎ; বিষমবিলোচনস্য বক্ষ ইতি পরাঙ্গকর্ম্মেতি; আপেদে বিষমবিলোচনস্য বক্ষ ইতি পাঠো ভাগবৃত্তিকৃতা ব্যবস্থিতঃ।

১২৫ স্মাদেঃ। স্মৃ চিন্তায়াং, জ্ঞা অববোধনে, শ্রু শ্রবণে, দৃশির্ প্রেক্ষণে, স্মাদিপদেন এতে চত্বারো ধাতবো গৃহ্যন্তে। অত্র জানাতেজ্ঞ্ঞাদেরপহ্নবাদৌ, সংপ্রতিভ্যামস্মরণে, জ্ঞোঽকর্ম্মকাদিতি ত্রিভিঃ সূত্রৈঃ পৃথগাত্মনেপদং বিহিতম্; শ্রুদৃশোরপি সনোঽকর্ম্মগমাদেরিত্যনেন; তস্মাৎ পূর্ব্বব-দিত্যত ইত্যনেনৈব সনন্তাদাত্মনেপদং সিদ্ধং, তদ্ব্যতিরিক্তেঽস্য বিষয়ঃ। সুস্মূর্ষত ইতি সন্, উর্

তাহার ক্রমিক দুটী উদাহরণ যথা—"চৈত্রঃ মৈত্রস্য পৃষ্ঠম্ উত্তপতি" এখানে চৈত্র মৈত্রের পৃষ্ঠে তাপ দিতেছেন, নিজের পৃষ্ঠে দেন নাই, এজন্য স্বাঙ্গকর্ম্মের অভাবে আত্মনেপদ না হইয়া ক্রিয়া— 'উত্তপতি' পদে পরস্মৈপদ হইয়াছে। অঙ্গব্যতিরিক্ত কর্ম্ম যথা—"স্বর্ণকারঃ সুবর্ণম্ উত্তপতি" এখানে উৎপূর্ব্বক তপ্ ধাতু আছে, কর্ম্ম কারক আছে, কিন্তু অঙ্গ নাই, অতএব আত্মনেপদ হইল না। এই সূত্রে নিত্য সকর্ম্মক হন্ ধাতু প্রভৃতিকে অকর্ম্মক বলা হইয়াছে, বলিয়া তাহার যুক্তি দেখান হইতেছে যে, "শাব্দী আকাঙ্ক্ষা—" ইত্যাদি। অর্থাৎ শব্দজন্য আকাঙ্ক্ষা শব্দ দ্বারাই পূর্ণ হয়। অতএব সকর্ম্মক ধাতুরও কর্ম্ম শব্দোপাত্ত (বাক্যে সাক্ষাৎপ্রযুক্ত) না হইলে, ঐ ধাতু অকর্ম্মকই হইয়া থাকে। * 'হন্তি' স্থানে যখন 'কিং হন্তি' রূপ কর্ম্মপদ-জন্য আকাঙ্ক্ষা, শব্দোপাত্ত কর্ম্ম দ্বারা পূর্ণ (নিবৃত্ত) হয়, অন্য উপায়ে হয় না, তখন শব্দোপাত্ত কর্ম্মপদ না থাকিলে সে আকাঙ্ক্ষা অপূর্ণ থাকিয়া যায়, এই জন্য সকর্ম্মক ধাতুরও কর্ম্মপদ শব্দোপাত্ত না হইলে তাহা অকর্ম্মকমধ্যে গণ্য হইবে। এইযুক্তি অনুসারেই এই সূত্রদ্বয়ে অকর্ম্মকের উদাহরণগুলি সুসঙ্গত হইয়াছে। হন্ ধাতু স্বাঙ্গকর্ম্মক না হইলে যে আত্মনেপদ হয় না, তাহারই একটী শিষ্ট প্রয়োগ যথা—"গাণ্ডীবী—" ইত্যাদি। অর্থাৎ অর্জ্জুন বাহুদ্বয় দ্বারা বিষম-বিলোচনের (শিবের) বক্ষে আঘাত করিয়াছিলেন। এখানে—নিজের বক্ষে আঘাত করেন নাই বলিয়া ইহা স্বাঙ্গ হয় নাই, সুতরাং এখানে আত্মনেপদ হইতে পারে না; অথচ হইয়াছে, এজন্য প্রয়োগটীকে অসাধু বলা হই-য়াছে। উৎ—তপ্ + তে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্ = উত্তপতে। আ—যম্ + তে 'চতুর্লড়া—' মধ্যে শঙ্, দাণ যমোঃ—' যম্ স্থানে যচ্ছ্ আদেশ = আযচ্ছতে। আঙ্—হন্ + তে 'তথোশ্চ—' নকার লোপ = আহতে। আঙ্ হন্ (লিট্) এ 'নিল্লিড়স্তু—' হকারের দ্বিরুক্তি, 'গ ঘ ঝ হাজঃ' দ্বিরুক্ত হকারের স্থানে জ, "হনাদেরনগি" প্রকৃতি হকারের অকার লোপ, "অল্লুগাদৌ—" হন্ ধাতুর হকারের স্থানে ঘ, ঘয়ে নয়ে যুক্ত = আজঘ্নে।

(১২৫) অনুপূর্ব্বক জ্ঞাধাতু এবং প্রতিপূর্ব্বক ও আঙ্ পূর্ব্বক শ্রুধাতু ভিন্ন সন্ প্রত্যয়ান্ত স্মাদি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—সুস্মূর্ষতে, জিজ্ঞাসতে, শুশ্রূষতে দিদৃক্ষতে।

---

* ধাতোরর্থান্তরে বৃত্তের্ধাত্বর্থেনার্থসংগ্রহাৎ।
প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্ম্মণোঽকর্ম্মিকা ক্রিয়া॥

পূর্ব্বনঃ ১০ অন্যতঃ ৫০

১২৬। পূর্ব্ববদন্যতঃ।—বুভূষতি পিস্পদ্ধিষতে। জুগুপ্সত ইত্যাদি॥

পবর্গাদিত্যনুবৃত্তৌ সনি ঋতশ্চ ইতি সনি পরে উর্, রান্তাদেবিত্যাদিনা দীর্ঘঃ, কৃতকার্য্যো নিদন্ত্ব ইতি স্থ ইত্যনেন দ্বিরুক্তিঃ, হ্রস্বশ্চ, সনঃ ষত্বম্। জিজ্ঞাসত ইতি দ্বিত্বে হ্রস্বে চ কৃতে ইদ্দ্বিরদিতি ইত্বম্। শুশ্রূষত ইতি সনীণ্ দীর্ঘ ইতি দীর্ঘঃ। দিদৃক্ষত ইতি ভ্রস্জাদ্যন্তেত্যাদিনা শস্য ষঃ, ষশ্চাস্বপ্সে ক ইতি ষস্য কঃ, ষত্বং, দ্বিরুক্তিঃ, ঋদদিতি অত্বম্। অনেন সূত্রেণ প্রাপ্ত-মাত্মনেপদম্ অনুপূর্ব্বাজ্জানাতেঃ, প্রতিপূর্ব্বাৎ আঙ্পূর্ব্বাচ্চ শৃণোতের্ন ভবতি যত্তু লক্ষণান্তরৈঃ প্রাপ্নোতি, তদ্ভবত্যেব; ঔষধস্যানুজিজ্ঞাসত ইতি। তত্র জ্ঞোঽকর্ম্মকাদিত্যাত্মনেপদং বিহিতং পূর্ব্ববদন্যত ইতি সনন্তাদপি ভবতি, কর্ম্মাদিবিষয়েঽপ্যবিবক্ষিতে কর্ম্মাদৌ সম্বন্ধবিবক্ষায়াং ষষ্ঠ্যেবেতি ষষ্ঠ্যাং বিহিতায়াং তস্যাকর্ম্মকত্বমিতি। যদা তু প্রতের্ধাতুসম্বন্ধাভাবাদুপসর্গত্বং নাস্তি, তদাপ্যাত্মনে-পদম্। দেবদত্তং প্রতিশুশ্রূষতে ইতি লক্ষণেঽভিপ্রতিপর্য্যনব ইতি হাদিত্বাৎ দ্বিতীয়া।

১২৬ পূর্ব্ব। স্ম্রাদেরিত্যনেন যস্মাদাত্মনেপদং বিহিতং, তস্মাদন্যধাতোঃ সনি সতি পূর্ব্ববদ্ব-র্ত্তি। পূর্ব্বেণ তুল্যং বর্ত্তত ইতি পূর্ব্ববৎ; পূর্ব্বশব্দোঽয়ং সম্বন্ধিশব্দত্বাদবধিরপেক্ষতে, স চাবধিঃ

এই ক্রিয়াপদগুলি অনুপূর্ব্বক জ্ঞা এবং প্রতিপূর্ব্বক ও আঙ্পূর্ব্বক শ্রুধাতু ভিন্ন সন্ প্রত্যয়ান্ত স্ম্রাদিধাতু দ্বারা নিষ্পন্ন হইয়াছে, সুতরাং ইহাদের উত্তর আত্মনেপদ হইয়াছে। যখন অনুপূর্ব্বক জ্ঞাধাতু এবং প্রতিপূর্ব্বক ও আঙ্পূর্ব্বক শ্রুধাতু সন্ প্রত্যয়ান্ত হইবে, তখন আত্মনেপদ হইবে না; যথা—অনুজিজ্ঞাসতি, প্রতিশুশ্রূষতি। স্ম্রাদিধাতু যথা—চিন্তার্থ স্মৃ, অববোধনার্থ জ্ঞা, শ্রবণার্থ শ্রু ও দর্শনার্থ দৃশ। সন্ প্রত্যয়ান্ত ধাতুর দ্বিরুক্তি হয়। স্মৃ + সন্ 'উর পবর্গাৎ' স্মৃ ধাতুর ঋকার স্থানে উর্, 'রান্তাদে—' উকারের দীর্ঘ, 'কৃতকার্য্য—' 'স্থ' র দ্বিরুক্তি, 'হ্রস্বশ্চ' দ্বিরুক্ত বর্ণের হ্রস্ব, সন্ প্রত্যয়ের সকারের ষত্ব, = সুস্মূর্ষ্ (সনন্তধাতু) + (লট্) তে 'চতুর্লড়া— মধ্যে শঙ্ = সুস্মূর্ষতে। জ্ঞা + সন্ 'নিস্মিড়ন্ত—' জা-র দ্বিরুক্তি, 'হ্রস্বশ্চ' দ্বিরুক্ত বর্ণের হ্রস্ব, 'ইদ্দ্বিরৎ' দ্বিরুক্তি, বর্ণের অকার স্থানে ইকার—জিজ্ঞাস্ (সনন্তধাতু) + (লট্) তে, 'চতুর্লড়া—' মধ্যে শঙ্ = জিজ্ঞাসতে। শ্রু + সন্ 'সনীণ্ দীর্ঘ' শ্রুধাতুর উকারের দীর্ঘ, 'কৃতকার্য্যো—' শূ—বর্ণের দ্বিরুক্ত 'হ্রস্বশ্চ' দ্বিরুক্তবর্ণের হ্রস্ব, সন্প্রত্যয়ের সকারের ষত্ব = শুশ্রূষ্ (সনন্তধাতু) + (লট্) তে, 'চতুর্লড়া—' মধ্যে শঙ্ = শুশ্রূষতে। দৃশ + সন্ নিস্মিড়ন্ত—' আদিবর্ণের দ্বিরুক্তি, 'ঋদৎ' দ্বিরুক্তবর্ণের ঋকারের স্থানে অৎ, 'ইদ্দ্বিরৎ' দ্বিরুক্ত বর্ণের অকার স্থানে ইকার, 'ভ্রস্জাদ্যন্ত—' প্রকৃতির (দৃশ্ ধাতুর) শ স্থানে ষ, 'ষশ্চাস্বপ্সে কঃ' ষকার স্থানে ক, ক—বর্ণের উত্তর সন্ প্রত্য-য়ের সকারের ষত্ব ক—ষকারে যুক্ত, দিদৃক্ষ্ (সনন্ত ধাতু) + (লট্) তে মধ্যে শঙ্ = দিদৃক্ষতে। অনুজিজ্ঞাসতি—'জিজ্ঞাসতে' বৎ, প্রতিশুশ্রূষতি—'শুশ্রূষতে' বৎ। বিশেষ—এই দুইটী পদে আত্মনেপদ হইল না।

(১২৬) স্ম্রাদি ভিন্ন যাবতীয় ধাতুর উত্তর সন্ প্রত্যয় করিলে পূর্ব্ববৎ ব্যবস্থা হয় অর্থাৎ সন্ প্রত্যয় করিবার পূর্ব্বে যে ধাতু যে পদী থাকিবে, সন্ প্রত্যয়ের পরেও সেই ধাতু ঠিক সেই পদীই রহিবে। সন্ প্রত্যয়ের পূর্ব্বে যে ধাতু পরস্মৈপদী থাকে, সন্ প্রত্যয়ের পরেও ঐ ধাতু পরস্মৈপদীই থাকিবে। এইরূপ সন্ প্রত্যয়ের পূর্ব্বে যে ধাতু আত্মনেপদী থাকিবে, সন্ প্রত্যয়ের পরেও সেই ধাতু আত্মনেপদীই রহিবে; সন্ প্রত্যয় করার জন্য তাহাদের পূর্ব্বপদিত্ব বিনষ্ট হইবে না। যদি কোন ধাতু উপসর্গযোগে পরস্মৈপদী থাকে, তাহা হইলে সেই উপসর্গযুক্ত ধাতুর

বৃতাদেঃ ৫০ বাঁ।১০ স্যঙাদৌ ৭০

১২৭। বৃতাদের্বা স্যঙাদৌ।—স্যঙাদৌ সতি বৃতুপ্রভৃতেঃ কর্ত্তর্য্যাত্মনেপদংশ্চভবতি। বর্ৎস্যতি বর্ত্তিষ্যতে অবর্ৎস্যৎ অবর্ত্তিষ্যত। বৃতু বৃধু শৃধু স্যন্দ্ ॥

ঞ্চতত্বাৎ সন্নেব বিজ্ঞায়তে ; সন্বিধানাৎ পূর্ব্বং যস্য পরস্মৈপদিত্বং তস্য পরস্মৈপদিত্বমিতি, যস্যাত্মনেপদিত্বম্ অনুবন্ধেনোপসর্গসম্বন্ধেনার্থবিশেষেণ বা তস্যাত্মনেপদিত্বমেবেত্যর্থঃ। বুভূষতীতি অপূঙ্যূর্ণ্তীত্যাদিনা ত্যাদিত্বাদিঙভাবঃ। পিস্পর্দ্ধিষত ইতি স্পর্দ্ধ সংঘর্ষে অনুদাত্তেত্বাদাত্মনেপদী, তুঙ্গর্ভাদিচ্ছায়ামিতি সন্, মূর্দ্ধশবসাৎ কাদিরিতি দ্বিরুক্তিঃ। জুগুপ্সত ইতি গুপ গোপনকুৎসনয়োঃ, সন্ গুপাদেনিন্দাদাবিতি সন্; অস্য সনো নিত্যবিহিতত্বাৎ সন্বিধানাৎ পূর্ব্বমাত্মনেপদং যদি ন সম্ভবতি, তথাপি কারণে কার্য্যোপচারাদাত্মনেপদনিমিত্তস্যৈবাত্মনেপদপ্রয়োগঃ, তচ্চ নিমিত্তং সন্বিধানাৎ পূর্ব্বমস্ত্যেব ইত্যাত্মনেপদম্। স্মৃাদিত্বাদেব জুগুপ্সত ইত্যাত্মনেপদমিতি কেচিৎ। আঙ্শব্দেন নিবিবিক্ষত ইতি ক্ষাদ্যাড্বিশাদেরিতি উপসর্গস্য নিমিত্তত্বম্। তিষ্ঠাসতে রণ্ডা বিকর্ষস্থেভ্য ইত্যর্থবিশেষনিমিত্তম্। অনুচিকীর্ষতি ইতি কৃঞোঽনুপরাভ্যামিত্যাত্মনেপদপ্রতিষেধাৎ পূর্ব্ববৎ পরস্মৈপদম্। মুমূর্ষতীতি শিশৎসতীতি মৃঙঃ শদশ্চ নাত্মনেপদং, যতো লিঙ্লুঙ্শেষু মৃঙ ইতি শদশ্চতুর্ষ্বিতি আত্মনেপদম্, অস্য চ নোপসর্গো নার্থবিশেষেণাপি ধাতুবিশেষো নিমিত্তং, কিন্তু লিঙ্লুঙাদ্যপি ; তদভাবাদাত্মনেপদনিমিত্তাভাবঃ।

১২৭ বৃতো। অনুদাত্তেত্বাদাত্মনেপদে সিদ্ধে বিকল্পার্থং বচনম্। বৃতু বর্ত্তনে, বৃধু বৃদ্ধৌ, শৃধু শব্দকুৎসায়াং, স্যন্দ্ স্রবণে চত্বারো বৃতাদয়ঃ। বর্ৎস্যতীতি স্যঙ্, স্যঙ্লোপে ইত্যাদিনা ইঙভাবঃ। অবর্ৎস্যদিতি লঙ্ লুঙ্ ইত্যাদিনা লৃঙ্সংজ্ঞকো ঢুঙ্ স্যঙ্ চ।

উত্তর সন্ প্রত্যয় করিলে, সেই সনন্ত ধাতুর উত্তর পরস্মৈপদই হইবে। এই প্রকার কোন ধাতু উপসর্গযোগে আত্মনেপদী থাকিলে সেই উপসর্গযুক্ত ধাতুর উত্তর যখন সন্ প্রত্যয় হইবে, তখন সেই সনন্তের উত্তর আত্মনেপদ হইবে। ধাতু সকল, সন্ প্রত্যয় হইবার পূর্ব্বে যে কোন অবস্থায় পরস্মৈপদী বা আত্মনেপদী থাকিবে, সেই সেই অবস্থায় তাহাদের উত্তর সন্ প্রত্যয় হইলে তাহাদের পূর্ব্ববিহিত পরস্মৈপদিত্ব বা আত্মনেপদিত্ব নষ্ট হইবে না—ইহাই হইল তাৎপর্য্যার্থ। যথা—বুভূষতি, পিস্পর্দ্ধিষতে। সন্ প্রত্যয় হইবার পূর্ব্বে ভূধাতু পরস্মৈপদী ছিল, সন্ হওয়ার পরেও পরস্মৈপদীই রহিল। এইরূপ স্পর্দ্ধ ধাতু সন্ হইবার পূর্ব্বে আত্মনেপদী ছিল, সুতরাং সন্ হওয়ার পরও উহার উত্তর আত্মনেপদই হইল। গুপ্ "গুপো নিন্দায়াম্" সন্ 'গু' বর্ণের দ্বিরুক্তি, দ্বিরুক্ত গস্থানে জ – জুগুপ্স (সনন্তধাতু) + (লট্) তে 'চতুর্দ্দা—' মধ্যে শঙ্ = জুগুপ্সতে। গুপ্ ধাতু অনুদাত্তেৎ ধাতু বলিয়া সন্ হইবার পূর্ব্বে আত্মনেপদী ছিল, সুতরাং সন্ হওয়ার পরেও ইহার পূর্ব্ব আত্মনেপদিত্বের হানি হইল না।

(১২৭) স্যঙ্ আদি পরেতে বৃৎ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ বিকল্পে হয়। বৃতাদি অনুদাত্তেৎ ধাতু বলিয়া ইহাদের নিত্য আত্মনেপদ প্রাপ্তি ছিল, এজন্য স্যঙাদি পরেতে বিকল্প বিধান করা হইতেছে। স্যঙাদি অর্থে লৃটের স্যঙ্ আর লৃঙের স্যঙ্। বৃতাদি ধাতু মূলে উক্ত রহিয়াছে। উদাহরণ যথা—বর্ৎস্যতি, বর্ত্তিষ্যতে, অবর্ৎস্যৎ, অবর্ত্তিষ্যত। চারিটী উদাহরণের মধ্যে প্রথম দুইটীতে লৃটের স্যঙ্, আর শেষের দুইটীতে লৃঙের স্যঙ্ হইয়াছে। 'বর্ৎস্যতি' পদে পরস্মৈপদ আর 'বর্ত্তিষ্যতে' আত্মনেপদ হইয়াছে। এইরূপ 'অবর্ৎস্যৎ' পদে পরস্মৈপদ,

সনি ৭০ চ।১০

১২৮। সনি চ।—বিবৃৎসতি বিবর্ত্তিষতে ॥

কৃপঃ ৫০ লুটি ৭০ চ।১০

১২৯। কৃপো লুটি চ।—কল্প্স্যতি কল্পিষ্যতে অকল্প্স্যৎ অকল্পিষ্যত চিকৃপ্সতি চিকল্পিষতে কল্প্তাসি কল্পিতাসে ॥

১২৮ সনি। স্যঙি সনি চ সতি বৃদাদেঃ কর্ত্তর্য্যাত্মনেপদং বা ভবতি বিবর্ত্তিষত ইতি সনি কৃতে আত্মনেপদপক্ষে ইঙ্ গুণঃ।

১২৯ কৃপো। কৃপ্ সামর্থ্যে ইত্যস্মাৎ স্যঙ্সনোর্লুটি চাত্মনেপদং বা ভবতি। কল্প্স্যতীত্যাদৌ আত্মনেপদাভাবপক্ষে সঙ্লোপ ইত্যাদিনা ত্যাদিস্থাদিঙভাবঃ।

আর 'অবর্ত্তিষ্যত' পদে আত্মনেপদ হইয়াছে জানিবে। বৃৎ+ (লৃট্) তিঙ্, 'লট্ লৃট্—' মধ্যে স্যঙ্, গুণ=বৎর্স্যতি। বৃৎ+(লৃট্) তে, পূর্ব্ববৎ স্যঙ্, 'সঙ্লোপেঽধো—' মধ্যে ইঙ্, গুণ, 'ইচ্ক্রাৎ—' ষত্ব=বর্ত্তিষ্যতে। বৃৎ+(লৃঙ্) দুঙ্, (দুঙের ৎ থাকে) 'লঙ্লৃঙ্—' মধ্যে স্যঙ্, গুণ, 'লঙ্লুঙ্—' পদের আদিতে অকার আগম=অবৎর্স্যৎ। বৃৎ+(লৃঙ্) ত, পূর্ব্ববৎ মধ্যে স্যঙ্, ইচ্, গুণ, ষত্ব এবং পদাদিতে অকার আগম=অবর্ত্তিষ্যৎ।

(১২৮) সন্ পরেতে বৃতাদি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ বিকল্পে হয়। যথা—বিবৃৎসতি, বিবর্ত্তিষতে। দ্বিতীয় পদে আত্মনেপদ ও প্রথমপদে পরস্মৈপদ হইয়াছে। বৃৎ+সন্, দ্বিরুক্তি, দ্বিরুক্তবর্ণের ঋকার স্থানে অৎ, 'ইদ্দ্বিরৎ' দ্বিরুক্ত বর্ণের ইকার স্থানে অকার—বিবৃৎস্ (সনন্তধাতু)+(লট্) তিঙ্, মধ্যে শঙ্=বিবৃৎসতি। বৃৎ+সন্, 'সঙ্লোপে—' মধ্যে ইঙ্, পূর্ব্ববৎ দ্বিরুক্তি ও তৎকার্য্য, ইঙ্ পরে গুণ, 'ইচ্ক্রাৎ—' সন্ প্রত্যয়ের সকার স্থানে ষত্ব—বিবর্ত্তিষ+তে (লট্)—মধ্যে শঙ্=বিবর্ত্তিষতে।

১৭৭ ন না। নাম্না নিষ্পন্নো ধাতুর্নামধাতুঃ, অথবা পূর্ব্বং নাম পশ্চাদ্ধাতুরিতি পূর্ব্বকালস্যা-পরকালেনেতি কর্ম্মধারয়ঃ। নামধাতোর্ণকারো নো ন ভবতি। ণকারীয়তীতি ণ ইত্যস্মাৎ বর্ণাৎ কার ইতি কারঃ, কাম্যো নাম্ন ইচ্ছায়ামিত্যনুবৃত্তৌ তুল্যাচার ইত্যাদিনা ঈয়্।

হইয়া থাকে। যথা—"প্রিয়ামুখং কিম্পুরুষশ্চুচুম্বে"—কিম্পুরুষ প্রিয়ামুখ চুম্বন করিয়াছিল। অপর—"মৃতমপ্যনুগচ্ছতে বিদ্যা"—বিদ্যা মৃতব্যক্তিরও অনুগমন করে। "কদাচিৎ কুপ্যতে মাতা"—মাতাও কদাচিৎ কুপিতা হয়েন। "যদা সংক্রমতে রবিঃ"—রবি যখন সংক্রমণ করিবেন। এই সকল উদাহরণে "চুচুম্বে" "অনুগচ্ছতে" "কুপ্যতে" এবং "সংক্রমতে" প্রভৃতি পদে পরস্মৈপদের প্রাপ্তিতে আত্মনেপদ হইয়াছে। সূত্রস্থ উদাহরণ যথা—পরি-স্বজ্ + তিঙ্, মধ্যে শঙ্, "নোলুক্ সনজ্ স্বনজ্" নকার লুক্, "পরেঃ স্তুটশ্চ" ষত্ব—পরিষ্বজতি। চুম্ব + (লিট্) এ, দ্বিরুক্তি = চুচুম্বে। কুপ্ + তে, "দিবাদের্যং" যং = কুপ্যতে।

(১৭৬) ধাতুর আদিভূত মূর্দ্ধন্য ণকার দন্ত্য নকার হয়। যথা—ণদ্—নদতি। এই সূত্রের তাৎপর্য্য এই যে, মূর্দ্ধন্য ণকারাদি ধাতু প্রয়োগ অবস্থায় দন্ত্য'ন' কারাদি হইবে—অর্থাৎ পদের আদিতে কদাচ মূর্দ্ধন্য 'ণ' থাকে না ইহাই জানিয়া রাখিতে হইবে। "নন্দতি নর্দ্দতি নাথৃ নৄ-নৃতী নাণ্টি নক্কয়ঃ। নাদয়ঃ সপ্ত বিখ্যাতা ণাদয়স্তে পরে মতাঃ॥" এই কারিকোক্ত ধাতুগুলি দন্ত্যনকারাদি; এতদ্ভিন্ন নকারাদি ধাতুকে ধাতুপাঠে মূর্দ্ধন্য ণকারাদি বলিয়া জানিতে হইবে। ণদ্ + তিঙ্, মূর্দ্ধন্য ণকারস্থানে দন্ত্য ন, মধ্যে শঙ্ = নদতি।

(১৭৭) নাম ধাতুর আদিভূত মূর্দ্ধন্য ণকারের স্থানে দন্ত্য নকার হয় না। যথা—ণকারীয়তি। এখানে 'ণকারীয়' এই নামধাতুর আদিভূত 'ণ' মূর্দ্ধন্য ণকার দন্ত্য নকার হয় নাই। পূর্ব্বসূত্রের প্রাপ্তিতে নিষেধ করা হইল। "পূর্ব্বং নাম, পশ্চাৎ ধাতুঃ ইতি নামধাতুঃ" (পূর্ব্বকালস্যাপর-কালেন" ইতি কর্ম্মধা) অর্থাৎ প্রথমে নাম (প্রাতিপদিক বা শব্দ) থাকিয়া পরে যে ধাতু হয়, তাহাকে নামধাতু বলে। নামধাতু বলিলে সর্ব্বত্র এইরূপ বুঝিতে হইবে। এখানে 'ণকারঃ' পদটী প্রথমে নাম বা শব্দ ছিল, তারপর যখন ইহার উত্তর ঈয় প্রত্যয় করা হইল, তখন 'ণকারীয়'

যঃ ১০ সঃ ১০

১৭৮। ষঃ সঃ।—ধাত্বাদিঃ ষকারঃ সো ভবতি। ষ্টভি—স্তম্ভতে। কচিন্নিমিত্তাপায়ে নৈমিত্তিকস্যাপ্যপায় ইতি টস্য তঃ॥

ন।১০ ষ্ঠিবুষুক্কোঃ ৬ঃ

১৭৯। ন ষ্ঠিবুষুক্কোঃ।—ষ্ঠীবতি যুক্কতে।

১৭৮ ষঃ। ননু কে ষোপদেশাঃ? যে তথা গণে পঠ্যন্তে, অথবা লক্ষণং ক্রিয়তে—অচ্‌তবর্গপরষাদয়ঃ ষোপদেশাঃ, ষ্মি ষ্বিদি ষ্বদি ষ্বন্জি ষ্বপয়শ্চ, সৃপ স্ত্যৈ সেকৃ স্তন্ স্থ সৃজ্ স্তৃঞ সূচ্ সূত্র স্তন সার সাম সভাজ স্থূল স্তেন স্তোমবর্জ্জমিতি। অচ্‌পরস্তবর্গপরঃ ষকারঃ আদির্যেষাং তে অচ্‌তবর্গপরষাদয়ঃ। ষ্বিঙ ঈষদ্ধসনে ভ্বাদিঃ, ষ্বিদা স্নেহনমোচনয়োর্ভ্বাদিঃ ষ্বিদা গাত্রপ্রক্ষরণে দিবাদিঃ, দ্বয়োরপি গ্রহণং; ষ্বদ ষ্বর্দ্দ আস্বাদনে, ষ্বন্জ্ পরিষঙ্গে ভ্বাদী; ঞি ষ্বপ্ শয়ে অদাদিঃ; অচ্‌তবর্গপরব্যতিরিক্তা এতে ষাদয়ঃ; গম্ সৃপ্ গতৌ, স্ত্যৈ ষ্ট্যৈ শব্দসংঘাতয়োঃ; একোঽত্র মূর্দ্ধন্যোপদেশঃ। স্বেকৃ সেকৃ স্রকি সকি গত্যর্থাঃ, অকি স্তন রণ ধ্বন শব্দে, চত্বারো ভ্বাদয়ঃ। স্থ গতৌ হ্বাদির্ভ্বাদিশ্চ, সৃজ্ বিসর্গে তুদাদিঃ, স্তৃঙ্ আচ্ছাদনে স্বাদিঃ ক্র্যাদিশ্চ, সূচ পৈশূন্যে, সূত্র বেষ্টনে স্তন্ গদ্ দেব্ শব্দে, সার্ কৃপ্ শ্রথ্ দৌর্ব্বল্যে, সাম সান্ত্বনে, সভাজ পূজায়াং, স্থূল পরিবৃংহণে, স্তেন চৌর্য্যে, স্তোম শ্লাঘায়াং নব চুরাদয়ঃ; এতান্ বর্জ্জয়িত্বা। এতে অচ্‌তবর্গপরা অপি সাদয়ো ন ষোপদেশাঃ। ননূপদেশে ষাদিত্বং কিমর্থম্? শাসিবসিঘসীত্যাদিনা নিয়মেন নিয়তস্য মূর্দ্ধন্যাদেশসকারস্য ব্যবস্থাবিজ্ঞাপনার্থম্। স্তম্ভত ইতি ষ্টভি স্কভি প্রতিবন্ধে। কচিদিত্যাদিষটবর্গাদিত্যাদিনা যঃ তকারস্য টকার আসীৎ, স নিমিত্তাপায়াদপগতঃ; অতএব তবর্গপরো মূর্দ্ধন্যাদিরয়ং ধাতুঃ। দন্ত্যাদেশস্য তু সৃটভিধাতোঃ সশ্চেত্যনেন টে পরে সকারে মূর্দ্ধন্যে কৃতে ষ্টম্ভত ইতি রূপম্।

১৭৯ ন। ষ্ঠিবু নিরসনে ভ্বাদির্দিবাদিশ্চ যুক্ক গতৌ দণ্ডকে পঠ্যতে, এতয়োঃ ষঃ সো ন ভবতি। দন্ত্যাদিটকারযুক্তস্য সৃঠিবুধাতোঃ ষশ্চেতি মূর্দ্ধন্যষকারে কৃতে ষ্ঠীবতীতি সিধ্যত্যেব, মূর্দ্ধন্যাদিথকারযুক্তস্য ষ্থিবুধাতোঃ ষ্ঠীবতীতি সিদ্ধ্যর্থং নিষেধবিধানম্।

এইটী নামধাতু হইল। নামধাতু বলিলে সর্ব্বত্র এইরূপ বুঝিতে হইবে। "ণকারম্ ইচ্ছতি" ইত্যর্থে ণকার ("তুল্যাচারে—" ঈয়, 'অন্ত্যে:' ণকার শব্দের অকার লোপ—ণকারীয়, (ঈয়ন্ত ধাতু) + তিঙ্, মধ্যে শঙ্ = ণকারীয়তি।

(১৭৮) ধাতুর আদিভূত মূর্দ্ধন্য ষকার দন্ত্য সকার হয়। ইহার তাৎপর্য্য এই যে, পদের আদিতে 'ষ' থাকে না। যথা, ষ্টভি—স্তম্ভতে। 'ষ্টভি'টী ধাতু, আর 'স্তম্ভতে'টী পদ। এখানে ষ্টভি ধাতুর আদিভূত ষ – 'স' হইয়াছে। যেমন ষটী—স০হইল, অমনি ষএর পর যে 'ট'টী ছিল, সেটী ও 'ত' হইয়া গেল; কারণ—"ষটবর্গাত্তথধাং টঠঢাঃ" এই সূত্রানুসারে 'ষ'এর পর 'ত' থাকিলে সেই তকার স্থানে 'ট' হইবার কথা; দন্ত্য সকারের পর ত থাকিলে তাহার স্থানে 'ট' হইবার কথা কিছু নাই। তাহা হইলেই বুঝা যাইতেছে যে, ষ্টভি ধাতুতে যে 'ট' ছিল, ঐ টকারের কারণ একমাত্র ষ। অতএব কারণ-ষকার যখন সকার হইল, তখন কার্য্য ট ত না হইয়া থাকিতে পারে না; টকারও ত হইল। এজন্য বৃত্তিকার বলিতেছেন;—"কচিৎ নিমিত্তা—" ইত্যাদি। অর্থাৎ কোথাও কোথাও নিমিত্তের (কারণের) অপায় (অভাব) হইলে নৈমিত্তিক (কার্য্যেরও) অপায় (অভাব) হইয়া থাকে। যেমন সূত্রাভাবে বস্ত্রাভাব, কপালাভাবে ঘটাভাব ইত্যাদি। উক্ত ন্যায় দ্বারা এখানে টকারস্থানে ত হইল। 'ষ্টভি' ধাতুর ইকার যায়, ষ্টভ্ থাকে। যে ধাতুর ইকার ইৎ হয়, ইদিদ্ধাতোর্নুম্' এই সূত্রে বলিয়া তাহার মধ্যে নুম্ হয়। ষ্টভ্ + তে, ষ'এর স্থানে স, টস্থানে ত, 'ইদিদ্ধা—' মধ্যে নুম্ 'চতুর্দ্দশ্যাং—' মধ্যে শঙ্ = স্তম্ভতে।

নামধাতোঃ ৬০ চ।১০

১৮০। নামধাতোশ্চ—ষোড়ীয়তি ॥

ইদিদ্ধাতোঃ ৫০ নুম্ ১০

১৮১। ইদিদ্ধাতোর্নুম্।—কেবলেদিদ্ধাতোরুত্তরে নুম্ভবতি। বদি বন্দতে ॥

ন ১০ কম্পেঃ ৫০ কায়বিকারে ৭০

১৮২। ন কম্পেঃ কায়বিকারে ॥

১৮০ নাম। নামধাতোশ্চ যঃ সো ন ভবতি। ষোড়ীয়তীত্যত্র ষড় দন্তা অস্যেতি বহুব্রীহৌ কৃতে, বহুব্রীহৌ বয়সি সুসংখ্যাভ্যাং দন্তস্য দতৃরিতি দত্রাদেশঃ, ঋকার উগিৎকার্য্যার্থঃ, দতরি চেতি ষষঃ ষো ভাবো দকারস্য ড়ঃ, ষোড়ন্তমাচষ্টে ইতি নাম্ন ইত্যাদিনা ণিঙ্ অনেকাচামিত্যাদিনা অতো লুক্, পচাদেশ্চেতি ঙঃ, ণিঙ্লোপঃ, ষোড়মিচ্ছতি ষোড়মিবাচরতি বা তুল্যাচার ইত্যাদিনা ঈয়্ ধাতুসংজ্ঞায়াং সত্যাং তিঙাদিকার্য্যম্।

১৮১ ইদি। ইকার ইদ্গচ্ছতি যস্য স ইদিৎ, ইকারমাত্রস্য গমনে ইদিত্বং ন তু মিলিতস্য। ভিদিরাদেস্তু ইর্ভাগগমনে ন ইদিত্বম্, ইরিৎকার্য্যন্তু তত্রাস্ত্যেব। ন হি মৈত্রস্য ছিন্নে হস্তে ছিন্নাঙ্গুলিরিতি ব্যপদেশো ভবতি, অতএব ব্যাচকার—কেবলেদিদ্ধাতোরিতি। টুনদিপ্রভৃতীনান্তু টুভাগোঽপি পৃথগিতি ইদিত্বমবিরুদ্ধমেব। বন্দতে ইতি বদি অভিবাদনস্তুত্যোঃ মিদন্ত্যাচঃ পরমিতি দকারপূর্ব্বে নুম্। ধাত্বধিকারেঽপ্যত্র পুনর্দ্ধাতুগ্রহণং ধাতূপদেশাবস্থায়ামেব নুম্ ভবতীতি সূচনার্থম্। তেন কুণ্ঠা তুণ্ডেত্যাদৌ গুর্ব্বাদিহলন্তাদদ্যাপাদেরিত্যাদ্যত্বতি, অন্যথা ক্তিঃ স্যাৎ।

১৮২। ১৮৩। ন কম্পেঃ। কপি চলন ইত্যস্য কায়বিকারে ণগি গত্যর্থে পঠ্যতে তস্য,

(১৭৯) ষ্ঠিবু ও ষুক্ক ধাতুর আদিভূত ষকার স্থানে স হয় না। যথা—ষ্ঠীবতি ষুক্কতে। পূর্ব্বসূত্রানুসারে নিত্য সকারের প্রাপ্তিতে নিষেধ করা হইল। ষ্ঠিব+তিঙ্, "দীর্ঘ ষ্ঠীব—" ষ্ঠিবুর ইকার দীর্ঘ=ষ্ঠীবতি। ষুক্ক+তে, মধ্যে শঙ্=ষুক্কতে।

(১৮০) নাম ধাতুর আদিভূত ষ স হয় না। যথা—ষোড়ীয়তি। নিত্য দন্ত্য সকারের প্রাপ্তিতে নিষেধ। ষট্ দন্তা যস্য সঃ' এই বহুব্রীহি সমাসে "বহুব্রীহৌ বয়সি সুসংখ্যায়াঃ দন্তস্য দতৃঃ" দন্তশব্দস্থানে দতৃ আদেশ, দতৃর দৎ থাকে, "দতরি চ" ষষ্ শব্দের ষোভাব, দতের দকারস্থানে ড ষোড়ন্ হইল—প্রথমান্ত পদ, 'ষোড়ন্তমাচষ্টে' ইত্যর্থে ষোড়ৎ+ণিঙ্ 'অনেকাচা—' অৎভাগের লোপ—ষোড়ি (ণিঙন্ত ধাতু) (পরাদেশ্চ) ণিঙ্ লোপ ও প্রত্যয়ের অকার ড়্কারে যুক্ত ষোড হইল—নাম। ষোডমিচ্ছতি ষোড়মিবাচরতি বা ইত্যর্থে ষোড+(তুল্যাচারে) ঈয়্, 'অন্নোঃ' ষোড-শব্দের অকারলোপ—ষোডীয় (ঈয়ন্ত, সুতরাং নাম ধাতু)+তিঙ্, মধ্যে শঙ্=ষোড়ীয়তি।

(১৮১) ইকারটী মাত্র যে ধাতুর ইৎ হয়, এইরূপ ধাতুর উত্তর নুম্ হইয়া থাকে। যথা—বদি—বন্দতে। বদি'র ইকার মাত্র যায়, এজন্য ইহা ইদিৎ, সুতরাং ইকারের মধ্যে নুম্ হইল। 'ইদিৎ' কথাটী ধাতুর বিশেষণ, ইৎ (ইকারঃ) ইৎ (গচ্ছতি) যস্য স ইদিৎ—ইকার মাত্র যাহার যায়, তাহাকে ইদিৎ বলে। নুম্ ইহা ধাতুর মধ্যস্থানে হয়, 'কেবল ইকারটী মাত্র যায়' এই কথা বলিবার কারণ এই যে 'ভিদির্' প্রভৃতি ধাতুর ইর্ ভাগ যায়। কিন্তু ইর্ ভাগ যাওয়াতে ত 'ইর্' এর সঙ্গে ইকারও যাইতেছে, তবে কি ইহাকেও 'ইদিৎ' বলিতে পারা যাইবে। না, এরূপ বলা চলিবে না। এই জন্যই 'কেবলেদিৎ' বলা হইয়াছে। মাত্র ইকারটী ইৎ হইলেই তাহাকে 'ইদিৎ' বলে, অপর দুই একটী বর্ণের সহিত ইকার ইৎ হইলে তাহাকে ইদিৎ বলা চলিবে না। 'বদি' টী ধাতু 'বন্দতে' টী পদ। বদ+তে, ধাতুর মধ্যে নুম্, 'চতুর্ণড়া—' মধ্যে শঙ্=বন্দতে।

লঙ্গেঃ ১০ উপতাপে ৭০

১৮৩। লঙ্গেরুপতাপে।—বিকপিতো দেহবিকার ইত্যর্থঃ, বিলগিতো রোগ ইত্যর্থঃ ॥

জভাদেঃ ৫০ অচি ৭০

১৮৪। জভাদেরচি।—অচি বিষয়ে জভাদেরুন্তরে মুস্তবতি। অপেক্ষিত-বিধেরনপেক্ষিতবিধানং দুর্ব্বলমিতি ণিতি নৈব বৃদ্ধিঃ। জম্ভতে জম্ভা, রধ্—ররন্ধিম, রভ্—আরম্ভকঃ, লভ্—আলম্ভকঃ ॥

,উপতাপার্থে মুম্ ন ভবতি। কাযবিকাব ইত্যস্যার্থং ব্যাচকাব দেহবিকাব ইত্যর্থ ইত্যনেন উপতাপ ইত্যস্যার্থং রোগ ইত্যর্থ ইত্যনেন দেহবিকারো রোগাদন্যো বোদ্ধব্যঃ, অন্যথা উভয়োরুপাদানমনর্থকং স্যাৎ। বিগলিত ইতি লগে সঙ্গে ইত্যত্রাপি সিধ্যত্যেব কিন্তু লগি গত্যাবিত্যস্য রোগে বিলঙ্গিত ইতি মাভূৎ ইত্যেবমর্থং মুম্নিষেধবিধানম্। কায়বিকারোপতাপয়োরন্যত্র বিকম্পিতঃ বিলঙ্গিতঃ।

১৮৪। জভা। জভ্‌জৃভি গাত্রবিনামে জভ্ মৈথুনে দ্বয়োরপি গ্রহণম্ অত্র ণিঙি কৃতে বৃদ্ধিঃ প্রাপ্নোতি মুমাগমশ্চ অত আহ—অপেক্ষিত বিধেরিত্যাদি। নমু অপেক্ষিতবিধিরেব কঃ যস্মিন্ কৃতে স্বার্থং পদং সিধ্যতি। তথাচোক্তং—নম্বভিশিষ্টার্থা শাস্ত্রে প্রক্৯প্তিরিতি মুমকৃতে অনেকবর্ণব্যবহিতা জিজুপান্তশ্চ ধাতুরিতি কথাদিত্বান্ন বৃদ্ধিঃ। নমু অচীতি বিষয়সপ্তমী অতঃ প্রথমমেব মুমা ভবিতব্যং ততো ণিঙি কৃতে বৃদ্ধিপ্রাপ্তিরেব নাস্তি, তৎ কথমুচ্যতে অপেক্ষিতবিধেরনপেক্ষিতবিধানং দুর্ব্বল-মিতি। ণিতি নৈব বৃদ্ধিরিতি তত্রোচ্যতে—বিষয়সপ্তমীত্বেঽপি অপেক্ষিতবিধিস্বীকার এব কারণং যতো জম্ভেত্যত্রাপেক্ষিতমান্বিধানং ন সিধ্যতীতি বিষয়সপ্তমী স্বীকরণীয়েতি তস্মাৎ সর্ব্বব্যবস্থায়ামিয়-মেব পরিভাষা মূলমিতি তৎকিমেতৎস্বীকারপ্রদ্বেষঃ জম্ভত ইতি অনুদাত্তেত্বাদাত্মনেপদং ভবতি। জম্ভেতি প্রথমং মুমি কৃতে গুর্ব্বাদিহলন্তাদিত্যাদিনা আং, অতএবাহ—অচি বিষয় ইতি। ররন্ধিম ইতি রধ্ হিংসাসংরাধ্যোঃ লিট্ মরধাদরিডপক্ষে ব্যচাদিত্বাদিট্ অতএব রধোনেড়ীতি ন প্রতিষেধঃ। আরম্ভক ইতি রভ্ রাভস্যে। আলম্ভক ইতি ডুলভষ প্রাপ্তৌ। অচীতি কিম্? জব্ধঃ রব্ধা। জভ্‌রভ্‌লভ্‌রধাশ্চত্বারো জভাদয়ঃ।

---

(১৮২) কায়-বিকার অর্থে কপি ধাতুর মধ্যে নুম্ হয় না। যথা—"বিকপিতো দেহবিকারঃ" এখানে বিকপিত শব্দের অর্থ দেহবিকার, সুতরাং কপি ধাতুর উত্তর নুম্ হইল না। কপি ধাতুর ইদিত্ব বশতঃ প্রাপ্তিতে নিষেধ করা হইল। বি কপ্+ক্ত, নুম্ নিষেধ, মধ্যে ইট্—বিকপিত+ সু=বিকপিতঃ।

(১৮৩) উপতাপ অর্থে লগি ধাতুর মধ্যে মুম্ হয় না। যথা—"বিলগিতো রোগঃ"—এখানে লগি ধাতুর অর্থ উপতাপ বলিয়া মুম্ হইল না। এস্থলেও প্রাপ্তিতে নিষেধ। সাধন প্রণালী পূর্ব্ববৎ।

(১৮৪) অচ্ বিষয়ে জভ্ প্রভৃতি ধাতুর উত্তর মুম্ হয়। যথা—"জম্ভতে" ইত্যাদি। অচ্ পরে থাকায় জভাদি ধাতুর উত্তর মুম্ হইয়া এই পদগুলি সিদ্ধ হইয়াছে। এখন একটী আশঙ্কা হইতেছে যে, ণিঙ্ প্রভৃতি ণিৎপ্রত্যয় পরে জভাদির মুম্ ও বৃদ্ধি এই উভয়েরই প্রাপ্তি হইতেছে, কিন্তু ণিঙ্ আদি ণিৎ প্রত্যয় পরে অগ্রে ণিৎকার্য্য বৃদ্ধি হইবে কি অগ্রে অচ্ পরেতে জভাদি ধাতুর উত্তর মুম্ হইবে? অগ্রে মুম্ হইলে জভাদির অচ্ অনেক বর্ণদ্বারা ব্যবহিত হয় বলিয়া "অনেক বর্ণব্যবহিত—" ইত্যাদি সূত্রানুসারে কথাদিত্বনিবন্ধন বৃদ্ধির অভাব হয়; আর অগ্রে বৃদ্ধি করিয়া পরে মুম্ করিলে ইষ্টপদ সিদ্ধ হয় না; পরন্তু অনিষ্টপদের উৎপত্তি হয়; অতএব এই আশঙ্কার সুমীমাংসার জন্য একটী যুক্তি দেখান হইতেছে; যথা—"অপেক্ষিতবিধে"—ইত্যাদি। "যস্মিন

বধঃ ৫০ ন ।১০ ইঙি ৭০

১৮৫। রধো নেঙি।—বধিষ্যতি ॥

শঙ্লিটোঃ ৭ঃ লভিরভিভ্যাম্ ৫ঃ

১৮৬। শঙ্লিটোর্লভিরভিভ্যাম্।—লভতে আরভতে, লেভে আরেভে ॥

১৮৫। ইঙি পরে বধো মুম ন ভবতি। কথং বোধবান ইতি সন্ধিকক্তোকাক্তিনয়সাদন্তাবসাবিতি বসৌ ব্যাদিত্বেন ইঙোঽভাবে নিষেধাভাবাৎ কর্ত্তব্যোঽত্র বহুলাধিকারাদিতি। যত্বং মুমত নিষেধঃ।

১৮৬। শঙ্লিটোঃ পরয়োঃ লভিরভিভ্যাং মুম ন ভবতি। ক্রমোঽত্র নেষ্যতে, যদি ক্রমোঽভিলষিতঃ স্যাত্তদা লিটি রভেঃ শঙোতোর্লভেরিতি লক্ষণং কুর্য্যাৎ। আরেভে ইতি লিট এ দ্বিরুক্তিং, অনাদেশাভ্যাসস্যেত্যাদিনা অকারস্যৈকারঃ দ্বির্লুক্ চ।

কৃতে ইষ্টপদং সিধ্যতি সং অপেক্ষিতবিধিঃ”—অর্থাৎ যাহা করিলে ইষ্ট অর্থাৎ শাস্ত্রসম্মত পদ সিদ্ধ হয়, তাহাকেই অপেক্ষিত বিধি বলে। সেই অপেক্ষিত (ইষ্ট) বিধির সহিত অনপেক্ষিত (অনিষ্ট বিধির) বিধান করা দুর্ব্বল অর্থাৎ অগ্রাহ্য। আর একটী শাস্ত্রের বিধান এই যে, “নহ্যনিষ্টা শাস্ত্রে প্রক্লৃপ্তিঃ”—অর্থাৎ শাস্ত্রে অনিষ্ট (অপ্রসিদ্ধ) কল্পনা হয় না। উক্ত যুক্তিদ্বয়ের মর্ম্ম এইরূপ—শিষ্টপরম্পরা প্রসিদ্ধ শাস্ত্রসম্মত পদই অপেক্ষিত, আর যাহা শিষ্টপরম্পরা প্রসিদ্ধ শাস্ত্রসম্মত নহে, তাহাই অনপেক্ষিত। যে বিধিতে অপেক্ষিত পদ সিদ্ধ হয়, সেই বিধিই অবলম্বনীয়; কেননা, অপেক্ষিত বিধি হইতে অনপেক্ষিত বিধি দুর্ব্বল অর্থাৎ যে বিধিতে অপেক্ষিত পদসিদ্ধ হয়, সে বিধিকে উপেক্ষা করিয়া অনপেক্ষিত বিধির অনুসরণ করা কর্ত্তব্য নহে। এখানে “জম্ভয়তি” “আরম্ভকঃ” প্রভৃতি পদ প্রসিদ্ধ শাস্ত্রসম্মত বলিয়া অপেক্ষিত, অতএব ণিং পরে ণিংকার্য্য না করিয়া প্রথমে মুম্ বিধানই অপেক্ষিত বিধি; আর ণিং পরে অগ্রে ণিংকার্য্য বৃদ্ধি করিয়া মুম বিধান করাই অনপেক্ষিত বিধি। এই বিধি অনুসারে কার্য্য করিলে ণিংপরে ‘জম্ভয়তি’ ‘আরম্ভকঃ’ প্রভৃতি-অপ্রসিদ্ধ অশাস্ত্রীয় পদের সৃষ্টি হয়। এখানে ‘অগ্রে মুম হওয়া’রূপ যে অপেক্ষিত বিধি, সে বিধিকে পরিত্যাগ করিয়া ‘অগ্রে বৃদ্ধি করিয়া মুম্ করা’ রূপ যে অনপেক্ষিত বিধি, তাহা সম্যক্ বর্জ্জন করা হইল। ইহার তাৎপর্য্য এই যে, ণিংপরে জভাদি ধাতুর বৃদ্ধির পর মুম্ হইবে না। যেহেতু ইহাতে অপ্রসিদ্ধ অসাধু পদের সৃষ্টি হয়, “জাম্ভয়তি” “আরাম্ভকঃ” প্রভৃতি পদ হয় না, এজন্য ণিংপরে ণিংকার্য্যের অগ্রে মুম হইবে। এরূপ করিলে প্রসিদ্ধ শাস্ত্রসম্মত ‘জম্ভয়তি’ ‘আরম্ভক’ প্রভৃতি পদ সিদ্ধ হইবে। জভ + তে, মধ্যে শঙ্, ধাতুর উত্তর মুম্, ‘উপান্তস্য’—নকারস্থানে ম = জম্ভতে। জভ্ + (গুর্ব্বাদিহলন্তা)—আং, মধ্যে মুম্ — জম্ভা + সু ‘আত ঈত’—সুলোপ = জম্ভা। রধ + (লিট্) ম, দ্বিরুক্তি, ‘রধাদিবিঙ্ পক্ষে’ ব্যাদিত্বাৎ ইট, মুম্ = ররন্ধিম। রভ্ + ণক—মধ্যে মুম্—আরম্ভক + সু = আরম্ভকঃ। আ — লভ + ণক, মধ্যে মুম্ — আলম্ভক + সু = আলম্ভকঃ।

(১৮৫) ইঙ্ পরে থাকিলে বধধাতুর উত্তর মুম্ হয় না। যথা—‘বধিষ্যতে’। এখানে ইঙ্ পরে থাকায় বধ্ধাতুর মধ্যে মুম্ হইল না। রধ্ধাতু জভাদির অন্তর্গত, এজন্য অচ্ পরে ইহার উত্তর ‘জভাদেরচি’—সূত্রে মুমের প্রাপ্তি ছিল, এই সূত্র দ্বারা নিষেধ করা হইল। রধ্ + (লৃট্) তে, ‘লট্লৃট্’—মধ্যে শঙ্, ‘রধাদ্যু’—মধ্যে ইঙ্, ‘ইচ্ক্রাৎ’ — যত্ব = বধিষ্যতে।

(১৮৬) শঙ্ ও লিট্ পরে থাকিলে লভ ও রভ ধাতুর উত্তর মুম্ হয় না। যথা—‘লভতে’ ইত্যাদি। শঙ্ ও লিট্ পরে থাকায় এই সকল উদাহরণে মুম্ হয় নাই। এই ধাতুদ্বয় জভাদির অন্তর্গত বলিয়া ইহাদের মুমের প্রাপ্তি ছিল, এই সূত্র দ্বারা নিষেধ করা হইল। লভ্ + তে, মধ্যে শঙ্, মুমের অভাব = লভতে। আঙ্রভ + তে, মধ্যে শঙ্, মুমের অভাব = আরভতে। এই

লভেঃ ৫০ আতি ৭০

১৮৭। লভেরাতি।—লভা দুরালভা॥

অনুপসর্গাৎ ৫০ ঘণি ৭০

১৮৮। অনুপসর্গাদ্ঘণি।—লাভঃ॥

ণমিণোঃ ৭ঃ বা।১০

১৮৯। ণমিণোর্ব্বা।—লম্ভং লম্ভং কুরুতে, লাভংলাভম্, অলম্ভি অলাভি। সোপসর্গাত্তু—প্রলম্ভং প্রলম্ভং কুরুতে, প্রালম্ভি॥

সুদুরীষদ্ভ্যঃ ৫ঃ০ অনন্যোপসর্গে ৭০ ন।১০ ঘণ্ঙয়োঃ ৭ঃ

১৯০। সুদুরীষদ্ভ্যোঽনন্যোপসর্গে ন ঘণ্ঙয়োঃ।—সুলাভঃ। অন্যোপসর্গে তু—সুপ্রলম্ভঃ অতিদুর্লম্ভঃ। অতিসুলভোঽতিদুর্লভো বেত্যেকে॥

১৮৭। আতি পরে লভের্নুম্ ন ভবতি। লভা দুরালভা ইতি ষিদ্ভিদাদেরাদিত্যাৎ।

১৮৮। অনুপসর্গাৎ লভতের্ঘণি পরে নুম্ ন ভবতি।

১৮৯। লভেরনুপসর্গান্নমিণোঃ পরয়োঃ নুম্ বা ভবতি। প্রাপ্তে বিভাষেয়ং লম্ভং লম্ভমিতি ণম্ বাভীক্ষ্ণ্যে ইতি ক্ত্বা ণম্ ণমন্তমভিহিতেঽপ্যাভীক্ষ্ণ্যে ইতি দ্বিরুক্তিঃ। অলম্ভ ইতি লুঙ্ ত সঙ্সচ্সিজ্‌-ভ্যাঞ্চ ভাবাদাবিতি ইণ্।

১৯০। বিকল্পবিধানানন্তরিতো নিষেধ ইতি পুনর্নেতি কৃতং সু দুর্ ঈষৎ ইত্যেতেভ্য উত্তরাৎ লভের্ঘণ্ঙয়োঃ অন্যোপসর্গাভাবে সতি নুম্ ন ভবতি। সুলভ ইতি সুদুরীষদ্ভ্যঃ কর্ম্মণি চেতি ঙঃ

দুইটী শব্দের উদাহরণ। লভ্+(লিট্) এ, দ্বিরুক্তি, 'অনাদেশা'—প্রকৃতির অকার স্থানে একার, দ্বিরুক্তবর্ণের লোপ, প্রত্যয়ের একার ভ'য়ে যুক্ত=লেভে। আ–রভ্+(লিট্) এ=আরেভে। সাধন প্রণালী পূর্ব্ববৎ। এই দুইটী লিটের উদাহরণ।

(১৮৭) আৎ প্রত্যয় পরে থাকিলে লভধাতুর উত্তর নুম্ হয় না। যথা—লভা, দুরালভা। "জভাদে"—অনুসারে প্রাপ্তি ছিল, এখানে আৎ প্রত্যয় পরে থাকায় লভ্ধাতুর উত্তর নুম্ হইল না। লভ+("ষিদ্ভিদা")—আৎ, নুম্ হইল না—লভা+সু=লভা। দুরালভা—এভাবৎ আৎ-প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দ।

(১৮৮) ঘণ্ প্রত্যয় পরে থাকিলে অনুপসর্গ লভধাতুর উত্তর নুম্ হয় না। যথা—লাভঃ। এখানে লভ ধাতুর উপসর্গ না থাকায় ঘণ্ প্রত্যয় পরে নুম্ হইল না। লভ+("পুংসি ঘণ্ কারকে চ") ঘণ্, বৃদ্ধি—লাভ+সু=লাভঃ। ঘণ্প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ।

(১৮৯) ণম্ ও ইণ্ প্রত্যয় পরে থাকিলে অনুপসর্গ লভ ধাতুর উত্তর নুম্ বিকল্পে হয়। যথা—'লম্ভং লম্ভং কুরুতে—লাভংলাভম্' ইত্যাদি। এই সকল উদাহরণে ণম্ ও ইণ্ পরে থাকায় নুম্ বিকল্পে হইয়াছে। ইহা নিত্য নুমের প্রাপ্তিতে বিকল্প বিধান। লভ+("ণম বাভীক্ষ্ণ্যে") ক্ত্বা—ণম্, (ণমের অম্ থাকে) নুম্ হইল, 'উপান্তস্য'—নকারস্থানে ম, 'অনেকবর্ণব্যব'—বৃদ্ধির অভাব, ণমন্তপদের দ্বিরুক্তি—লম্ভংলম্ভম্। লম্ভং+('লিঙ্গসংখ্যাবিনির্ম্মুক্তাৎ') সু—'সুপোঽব্যয়াৎ' সুলোপ=লম্ভম্। "ণমন্ত" নুম্ না হওয়ার পক্ষে 'লাভং লাভং' হইবে। একবার 'অনেকার্ণব্যবহিতাচ্' হয় নাই বলিয়া ণম্ পরে বৃদ্ধি হইয়াছে, অপর প্রণালী লম্ভংলম্ভংবৎ। এই দুইটী নমের উদাহরণ। লভ+(লুঙ) ত 'লুঙ্সঙ্চ' মধ্যে সঙ্, 'সচ্সিচ্—'সঙের সহিত 'ত' প্রত্যয় পরে ইণ্ হইল, মধ্যে নুম্, বৃদ্ধির অভাব, পদাদিতে অকার আগম=অলম্ভি। অলাভি—অলম্ভিবৎ, বিশেষ বৃদ্ধি ও নুমের অভাব। এই দুইটী ইণের উদাহরণ।

আঙঃ ৫০ যঙি ৭০ স্যাৎ—ক্রিয়া

১৯১। আঙো যঙি স্যাৎ।—আলম্ভ্যা গৌঃ॥

উপাৎ ৫০ স্তুতৌ ৭০

১৯২। উপাৎ স্তুতৌ।—উপলম্ভ্যা বিদ্যা॥

চতুর্লড়াদৌ ৭০ শঙ্ ১০ ভূণ্যাদেঃ ৫০

১৯৩। চতুর্লড়াদৌ শঙ্ ভূণ্যাদেঃ।—ক্রমাৎ কথামানেষু চতুর্ষু লট্-লোট্-

অকষ্টার্থে যৎসুভ্যাং দুঃখার্থাদ্ধ্রুব ইতি নিয়মাদেব অধিকার্থস্য সোর্ঘণেব সুলাভ ইতি। অতিসুলভোঽতি দুর্লভোবেত্যেক ইতি অতির্বদা পূজায়ামতিক্রমে চ বর্ত্ততে, তদোপসর্গত্বং নাস্তীত্যন্যেষাং মতং; তেনান্যোপসর্গযুক্তত্বাভাবান্নিষেধ এব। অত্র তু সুলভদুর্লভশব্দৌ নিষ্পাদ্য পশ্চাদতিনা ডান্তস্য যোগে অতিসুলভঃ অতিদুর্লভ ইতি সিদ্ধম্। কেবলেভ্য ইতি কর্ত্তব্যে অনন্যোপসর্গ ইতি কৃতং তদিতরোপসর্গব্যাবৃত্ত্যর্থং. তেন ক্ষয়ে ক্ষেমং সুদুর্লভমিত্যাদি। নিষেধলক্ষণানামবিষয়ত্বাৎ অঙ্গ-লেখনিকাশ্রীবসনালভনপিণ্ডনামিত্যাদিনিদ্দিষ্টকবিপ্রয়োগোঽপ্যার্ত্ত এব।

১৯১ আঙো। আঙ উত্তরাৎ লভতের্যঙি পরে নুম্ স্যাৎ। আলম্ভ্যেতি পবর্গান্তাদলপাদেরিতি যৎ। আঙ্ ইতি কিং? লভ্যা। যঙীতি কিম্? আলব্ধব্যা। যঙিতি ঙকারঃ কিমর্থঃ? আলভ্যতে স্যাদিতি কৃতং স্পষ্টার্থম্।

১৯২ উপাৎ। উপাদুত্তরাৎ লভতের্যঙি পরে নুম্ স্যাৎ স্তুতৌ গম্যমানায়াম্। উপলম্ভ্যা বিদ্যা ইতি স্তুতিরত্র গম্যতে। স্তুতাবিতি কিম্? উপলভ্যং বৃষলাঙ্কনম্।

---

(১৯০) ঘণ্ ও ঙ প্রত্যয় পরে থাকিলে অন্য উপসর্গযোগরহিত সু, দুর্, ঈষৎ শব্দের পরবর্ত্তী লভ্ ধাতুর উত্তর নুম্ হয় না। যথা, ঘণ্—সুলাভঃ, ঙ—সুলভঃ। এখানে সু'র সহিত অন্য উপসর্গের যোগ না থাকায় ঘণ্ ও ঙ প্রত্যয় পরে লভ ধাতুর উত্তর নুম্ হয় নাই। "অন্যোপসর্গে তু" অর্থাৎ যখন সু, দুর্, ঈষৎ—ইহাদের সহিত অন্য উপসর্গের যোগ হইবে, তখন নুম্ নিষেধ হইবে না। যথা, ঘণ্—সুপ্রলম্ভঃ, ঙ—অতিদুর্লভঃ। এখানে 'সু' সহিত 'প্র' ও 'দুর্' উপসর্গের সহিত অতি এই অন্য উপসর্গদ্বয়ের যোগ থাকাতে নুম্ নিষেধ হইল না, পরন্তু প্রধান-সূত্র অনুসারে নুম্ হইল। 'অতিসুলভঃ, অতিদুর্লভঃ' স্থানে অতিরূপ অন্য উপসর্গযুক্ত সু ও দুর্ পূর্ব্বক লভ্ ধাতুর নুম্ নিষেধ না হইয়া প্রধান সূত্রানুসারে 'সুপ্রলম্ভঃ' ও 'অতিদুর্লম্ভঃ' বৎ নুম্ হইতে পারে। কিন্তু কেহ কেহ বলেন—পূজা ও অতিক্রম অর্থে অতি উপসর্গ হয় না, এজন্য এখানে তদর্থপ্রতিপাদনহেতু 'অতি'র উপসর্গত্বই নাই, সুতরাং অন্য উপসর্গযোগরহিত সু ও দুর্ পূর্ব্বক লভ ধাতুর উত্তর নুম্ নিষেধ হইল। সু-লভ+("সুদুরীষদ্ভ্যঃ—") ঙ—সুলভ+সু=সুলভঃ। সু-লভ+("পুংসি ঘণ্—") ঘন্, বৃদ্ধি—সুলাভ+সু=সুলাভঃ। সুপ্রলম্ভঃ, অতিদুর্লম্ভঃ—পূর্ব্ববৎ, বিশেষ মধ্যে নুম্ ও ঘণ্ পরে কথাদিত্ববশতঃ বৃদ্ধির অভাব। অতিসুলভঃ অতিদুর্লভঃ,—সুলভবৎ। ইহা প্রাপ্তিতে নিষেধ।

(১৯১) যঙ্ প্রত্যয় পরে থাকিলে আঙ্পূর্ব্বক লভ ধাতুর উত্তর নুম্ হয়। যথা—'আলম্ভ্যা গৌঃ—এখানে যঙ্পরে থাকায় নুম্ হইল। ইহা অপ্রাপ্তিতে বিধান। আঙ্-লভ+("পবর্গান্তা—") যঙ্—অলম্ভ্য+(স্ত্রীলিঙ্গে আৎ)—আলম্ভ্য+সু=আলম্ভ্যা।

(১৯২) স্তুতি গম্যমান হইলে যঙ্পরে উপপূর্ব্বক লভ ধাতুর উত্তর নুম্ হয়। 'উপলম্ভ্যা বিদ্যা' অর্থাৎ বিদ্যালাভ করা কর্ত্তব্য। এখানে স্তুতি প্রতীয়মান হওয়ায় যঙ্ পরে নুম্ হইল। উপ-লভ+যঙ্, মধ্যে নুম্—উপলম্ভ+(স্ত্রীলিঙ্গে) আৎ—উপলম্ভ্যা+সু=উপলম্ভ্যা।

লঙ্‌বিধ্যাদিলিঙ্‌ষু পরেষু ভ্বাদের্ণিঙাদেশ্চোত্তরে শঙ্ ভবতি। "ভাবকর্ম্মণোর্যথাবিহিতাঃ কর্ত্তর্য্যেব শঙাদয়ঃ।" ভবতি স্পর্দ্ধতাম্ অপচৎ পচেৎ ভাবয়তি চোরয়তি বুভূষতি বোভূয়তে পুত্রকাম্যতীত্যাদি ॥

লুক্ ১০ অং ১০ শঙাদেঃ ৫০

১৯৪। লুগচ্ছঙাদেঃ।—শঙাদেরুত্তরোঽকারো লুগ্ ভবতি। ভবন্তি দীব্যন্তি তুদন্ পচ্যন্তে বক্ষ্যন্তি অপুষন্ অধুক্ষন্ত ইত্যাদি ॥

১৯৩ চতু। ভ্বাদিরিত্যনেন ভূরাদির্যস্য ইতি প্রথমগণো গৃহীতঃ, ন তু দশগণাঃ। যদি সর্ব্বেভ্য এব শঙ্ ভবতীতি অপেক্ষিতং স্যাৎ, তদা ভূণাদেরিত্যস্য স্থানে ধাতোরিতি কুর্য্যাৎ; অথবা অধিকারাদেব প্রাপ্তে তদপি ন কুর্য্যাৎ। ভাবকর্ম্মণোরাত্মনে, কর্ত্তর্যনুদাত্তঙিদ্‌যনায়ামিত্যাদিভির্ব্যবস্থিতত্বাৎ ভাবে কর্ম্মণি কর্ত্তর্য্যেব লড়াদিসংজ্ঞকা ভবন্তীতি ব্যবস্থিতং, তেষু পরেষু ধাতোরুত্তরে বিধীয়মানাঃ শঙাদয়ঃ সামান্যেন প্রসক্তাঃ; অত আহ—"ভাবকর্ম্মণোর্যথাবিহিতাঃ কর্ত্তর্য্যেব শঙাদয়" ইত্যাদি পারিশেষ্যাৎ। আদিশব্দঃ প্রকারবচনঃ। কে চ শঙ্‌প্রকারাঃ? যে এবং বিধীয়ন্তে, যৎ মুৎ শ শ্নম্ উঙ্ নাতঃ। পচেদিতি লিঙ্ যাৎ, অত ইতি যাস্থানে একারঃ, আচ্ছেদাদাবিত্যকারলুক্। বুভূষতীতি সন্, অপূর্ব্বর্ণুতি সংস্ত্যাদিরিতি ত্যাদিস্থাদিঙভাবঃ।

১৯৪ লুগ। বক্ষ্যন্তীতি বচ্ পরিভাষণে, লৃট্ অন্তি,স্যঙ্, চজোঃ ক ইতি চস্য কঃ, ষত্বম্। অপুষন্ ইতি পুষ্ পুষ্টৌ লুঙ্ অন্, পুষাদ্যদিতোঽগ্ পরস্মৈপদ ইতি অগ্। অধুক্ষন্তেতি দুহ্ প্রপূরণে, লুঙ্ অন্ত, সচ্ শাদ্যন্তাদনিড়িগুপান্ত্যাদদৃশ ইতি সচ্, হো ঢ ইত্যাদিনা হস্য ঘঃ, তুর্য্যান্ত ইত্যাদিনা দস্য ধঃ, বর্গস্যাদিরিত্যাদিনা ঘস্য কঃ, ষত্বম্। আদিগ্রহণাৎ অবীভবন্। অদিতি ন দীর্ঘগ্রহণম্,

(১৯৩) চতুর্লকার পরবর্ত্তী হইলে ভ্বাদিগণীয় ধাতু ও ণ্যাদি ধাতুর উত্তর শঙ্ হয়। যথা—'ভবতি স্পর্দ্ধতাম্' ইত্যাদি। এখানে চতুর্লকার পরে থাকায় ভ্বাদিগণীয় ভূ ও ণ্যাদি ধাতুর উত্তর শঙ্ হইয়াছে। শঙের অকার থাকে, শ ও ঙ ইৎ হয়। 'শিতি তিষ্ঠাদিঃ স্থাদেঃ—' এই সূত্রে শিৎকার্য্য এবং জসৃঙিতোরপিবাদেঃ" এই সূত্রে ঙিৎকার্য্য হয়। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এই চারিটী লকারকে চতুর্লকার বলে। সূত্রস্থিত 'আদি'পদের অর্থ প্রকার, অন্য কিছুই নহে। ণ্যাদি ধাতু 'ভ্বাদিদশগণা—'সূত্রে দ্রষ্টব্য। শঙ্ কোন্ বাচ্যে হইবে? এই কথা সূত্রে বিশেষ করিয়া কিছু বলা হয় নাই, এজন্য সাধারণতঃ ভাব, কর্ম্ম ও কর্ত্তৃবাচ্যে শঙের প্রাপ্তি হইয়াছিল, এই হেতু বলা হইতেছে—"ভাবকর্ম্মণোর্যথাবিহিতা—" ইত্যাদি। অর্থাৎ "বিশেষেণাপি সামান্যং বাধ্যতে" এই ন্যায়ানুসারে বিশেষ বিধান—ভাবকর্ম্মবিহিত যক্ কর্ত্তৃক ভাব ও কর্ম্ম বাচ্যে বাধিত হইয়া শঙাদি কর্ত্তৃবাচ্যেই হইবে। ভূ+তিঙ্, মধ্যে শঙ্=ভবতি। স্পর্দ্ধ+তাম্ (লোট্) মধ্যে শঙ্=স্পর্দ্ধতাম্। পচ্+(লঙ্) দুঙ্, মধ্যে শঙ্, পদাদিতে অকার আগম=অপচৎ। পচ্+(বিধিলিঙ্) যাৎ, মধ্যে শঙ্ 'অতঃ' যাস্থানে একার 'আচ্ছে—' একার পরে অকারলোপ=পচেৎ। এইগুলি ভ্বাদিগণীয় ধাতুর উদাহরণ। ণিঙাদির যথা—ভূ+ণিঙ্—ভাবি (ণিঙন্ত)+তিঙ্, মধ্যে শঙ্=ভাবয়তি। চুর্+ণিঙ্—চোরি (ণিঙন্ত)+তিঙ্, মধ্যে শঙ্=চোরয়তি। ভূ+সন্, দ্বিরুক্তি, দ্বিরুক্ত ভকারস্থানে ব, ষত্ব—বুভূষ (সনন্ত)+তিঙ্, মধ্যে শঙ্=বুভূষতি। ভূ+যন্, দ্বিরুক্তি, দ্বিরুক্ত বর্ণ স্থানে ব, গুণ, বোভূয়—(যঙন্ত)+তে, মধ্যে শঙ্=বোভূয়তে। পুত্র+কাম্য—পুত্রকাম্য (কাম্যন্ত ধাতু)+তিঙ্, মধ্যে শঙ্=পুত্রকাম্যতি। এইরূপ ঈয়ন্ত আয়ন্ত প্রভৃতি বুঝিতে হইবে।

আঃ ১০ চ।১০ এতাদৌ ৭০

১৯৫। আচ্চেদাদৌ।—এতাদৌ পরে অৎ আচ্চ লুগ্ভবতি। পচে ব্যতিভে॥

উসি ৭০

১৯৬। উসি।—অপুঃ॥

ইড়াদৌ ৭০

১৯৭। ইড়াদৌ।—তস্থিব তস্থিম সমস্থিত॥

উত্তরসূত্রে আচ্চেতি করণাৎ। তেন অপি শাকং পচানস্তেত্যাদৌ ন লুক্। প্রকরণনিয়মাৎ প্রাদের্ব্বাদেঃ শঙ্ ইত্যস্যাগ্রহণং, তেন উজ্জিঘ্রা ইত্যাদৌ জসোঽলুক্ ন স্যাৎ।

১৯৫ আচ্চে। পচে ইতি স্বরিতেত্বাদাত্মনেপদং লট্ এ। ব্যতিভে ইতি ভা দীপ্তৌ, কর্ম্মব্যতীহারে ইত্যাদিনা আত্মনেপদম্। আদিগৃহীতান্ দর্শয়তি।

১৯৬ উসি। উসি পরে অৎ আচ্চ লুগ্ভবতি। অপুরিতি পাধাতোর্লঙ্ অন্, বিদেরুস্ দ্বিষাদন্তাদ্বেতি উস্। একপদবিদেরুপক্রান্তত্বাৎ অশব্দাৎ সপ্তম্যা সিদ্ধে এ শব্দে পরে বদৈ ইত্যত্র কিদাশীর্ল্যোরিত্যাদিনা বসেরুসাদেশে চ কৃতে প্রোষিত ইত্যত্র চ লুগ্ ন ভবতি।

১৯৭ ইড়া। ইড়াদাবিতি পাঠো লিপিকরপ্রমাদকৃতঃ। তস্থিব ইতি প্রথমং যদুদাহৃতং, তদপি প্রমাদপরম্পরাকৃতম্। ইঙাদাবিতি পাঠঃ। ইঙো হি মুখ্যত্বাৎ প্রথমমুপন্যাসো যুক্তঃ। ইঙাদৌ পরে অৎ আচ্চ লুগ্ভবতি। সমস্থিতেতি সংপ্রব্যবেভ্যঃ স্থ ইত্যাত্মনেপদং লুঙ্ ত, সঙ্, স্থাদাধাধেটদোদাণদেঞামাত্মনে সত্তীতি ইৎ, আল্লুক, অঙ্যাদিত্যাদিনা সঙ্লুক্। তস্থিবেতি লিট্ ব,

(১৯৪) শঙাদির পরবর্ত্তী অকারের লোপ হয়। শঙাদির আদি পদে শঙ্, যৎ, শ, যক্, স্যঙ্, অগ্ এবং সচ্ ইত্যাদি বুঝিতে হইবে। উদাহরণ যথা, শঙ্—ভূ+অন্তি, মধ্যে শঙ্, শঙের অকারের পরবর্ত্তী অন্তির অকারলোপ=ভবন্তি। দিব্+অন্তি, মধ্যে যৎ, দন্তাবান্তত্বাৎ "রান্তাদে" দিব্ ধাতুর ইকার দীর্ঘ, 'যৎ' এর অকারের পর অন্তির অকারের লোপ=দীব্যন্তি। তুদ্+শতৃ, মধ্যে শ, শ'র আকারের পরবর্ত্তী শতৃর অকার লোপ—তুদৎ+স্=তুদন্। পচ্+(কর্ম্মবাচ্যে—লট্) অন্তে, মধ্যে যক্, যকের অকারের উত্তর অন্তের অকার লোপ=পচ্যন্তে। বচ্ (লৃট্) অন্তি, মধ্যে স্যঙ্, "চজোঃ কঃ" বচ্ধাতুর চকারস্থানে ক্, ক'র উত্তর সকারস্থানে ষত্ব, স্যঙের অকারের উত্তর অন্তির অকারলোপ=বক্ষ্যন্তি। পুষ্+(লুঙ) অন্, 'পুষাদ্যদিতো—' মধ্যে অগ্, অগের পরবর্ত্তী অনের অকারলোপ=অপুষন্। দুহ্+(লুঙ্) অন্ত 'সচ্ শান্তন্তা—"মধ্যে সচ্ 'হোঢ়—' দুহ ধাতুর হকার স্থানে ঘ্ 'তুর্য্যান্তত্তৃতীয়ো-' দুহধাতুর হকার স্থানে ঘ, 'বর্গস্থাদি—" ঘকারস্থানে ক, ক'র উত্তর সচের সস্থানে ষত্ব, সচের অকারের পরবর্ত্তী অন্ত'র অকারলোপ, পদাদিতে অকারাগম=অধুক্ষন্ত। এই সকল প্রয়োগ দ্বারা অনকেও শঙাদির অন্তর্ভুক্ত বুঝিতে হইবে।

(১৯৫) এদাদি পরে থাকিলে অকার ও আকারের লোপ হয়। যথা—পচে, ব্যতিভে। পচ্+(লট্) এ, মধ্যে শঙ্, শঙের অকার চকারে যুক্ত, একার পরে শঙের অকারলোপ=পচে। বি-অতি-ভা+ (লট্) এ, একার পরে আকারলোপ, একার ভ'য়ে যুক্ত=ব্যতিভে।

(১৯৬) উস্ পরে থাকিলে অকার ও আকারের লোপ হয়। যথা—অপুঃ। এখানে উস্ পরে থাকায় পা ধাতুর আকারেরলোপ হইয়াছে। পা+(লঙ্) অন্ 'বিদেরুস্—' অন্স্থানে উস্, উস্ পরে পা ধাতুর আকার লোপ, পদাদিতে অকার আগম=অপুঃ।

কৃদচি ৭০ অঙনাদৌ ৭০

১৯৮। কৃদচ্যঙনাদৌ।—গোদঃ গোপ্রদঃ। ঙনাদৌ তু—দানং দুর্দানং দানীয়ম্॥

দ্বিরুক্তিহেতৌ ৭০ অচি ৭০ অগি ৭০ চ।১০

১৯৯। দ্বিরুক্তিহেতাবচ্যগি চ।—পপতুঃ অহ্বৎ॥

এৎ ১০ অঙিৎ ১০

২০০। এদঙিৎ।—শঙাদেরুত্তরোঽঙিদাদেস্তবতি। পচেতে। অঙিদাদিতি কিম্? পচানি। অপি শাকং পচানস্যেত্যত্র বাহুল্যান্ন স্যাৎ॥

মূর্দ্ধশষসাৎ কাদিরিতি থা ইত্যস্য দ্বিরুক্তিঃ, হ্রস্বশ্চ, কৃস্বৃভৃ ইত্যাদিনা ব্যচাদিত্বাদিট্। অনিঙাদৌ তু হাধাতোর্ঘনলুকি, ইনি কৃতে, অতা সহ গুণে কৃতে জাহেতীতি।

১৯৮ কৃদ। ঙনাদিবর্জ্জিতে কৃদচি পরে অৎ আচ্চ লুগ্ভবতি। গোদ ইতি গাং দদাতীতি দঃ প্রাচ্চেতি অঙ্। ঙনাদৌ তু দানমিতি ঙনট্। দুর্দ্দানমিতি অদরিদ্রাদস্তাদিতি ঙনঃ। আদিগ্রহণাৎ দানীয়ম্।

১৯৯ দ্বিরু। দ্বিরুক্তিহেতৌ অচি অগি চ পরে অৎ আচ্চ লুগ্ভবতি। পপতুরিতি পাধাতোর্লিট্ অতুস্; একদেশে সমুদায়োপচারাৎ অতোঽত্র দ্বিরুক্তিহেতুত্বম্। অহ্বদিতি হ্বেঞ স্পর্দ্ধায়াম্, এচোঽশীত্যাত্বং, লুঙ্ দুঙ্ লিপ্সিচ্হ্বেঞামিতি অগ্।

২০০ এদ। পচেতে ইতি এত্বে কৃতে আচ্চেদাদাবিতি অকারলুক্। পচানীতি লোট্ ঙানি। পচানস্যেতি শানঃ, শঙ্ শানেঽত ইতি প্রাপ্তস্য মকারস্য ক্বচিন্ন স্যাদিতি নিষেধঃ।

---

(১৯৭) ইড়াদি পরে থাকিলে অকার ও আকারের লোপ হয়। যথা—তস্থিব ইত্যাদি। এখানে ইট্ আদি পরে থাকায় অকার ও আকারের লোপ হইয়াছে। স্থা+(লিট্) ব, 'মূর্দ্ধশষসাৎ'—" স্থা'র দ্বিরুক্তি থা, 'হ্রস্বশ্চ' হ্রস্ব, 'কৃস্বৃভৃ—' মধ্যে ইট্, ইট্ পরে স্থাধাতুর আকালোপ=তস্থিব। তস্থিম—তস্থিববৎ। সং-স্থা+(লুঙ্) ত, মধ্যে শঙ্, 'স্থাদা ধাধেট্—' সঙের পূর্ব্বে ইঙ্, ইঙ্ পরে স্থাধাতুর আকারলোপ, পদাদিতে অকার আগম, 'অঙ্যাদদৃদ্ভ্যাং? সঙ্লোপ, 'সংপ্রব্যবেভ্যস্থ' আত্মনেপদ সমস্থিত।

(১৯৮) ঙনাদি ভিন্ন কৃতের অচ্ পরে থাকিলে অকার ও আকারেব লোপ হয়। যথা—গোদঃ গোপ্রদঃ। এখানে অনাদি ভিন্ন কৃতের অচ্ পরে থাকায় ও অকার আকারের লোপ হইয়াছে। গাং দদাতীতি গোদঃ (উপপদ তৎপুরুষ সমাস) গো+দা, 'দঃ প্রাচ্চ' অঙ্, অঙ্ পরে দা ধাতুর আকার লোপ=গোদঃ। গাং প্রদদাতীতি গোপ্রদঃ পূর্ব্ববৎ। যখন ঙনাদি পরে হইবে, তখন অকার ও আকারের লোপ হইবে না, লোপ হইলে 'দনং' এইরূপ পদ হইত। দান+সু=দানম্। দুর্-দা+ঙন, দা'র আকারে এবং ঙন্ প্রত্যয়ের অকারে মিলিত হইয়া আকার হইল—দুর্দ্দান+ +সু=দুর্দ্দানম্। দা+অনীয়ঙ্, আকারের লোপ হইল না—দানীয়ম্।

(১৯৯) দ্বিরুক্তির হেতু অচ্ ও অগ্ পরে থাকিলে অকার ও আকারের লোপ হয়। যথা—পপতুঃ, অহ্বৎ। যে অচ্ পরে থাকিলে দ্বিরুক্তি হইবে, তাহাকেই দ্বিরুক্তি হেতু অচ্ বলে। দ্বিরুক্তিহেতু অচ্—পা+(লিট্) অতুস্, দ্বিরুক্তি, (এই অচ্ পরে দ্বিরুক্তি হইল বলিয়া ইহা দ্বিরুক্তিহেতু অচ্ হইল।) দ্বিরুক্তবর্ণের হ্রস্ব, দ্বিরুক্তির হেতু অতুসের অচ্ থাকায় পাধাতুর আকারের লোপ=পপতুঃ। হ্বে+(লুঙ্) দুঙ্, 'এচোঽশিতি' হ্বেধাতুর একারস্থানে আকার 'লিপ্সিচ্—' মধ্যে অগ্ অগ্ পরে হ্বাধাতুর আকারলোপ, পদাদিতে অকারাগম=অহ্বৎ।

অঙমি ৭০ উত্তমে ৭০

২০১। অঙম্যুত্তমে।—অঙমি উত্তমে পরেঽৎ আস্তবতি। ভবামি পচাবহে। অঙমীতি কিম্? অপচম্॥

অঙিত্তথোঃ ৭০০ চ।১০ পঞ্চমালুকি ৭০

২০২। অঙিত্তথোশ্চ পঞ্চমালুকি॥

২০১ অঙ। পচে ইত্যত্রানেনাত্বে চ কৃতে আল্লোপে ন কশ্চিদ্বিরোধঃ। অপচমিতি লুগচ্ছ-ঙাদেরিত্যকারলুক্। নন্বু এদাদাবেব ঙমপি পঠ্যতাং, তদা অপচমিত্যত্র অনেনাত্বে কৃতেঽপি আচ্ছেদাদাবিতি ভবিষ্যতি। নৈবম্। তদা অভামিত্যত্র লুক্ স্যাৎ। ভবেয়মিত্যত্র যামি যা যশ্চেতি বিশেষবিধানাৎ এত্বমাত্বস্য বাধকং ভবত্যেব। ভবেব ভবেম ইত্যত্রাপেক্ষিতবিধিত্বাৎ প্রথমম্ অত ইতি যাস্থানে একারে কৃতে পশ্চাদাত্বম্, আচ্ছেদাদাবিত্যাকারলুক্; অথবা আত্বং বাধিত্বা লুগেব করণীয়ঃ। আত্বে তু প্রথমং কৃতে একারো ন প্রাপ্নোতি, হ্রস্বোক্ত্যা দীর্ঘস্যাগ্রহণাৎ।

২০২ অঙি। পঞ্চমালুকীতি লুগিত্যনেনানবস্থানমুচ্যতে, তৎপ্রতিষেধাৎ পঞ্চমাবস্থানে সতি ইতি লভ্যতে। সম্ভবব্যভিচারে হি বিশেষণমনর্থবদ্ভবতীতি ন্যায়াৎ অত্রাবস্থিতস্য পঞ্চমস্য লুক্ অলুক্ চ সম্ভবতি, তৎ গ্রাহ্যং; তচ্চ ধাত্বন্তস্থিতস্যৈব সম্ভবতি। "সন্নিহিতালাভে বিপ্রকৃষ্টং বিধিরপেক্ষতে" ইতি ন্যায়াদব্যবহিতে বিধানং, তেনায়মর্থো ভবতি—অঙিতি তকারে থকারে চ পরে পঞ্চমান্তস্য ধাতোঃ পঞ্চমস্যালুকি সতি তদ্ব্যবহিতঃ অৎ আস্তবতি।

(২০০) শঙাদির উত্তর অঙিৎ আৎ এৎ হয়। যথা—পচেতে। শঙাদি পূর্ব্বে উক্ত হইয়াছে। যে আকারের ঙ ইৎ হয় নাই, তাহাকে অঙিৎ আৎ বলে। 'পচেতে' স্থানে শঙের উত্তর অঙিৎ আতের আকার একার হইয়াছে। পচ্+আতে, মধ্যে শঙ্, শঙের উত্তর আতের আকার একার হইল, "অচ্চে—" একার পরে শঙের আকারলোপ, একার চকারে যুক্ত=পচেতে। শঙের উত্তর ঙিৎ আৎ থাকিলে তাহা এৎ হয় না। যথা—পচানি। পচ্+(লোট্) ঙানি, মধ্যে শঙ্, (এখানে শঙের উত্তর ঙানির আকার ঙিৎ আকার হইয়াছে, এজন্য একার হইল না) অকার ও আকারের দীর্ঘ=পচানি। "অপি শাকং পচানস্য" এই স্থানে 'পচান' পদটী শান প্রত্যয় করিয়া সিদ্ধ করা হইয়াছে, কিন্তু শঙের উত্তর শান প্রত্যয়ের অঙিৎ অকারের স্থানে একার হয় নাই, ইহার কারণ বহুলাধিকার, বহুলাধিকারে কোথাও প্রবৃত্তি কোথাও নিবৃত্তি, কোথাও বিভাষা এবং কোথাও অপূর্ব্ববিধান হইয়া থাকে। তন্মধ্যে এখানে নিবৃত্তি হইয়াছে বুঝিতে হইবে। এজন্য মূলে 'বাহুল্যাৎ ন স্যাৎ' এই কথা বলা হইয়াছে।

(২০১) ঙম্ ভিন্ন উত্তমপুরুষ পরে থাকিলে অকার স্থানে আকার হয়। যথা—"ভবাম, পচাবহে"—এখানে 'ভবামি' পদে মিঙ্ এবং 'পচাবহে' পদে বহে এই উত্তমপুরুষদ্বয় পরে থাকায় পূর্ব্বের অকার আকার হইয়াছে। যখন 'ঙম্' এই উত্তমপুরুষ পরে থাকিবে, তখন পূর্ব্বের অকার স্থানে আকার হইবে না। যথা—'অপচম্'—এখানে ঙম্ এই উত্তমপুরুষ পরে থাকায় পূর্ব্বের অকার স্থানে আকার হইল না। 'ঙম্' লঙের পরস্মৈপদের উত্তমপুরুষের একবচন। এইটী ভিন্ন যাবতীয় উত্তমপুরুষ পরে থাকিলেই পূর্ব্বের অকার স্থানে আকার হইবে। ভূ+(লট্) মিঙ্, 'চতুর্লঙা—' মধ্যে শঙ্, অকার স্থানে আকার=ভবামি। পচ্+(লট্) বহে, মধ্যে শঙ্, উত্তমপুরুষ পরে অকার স্থানে আকার=পচাবহে। পচ্+(লঙ্) ঙম্, মধ্যে শঙ্ এখানে 'ঙম্' উত্তমপুরুষ পরে হওয়ায় অকার স্থানে আকার হইল না, পদাদিতে অকার আগম=অপচম্।

(২০২) পঞ্চমবর্ণের লোপ না হইলে অঙিৎ "ত" ও অঙিৎ থ পরে থাকিলে অকার স্থানে

ক্তি ৭০ ক্রমঃ ৬০ বা।১০

২০৩। ক্তি ক্রমো বা।—শান্তঃ শংশান্তঃ ক্রান্ত্বা ক্রন্ত্বা ॥

শিতি ৭০ তিষ্ঠাদিঃ ১০ স্থাদেঃ ৬০

২০৪। শিতি তিষ্ঠাদিঃ স্থাদেঃ।—শিতি পরে স্থাদেঃ স্থানে তিষ্ঠাদির্ভবতি। স্থা—তিষ্ঠতি, পা—পিবতি, ঘ্রা—জিঘ্রতি, ধ্মা—ধমতি, ম্না—মনতি ॥

দাণযমোঃ ৬০ যচ্ছঃ ১০

২০৫। দানযমোর্যচ্ছঃ ॥

ঋঃ ১০ ঋচ্ছঃ ১০

২০৬। ঋর্ঋচ্ছঃ ॥

২০৩ ক্তি। ক্তি পরস্থাৎ ক্রম্ পাদবিক্ষেপে ইত্যস্য অৎ আত্তবতি বা। শান্ত ইতি শম্ উপশমে, অস্যানিঙ্গণপাঠাভাবাৎ তথোশ্চাঙীত্যাদিনা পঞ্চমলুগ্ ন ভবতি, ক্তক্তবত্বোর্ব্বিকল্পিতেড্ভো ন স্তাদিতি ইণ্ভাবঃ, ধাতুমো নোঽযঙ্ ইতি মস্য নঃ। শংশান্ত ইতি যন্লুকি দ্বিরুক্তিঃ, জপ্জভেত্যাদিনা অনুস্বারঃ। অঙিত্তথোরিত্যঙিদঙ্ব ইতি বক্তব্যম্। তেন শুশ্রাংহি ব্যতিশংশাসে ইত্যাদি সিধ্যতি, এবং শাস্ত্রান্তরেণ সহাবিরোধো ভবতি। অঙিদিতি কিম্? হন্তি। তথোরিতি কিম্? গম্যতে। পঞ্চমালুকীতি কিম? হতঃ হথঃ।

২০৪।২০৫।২০৬ শিতি। ষ্ঠা গতিনিবৃত্তৌ, পা পানে, ঘ্রা গন্ধোপাদানে, ধ্মা শব্দাগ্নিসংযোগয়োঃ, ম্না অভ্যাসে, দাণ্ দানে, যম্ উপরমে, ঋ গতৌ প্রাপণে চ; এষাং যথাযথমাদেশা ভবন্তি। ঋ সৃ গতাবিত্যস্য তু হ্বাদেঃ শতরি ইয়ৃচ্ছদিতি, ঋঋচ্ছোর্ভ্যোস্ত ঋচ্ছদিতি ভবিতব্যম্। যন্লুকি শিতোঽভাবান্নৈতে ভবন্ত্যাদেশাঃ। অনভিধানাৎ শতুরভাবো যন্লুগন্তাদ্বেদিতব্য ইতি রক্ষিতেনোক্তম্।

আকার হয়। যথা—"শান্তঃ সংশান্তঃ"। এখানে শম্ ধাতুর পঞ্চমবর্ণ মকারের লোপ না হওয়ায় অঙিৎ তৎপরে পঞ্চমবর্ণ ব্যবহৃত অকারস্থানে আকার হইয়াছে। উপশমার্থ শম্ ধাতু অনিঙ্গণ পঠিত নহে, এজন্য 'তথোশ্চ—' সূত্রে পঞ্চমবর্ণের লোপ হয় নাই। শম্ + ক্ত, পঞ্চমবর্ণের অ লোপ, অকারস্থানে আকার 'ধাতুমোনো—' সস্থানে ন—শান্ত + সু = শান্তঃ। শম্ + যন্, দ্বিরুক্তি, 'জপজভ—' দ্বিরুক্তবর্ণের পর অনুস্বারাগম—শংশম্ (যন্ লুগন্ত) + ক্ত—শংশান্ত + সু = শংশান্তঃ।

(২০৩) ক্তা প্রত্যয় পরে থাকিলে ক্রম ধাতুর অকারস্থানে আকার হয় বিকল্পে। যথা—ক্রান্ত্বা, ক্রন্ত্বা। ক্রান্ত্বা পদে ক্তা প্রত্যয় পরেতে অকার স্থানে আকার হইল, আর ক্রন্ত্বা পদে হইল না। ক্রম + ক্তা, অকার স্থানে আকার = ক্রান্ত্বা।

(২০৪) শিৎপ্রত্যয় পরে থাকিলে স্থা প্রভৃতি ধাতু স্থানে তিষ্ঠ আদি আদেশ হয়। যথা, স্থা—তিষ্ঠতি, পা—পিবতি ইত্যাদি। এখানে শিৎপ্রত্যয় পরে স্থা ধাতুস্থানে তিষ্ঠ এবং পা ধাতু স্থানে পিব আদেশ হয়। শ যাহার ইৎ হয়, তাহাকে শিৎ কহে। শঙের শ ইৎ যায় বলিয়া উহা শিৎ। স্থা + তিঙ্, মধ্যে শঙ্, স্থা স্থানে তিষ্ঠ আদেশ, শঙের আকার ঠকারে যুক্ত = তিষ্ঠতি। পা + তিঙ্, মধ্যে শঙ্, পাস্থানে পিব আদেশ = পিবতি। ঘ্রা + তিঙ্, মধ্যে শঙ্, ঘ্রা স্থানে জিঘ্র আদেশ = জিঘ্রতি। ধ্মা + তিঙ্, মধ্যে শঙ্, ধ্মা স্থানে ধম্ = ধমতি। ম্না + তিঙ্, শঙ্, ম্না স্থানে মন্ = মনতি।

(২০৫) শিৎপ্রত্যয় থাকিলে দান ও যম্ ধাতু স্থানে যচ্ছ আদেশ হয়, যথা—যচ্ছতি,। দান্—যম + তিঙ্, শঙ্, যচ্ছ আদেশ = যচ্ছতি।

(২০৬) শিৎপ্রত্যয় পরে থাকিলে ঋ ধাতু স্থানে ঋচ্ছ আদেশ হয়। যথা—ঋচ্ছতি, ইয়ৃচ্ছৎ।

সর্ত্তেঃ ৬০ ধাবঃ ১০ বেগে ৭০

২০৭। সর্ত্তের্ধাবো বেগে।—ধাবতি ॥

শদ্‌সদোঃ ৬ঃ শীয়সীদৌ ১ঃ

২০৮। শদ্‌সদোঃ শীয়্‌সীদৌ।—দৃশ্—পশ্য, গম—গচ্ছ, ইষ্—ইচ্ছ ॥

নঃ ১০ লুক্ ১০ সন্‌···শাম্ ৬ঃ০

২০৯। নো লুক্ সন্‌জ্‌স্বন্‌জ্‌রন্‌জ্‌দন্‌শাম্।—সজতি ॥

দীর্ঘঃ ১০ ষ্ঠিবুক্লমাচমাম্ ৮ঃ০

২১০। দীর্ঘঃ ষ্ঠিবুক্লমাচমাম্।—নিষ্ঠীবতি ক্লামতি আচামতি ॥

২০৭ সর্ত্তে। স্থ গতাবিত্যস্য শিতি পরে বেগে বাচ্যে ধাবো ভবতি। অবেগে তু—অনুসরতি। ঋচ্ছ্ ধাতোঋর্চ্ছতি, ধাবুধাতোর্ধাবতি ইতি সিধ্যত্যেব; কিন্তু ঋধাতোররতীতি, বেগেঽপি সর্ত্তেঃ সরতীতি স্যাৎ; তন্নিরাসার্থং বচনম্।

২০৮ শদ্। শদ্ শাতনে, ষদ্৯ বিশরণগত্যবসাদনেষু; এতৌ ভ্বাদী তুদাদী চ। এতয়োঃ শিতি পরে শীয়সীদৌ ভবতঃ। শীয়তে সীদতি। দৃশির্ প্রেক্ষণে, গম্‌৯ স্থপ্৯ গতৌ, ইষু ইচ্ছায়াম্; এতেষামাদেশা উদ্দিষ্টা এব।

২০৯ নো। সন্‌জ্ সঙ্গে, স্বন্‌জ্ পরিষঙ্গে, রন্‌জ্ রাগে, দন্‌শ্ দংশনে, এষাং নকারঃ শিতি পরে লুগ্‌ভবতি। অথবা ন ইতি যষ্ঠী।

২১০ দীর্ঘঃ। ষ্ঠিবু স্ঠিবু নিরসনে সম্চেতি মূর্দ্ধন্যে কৃতে দ্বয়োরপি গ্রহণম্, ক্লমু গ্লানৌ,

'ঋচ্ছতি' পদে শঙ্‌রূপ শিৎ প্রত্যয় পরে ভ্বাদিগণীয় ঋ ধাতুস্থানে ঋচ্ছ আদেশ এবং 'ইয়ৃচ্ছৎ' পদে শতৃরূপ শিৎ প্রত্যয় পরে হ্বাদিগণীয় ঋ ধাতুস্থানে ঋচ্ছ আদেশ হইয়াছে। ঋ+তিঙ্, শঙ্, ঋধাতু স্থানে ঋচ্ছ আদেশ=ঋচ্ছতি। ঋ+শতৃ, দ্বিরুক্তি 'ঋপৃ—' সূত্রে দ্বিরুক্ত ঋকারস্থানে ঈ, ঈকার স্থানে ইয়্, শতৃ এই শিৎ প্রত্যয় পরে ঋ ধাতুস্থানে ঋচ্ছ আদেশ—ইয়ৃচ্ছৎ+স্থ 'ন জক্ষাদি—' মধ্যে মুম্ নিষেধ=ইয়ৃচ্ছৎ।

(২০৭) শিৎ প্রত্যয় পরে থাকিলে বেগবাচক স্থ ধাতুস্থানে ধাব্ আদেশ হয়। যথা—ধাবতি। বেগ অর্থ না হইলে ধাব্ আদেশ হয় না। যথা—অনুসরতি। স্থ+তিঙ্, শঙ্, স্থস্থানে ধাব আদেশ=ধাবতি। অনু· স্থ+তিঙ্, শঙ=অনুসরতি।

(২০৮) শিৎ প্রত্যয় পরে থাকিলে শদ ধাতুস্থানে শীয়্ ও সদ ধাতুস্থানে সীদ্ আদেশ হয়। যথা—শীয়তে, সীদতি। এখানে শিৎপ্রত্যয় পরে থাকায় শদ্‌ধাতুস্থানে শীয় ও সদ্‌ধাতুস্থানে সীদ আদেশ হইল। শদ এবং সদধাতু ভ্বাদি ও তুদাদিগণীয়। শদ্+তে, মধ্যে শঙ্, শীয় আদেশ 'দীর্ঘোপান্ত—' গুণাভাব=শীয়তে। সদ্+তিঙ্, শঙ্, সীদ আদেশ, গুণাভাব=সীদতি। এই সূত্রগুলি 'শিতিতিষ্ঠাদিঃ স্থাদেঃ' এই সূত্রেরই অন্তর্ভুক্ত গাণিক সূত্র অর্থাৎ গণসূত্রের অন্তর্গত, এজন্য স্থাদির অবশিষ্ট ধাতু ও তিঙাদির অবশিষ্ট আদেশগুলি দেখান হইতেছে। যথা—'দৃশ্, পশ্য—' ইত্যাদি। দৃশ—পশ্য=পশ্যতি, গম্—গচ্ছ=গচ্ছতি, ইষ্—ইচ্ছ=ইচ্ছতি। শিৎপ্রত্যয় পরে দৃশধাতুস্থানে পশ্য, গমধাতুস্থানে গচ্ছ ও ইষধাতু স্থানে ইচ্ছ আদেশ হয়। ইহাদের সাধনপ্রণালী 'তিষ্ঠতি' 'পিবতি' প্রভৃতির ন্যায়।

(২০৯) শিৎ প্রত্যয় পরে থাকিলে সন্‌জ্, স্বন্‌জ্, রন্‌জ্ ও দন্‌শ্ ধাতুর নকার লোপ হয়। যথা—সজতি ইত্যাদি। এখানে শিৎপ্রত্যয় পরে থাকায় সন্‌জ্ ধাতুর নকারলোপ হইয়াছে। সন্‌জ্+তিঙ্, মধ্যে শঙ্, নকারলোপ, শঙের অকার জকারে যুক্ত=সজতি

গুপূ···পণেঃ ৫০ আয়ঙ্ ১০ পরস্মৈ।১০ চ।১০

২১১। গুপূধূপ্‌বিচ্ছিপনিপণেরায়ঙ্ পরস্মৈ চ।—গোপায়তি ধূপায়তি বিচ্ছায়তি বিচ্ছায়তী বিচ্ছায়ন্তী॥

বিচ্ছেঃ ৫০ বা।১০ ইতি ২০ একে ১:০

২১২। বিচ্ছের্ব্বেত্যেকে।—বিচ্ছতি বিচ্ছায়তি পনায়তি পণায়তি॥

পণেঃ ৫০ ব্যবহারে ৭০ বা।১০

২১৩। পণের্ব্যবহারে বা।—শতং পণায়তি পণতে॥

আঙ্‌পূর্ব্ব চমু অদনে পঠ্যতে; এষাং শিতি পরে দীর্ঘো ভবতি। নিষ্ঠীবতীতি ন ষ্ঠিবুষুক্কোরিতি প্রতিষেধাৎ ষঃ সো ন ভবতি। ক্লামতীতি ণ্যাদিগণপঠিতত্বাৎ শঙ; যদা তু বা ভ্রাশ্‌ভ্লাশ্‌ ইত্যাদিনা যৎ ক্রিয়তে, তদা ক্লাম্যতীত্যত্র শমাদের্দীর্ঘ ইতি দীর্ঘো ভবতি। আঙ্‌পূর্ব্বাদন্যত্র চমতি সংচমতি।

২১১।২১২ গুপূ। গুপূ রক্ষণে, ধূপ্ সন্তাপে, বিচ্ছি গতৌ, পন্ স্তুতৌ, পণ্ ব্যবহারে স্তুতৌ চ; এভ্য উত্তরে আয়ঙ্ ভবতি পরস্মৈপদঞ্চ। পণিপনোরনুদাত্তেত্ত্বেনায়ঙ্‌নিমিত্তেন চ, শেষাণাঞ্চ আয়ঙ্‌নিমিত্তেনাত্মনেপদে প্রাপ্তে পরস্মৈপদবিধানম্। সন্নিকৃষ্টত্বাৎ প্রকৃতিনিমিত্তমেবাত্মনেপদং পরস্মৈপদেন বাধ্যতে; ন তু ভাবকর্ম্মণোরিত্যনেনাত্মনেপদম্। গোপায়তীতি শঙ্, বিচ্ছায়তীতি তুদাদিত্বাচ্ছঃ; অতএব বিচ্ছায়ন্তীত্যত্র শতৃপ্রত্যয়ে কৃতে ঋদুগিদিত্যাদিনা ঈপ্রত্যয়ঃ, অতো বেতি পক্ষে নুম্। বিচ্ছের্ব্বেত্যেকে ইতি তন্মতে বিচ্ছতীতি শঃ।

২১৩ পণে। ব্যবহারেঽর্থে বর্ত্তমানাৎ পণেরায়ঙ্ বা ভবতি পরস্মৈপদঞ্চ। শতং পণায়তীতি ব্যবহৃঞ্‌পণের্ব্যবহারে বেতি পক্ষে ষষ্ঠী। অব্যবহারে তু নিত্যমেব আয়ঙ্। দেবং পণায়তি স্তৌতীত্যর্থঃ। ব্যবহারার্থে আয়ঙ্ ন ভবতীতি জয়াদিত্যমতং, ব্যবহারেঽপ্যায়ঙ্ ভবতীতি ভাষ্যকারমতম্; উভয়মতদর্শনাদ্‌বিকল্পবিধানং সূত্রকৃতা দর্শিতম্। তথাচ—"ন চোপলেভে বণিজাং পণায়া"মিতি ভট্টিঃ।

---

(২১০) শিৎ প্রত্যয় পরে থাকিলে ষ্ঠিব, ক্লম্ ও আঙ্ পূর্ব্বক চম্ ধাতুর দীর্ঘ হয়। যথা—নিষ্ঠীবতি, ক্লামতি, আচামতি। নি—ষ্ঠিব্ + তিঙ্, শঙ্, দীর্ঘ = নিষ্ঠীবতি। ক্লম্ + তিঙ্, শঙ্, দীর্ঘ = ক্লামতি। আঙ্—চম্ + তিঙ্, শঙ্, দীর্ঘ = আচামতি।

(২১১) গুপ্, ধূপ্, বিচ্ছ্, পন্ ও পণ্ ধাতু ধাতুর উত্তর আয়ঙ্ প্রত্যয় হয় এবং আয়ঙন্ত ঐ ধাতু সকলের উত্তর পরস্মৈপদ হইয়া থাকে। যথা—গোপায়তি ইত্যাদি। এই ধাতুগুলি আয়ঙন্ত না হইয়া প্রযুক্ত হয় না। গুপ্ + আয়ঙ্ (আয়ঙের আয় থাকে) গুণ—গোপায় (আয়ঙন্ত ধাতু) + তিঙ্ (পরস্মৈপদ) শঙ্ = গোপায়তি। ধূপায়তি, বিচ্ছায়তি—গোপায়তিবৎ। বিচ্ছ্ + আয়ঙ্—বিচ্ছায় + শতৃ, মধ্যে শ—বিচ্ছায়ৎ + ("ঋদুগিৎ—" স্ত্রীলিঙ্গে) ঈৎ, 'অতো বা' বিকল্পে নুম্ = বিচ্ছায়তী, বিচ্ছায়ন্তী।

(২১২) কেহ কেহ বলেন—বিচ্ছ ধাতুর উত্তর বিকল্পে আয়ঙ্ হয় এবং আয়ঙ্ পক্ষে পরস্মৈপদ হইয়া থাকে। যথা—বিচ্ছতি, বিচ্ছায়তি। এখানে বিচ্ছ্ ধাতুর উত্তর আয়ঙ্ বিকল্পে হইল। অপর উদাহরণদ্বয় প্রধান সূত্রের। এই সূত্রটীও প্রধান সূত্রের অন্তর্গত, কেবল বিচ্ছ-ধাতু সম্বন্ধীয়। বিচ্ছ্ + তিঙ্, মধ্যে শ = বিচ্ছতি। বিচ্ছ্ + আয়ঙ্—বিচ্ছায় + (আয়ঙন্ত) তিঙ্, মধ্যে শ = বিচ্ছায়তি। পন্ + আয়ঙ্—পনায় + (আয়ঙন্ত) তিঙ্, শঙ্ = পনায়তি। আয়ঙন্ত ধাতু ঙিৎ ধাতু হয় বলিয়া 'কর্ত্তর্য্যনু—' অনুসারে ইহাদের উত্তর আত্মনেপদ হইবে; এজন্য আয়ঙন্তের উত্তর পরস্মৈপদের বিধান করা হইয়াছে

যকি ৭০ চতুর্ষ্ব ৭:০ অপি।১০ বা।১০

২১৪। যক্যচতুর্ষ্বপি বা।—গোপায্যতে গুপ্যতে গোপায়য়তি গোপয়তি গোপায়িতঃ গুপ্তঃ গোপায্যাৎ গুপ্যাৎ॥

ক্রমঃ ৬০ পরস্মৈ।১০ শঙ্যতোঃ ৭০ দীর্ঘঃ ১০

২১৫। ক্রমঃ পরস্মৈ শঙ্যতোর্দীর্ঘঃ।—ক্রামতি ক্রাম্যতি॥

২১৪ যক্য। গুপাদের্যকি অচতুর্ষ্বপি আয়ঙ্ বা ভবতি পরস্মৈপদঞ্চ। পূর্ব্বসূত্রাদ্বাগ্রহণং পণিনা সহসম্বন্ধম্, এতাবতা বাহত্র গ্রহণং গুপাদেরেব বিকল্পার্থম্। ণ্যাদৌ সনাদৌ চ আয়ঙঃ কণ্ড্বাদিযস্য গ্রহণম্, তেন গোপায়াঞ্চকার কণ্ডূয়াঞ্চকার ইত্যত্র ভাম্। গোপায়া কণ্ডূয়েত্যত্র সনাদেশ্চেত্যনেন আন্তবতি। যক্যচতুর্ষ্বপি বেতি বিষয়সপ্তমী, তেন গোপায়েত্যত্র প্রথমম্ আয়ঙ্ পরসপ্তম্যাস্তু প্রথমং ক্তিঃ স্যাৎ, ততঃ আয়ঙ্ ইতি। বিচ্ছায়তী বিচ্ছায়ন্তীত্যত্র ণ্যাদিত্বাৎ প্রাপ্তং শঙং বাধিত্বা বিচ্ছেস্তুদাদিপাঠসামর্থ্যাৎ শ এব ভবতি। যে তু বিচ্ছের্ব্বেতি বিকল্পেনায়ঙমিচ্ছন্তি, তেষাং বিচ্ছতি বিচ্ছন্তীত্যত্রৈব শবিধানং কৃতার্থমিতি, বিচ্ছায়ন্তীত্যত্র তু শঙেব ভবতীতি মতম্। গুপ্ত ইতি গুপ্ রক্ষণে উদিত্বাদ্বিকল্পিতেঙত্বাৎ ক্তক্তবন্তোর্বিকল্পিতো ঞে ন স্যাদিতি নিত্যমিঙ্নিষেধঃ; গোপায়িতি ইত্যত্র তু আয়ঙন্তস্য ধাত্বন্তরত্বাদিঙ্ ভবত্যেব। যদি পরসপ্তমী স্যাৎ, তদা গুপেরেবায়ং ক্তো বিহিত ইতি ইঙ্নিষেধঃ স্যাৎ। গুপ্যাদিতি আশীর্লিঙ্ যাৎ।

২১৫ ক্রমঃ। ক্রমু পাদবিক্ষেপে ইত্যস্য পরস্মৈপদসম্বন্ধিনোঃ শঙ্যতোঃ পরয়োর্দীর্ঘো ভবতি। ক্রামতি ক্রাম্যতি ইতি বা ভ্রাশভ্লাশ ইত্যাদিনা পক্ষে যৎ, তদভাবপক্ষে ভ্বাদিত্বাৎ শঙ্। আত্মনেপদশঙ্যতোস্তু, যুদ্ধেষু ক্রমতে ক্রম্যতে; অ প্রতীঘাতোৎসাহেত্যাদিনা আত্মনেপদম্।

(২১৩) ব্যবহারার্থ পণ্ ধাতুর উত্তর বিকল্পে আয়ঙ্ হয় এবং আয়ঙ্ পক্ষে পরস্মৈপদ হইয়া থাকে। যথা—"শতং পণায়তি, পণতে"—অর্থাৎ শত টাকা লইয়া ব্যবহার অর্থাৎ বাণিজ্য করিতেছে। এখানে বিকল্পে আয়ঙ্ এবং আয়ঙ্ পক্ষে পরস্মৈপদ হইল। পণ + তে, মধ্যে শঙ্ = পণতে। পণ ধাতু অনুদাত্তেৎ বলিয়া আত্মনেপদী।

(২১৪) যক্ ও অচতুর্লকার বিষয়ে গুপাদি ধাতুর উত্তর আয়ঙ্ হয় বিকল্পে এবং আয়ঙ্ পক্ষে পরস্মৈপদ হইয়া থাকে, কিন্তু যকের পক্ষে পরস্মৈপদ হইবে না। যথা, যক্—গোপায্যতে, গুপ্যতে; অচতুর্লকার—গোপায়য়তি, গোপয়তি; গোপায়িতঃ, গুপ্তঃ; গোপায্যাৎ, গুপ্যাৎ। গুপ + আয়ঙ্ – গোপায় (আয়ঙন্ত) (কর্ম্ম বা ভাববাচ্যে) তে, 'যগ্‌ভাব—' মধ্যে যক্ (যকের অকারযুক্ত 'য' থাকে) = গোপায্যতে। গুপ + (ভাব বা কর্ম্মবাচ্যে) তে, মধ্যে যক্ = গুপ্যতে। গোপায় + ণিঙ্ (ণিঙ্ – চতুর্লকার নয়) এজন্য ণিঙ্ পরে থাকায় আয়ঙন্ত হইল—গোপায়ি (ণিঙন্ত) + তিঙ্ মধ্যে শঙ্, গুণ, একার স্থানে অয়্ – গোপায়য়তি। গুপ + ণিঙ্, গুণ—গোপি (ণিঙন্ত) + তিঙ্, শঙ্ = গোপয়তি। গোপায় + ক্ত, মধ্যে ইঙ্ – গোপায়িত + সু = গোপায়িতঃ। গুপ্ + ক্ত = গুপ্তঃ। 'বিকল্পিতেঙ্' ধাতু বলিয়া 'ক্তক্তবন্তো—' ইঙ্ হইল না। গুপ্ + আয়ঙ্ – গোপায় + (আশীর্লিঙ্) যাৎ = গোপায্যাৎ। পক্ষে – গুপ্ + (আশীর্লিঙ্) যাৎ = গুপ্যাৎ। "গুপ-ধূপ –" ইত্যাদি সূত্রে আয়ঙন্তের উত্তর যে পরস্মৈপদ বিহিত হইয়াছে, তাহা প্রকৃতি নিমিত্ত আত্মনেপদের বাধক। "ভাবকর্ম্মণো –" সূত্রানুসারে যে আত্মনেপদ বিহিত হইয়াছে, তাহার বাধক নহে, এজন্য 'গোপায্যতে' স্থানে পরস্মৈপদ হইল না।

(২১৫) পরস্মৈপদসম্বন্ধী শঙ্ ও যৎ পরে থাকিলে ক্রম ধাতুর অকার দীর্ঘ হয়। যথা,

গুহঃ ৬০ ঙিদচি ৭০

২১৬। গুহো ঙিদচি।—নিগূহতি অজূগুহৎ অবগূহকঃ॥

কণ্ডূঞাদেঃ ৫০ যঃ ১০

২১৭। কণ্ডূঞাদের্যঃ।—কণ্ডূয়তি কণ্ডূয়তে কণ্ডূয্যতে কণ্ডূয়া। কণ্ডূঞ হৃণীঙ মহীঙ অসু মন্তু বল্গু ধেট লোট তিরস্ উরস্ তাপস্ ইষস্ উষস্ বিরস্ কুসুম মগধ মেধা সুখ দুষ্খ চরণ ভরণ ভূষণ অধর চরম সমর ভিষজ্ ত্রিষ্টুপ্ বিষুগুজ্ ইষুয্ উষ গর্দ্দভ এলা মেলা বেলা কেলা খেলা উত্তম পস্পশ॥

২১৬ গুহো। গুহূ সংবরণে ইত্যস্য ঙিদচি পরে দীর্ঘো ভবতি। নিগূহতীতি তিঙ্ শঙ্, গুণং বাধিত্বা দীর্ঘঃ। অজূগুহদিতি ণিঙ্ দীর্ঘঃ। লুঙ্ দুঙ্ শ্রিদ্রুশ্রুকমেঃ কর্ত্তর্য্যন্ ইতি অন্, নিল্লিড়ন্তেত্যাদিনা দ্বিরুক্তিঃ, হ্রস্বোঽশাস্বাদেরিতি হ্রস্বঃ, অগুরাবপ্রথমাদেরিত্যাদিনা দীর্ঘঃ, লঙ্লুঙ্ ইত্যাদিনা অঙ্। অবগূহক ইতি ণকস্য ণিত্বাৎ ঙিত্বং, দীর্ঘবিধানসামর্থ্যাৎ হ্রস্বোঽশাস্বাদেরিতি হ্রস্বোঽত্র ন ভবিষ্যতীতি কস্যাপ্যাশঙ্কিতং নিরাকর্ত্তুম্ অজূগুহদিত্যুদাহৃতম্। যতো দীর্ঘবিধানং নিগূহতি ইত্যাদাবেব দৃষ্টপ্রয়োজনং নান্যর্থং যুজ্যতে। ঙিতীতি কিম্? নিজুগুহতুঃ। অচীতি কিম্? নিগোঢ়ুম্। এতৎ লক্ষণদ্বয়ং দীর্ঘঃ ষ্ঠিবুক্লমাচমামিত্যাদ্যনন্তরমাসীৎ, লিপিকরপ্রমাদাদিহ দৃশ্যতে, অতএব দীর্ঘ ইতি চ প্রমাদকৃতম্।

২১৭ কণ্ডূ। কণ্ডূঞ ইত্যেবমাদিভ্যো যঃ প্রত্যয়ো ভবতি। কণ্ডূঞাদয়ো গণপঠিতা দ্বিধা ধাতবো নামানি চ। তত্র ধাত্বধিকারাদ্ধাতুভ্য এবায়ং প্রত্যয়ঃ ন তু নামভ্যঃ। কণ্ডূঞাদীনামনুবন্ধ আত্মনেপদার্থঃ, তেন স্বরিতঞিতোরিত্যাত্মনেপদম্; কণ্ডূয়তে। অকর্ত্রর্থক্রিয়াফলে তু কণ্ডূয়তি। কণ্ডূয্যেত্যত্র সনাদেশ্চেত্যাৎ। হৃণীঙমহীঙোর্ঙিত্বাদাত্মনেপদম্; হৃণীয়তে মহীয়তে। অসু মন্তু বল্গু ইত্যেতেভ্যো যে কৃতে সনীণ্দীর্ঘ ইতি দীর্ঘঃ, অসূয়তি মন্তূয়তি বল্গূয়তি। চান্দ্রাস্তু এস্তুবন্ধানেতান্ পঠন্তি। মগধদুষ্খসুখাদয়োঽকারান্তাঃ যে গণে পঠ্যন্তে, তেষাং মগধ্যতীত্যাদি অকারলোপে, পরস্মৈপদবিধানন্তু চিন্ত্যম্। যে তু নামানি কণ্ডূঞাদয়ঃ, তেষাং যকারো ন ভবতি; কণ্ডূঃ মন্তুঃ বল্গুরিতি।

শঙ্—ক্রামতি, যৎ—ক্রাম্যতি। এখানে 'ক্রামতি' স্থলে পরস্মৈপদ সম্বন্ধী শঙ্ পরে এবং 'ক্রাম্যতি' স্থলে পরস্মৈপদসম্বন্ধী যৎ পরে ক্রম ধাতুর আকার দীর্ঘ হইয়াছে।

(২১৬) ঙিৎ অচ্ পরে থাকিলে গুহ্ধাতুর উকার দীর্ঘ হয়। যথা—নিগূহতি। এখানে ঙিৎ পরে থাকায় গুহ্ধাতুর উকার দীর্ঘ হইয়াছে। নি—গুহ+তিঙ্, মধ্যে শঙ্, দীর্ঘ 'দীর্ঘোপান্ত—' গুণাভাব=নিগূহতি। গুহ+ণিঙ্, দীর্ঘ—গূহি+(ণিঙন্ত) (লুঙ্) দুঙ্ 'শ্রিদ্রুশ্রু—' মধ্যে অন্ 'নিল্লিড়ন্ত—' গূ'র দ্বিরুক্তি 'হ্রস্বোঽশা—' গূ'র হ্রস্ব 'অগুরাব—' দ্বিরুক্তি সনবৎ এবং দ্বিরুক্ত বর্ণের উকার দীর্ঘ 'লঙ্লুঙ্—' পদাদিতে অকারাগম, 'ণিঙ্লোপো—' ণিঙের লোপ, অনের অকার হকারে যুক্ত=অজূগুহৎ। অব—গুহ+ণক, ণিৎপ্রত্যয় নিবন্ধন গু'র উকার দীর্ঘ—অবগূহক+সু=অবগূহকঃ।

(২১৭) কণ্ডূঞ্ প্রভৃতি ধাতুর উত্তর য হয়। যথা—কণ্ডূয়তি। কণ্ডূাদিগণ পঠিত ধাতু যান্ত হইয়া প্রযুক্ত হয়। কণ্ডূাদিগণ পঠিত ধাতু সকল নাম ও ধাতু দুইই বটে, যখন নাম হইবে অর্থাৎ যখন তাহাদের উত্তর সুপ্ বিভক্তি করা হইবে, তখন উহাদের উত্তর 'য' হইবে না। কণ্ডূাদি যথা—কণ্ডূ, মন্তু বল্গু ইত্যাদি। যখন ধাতুরূপে ব্যবহৃত হইবে, তখনই উহাদের উত্তর য হইবে,

কৃপাদেঃ ৬০ কৃৢপাদিঃ ১০

২১৮। কৃপাদেঃ কৢপাদিঃ।—কৃপাদীনাং স্থানে কৢপাদির্ভবতি। চিকৢপ্সতি কৢপ্সঃ কৢপ্যতে কল্পতে প্রকৢপ্য ॥

গিরঃ ৬০ যনি ৭০ রঃ ১০ লঃ ১০

২১৯। গিরো যনি রো লঃ।—জেগিল্যতে ॥

স্বরে ৫০ বা।১০

২২০। স্বরে বা।—গিরতি গিলতি গারয়তি গালয়তি ॥

২১৮ কৃপা। চিকৢপ্সতীতি কৃপূ সামর্থ্যে সন্, সঙ্লোপেঽধোঽনাত্মনে সো বৃত্ত্যা ইত্যাদিনা ত্যাদিত্বাদিঙভাবঃ, দ্বিরুক্তিঃ, ঋদতোঃ সবর্ণপ্রায়ত্বাৎ ৯কারোঽপি ঋদদিত্যকারঃ, ইদ্বিরদিতি ইকারঃ। কৃপো লুটি চেতি পাক্ষিকমত্রাত্মনেপদম্। কৢপ্তঃ ইতি উদিত্বেন বিকল্পিতেঙত্বাৎ ক্তক্তবত্বোরিত্যাদিনা ইঙনিষেধ। কল্পত ইতি অনুদাত্তেত্বাদাত্মনেপদং, শঙ্, গুণেনাল্। প্রকৢপ্যেতি ক্ত্বা, নিত্যং কুপ্রাদেরিতি সমাসঃ, প্রাচেরিত্যাদিনা ক্ত্বা যচ্। কৃপেতি তু ক্রপ্ কৃপায়াং গতাবিত্যত্র ক্রপেঃ কৃপ্ চ ইতি আৎপ্রত্যয়েন তস্য কৃপের্ন গ্রহণম্। যদি তত্রাপি কৢপাদেশেন ভবিতব্যং তদা ক্রপেঃ কৢপ্ চেতি সূত্রং কুর্য্যাৎ। হ্যাদেরন ইত্যুণাদিলক্ষণেন কৃপেঃ সিদ্ধয়োঃ কৃপণকৃপাণশব্দয়োঃ কৢপাদেশো ন ভবতি বহুলবচনাৎ।

২১৯ গিরো। গৄ নিগরণে তুদাদিঃ, গৄ শব্দে ক্র্যাদিঃ, এতয়ো রেফো যনি পরে লো ভবতি। জেগিল্যতে ইতি লুপসদজপেত্যাদিনা ধাত্বর্থগর্হায়াং যন্, ঋদির ইতি ইর্, লত্বে কৃতে রান্তত্বাভাবান্ন দীর্ঘঃ, দ্বিরুক্তিঃ, গুণঃ। গৄ শব্দ ইত্যস্যানভিধানাৎ যনেব নাস্তীতি কেচিৎ। সূত্রে গির ইতি নির্দ্দেশেন সৌত্রত্বাৎ ভিত্যপি ঋদির্ ইতি ইর্।

২২০ স্বরে। স্বরে পরে গিরো রেফো লো ভবতি বা। গিরতীতি শস্তুদাদেরিতি শঃ। নিগাল্যত ইতি ণিঙ্, বৃদ্ধিঃ, রেফস্য লঃ, যক্, ণিঙ্লোপ ইত্যয়ং ক্রমঃ। ক্বচিদিতি বচনাৎ নিমিত্তাপায়েঽপি লত্বস্যানিবৃত্তিঃ।

যথা—কণ্ডূয়তি ইত্যাদি। কণ্ডূ + য – কণ্ডূয় + তিঙ্, শঙ্ = কণ্ডূয়তি। কণ্ডূ + য + – কণ্ডূয় + (কর্ম্ম বা ভাববাচ্যে) তে, মধ্যে যক্ = কণ্ডূয্যতে। কণ্ডূ + য – কণ্ডূয় + (সনাদেশ্চ) আৎ = কণ্ডূয়া

(২২৮) কৃপ্ প্রভৃতি ধাতু স্থানে কৢপ্ প্রভৃতি আদেশ হয়। যথা—চিকৢপ্সতি ইত্যাদি। এই উদাহরণগুলিতে কৃপ্ ধাতুস্থানে কৢপ্ আদেশ হইয়াছে। কৃপ্ + সন্, কৃপ স্থানে কৢপ্ আদেশ 'কৃ'র দ্বিরুক্তি, (ঋকার ৯কার তুল্য সুতরাং) 'ঋদৎ' দ্বিরুক্ত কৢ স্থানে ক, 'ইদ্বিরৎ' দ্বিরুক্ত বর্ণের অকারস্থানে ইকার—চিকৢপ্স (সনন্ত ধাতু) + তিঙ্, শঙ্ = চিকৢপ্সতি। কৃপ্ + ক্ত, কৢপ্ আদেশ – কৢপ্ত + সু = কৢপ্তঃ। কৃপ + (ভাব বা কর্ম্মবাচ্যে) তে, মধ্যে যক্, কৢপ্ আদেশ = কল্প্যতে। কৃপ্ + (লট্) তে, কৢপ্ আদেশ, গুণ = কল্পতে। প্র – কৃপ্ + ক্ত্বা, ক্ত্বা'র স্থানে যচ্, কৢপ আদেশ = প্রকল্প্য।

(২১৯) যচ্ পরে থাকিলে গৄ ধাতুর রস্থানে ল হয়। যথা—জেগিল্যতে। গৄ + যন্ 'ঋদির' গৄ ধাতুর ঋকার স্থানে ইর্, গি'র দ্বিরুক্তি, 'গুণাদে—' দ্বিরুক্তিতে গুণ, 'গঘঝ—' দ্বিরুক্ত গ স্থানে জ, রস্থানে ল = জেগিল্য (যনন্ত ধাতু) + তে, মধ্যে শঙ্ = জেগিল্যতে।

(২২০) স্বরবর্ণ পরে থাকিলে গৄ ধাতুর র স্থানে বিকল্পে ল হয়। যথা—'গিরতি গিলতি'

কণ্ঠে ৭০ নিত্যম্ ২০

২২১। কণ্ঠে নিত্যম্।—গলঃ ॥

ন।১০ বিষে ৭০

২২২। ন বিষে।—গরঃ।

সুপি ৭০ চ ১০

২২৩। সুপি চ।—গিরৌ গিরঃ ॥

পর্য্যঙ্কাদেঃ ৬০ বা।১০

২২৪। পর্য্যঙ্কাদের্ব্বা।—পর্য্যঙ্কঃ পল্যঙ্কঃ, নিরয়ঃ নিলয়ঃ, দুরয়ণং দুলয়নং পরিঘঃ পলিঘঃ, পরিযোগঃ পলিযোগঃ প্রত্যয়ঃ প্লত্যয়ঃ ॥

ডঃ ১০ লঃ ১০ বা।১০ লঃ ১০ চ।১০ ডঃ ১০

২২৫। ডো লো বা লশ্চ ডঃ।—চূড়া চূলা, বড়ভী বলভী, জড়ং জলম্। "ত্বং সমুদ্রশ্চ দুর্ব্বারৌ মহাসত্ত্বৌ সতেজসৌ। অয়ন্তু যুবয়োর্ভেদঃ স জড়াত্মা পটুর্ভবা"নিতি দণ্ডী ॥

২২১ কণ্ঠে। পূর্ব্বসূত্রেণ বিকল্পে প্রাপ্তে ব্যবস্থার্থং লক্ষণদ্বয়ম্ কণ্ঠে বাচ্যে গিরো রেফো নিত্যং লো ভবতি। গল ইতি ক্ষ্মদৃভাদের্ড ইতি ডঃ।

২২২ ন। বিষে বাচ্যে গিরো রেফো লো ন ভবতি।

২২৩ সুপি। সুপি চ পরে গিরো রেফো লো ন ভবতি। ক্বিবন্তা হি ধাতুত্বং ন জহতীতি ধাত্বধিকারেঽপি প্রাপ্তিঃ।

২২৪ পর্য্য। পর্য্যঙ্কাদেঃ রো লো বা ভবতি। পর্য্যঙ্ক ইতি পরিপূর্ব্ব অকি লক্ষণে ইদিত্বান্নুম্, উপান্ত্যস্য বর্গে ইতি নস্য ঙঃ, পুংসি ঘণ্ কারকে চেতি ঘণ্। নিলয় ইতি নিরপূর্ব্ব ইণ্ গতৌ ক্ষ্মদৃভাদের্ড ইতি ইণন্তত্বাৎ ডঃ। দুরয়ণমিতি ডনট্ ক্লীব ইতি ডনট্। পরিঘ ইতি পরিপূর্ব্বাদ্ধন্তেঃ পরিহন্ত্যনেন ইতি পরের্ঘশ্চেতি ডঃ ঘাদেশশ্চ। পরিযোগ ইতি যুজির যোগে ঘণ্, অকবর্গাদীত্যাদিনা জস্য গঃ।

২২৫ ডো লো। ডকারো লো ভবতি, লকারশ্চ ডো বা ভবতি। লশ্চ ড ইতি লত্ববিধৌ

ইত্যাদি। গৃ+তিঙ্, মধ্যে শ, 'ঋদির্' ইর্, র স্থানে ল = গিলতি। গৃ+ণিঙ্ – গারি (ণিঙন্ত) র স্থানে ল – গালি+তিঙ্, শঙ্ = গালয়তি।

(২২১) কণ্ঠ বুঝাইলে গৃ ধাতুর র স্থানে ল হয় নিত্য। যথা—গলঃ। গৃ+(ক্ষ্মদৃতা—') ড, গুণ, রস্থানে ল = গলঃ।

(২২২) বিষ বুঝাইলে গৃ ধাতুর রস্থানে ল হয় না। যথা—গরঃ।

(২২৩) সুপ্ বিভক্তি পরে থাকিলে গৃ ধাতুর রস্থানে ল হয় না। যথা—গিরৌ, গিরঃ। গৃ+(ক্বিপ্) ঙৌ, ঋকার স্থানে ইর্, র স্থানে ল হইল না = গিরৌ। গৃ+(ক্বিপ্) জস্, ঋস্থানে ইর্, রস্থানে ল হইল না = গিরঃ।

(২২৪) পর্য্যঙ্ক প্রভৃতি শব্দের রস্থানে ল হয় বিকল্পে। যথা—পর্য্যঙ্কঃ পল্যঙ্কঃ ইত্যাদি। 'পর্য্যঙ্ক' স্থলে ল হইল না, আর 'পল্যঙ্ক' স্থলে হইয়াছে। পরি+অঙ্কঃ = পর্য্যঙ্কঃ। পরি (রস্থানে ল)+অঙ্কঃ – পল্যঙ্কঃ। এইরূপ পর্য্যঙ্কাদি শব্দের প্রত্যেকটীরই র স্থানে একবার ল হইয়াছে, একবার হয় নাই।

বালাদেঃ ৬০ লঃ ১০ রঃ ১০ বা।১০ রঃ ১০ চ ১০ লঃ ১০

২২৬। বালাদের্লো রো বা রশ্চ লঃ।—বারঃ বালঃ, মূরং মূলম্ অরম্ অলং, রঘুঃ, লঘুঃ, অঙ্গুরিঃ অঙ্গুলিঃ, অরিঃ অলিঃ ॥

কপিরিকাদেঃ ৬০ নাম্নি ৭০ চ।১০

২২৭। কপিরিকাদের্নাম্নি চ।—কপিরিকা কপিলিকা, ত্রিপুরিকং, ত্রিপুলিকং, রোম লোম, পাংশুরম্ পাংশুলম্ কর্ম্ম কল্ম অঙ্গুরি অঙ্গুলি, অম্বরম্ অম্বলং শুক্রঃ শুক্লঃ ॥

উপসর্গস্য ৬০ আয়ধাতৌ ৭০

২২৮। উপসর্গস্যায়ধাতৌ।—প্লায়তে ॥

চন্দ্রসূত্রং, পাণিনীয়ে মুখ্যলক্ষণং নাস্তি, ডলয়োরেকত্র স্মরণমিতি বৈয়াকরণানাং প্রসিদ্ধিঃ; অতঃ প্রমাণত্বেন দণ্ডিশ্লোকোপন্যাসঃ।

২২৬ বালা। বালাদের্লকারো রো বা ভবতি, রশ্চ লো বা ভবতি। কেচিদ্বদন্ত্যত্র ব্যবস্থিত-বিভাষয়া বালঃ কচাদৌ, বারঃ পরিপাট্যাং; লঘুর্গুরুবিপরীতে, রঘুর্নৃপতিবিশেষে; অলং বৃশ্চিক-পুচ্ছে, অরং চক্রাস্তে।

২২৭ কপি। চকারো বেত্যস্যানুকর্ষণার্থঃ। কপিরিকাদেঃ শব্দস্য সংজ্ঞায়াং বিষয়ে রেফো লো বা ভবতি।

২২৮ উপ। উপসর্গস্য রেফো লো ভবতি আয়ধাতৌ পরে। প্লায়তে ইতি অয় গতৌ পঠ্যতে। পরাপূর্ব্বাৎ পলায়তে, পরিপূর্ব্বাৎ পলায়তে, প্রতিপূর্ব্বস্যায়ধাতোরনভিধানাদপ্রয়োগঃ। প্রত্যয় ইতি ইণধাতোরূপং প্রাগেব দর্শিতম্। নিরয় ইতি লত্বং ন ভবতি বহুবচনাৎ। নিলয়নমিতি তু নিপূর্ব্বস্য লীঙ্ধাতো রূপম্। উপসর্গস্যেতি সান্নিধ্যাদয়তেরেবোপসর্গো গৃহ্যতে, তেন প্রগতা আয়কা যস্মাৎ স প্রায়কো দেশঃ ইত্যত্র ন ভবতি।

---

(২২৫) ডকারস্থানে ল এবং লকারস্থানে ড বিকল্পে হয়। যথা—"চূড়া চূলা।" এই স্থানে চূড়া শব্দের ডকার বিকল্পে ল হইয়াছে। "বলভী বড়ভী" এই স্থানে বলভী শব্দের লকার বিকল্পে ড হইয়াছে। "জলং জড়ং" এস্থলেও জল শব্দের লকার বিকল্পে ড হইয়াছে। সংস্কৃতশাস্ত্রে ড লয়ের একত্ব, ইহা জানাইবার জন্যই দণ্ডীর প্রয়োগ দেখান হইতেছে; যথা—ত্বং সমুদ্রশ্চেত্যাদি অর্থাৎ তুমি এবং সমুদ্র, তোমরা উভয়েই দুর্ব্বার মহাসত্ত্ব ও সতেজস্ক। কিন্তু তোমাদের উভয়ের বিশেষ এই যে, সে জড়াত্মা; আর তুমি পটু। এখানে 'জড়াত্মা' পদটী শ্লিষ্ট, এই পদটী সমুদ্রের বিশেষণ, সমুদ্রকে জলাত্মা ও জড়াত্মা দুইই বলা হইতেছে। সুতরাং ড-লয়ের একত্ব বেশ বুঝা যাইতেছে। ড ও লয়ের একত্ব স্বীকার না করিলে এখানে শ্লেষভঙ্গ হয়। এ বিষয়ে সাহিত্যদর্পণ; যথা—"যমকাদৌ ভবেদৈক্যং ডলোর্ববোর্লরোস্তথা।"

(২২৬) বালাদির লকার র এবং রকার ল বিকল্পে হয়। যথা—"বাল বার।" এখানে বাল শব্দের লকার বিকল্পে র হইয়াছে। আর বার শব্দের রকার স্থানে বিকল্পে ল হইয়াছে। অপর উদাহরণগুলিও এইরূপ; মূল দ্রষ্টব্য। কেহ কেহ এই বিধানটী অর্থবিশেষে সংঘটিত হয়—এই কথা বলিয়া থাকেন। ইহার সিদ্ধান্ত টীকায় দেখ।

(২২৭) সংজ্ঞা অর্থাৎ নাম বাচ্যে কপিরিকাদির রকার স্থানে বিকল্পে ল হয়। যথা—কপিরিকা কপিলিকা ইত্যাদি। কপিরিকা শব্দের রকার ল বিকল্পে হইল। কপিরিকাদিগণের সমস্ত পদগুলি-তেই এইরূপ রস্থানে ল বিকল্পে হইয়াছে। কপিরিকাদিগণের প্রত্যেক পদই এক একটী নাম।

কৃপেঃ ৬০ দ্বিরুক্তে ৭০

২২৯। কৃপোর্দ্বিরক্তে।—চলীক্ৣপ্যতে ॥

ডিদ্ধলি ৭০ উৎ ১০ বৃদ্ধিঃ ১০ চতুর্ষু ৭।০ অদাদেঃ ৬০

২৩০। ডিদ্ধল্যুদ্বৃদ্ধিশ্চতুর্ষ্বদাদেঃ।—চতুর্ষু লড়াদিষু ডিদ্ধলি পরে অদাদিগণপঠিতস্যোদ্বৃদ্ধির্ভবতি। রৌতি স্তৌতি ॥

বা। ১০ উর্ণোঃ ৬০ লুঙি ৭০ চ। ১০

২৩১। বোর্ণোর্লুঙি চ।—প্রোর্ণৌতি প্রোর্ণোতি প্রৌর্ণবীৎ প্রৌর্ণাবীৎ ॥

২২৯ কৃপে। কৃপধাতোর্দ্বিরুক্তে রেফো লো ভবতি। অন্যত্র দ্বিরুক্তেঃ রেফাভাবাৎ যনেবোদাহৃতঃ। চলীক্ৣপ্যত ইতি দ্বিরুক্তিঃ, ঋদদিত্যৎ, রীঋ্বৃত ইতি রীঃ।

২৩০ ডিদ্ধ। চতুর্ষিতি বিশেষণং সংখ্যেয়ং বিশেষ্যমপেক্ষতে, তচ্চ প্রক্রান্তত্বাৎ সন্নিহিতত্বাচ্চ লড়াদয় ইত্যেব, অতএবাহ—চতুর্ষু লড়াদিষ্বিতি। অনেন তু সাঙ্কেতিকেন চতুঃশব্দেনাস্যত্রাপি ব্যবহরণীয়ম্। রৌতীতি রু শব্দে। ডিদিতি কিম্? রুতঃ। হলীতি কিম্? ষ্টুঞ স্তুতৌ স্তবানি। উদিতি কিম্? ইণগতৌ এতি। চতুর্ষিতি কিম্? ষু প্রসবৈশ্বর্য্যয়োঃ লুট্ তাঙ্ সোতা। অদাদেরিতি কিম্? জুহোতি। হ্রস্বোক্ত্যা দীর্ঘস্যাগ্রহণাৎ, অপেক্ষিতবিধিত্বেন প্রথমং বিহিতেন ঈঙ্ব্যবধানাদ্বা ব্রবীতীত্যত্র তু ন বৃদ্ধিঃ। রুতাদিত্যত্র তোস্তাদ্বাশিষীতি তদাদেশে চ রুতে স্থানিবদ্ভাবাভাবেনাডিত্বান্ন বৃদ্ধিঃ। যন্লুগন্তস্য হ্বাদিত্বেনাদাদিকার্য্যাভাবাৎ রোরোতীত্যাদৌ ন বৃদ্ধিঃ। ঔদিতি কর্ত্তব্যে বৃদ্ধিরিতি কৃতমুত্তরার্থম্।

২৩১ বোর্ণো। উর্ণোতেশ্চতুর্ষু লুঙি চ প্রাপ্তা বৃদ্ধির্বা ভবতি। চতুর্ষু পূর্ব্বযোগেণ, লুঙি চ সঙ্যশ্বিজাগুর্বৃদ্ধিরিগন্তস্যেত্যনেন প্রাপ্তা বৃদ্ধিঃ পাক্ষিকী ভবতীত্যর্থঃ। যদ্যনেন বৃদ্ধির্বিধীয়তে, তদা প্রৌর্ণবিষ্ট ইত্যত্রাত্মনেপদলুঙ্যপি বৃদ্ধিঃ স্যাৎ। প্রৌর্ণাবীদিতি লুঙ্ তুঙ্, সঙ্, উর্ণুঞ্ বেতি ব্যাচাদিত্বাভাবপক্ষে ইঙি, স্বৈক্যাদিত্বাদ্বর্হত্বাভাবে পাক্ষিকী বৃদ্ধিঃ, পক্ষে গুণঃ। ইটি তু নোবর্হস্য ইতি নিষেধাৎ বৃদ্ধ্যভাবে উবাদেশঃ, বৃদ্ধিরজাদেরিতি আদৌ বৃদ্ধিঃ।

---

৮৩। শ্যেনাদেরগ্নিসংজ্ঞায়াম্। শ্যেনং চিতবান্ শ্যেনচিৎ, কঙ্কচিৎ রথ-চক্রচিৎ। সংজ্ঞাগ্রহণং রূঢ্যর্থম্, তেন শ্যেনাদিরিব চীয়মানো হুগ্ন্যর্থ ইষ্টকারচনাবিশেষ উচ্যতে ॥

ব্রহ্মভ্রূণবৃত্রাৎ ৫০ হনঃ

৮৪। ব্রহ্মভ্রূণবৃত্রাদ্ধনঃ।—ব্রহ্মহা ভ্রূণহা বৃত্রহা। ধাতূপপদনিয়মঃ ॥

৮২ অগ্নে। অগ্নেঃ কর্ম্মণ উত্তরস্মাচ্চিনোতেরন্তরে ভূতকালে কর্ত্তরি বাচ্যে ক্বিপ্ স্যাৎ। অগ্নিচিদিতি চিঞ্ চয়নে। কালোপপদপ্রত্যয়নিয়ম ইতি। তত্র কালনিয়মঃ—অগ্নেশ্চিনোতের্ভূতে ক্বিপ্ এব, নান্যঃ প্রত্যয়ঃ, তেনাগ্নিং চিতবানিত্যর্থবিবক্ষায়াম্ অগ্নিচায় ইতি ন স্যাৎ। উপপদ-নিয়মঃ—অগ্নেশ্চিনোতেরেব ভূতে ক্বিপ্ ভবতি নান্যস্যাৎ ধাতোঃ,তেনাগ্নিকৃদিতি ন ভবতি। প্রত্যয়-নিয়মঃ—অগ্নেশ্চিনোতের্ভূত এব ক্বিপ্ নান্যস্মিন্ কালে তেন বর্ত্তমানভবিষ্যতোরগ্নিচিদিতি ন ভবতি। অগ্নাবেব চিনোতের্নান্যস্মিন্নুপপদে ইতি। ধাতুনিয়মাভাবে ধাতোরনিয়তত্বাৎ অন্যো-পপদাৎ চিনোতেঃ ক্বিপ্ ভবতি। ইষুং চিতবানিতি বিবক্ষায়াং ইষুচিদিতি ভবত্যেব। কিন্তু ধাতুনিয়মো জয়াদিত্যেনোক্তঃ, তন্মতে ইষুচিদিতি ন ভবত্যেব।

৮৩ শ্যেনা। শ্যেনাদেঃ কর্ম্মণ উত্তরস্মাচ্চিনোতেঃ ক্বিপ্ স্যাৎ অগ্নিসংজ্ঞায়াম্। ধাতূপপদ-প্রত্যয়সমুদায়েনাগ্নিসংজ্ঞা গম্যতে। অগ্নিশব্দেনাত্র অগ্ন্যর্থাধার উচ্যতে। যথা প্রদীপার্থা মল্লিকা প্রদীপ ইতি। যাদৃশী চ রূঢ়িঃ, সা বৃত্তিকৃতৈব ব্যাখ্যাতা।

৮৪ ব্রহ্ম। ব্রহ্মাদেঃ কর্ম্মণ উত্তরস্মাদ্ধন্তের্ভূতকালে ক্বিপ্ ভবতি। ব্রহ্মহেতি হন হিংসা-গত্যোঃ, ব্রহ্মহন্‌শব্দাৎ সুঃ, সৌ হনাদেরিতি দীর্ঘঃ। ধাতূপপদনিয়ম ইতি। অত্র ধাতুনিয়মো যথা—ব্রহ্মাদেরেব হন্তেঃ ক্বিপ্, নান্যস্মাদুপপদাদিতি; তেন শত্রুহা ইত্যাদি ন ভবতি। বহু-লাধিকারেণ ধাতু নিয়মস্য প্রায়িকত্বাৎ মধুহেত্যাদ্যপি দৃশ্যতে। অন্যে তু ধাতুনিয়মো নাস্ত্যেবেতি মন্যন্তে। উপপদনিয়মো যথা—ব্রহ্মাদের্হন্তেরেব নান্যস্মাদ্ধাতোঃ, তেন ব্রহ্মকৃদিতি ন স্যাৎ। ব্রহ্মাদ্যু-পপদাৎ হন্তেঃ ক্বিবেব ভবতি ভূতকালস্যানিয়মত্বাৎ ভূতে ব্রহ্মঘাত ইত্যাদ্যপি ভবত্যেব। ব্রহ্মাদ্যু-পপদাৎ হন্তের্ভূত এব ক্বিপ্ ভবতীতি প্রত্যয়স্যাপ্যনিয়মাৎ ব্রহ্মাণং হন্তীত্যর্থে ব্রহ্মহেতি ভবত্যেব। চতুর্ব্বিধ এবাত্র নিয়ম ইতি জয়াদিত্যঃ।

---

(৮২) অগ্নিশব্দ কর্ম্মোপপদ হইলে স্বাদিগণীয় চিঞ্ ধাতুর উত্তর অতীতকালে কর্ত্তৃবাচ্যে ক্বিপ্ হয়। অগ্নিং চিতবান্—অগ্নি-চি + ক্বিপ্ = অগ্নিচিৎ। এসূত্রেও পূর্ব্ববৎ কাল, উপপদ ও প্রত্যয় নিয়ম বুঝিতে হইবে।

(৮৩) অগ্নিসংজ্ঞা বুঝাইলে শ্যেন প্রভৃতি কর্ম্মোপপদে চিঞ্ ধাতুর উত্তর অতীতকালে কর্ত্তৃবাচ্যে ক্বিপ্ হয়। শ্যেনং চিতবান্—শ্যেন—চিঞ্ + ক্বিপ্ = শ্যেনচিৎ ইত্যাদি। এখানে সংজ্ঞাশব্দ দ্বারা রূঢ্যর্থের গ্রহণ হইয়াছে, যেমন প্রদীপার্থ মল্লিকা বলিলে দীপাধার বুঝায়, তদ্রূপ এখানে অগ্নিশব্দে ইষ্টকাদি রচিত অগ্নির আধার বুঝিতে হইবে।

কর্ম্মণ: ৫০ ণট্ ১০

৮৫। কর্ম্মণো ণট্।—কর্ম্মণ উত্তরাদ্ধাতোরুক্তরে ণড্ ভবতি। কুম্ভকারঃ কাণ্ডলাবঃ বেদাধ্যায়ঃ বিষখাদঃ। ব্রহ্ম বদতি, গ্রামং গচ্ছতি, আদিত্যং পশ্যতি, হিমবন্তং শৃণোতীত্যাদৌ ন ভবত্যনভিধানাৎ ॥

শ্ব...তাৎ ৫০ পচঃ ৫০ চ ১০ চ।১০ কঃ ১০

৮৬। শ্বমাংসোলূককপোতাৎ পচশ্চশ্চ কঃ।—শ্বপাকঃ মাংসপাকঃ উলূকপাকঃ কপোতপাকঃ ॥

ক্ষমীক্ষাচরিভ্যঃ ৫ঃ০ ণঃ ১০

৮৭। ক্ষমীক্ষাচরিভ্যো ণ।—বহুক্ষমা সুখপ্রতীক্ষা কল্যাণাচারা ॥

৮৫ কর্ম্ম। তৎসমুদ্দিষ্টং কর্ম্মেতি যৎ কর্ম্ম, তস্যাত্র গ্রহণং; ন স্বরূপস্য। এতদর্থমেব স্বরূপগ্রহণে কর্ম্মশব্দাদ্ভূতাবিত্যত্র শব্দগ্রহণং কৃতবান্। তৎ কর্ম্ম চতুর্ব্বিধং কারকপাদে এব ব্যাখ্যাস্যতে সন্নিহিতালাভ ইতি ন্যায়েন যস্মাৎ ধাতোঃ প্রত্যয়স্তস্যৈব কর্ম্মণো গ্রহণং, ন তু ধাত্বন্তরস্য; পশ্য কুম্ভং, করোতি কটমিতি। কুম্ভকার ইতি নির্ব্বর্ত্ত্যং কর্ম্ম, অবিদ্যমানস্যৈব কুম্ভাদেরুৎপাদনাৎ। কাণ্ডলাব ইতি বিকার্য্যং কর্ম্ম. সত এব কাণ্ডস্য বিকারকরণাৎ। বেদাধ্যায় ইতি প্রাপ্যং কর্ম্ম অসতোঽনুৎপাদনাৎ সতোঽপি বিকারকরণাভাবাৎ কেবলং ক্রিয়ামাত্রসম্বন্ধাৎ। বিষখাদ ইত্যনীপ্সিতং কর্ম্ম। কর্ম্মণ ইত্যনুবর্ত্ততে প্রাক্ ক্তবতুবিধেঃ। অকর্ম্মকত্বাৎ যত্র কর্ম্ম ন সম্ভবতি, যত্র চোপপদং কারকান্তরং শ্রূয়তে, তত্র নোপতিষ্ঠতে ইতি পচাদৌ ণটোঽবাধনার্থেন শ্বপচপাঠেন জ্ঞাপিতম্ অকর্ম্মকত্বাৎ প্রথমং পচাদেশ্চেতি ডঃ, পুনরনুপপদস্য সংস্থানে পশ্চাদবিশেষকর্ম্মসম্বন্ধে সতি ন বাধা; তেন গন্ধবহঃ হুতবহঃ মধুমথাদয়ঃ। অনভিধানাদিত্যাদি প্রাপ্যকর্ম্মণো ণট্ ন ভবতীতি। অনভিধানস্য প্রায়িকত্বাৎ।

৮৬ শ্বমাং। শ্বাদেরুত্তরস্মাৎ পচতের্ণড্ ভবতি। তস্য চকারশ্চ কঃ। শ্বানং পচতীতি শ্বপাকঃ। ঘনস্তেন পাকশব্দেন সমাসে শ্বপাকাদয়ঃ সিধ্যন্ত্যেব, অর্থঘটনা তু ন সংগচ্ছতে।

৮৭ ক্ষমী। ক্ষমুষ্ সহনে. ঈক্ষ্ দর্শনাঙ্কয়োঃ, আঙ পূর্ব্বশ্চর্ গত্যর্থঃ ইকারো ধাতুনির্দেশার্থঃ, এভ্যঃ কর্ম্মণ উত্তরেভ্যো ণো ভবতি। বহুক্ষমেতি আচমকমবমেত্যাদিনা 'কথাদিত্বাদ্‌হ্রস্বাভাবঃ, অটিত্বাদীপ্রত্যয়াভাবঃ।

(৮৪) ব্রহ্ম, ভ্রূণ ও বৃত্র কর্ম্মোপপদে হনধাতুর উত্তর অতীতকালে কর্ত্তৃবাচ্যে ক্বিপ্ প্রত্যয় হয়। যথা—ব্রহ্ম—হন্ + ক্বিপ্—ব্রহ্ম হন্ + সু 'সৌ হনাদেঃ' দীর্ঘ, 'লুগ্‌যুজোঃ' সুলোপ, 'নোনান্তস্য—' ন-লোপ = ব্রহ্মহা ইত্যাদি। এখানে পূর্ব্ববৎ ধাতু ও উপপদ নিয়মের গ্রহণ।

(৮৫) 'তৎসমুদ্দিষ্টং কর্ম্ম' সূত্র দ্বারা কারকপাদে যে-কর্ম্মের নির্দ্দেশ আছে, এখানে সেই কর্ম্মেরই গ্রহণ বুঝিতে হইবে। কর্ম্ম উপপদে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণট্ হয়। যথা—কুম্ভং করোতি—কুম্ভ—কৃ + ণট্ = কুম্ভকারঃ ইত্যাদি। ব্রহ্ম বদতি, গ্রামং গচ্ছতি ইত্যাদি স্থলে ক্বিপ্ প্রত্যয় হইতে পারিত, কিন্তু অনভিধানবশতঃ হইল না। কেননা এইরূপ প্রয়োগ দেখা যায় না।

(৮৬) শ্বন্ (কুক্কুর) মাংস, উলূক ও কপোত শব্দের পরবর্ত্তী পচধাতুর উত্তর ণট্ হয়। আর পচধাতুর চকারস্থানে ক হইয়া থাকে। শ্বানং পচতি—শ্বন্—পচ + ণট্, 'ণিত্যকথাদেঃ—' বৃদ্ধি, চস্থানে ক—শ্বপাক + সু = শ্বপাকঃ ইত্যাদি।

মনসঃ ৫০ রমেঃ ৫০ চ ১০

৮৮। মনসো রমেশ্চ।—মনোরমা॥

শীলি...র্হিভ্যঃ ৮ঃ০ বা।১০

৮৯। শীলিকামিভক্ষ্যর্হিভ্যো বা।—মাংসশীলা মাংসশীলী মাংসকামা মাংসকামী মাংসভক্ষা মাংসভক্ষী পূজার্হা পূজার্হী॥

দন্‌শঃ ৬০ নলুক্ ১০ চ।১০ কৈবর্ত্তে ৭০ ণট্ ১০

৯০। দন্‌শো নলুক্ চ কৈবর্ত্তে ণট্।—দাশঃ॥

দসঃ ৫০ ভৃত্যে ৭০

৯১। দসো ভৃত্যে।—দাসঃ॥

খশঙ্ ২০ এজ্যাদেঃ ৫০

৯২। খশ্‌ঙেজ্যাদেঃ।—কর্ম্মণ উপপদাদেজয়ত্যাদেরুত্তরে খশ্‌ঙ্ ভবতি। জনমেজয়ঃ॥

৮৮ মন। মনস উত্তরাৎ রমু ক্রীড়ায়ামিত্যস্মাৎ ণ্যন্তাৎ ণপ্রত্যয়ো ভবতি।

৮৯ শীলি। শীল উপধারণে চুরাদিঃ, কমু কান্তৌ যক্যচতুর্ষ্বপি বেতি বিকল্পিতণিঙন্তঃ, ভক্ষ্ অদনে, অর্হ্ পূজায়াং চুরাদিঃ, এভ্যঃ কর্ম্মণ উত্তরেভ্যো ণো বা ভবতি। পক্ষে ণট্। যেহপি নিত্যং ণমিচ্ছন্তি, তৈরপি ভ্বাদিভ্যোঽণ্যন্তেভ্য এভ্য এব ণড় বিধেয়ঃ। অতোঽবিশেষাৎ ব্যাখ্যান-লাঘবার্থমেব বিকল্প ইত্যোক্তঃ। এতত্তু বক্ষিতেনৈব স্ফুটং ব্যাখ্যাতম্।

৯০ দন্‌শো। কর্ম্মণ ইতি সূত্রদ্বয়ে নানুবর্ত্ততে অনুপপদস্যৈবোক্তসংজ্ঞাভিধানশক্তেঃ। দন্‌শ্ দংশনে ইত্যস্মাৎ ণড় ভবতি, নকারলুক্ চ, কৈবর্ত্তে বাচ্যে। অকৈবর্ত্তে তু—দংশঃ।

৯১ দসো। তসু দসু উৎক্ষেপণে ইত্যস্মাদ্ধাতোর্ভৃত্যে বাচ্যে ণড় ভবতি।

৯২ খশ্। এজীতি সূত্রে ণিঙন্তো নির্দ্দিষ্টঃ। অতএব ব্যাচকার এজয়ত্যাদেরিতি। জন-মেজয় ইতি এজৃ কম্পনে, এজৃ ভ্রেজৃ দীপ্তৌ বা, ণিঙ্, শিদাদিত্বাৎ ণিঙ্‌লোপাভাবঃ, ঙিত্বাৎ গুণঃ, খিত্যনব্যয়াদিত্যাদিনা অম্ স্যাৎ।

---

(৮৭) কর্ম্মোপপদে সহনার্থ ক্ষম, দর্শনার্থ ঈক্ষ এবং আঙ্ পূর্ব্বক চরধাতুর উত্তর ণ প্রত্যয় হয়। বহু ক্ষমতে—বহু—ক্ষম + ণ (অ) 'আচমকম—' বৃদ্ধির অভাব, স্ত্রীলিঙ্গে আ—বহুক্ষমা + সু = বহুক্ষমা। সুখং প্রতীক্ষতে সুখপ্রতীক্ষা পূর্ব্ববৎ। কল্যাণম্ আচরতি—কল্যাণ. আ + চর + ণ 'ণিত্য—' বৃদ্ধি = কল্যাণাচার (স্ত্রী) আ, + সু = কল্যাণাচারা।

(৮৮) মনস্ শব্দের পর ক্রীড়ার্থ ণিঙন্ত রমধাতুর উত্তর ণ প্রত্যয় হয়। মনো রময়তি—মন্-রম্ + ণিঙ্—মনোরমি + ণ, ণিঙ্‌লোপ, স্ত্রীলিঙ্গে আ = মনোরমা।

(৮৯) কর্ম্মোপপদে ণিঙন্ত শীল, কম, ভক্ষ ও পূজার্থ অর্হ ধাতুর উত্তর ণ হয় বিকল্পে। মাংসং শীলয়তি—মাংসশীলা। পক্ষে ণট্ = মাংসশীলী ইত্যাদি। পূজামর্হতি—পূজার্হা, পূজার্হী ইত্যাদি।

(৯০) কৈবর্ত্ত (জেলে) বুঝাইলে দন্‌শধাতুর উত্তর ণট্ হয়, আর দন্‌শ ধাতুর নকার লোপ হইয়া থাকে। দশতি মৎস্যান্—দন্‌শ + ণট্, নলোপ, বৃদ্ধি = দাশঃ।

(৯১) ভৃত্য বুঝাইলে দসধাতুর উত্তর ণট্ হয়। দস্ + ণট্ = দাসঃ।

স্তনাদেঃ ৫০ ধেটঃ ৫০

৯৩। স্তনাদের্ধেটঃ।—স্তনন্ধয়ঃ। স্তন শুনী খারী নাড়ী নাসিকা বাত যষ্টি মুষ্টি তোমর ধনুস্ ঘট ঘটী ॥

ধ্মঃ ৫০ করপাণিখার্য্যাদেঃ ৫০

৯৪। ধ্মঃ করপাণিখার্য্যাদেঃ।—করন্ধমঃ পাণিন্ধমঃ খাড়িন্ধমঃ নাড়িন্ধমঃ ॥

মানমিতার্থনখাৎ ৫০ পচঃ ৫০

৯৫। মানমিতার্থনখাৎ পচঃ।—প্রস্থংপচঃ মিতংপচঃ নখংপচঃ। "পাস্তা-বল্লংপচান্মুনীনি"তি ভট্টিঃ।

ইরাবাতাৎ ৫০ মদাজোঃ ৬ঃ

৯৬। ইরাবাতান্মদাজোঃ।—ইরংমদঃ বাতমজঃ ॥

৯৩ স্তনা। স্তনাদেঃ কর্ম্মণ উত্তরস্মাৎ ধেটঃ খশ্ঙ্ ভবতি। স্তনন্ধয় ইতি ধেট্ পানে, শিত্বাদাত্বাভাবঃ, অয়াদেশঃ, পূর্ব্ববদম্। শুনিন্ধয়াদৌ হ্রস্বশ্চ। স্ত্রিয়াং স্তনন্ধয়ী, ধেটষ্টকা; ষোপাদানসামর্থ্যাদটিৎপ্রত্যয়ান্তাদপি ঈ। ইহ যষ্টিঘটয়োর্গণে পাঠো নিরূপণীয়ঃ।

৯৪ ধ্মঃ। করশব্দাৎ পাণিশব্দাৎ খার্য্যাদেশ্চ কর্ম্মণ উত্তরস্মাৎ ধ্মাধাতোঃ খশ্ঙ্ ভবতি। করন্ধম ইতি শিতীত্যাদিনা ধ্মা ধমাদেশঃ। স্তনাদেঃ স্তনশুনী-শব্দৌ বিহায় খার্য্যাদিঃ।

৯৫ মান। মানবাচিনো মিতার্থাৎ নখাচ্চ কর্ম্মণ উত্তরস্মাৎ পচঃ খশ্ঙ্ ভবতি। মানং প্রস্থাদিঃ। প্রস্থং পচতীতি প্রস্থশব্দেন মানবাচিনা তৎপরিমিতং তণ্ডুলাদিকমুপচারেণাভিধীয়তে, প্রস্থাদের্ব্বিক্লেদনাসম্ভবাৎ। বিক্লেদনবাচী হ্যত্র পচিঃ। অতো হেতোর্মানমিতি স্বরূপগ্রহণং নিরস্তম্। মিতশব্দোঽল্পার্থঃ।

৯৬ ইরা। ইরায়া উত্তরান্মদঃ, বাতাদুত্তরাদজঃ খশ্ঙ্ ভবতি। ইণ্ধাতোঃ স্ফায়াদের ইতি রপ্রত্যয়ঃ। ইরা পৃথ্বী জলঞ্চ, তয়া তত্র বা মাদ্যতি ইরম্মদো বজ্রাগ্নিঃ। বাতমজ ইতি অজ গতিক্ষেপণয়োঃ।

---

(৯২) কর্ম্মপদের পরবর্ত্তী ণিঙন্ত এজ প্রভৃতি ধাতুর উত্তর খশ্ঙ্ প্রত্যয় হয়। খশ্ঙের অ থাকে। অনয় এজয়তি—জন-এজ+ণিঙ্=এজি+খশঙ্, ণিঙ্লোপ হইল না। 'অসৃঙিতো—' গুণ, সন্ধি, 'খিত্যনব্যয়াৎ' মধ্যে—অম্ জনমেজয়+স্ু=জনমেজয়ঃ।

(৯৩) স্তনাদি কর্ম্মোপপদে ধেট্ ধাতুর উত্তর খশঙ্ হয়। স্তনং ধয়তি—স্তন-ধেট্+খশঙ্ 'ণ্যাদৌ—' অয়্, 'খিত্যনব্যয়া—' অম্, 'উপান্তস্ত—' মস্থানে ন=স্তনন্ধয়ঃ। স্তনাদি মূলে দ্রষ্টব্য।

(৯৪) কর, পাণি ও খারি আদি কর্ম্ম উপপদ হইলে ধ্মা ধাতুর উত্তর খশঙ্ হয়। করং ধমতি—কর-ধ্মা+খশঙ্, "শিতি তিষ্ঠাদেঃ" ধ্মাস্থানে ধম 'খিত্যনব্যয়াৎ' মধ্যে অম্, 'উপান্তস্ত—' মস্থানে ন=করন্ধমঃ। স্তনাদির মধ্যে স্তন শুনী এই দুইটী ভিন্ন অপর সকল খার্য্যাদি।

(৯৫) পরিমাণবাচক মান, মিত ও নখ শব্দ কর্ম্মোপপদ হইলে পচ ধাতুর উত্তর খশঙ্ প্রত্যয় হয়। প্রস্থাদির নাম—মান, তণ্ডুলাদিতে এইরূপ মান শব্দের ব্যবহার হয়। প্রস্থং পচতি—প্রস্থপচ্+খশঙ্=প্রস্থংপচঃ ইত্যাদি। অল্প শব্দেরও মিতার্থ হয়; তাই এখানে 'অল্পংপচান্ মুনীন্' এই ভট্টিপ্রয়োগ উদ্ধৃত করা হইয়াছে।

(৯৬) ইরা শব্দের পরবর্ত্তী মদ ধাতু এবং বাত শব্দের পরবর্ত্তী গমনার্থ অজ ধাতুর উত্তর

উগ্রাসূর্য্যাৎ ৫০ দৃশঃ ৫০

৯৭। উগ্রাসূর্য্যাদ্দৃশঃ।—উগ্রম্পশ্যঃ অসূর্য্যম্পশ্যঃ॥

প্রিয়বশাৎ ৫০ বদঃ ৫০

৯৮। প্রিয়বশাদ্বদঃ।—প্রিয়ংবদঃ বশংবদঃ॥

দ্বিষৎপরললাটাৎ ৫০ তপঃ ৫০

৯৯। দ্বিষৎপরললাটাত্তপঃ।—দ্বিষন্তপঃ পরন্তপঃ ললাটন্তপঃ। ইহ ন স্যাৎ দ্বিষতীতাপঃ॥

সর্ব্বাৎ ৫০ সহঃ ৫০

১০০। সর্ব্বাৎ সহঃ।—সর্ব্বংসহঃ॥

৯৭ উগ্রা। উগ্রশব্দাৎ অসূর্য্যশব্দাচ্চ কর্ম্মণ উত্তরাৎ দৃশঃ খশ্ ভবতি। উগ্রংপশ্য ইতি দৃশির্ প্রেক্ষণে, শিত্বাৎ পশ্যাদেশঃ। (অসূর্য্যংপশ্য ইত্যত্র দৃশিনৈব সহ নঞঃ সম্বন্ধো ন তু সূর্য্যেণ। তথাহি সূর্য্যং ন পশ্যতীত্যর্থঃ। এবং সতি অগমকত্বাৎ সমাসোঽত্র ন প্রাপ্নোতি, কিন্তু অস্মাদেব বচনাৎ গমকত্বমত্রাভ্যুপগন্তব্যম্। গুপ্তিপরক্ষৈতদ্বচনম্; এবং নাম গুপ্তিরত্র—পদং পরিহরণীয়দর্শনং সূর্য্যমপি ন পশ্যতীতি। সূর্য্যেণ সহ নঞঃ সম্বন্ধে প্রত্যয়ো ন ভবত্যনভিধানাৎ।

৯৮ প্রিয়। প্রিয় বশ ইত্যেতাভ্যাং কর্ম্মভ্যামুত্তরাৎ বদ্ ব্যক্তায়াং বাচীত্যস্মাৎ খশ্ ভবতি।

৯৯ দ্বিষৎ। দ্বিষৎপরললাটেভ্যঃ কর্ম্মভ্য উত্তরাৎ তপ্ ধূপ্ সন্তাপ ইত্যস্মাৎ খশ্ ভবতি। দ্বিষন্তপ ইতি নান্তর্দ্বিষদরুষামন্তলুক্ চেতি মকারোঽন্তলুক্ চ। তপ্ দাহ ইত্যস্য তু চুরাদের্ণিজি ণটি চ কৃতে দ্বিষত্তাপ ইতি ভবতি। যেঽপি শাস্ত্রান্তরীয়াস্তাপের্ণিজন্তাদ্দ্বিষন্তপ ইতি সাধয়ন্তি, তেষামপ্যণিজন্তাৎ দ্বিষত্তাপ ইতি রূপং সিধ্যত্যেব, কেবলং সাধনবৈধর্ম্ম্যমাত্রম্। অর্থভেদোঽপি ধাতূনামনেকার্থত্বাৎ নাস্ত্যেব। এবং পরন্তপো ললাটন্তপ ইতি। ইহ ন স্যাৎ দ্বিষতীতাপ ইতি কচিদেব নামগ্রহণে লিঙ্গবিশিষ্টস্যাপি গ্রহণাৎ। ইহ তু লিঙ্গবিশিষ্টস্যাগ্রহণমিত্যভিপ্রায়ঃ। অত্র লিঙ্গবিশিষ্টস্যাগ্রহণে অনভিধানমেব হেতুঃ। দ্বিষতীতি দ্বিষঃ শত্রাবিতি শত্রন্তাৎ ঋদুগিদিত্যাদিনা ঈ।

১০০ সর্ব্বাৎ। সর্ব্বশব্দাৎ কর্ম্মণ উত্তরাৎ ষহ্ মর্ষণে ইত্যস্মাৎ খশ্ ভবতি।

খশ্ প্রত্যয় হয়। ইরয়া মাদ্যতি—ইর–মদ্+খশ্=ইরম্মদঃ। অর্থ—বজ্র। বাতম্ অজতি বাত-অজ+খশ্=বাতমজঃ। অর্থ—মৃগঃ।

(৯৭) উগ্র ও অসূর্য্য শব্দ কর্ম্মোপপদ হইলে দৃশ ধাতুর উত্তর খশ্ হয়। উগ্রং পশ্যতি—উগ্রদৃশ+খশ্, 'শিতি—' পশ্য আদেশ=উগ্রম্পশ্যঃ। সূর্য্যং ন পশ্যতি—অসূর্য্য–দৃশ+খশ্ 'নঞোঽতঃ' নঞ্ স্থানে অআদেশ=অসূর্য্যম্পশ্যঃ। দৃশ ধাতুর অর্থ—দেখা, এখানে দৃশ ধাতুর সহিত নঞের সম্বন্ধ, সূর্য্যের সহিত নহে। সূর্য্যের সহিত সম্বন্ধ হইলে খশ্ প্রত্যয় হইবে না। অর্থ—সূর্য্য দর্শন করে না।

(৯৮) প্রিয় ও বশ শব্দ কর্ম্মোপপদ হইলে বদধাতুর উত্তর খশ্ হয়। প্রিয়ং বদতি—প্রিয়বদ+খশ্=প্রিয়ংবদঃ।

(৯৯) দ্বিষৎ, পর ও ললাট শব্দ কর্ম্মোপদ হইলে সন্তাপার্থ তপধাতুর উত্তর খশ্ প্রত্যয় হয়। দ্বিষতঃ তাপয়তি—দ্বিষৎতপ+খশ্ "নান্তর্দ্বিষ—" ৎ লোপ ও মধ্যে ম 'উপান্ত্যস্য—' মস্থানে ন=দ্বিষন্তপঃ ইত্যাদি।

কূলাভ্রকরীষাৎ ৫০ চ।১০ কষঃ ৫০

১০১। কূলাভ্রকরীষাচ্চ কষঃ।—কষ হিংসায়াং সর্ব্বঙ্কষঃ কূলঙ্কষঃ অভ্রঙ্কষঃ করীষঙ্কষঃ॥

আশিতাদ্ ৫০ ভুবঃ ৫০ করণভাবয়োঃ ৭ঃ

১০২। আশিতাম্ভুবঃ করণভাবয়োঃ।—আশিতংভবং ব্যঞ্জনম্, আশিতংভবং বর্ত্ততে। অশ্নাতেঃ কর্ত্তরি ক্তে শেষো বৃদ্ধাদিতি দীর্ঘঃ॥

শর্দ্ধাৎ ৫০ হাকঃ ৫০ দ্বিরুক্তিঃ ১০ চ।১০

১০৩। শর্দ্ধাদ্ধাকো দ্বিরুক্তিশ্চ।—শর্দ্ধংজহঃ॥

ভাবকর্ম্মণোঃ ৭ঃ সুদুরীষদ্ভ্যঃ ৫ঃ০ কর্ত্তৃকর্ম্মভ্যাম্ ৫ঃ অভূততদ্ভাবে ৭০ ভূকৃঞ ৫০

১০৪। ভাবকর্ম্মণোঃ সুদুরীষদ্ভ্যঃ কর্ত্তৃকর্ম্মভ্যামভূততদ্ভাবে ভূকৃঞঃ।—স্বাঢ্যম্ভবং বর্ত্ততে, স্বাঢ্যঙ্করশ্চৈত্রো ভবতা॥

১০১ কূলা। চকারাৎ সর্ব্বাদিত্যনুবর্ত্ততে। সর্ব্বশব্দাৎ কূলাভ্রকরীষ ইত্যস্মাচ্চ কর্ম্মণ উত্তরাৎ কষঃ খশ্ ঙ্ ভবতি।

১০২ আশি। ভূধাতোরকর্ম্মকত্বাৎ কর্ম্মণ ইতি নোপতিষ্ঠতে। আশিতশব্দাৎ ভবতেঃ খশ্ ঙ্ ভবতি করণে ভাবে চ বাচ্যে। আশিতো ভবত্যনেন আশিতংভবং ব্যঞ্জনম্। আশিতেন ভূয়তে ইতি আশিতংভবং বর্ত্ততে। বিশেষেণাপি সামান্যস্যাবাধনাৎ আশিতভবনমিতি। তৃপ্ত্যর্থস্য চেত্যত্র 'ফলানামলমাশিতা' ইতি ভট্টিপ্রয়োগং দর্শয়তা বৃত্তিকৃতা তৃপ্ত্যর্থত্বমশ্নাতেরুক্তম্। এবমকর্ম্মকত্বে গতিভুজ্যর্থেত্যাদিনা কর্ত্তরি ক্তঃ। অত আহ—কর্ত্তরি ক্তে ইতি, শেষো বৃদ্ধাদিতি দীর্ঘ ইতি। তথাচ ভাষ্যং নিপাতনাদুপধাদীর্ঘ ইতি।

১০৩ শর্দ্ধা। শৃধু শব্দকুৎসায়াং ঘণি শর্দ্ধঃ। শর্দ্ধাদুত্তরাদোহাক্ ত্যাগে ইত্যস্মাৎ খশ্ ঙ্ ভবতি দ্বিরুক্তিশ্চ। শর্দ্ধংজহ ইতি কুৎসিতং শব্দং ত্যজতীত্যর্থঃ, গঘঝহা জ ইতি দ্বিরুক্তেহস্য জঃ কুদচ্যঙনাদাবিত্যাকারলুক্।

১০৪ ভাব। সুদুরীষদ্ভ্য ইতি কর্ত্তৃকর্ম্মভ্যামিত্যপেক্ষয়া পঞ্চমী, কর্ত্তৃকর্ম্মভ্যামিতি তু ভূকৃঞ ইত্যপেক্ষয়া পঞ্চমী। কর্ত্তৃকর্ম্মভ্যাং ভূকৃঞোর্ভাবকর্ম্মণোরিতি সমসংখ্যত্বাৎ ক্রমনিয়মঃ। সুদুরীষদ্ভ্য উত্তরাৎ কর্ত্তুরুত্তরাৎ ভবতের্ভাবে অভূততদ্ভাবেঽর্থে করোতেঃ কর্ম্মণি খশ্ ঙ্ ভবতি।

---

(১০০) সর্ব্বশব্দ কর্ম্মোপপদ হইলে মর্ষণার্থ সহ ধাতুর উত্তর খশঙ হয়। সর্ব্বং সহতে—সর্ব্বসহ + খশঙ্ = সর্ব্বংসহা। অর্থ—পৃথিবী।

(১০১) কূল (নদী প্রভৃতির তীর), অভ্র (মেঘ) করীষ (ঘুঁটে) এবং সর্ব্বশব্দ কর্ম্মোপপদ হইলে কষ ধাতুর উত্তর খশ্ ঙ্ হয়। কূলং কষতি—কূল-কষ + খশ্ ঙ = কূলংকষঃ ইত্যাদি।

(১০২) করণ ও ভাববাচ্যে আশিতশব্দ উপপদে ভূ ধাতুর উত্তর খশ্ ঙ্ হয়। আশিতং (তৃপ্তং) ভবতি অনেন—আশিত—ভূ + খশ্ ঙ্ গুণাদি = আশিতম্ভবম্। ব্যঞ্জন দ্বারাও তৃপ্তি হয়, এজন্য ব্যঞ্জনও আশিতম্ভব। ভোজনার্থ অশ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত ও 'শেষো বৃদ্ধাৎ' সূত্রে দীর্ঘ হইয়া আশিত সাধিত হইয়াছে।

(১০৩) কুৎসার্থে শর্দ্ধশব্দ উপপদে হা ধাতুর উত্তর খশ্ ঙ্ হয় ও ধাতুর দ্বিরুক্তি হইয়া থাকে। শর্দ্ধং জহাতি—শর্দ্ধংহা + খশং, দ্বিরুক্তি প্রভৃতি = শর্দ্ধংজহঃ।

(১০৪) ভাব ও কর্ম্মবাচ্যে সু, দুর্ এবং ঈষৎ শব্দের পরবর্ত্তী কর্ত্তৃ ও কর্ম্মোপপদে ভূ ধাতু

সহাদেঃ ৫০ সংজ্ঞায়াম্ ৭০

১০৫। সহাদেঃ সজ্ঞায়াম্।—কষ্টংসহো মুনিঃ, রথন্তরং সাম, অরিন্দমঃ ধনঞ্জয়ঃ, বিশ্বম্ভরা বসুন্ধরা, পতিংবরা শত্রুন্তপঃ, শত্রুঞ্জয়ো হস্তী, যুগন্ধরো গিরিঃ॥

পূর্ভগাদ্দারেঃ ৫০ খঙ্ ১০

১০৬। পূর্ভগাদ্দারেঃ খঙ্।—পুরন্দরঃ ভগন্দরঃ॥

তেভ্য উত্তরাৎ কর্ম্মণ উত্তরাৎ অভূততদ্ভাবেঽর্থে করোতেঃ কর্ম্মণি খশ্ঙ্ ভবতি। ইত্যর্থদ্বয়ং সম্পদ্যতে। স্বাঢ্যংভবং বর্ত্তত ইতি অকষ্টেনানাঢ্যস্য আঢ্যভবনং বর্ত্ততে ইত্যর্থঃ। স্বাঢ্যংকরশ্চৈত্রো ভবতেতি অকষ্টেনানাঢ্যঃ আঢ্যঃ ক্রিয়তে চৈত্রো ভবতেত্যর্থঃ। এবং দুরাঢ্যংভবং দুরাঢ্যংকরঃ ঈষদাঢ্যংভবম্ ঈষদাঢ্যংকরঃ। নম্বনয়োর্দ্বয়োরুপপদয়োঃ কথং সমাসঃ? কঃ পুনরাহ যুগপৎ সমাসঃ? প্রথমাঢ্যপদেন সমাসং বিধায় পশ্চাৎ সু ইত্যনেন করণীয়ঃ।

১০৫ সহা। কর্ম্মণ উত্তরাৎ সহাদের্ধাতোঃ সংজ্ঞায়াং বিষয়ে খশ্ঙ্ ভবতি। সংজ্ঞাবশাৎ যথাদর্শনমুপপদসম্বন্ধঃ। কষ্টংসহ ইতি ষহ মর্ষণে। রথন্তরমিতি তৄ প্লবনতরণয়োঃ। অরিন্দম ইতি তমু দমু উপশমে; যদ্যপ্যয়মকর্ম্মকস্তথাপ্যন্তর্ভাবিণ্যর্থত্বাদত্রাস্য সকর্ম্মকতা; শত্রুং দময়তীত্যর্থঃ। সকর্ম্মকোঽপি দৃশ্যতে,—'দমিত্বাপ্যরিসংঘাতানি'তি ভট্টিঃ। ধনঞ্জয় ইতি জি জয়ে। বিশ্বম্ভরেতি ডুভৃঞ্ ধারণপোষণয়োঃ। বসুন্ধরেতি ধৃঞ্ ধারণে, অকর্ম্মকস্যাস্য পূর্ব্ববৎ সকর্ম্মকতা; ণিঙন্তত্বে তু বসুন্ধরায়েতি স্যাৎ। পতিংবরেতি বৃঞ্ বরণে, বৃঞ্ সংভক্তাবিতি বা। শত্রুন্তপ ইতি তপ ধূপ সন্তাপে। পূর্ভগাদ্দারেঃ খঙিত্যস্যানন্তরমস্য পাঠো যুক্তঃ, নিয়তং লিপিকরপ্রমাদাদন্যথাভূতঃ।

১০৬। পূর্ভ। পূর্ ভগ ইত্যেতাভ্যামুত্তরাদ্দারেঃ খঙ্ ভবতি সংজ্ঞায়াম্। পুরন্দর ইতি দৄ বিদারণে ণিঙ্, ণিঙ্লোপোঽশিদাদ্যচীতি ণিঙ্লোপঃ, ণিঙ্লোপে তৎকার্য্যানিবৃত্তির্ন ভবতীতি তিঙন্তপাদে ব্যবস্থিতং; তস্মাৎ শেষো বৃদ্ধাদিতি হ্রস্বঃ কার্য্যঃ। পুরন্দর ইন্দ্রঃ, ভগন্দরো রোগভেদঃ।

এবং কৃঞ্ ধাতুর উত্তর অভূততদ্ভাব অর্থে খশঙ্ প্রত্যয় হয়। ভাববাচ্যে—স্বাঢ্যম্ভবং বর্ত্ততে। কর্ম্মবাচ্যে—স্বাঢ্যঙ্করশ্চৈত্রো ভবতা। অস্বাঢ্যঃ স্বাঢ্যেন ভূয়তে—পূর্ব্বে যে প্রকৃষ্ট ধনী ছিল না, এখন সে অনায়াসে বিশিষ্ট ধনী হইয়াছে। স্বাঢ্য+ভূ+খশঙ্, 'জস্ঙিতো—' গুণ, 'খিত্যনব্যয়াৎ—' ম্—স্বাঢ্যম্ভব+সু=স্বাঢ্যম্ভবম্। অস্বাঢ্যঃ স্বাঢ্যঃ ক্রিয়তে স্বাঢ্য+কৃ+খশঙ্=স্বাঢ্যঙ্করঃ। এইরূপ দুরাঢ্যম্ভবং দুরাঢ্যঙ্করঃ ইত্যাদি।

(১০৫) সংজ্ঞা বুঝাইলে কর্ম্মোপপদে সহাদি ধাতুর উত্তর খশঙ্ হয়। কষ্টং সহতে—কষ্ট+সহ+খশঙ্=কষ্টংসহঃ। অর্থ—মুনি, মুনি ক্লেশ সহিতে পারেন। এইরূপ রথেন তরতি, অরীন্ দময়তি, ধনং জয়তি, বিশ্বং বিভর্ত্তি, বসূনি ধরতি, পতিং বৃণুতে, শত্রূন্ তাপয়তি, শত্রূন্ জয়তি, যুগং ধারয়তি প্রভৃতি অর্থে রথন্তরাদি প্রয়োগ খশঙ্ প্রত্যয়ে সাধিত হইয়াছে।

(১০৬) সংজ্ঞা বুঝাইলে পুর্ ও ভগশব্দের পরবর্ত্তী ণিঙন্ত বিদারণার্থ দৄ ধাতুর উত্তর খঙ্ প্রত্যয় হয়। পুরং দারয়তি—পুর্—দৄ+ণিঙ্—পুরদারি+খঙ্, 'ণিঙ্লোপো—' ণিঙ্লোপ, 'শেষো বৃদ্ধাৎ—' উকারহ্রস্ব, ম আগম, নিপাতনে অকারাগম,=পুরন্দরঃ। অর্থ—ত্রিপুরপুরভেত্তা ইন্দ্র। ভগং দারয়তি—ভগ—দৄ, ণিঙ্—ভগদারি+খঙ্=ভগন্দরঃ। অর্থ—গুহ্যপীড়া বিশেষ।

ব্রতে ৭০|বাচ: ৫০ যম: ৫০

১০৭। ব্রতে বাচো যমঃ।—বাচংযমঃ॥

হৃদয়...পূর্ব্বাৎ ৫০ গমঃ ৫০

১০৮। হৃদয়মিতসুতপূর্ব্বাদ্গমঃ।—হৃদয়ঙ্গমঃ, মিতঙ্গমো হস্তী, সুতঙ্গমো রাজভেদঃ। পূর্ব্বঙ্গমঃ পন্থাঃ, হৃদয়ঙ্গমা বাগিতি সংজ্ঞায়ামিতি চুল্লিভট্টিঃ॥

ভুজাদেঃ ৫০ ডঃ ১০ ডখ্ চ্ ।১০ সংজ্ঞায়াম্ ৭০

১০৯। ভুজাদের্ডো ডখ্চ্ সংজ্ঞায়াম্।—ভুজঙ্গমঃ ভুজগঃ ভুজঙ্গঃ, তুরঙ্গমঃ তুরগঃ তুরঙ্গঃ, প্লবঙ্গমঃ প্লবগঃ প্লবঙ্গঃ॥

বিহায়সঃ ৬০ বিহঃ ১০ চ ।১০

১১০। বিহায়সো বিহশ্চ।—বিহঙ্গমঃ বিহগঃ বিহঙ্গঃ॥

১০৭ ব্রতে। বাচ্‌শব্দাদুত্তরাৎ যমো ব্রতে গম্যমানে খঙ্ ভবতি। বাচংযম ইতি যমু উপরমে, অশিত্বাৎ শিতীত্যাদিনা যচ্ছাদেশো ন ভবতি। ব্রত ইতি শাস্ত্রবিহিতনিয়ম উচ্যতে। খিৎকরণসামর্থ্যাৎ পুরন্দরবাচংযময়োরবণিক্তত্বাৎ অপ্রাপ্তে অম্ ভবতি। অন্যথা সংজ্ঞাবগমো ন স্যাৎ। ব্রত ইতি কিম্? বাগ্‌যামঃ।

১০৮ হৃদ। হৃদয়মিতসুতপূর্ব্বাদিভ্যোঽস্মাৎ কর্ম্মণ উত্তরাৎ গম ধাতোঃ খঙ্ ভবতি। অশিত্বাৎ গচ্ছাদেশো ন ভবতি। উত্তরসূত্রে সংজ্ঞায়ামিত্যনেন, ইহ চ হস্তীত্যাদ্যর্থোপদর্শনেন বিধানম্। এতদর্থমেব পূর্ব্বঙ্গমঃ পন্থা ইত্যাদি চুল্লিভট্টিগ্রন্থে উক্তঃ।

১০৯ ভুজা। আশিতাদ্ভুবঃ করণভাবয়োরিত্যতঃ করণমিত্যনুবর্ত্ততে। ভুজাদেঃ করণাদ্গমঃ খঙ্ ভবতি সংজ্ঞায়াম্। ডো ডখ্‌চ্। ভুজেন কৌটিল্যেন গচ্ছতীতি ভুজঙ্গমঃ, খিত্বাদম্। ডপ্রত্যয়েন ভুজগঃ। ডখ্প্রত্যয়েন ভুজঙ্গঃ এবং তুরেণ ত্বরয়া গচ্ছতীতি তুরঙ্গমঃ তুরগঃ তুরঙ্গঃ। প্লবেন গচ্ছতীতি প্লবঙ্গমঃ প্লবগঃ প্লবঙ্গঃ। স্ত্রিয়ান্তু ভুজগী, জাতেরিত্যাদিনা ঈ।

১১০ বিহা। বিহায়স্ ইত্যস্মাৎ করণাদুত্তরাদ্গমঃ সংজ্ঞায়াং খঙ্ ভবতি। ডো ডখ্ চ। এষাং সন্নিয়োগে বিহায়সঃ স্থানে বিহাদেশশ্চ।

---

(১০৭) ব্রত বুঝাইলে বাচ্‌শব্দের পরবর্ত্তী যম ধাতুর উত্তর খঙ্ হয়। বাচং যচ্ছতি—বাচ্—যম্+খঙ্=বাচংযমঃ। অর্থ—বাক্‌সংযমী মৌনব্রতী।

(১০৮) হৃদয়, মিত, সুত ও পূর্ব্ব শব্দ কর্ম্মোপপদ হইলে গম ধাতুর উত্তর খঙ্ হয়। হৃদয়ং গচ্ছতি—হৃদয়-গম+খঙ্=হৃদয়ঙ্গমঃ। এইরূপ মিতং গচ্ছতি ইত্যাদি অর্থে মিতঙ্গমাদি সাধিত হইয়াছে। এখানে সংজ্ঞা অসংজ্ঞা উভয় অর্থেরই গ্রহণ। এজন্য চুল্লিভট্টি হইতে "হৃদয়ঙ্গমা বাক্" এই প্রয়োগটী উদ্ধৃত হইয়াছে।

(১০৯) সংজ্ঞা বুঝাইলে করণবাচ্য ভুজাদি শব্দের পরবর্ত্তী গম ধাতুর উত্তর খঙ্, ড (অ) ও ডখচ্ প্রত্যয় হয়। "আশিতাদ্ভুবঃ—" ইত্যাদি সূত্র হইতে করণবাচ্য অধিকৃত হইয়াছে। ভুজেন গচ্ছতি—ভুজ্-গম+খঙ্=ভুজঙ্গমঃ।—ড=ভুজগঃ—'ডিতি স্বর—' বলিয়া অকারের সহিত মলোপ।—ডখচ্ (অ)=ভুজঙ্গঃ—'ডিতি স্বর—' অম্‌ভাগের লোপ 'খিত্য—'ম্, মস্থানে ঙ্। তুরঙ্গমাদিও পূর্ব্ববৎ সাধিতে হইবে। ভুজঙ্গঃ—সর্প। তুরঙ্গঃ—অশ্ব। প্লবঙ্গঃ—বানর।

ঋতিমেঘভয়াৎ ৫০ কৃঞঃ ৫০

১১১। ঋতিমেঘভয়াৎ কৃঞঃ।—ঋতিঙ্করঃ মেঘঙ্করঃ ভয়ঙ্করঃ॥

ক্ষেমপ্রিয়মদ্রাৎ ৫০ বা ১০

১১২। ক্ষেমপ্রিয়মদ্রাদ্বা।—ক্ষেমঙ্করঃ ক্ষেমকারঃ॥

বহাভ্রাৎ ৫০ লিহঃ ৫০ খঃ ১০

১১৩। বহাভ্রাল্লিহঃ খঃ।—বহংলিহঃ অভ্রংলিহঃ॥

তুদঃ ৫০ বিধুতিলারুষঃ ৫০

১১৪। তুদো বিধুতিলারুষঃ।—বিধুন্তুদঃ তিলন্তুদঃ অরুন্তুদঃ॥

কূলাৎ ৫০ উদ্রুজোদ্বহঃ ৫০

১১৫। কূলাদুদ্রুজোদ্বহঃ।—কূলমুদ্রুজা নদী, কূলমুদ্রুজঃ কূলমুদ্বহঃ॥

১১১ ঋতি। ঋতি মেঘ ভয় ইত্যস্মাৎ কর্ম্মণঃ উত্তরাৎ করোতেঃ খণ্ ভবতি। ভয়শব্দান্তদন্তাদপি খণ্প্রত্যয়মিচ্ছন্তি। তেন অভয়ং করোতীতি অভয়ঙ্করঃ। ন ভয়ংকরোঽভয়ংকরঃ ইত্যেবমপি সিধ্যতি, কিন্ত্বর্থভেদো দ্বয়োর্বিদ্যত এব।

১১২ ক্ষেম। ক্ষেম প্রিয় মদ্র ইত্যস্মাৎ কর্ম্মণ উত্তরাৎ করোতেঃ খণ্ ভবতি বা। পক্ষে কর্ম্মণ্যে পড়িতি পট্। হেত্বাদৌ তু অনেন ত্যক্তপক্ষে টণেব ভবতি; ক্ষেমকরঃ। হেত্বাদৌ ত্যক্তে পক্ষে ক্ষেমকার ইতি অরাদিত্যঃ।

১১৩ বহা। বহ অভ্র ইত্যেতেভ্যাং কর্ম্মভ্যামুত্তরাৎ লিহ আস্বাদনে ইত্যস্মাৎ খো ভবতি।

১১৪ তুদো। বিধুতিলারুস্ ইত্যেতেভ্যঃ কর্ম্মভ্য উত্তরাৎ তুদ্ ব্যথন ইত্যস্মাৎ খো ভবতি। অরুন্তুদ ইতি নান্তবিষদরুষামিত্যাদিনা অম্ অন্তলুক্ চ।

১১৫ কূলা। কূলাৎ কর্ম্মণ উত্তরাৎ উৎপূর্ব্বাদ্রুজো ভঙ্গে ইত্যস্মাৎ, উৎপূর্ব্বাৎ বহ্ প্রাপণে ইত্যস্মাচ্চ খো ভবতি।

---

(১১০) সংজ্ঞা বুঝাইলে করণ বাচ্যে বিহায়স্ (আকাশ) শব্দের পরবর্ত্তী গম ধাতুর উত্তর খণ্, ড ও ডখচ্ প্রত্যয় হয় এবং বিহায়স্ শব্দস্থানে 'বিহ' আদেশ হইয়া থাকে। বিহায়সা গচ্ছতি—বিহায়স্ + গম + খণ্, বিহায়স্ স্থানে বিহ আদেশ—বিহঙ্গম ইত্যাদি। অর্থ—আকাশগামী পক্ষী।

(১১১) ঋতি, মেঘ ও ভয় শব্দ কর্ম্মোপপদ হইলে কৃঞ্ ধাতুর উত্তর খণ্ প্রত্যয় হয়। ঋতিং (কল্যাণং) করোতি—ঋতি—কৃ + খণ্ = ঋতিঙ্করঃ ইত্যাদি। অর্থ—কল্যাণকর।

(১১২) ক্ষেম, প্রিয় ও মদ্র শব্দ কর্ম্মোপপদের পরবর্ত্তী কৃঞ্ ধাতুর উত্তর খণ্ প্রত্যয় হয়। ক্ষেমং করোতি ক্ষেম—কৃ + খণ্ = ক্ষেমঙ্করঃ ইত্যাদি।

(১১৩) বহ ও অভ্র (মেঘ) শব্দ কর্ম্মোপপদে আস্বাদনার্থ লিহ ধাতুর উত্তর খ হয়। বহং লেঢ়ি—বহ-লিহ + খ = বহংলিহঃ ইত্যাদি। এখানে আস্বাদন অর্থে স্পর্শ বুঝিতে হইবে। বহংলিহঃ—ভারবাহী। অভ্রংলিহঃ—পর্ব্বতবিশেষঃ।

(১১৪) বিধু, তিল ও অরুস্ শব্দ কর্ম্মোপপদ হইলে ব্যথার্থ তুদ ধাতুর উত্তর খ প্রত্যয় হয়। বিধুং তুদতি—বিধু – তুদ + খ = বিধুন্তুদঃ ইত্যাদি। বিধুন্তুদঃ—রাহু। তিলন্তুদঃ—বায়সবিশেষ। অরুন্তুদঃ—মর্ম্মপীড়ক।

(১১৫) কূল শব্দ কর্ম্মোপপদের উৎপূর্ব্বক রুজ ও বহ ধাতুর উত্তর খ হয়।

হেত্বাদৌ ৭০ অশব্দাদেঃ ৫০ কৃঞঃ ৫০ টঙ্ ১০

১১৬। হেত্বাদাবশব্দাদেঃ কৃঞষ্টঙ্ ।—হেত্বাদৌ গম্যমানে শব্দাদেরন্যস্মাৎ কর্ম্মণ উত্তরাৎ করোতেষ্টঙ্ ভবতি। যশস্করী বিদ্যা। শীলে—শ্রাদ্ধকরো বিপ্রঃ। অনুকূলে—বচনকরো ভৃত্যঃ। অশব্দাদেরিতি কিম্? শব্দকারঃ। শব্দ শ্লোক কলহ গাথা বৈর চাটু পটু মন্ত্র সূত্র শাস্ত্র নিপুণ কুম্ভ চক্র কর্ম্মন্ পদ ॥

শ্র্যাদাৎ ৫০ ধৃঞাদেঃ ৫০

১১৭। শ্র্যাদাদ্ধৃঞাদেঃ।—শ্র্যাদাৎ কর্ম্মণ উত্তরাদ্ধৃঞাদেষ্টঙ্ ভবতি শ্রীধরঃ লক্ষ্মীধরঃ। টঙন্তস্য ধৃঞো মাত্রাদিত্বান্ন স্ত্রিয়ামী, তেন শ্রীধরা। জাতৌ তু বিদ্যাধরী ॥

পুরোঽগ্রেঽগ্রতোঽগ্রাৎ ৫০ সর্ত্তেঃ ৫০

১১৮। পুরোঽগ্রেঽগ্রতোঽগ্রাৎ সর্ত্তেঃ।—পুরঃসরঃ অগ্রেসরঃ অগ্রতঃসরঃ অগ্রসরঃ ॥

১১৬ হেত্বা। কর্ত্তরীত্যধিকারাৎ হেত্বাদাবিতি কর্ত্তরীত্যস্য বিশেষণম্। কর্ত্তা ভবন্ ক্রিয়ায়া হেতুরেব ভবতি, এবং সতি হেতুপদমৈকান্তিকত্বসূচনার্থম্। যঃ কর্ত্তা যস্যাঃ ক্রিয়ায়াস্তস্যা যদৈকান্তিকো হেতুভাবো ভবতীতি। যশস্করী বিদ্যেতি বিদ্যায়া ঐকান্তিকহেতুত্বম্। যশঃ করোতীতি কুকমিকংসেত্যাদিনা কস্কাদিত্বাদ্বিসর্গাভাবঃ। হেত্বাদাবিত্যাদিপদেন শীলানুকূলয়োর্গ্রহণম্। শ্রাদ্ধকরো বিপ্র ইতি তৎস্বভাব ইত্যর্থঃ। বচনকরো ভৃত্য ইতি স্বামিচিত্তানুবর্ত্তনপর ইত্যর্থঃ। অশব্দাদেরিতি কিম্? শব্দকার ইতি কর্ম্মণো ণড়িতি ণট্। শব্দাদিগণে কুম্ভকর্ম্মপদক্রমাণাং পাঠঃ চন্দ্রাদিমতমাশ্রিত্য কৃতঃ।

১১৭ শ্র্যাদা। শ্রীধর ইতি ধৃঞ্ ধারণে। জাতৌ তু বিদ্যাধরীতি জাতেরিত্যাদিনা ঈ।

১১৮ পুরো। পুরস্ অগ্রেঽগ্রতস্ অগ্র ইত্যস্মাৎ কর্ম্মণ উত্তরাৎ সৃ গতাবিত্যস্মাৎ টঙ

কূলম্ (তীরং) উদ্রুজতি—কূল—উৎরুজ + খ, স্ত্রীলিঙ্গে আ = কূলমুদ্রুজা। পুংলিঙ্গে—কূলমুদ্রুজঃ। যথাক্রমে অর্থ—কূলভাঙ্গা নদী ও নদ।

(১১৬) হেতু আদি বুঝাইলে শব্দাদি ভিন্ন কর্ম্মোপপদে কৃঞ্ ধাতুর উত্তর টঙ্ (অ) হয়। যথা—যশস্করী বিদ্যা। যশঃ করোতি—যশস্ + টঙ্, কস্কাদি নিবন্ধন সত্বানে বিসর্গ হইল না, 'ঋদ্বগী' স্ত্রীলিঙ্গে ঈপ্রত্যয় = যশস্করী। বিদ্যা ব্যতীত যশ হয় না, যেমন বিদ্যয়া যশঃ, বিদ্যাই যশের হেতু। তাই এখানে হেতু বুঝাইল। আদি শব্দ দ্বারা শীল ও অনুকূলার্থ গৃহীত হইল। শীলার্থে শ্রাদ্ধকরো বিপ্রঃ। শ্রাদ্ধ—কৃ + টঙ্ = শ্রাদ্ধকরঃ। অর্থ—শ্রাদ্ধকরণশীল বিপ্র। অনুকূল অর্থে—বচনকরো ভৃত্যঃ। অর্থ—ভৃত্য প্রভুবাক্যের আনুকূল্য করে। শব্দাদি ভিন্ন বলায় শব্দকরঃ না হইয়া ণট্ প্রত্যয়ে শব্দকারঃ হইল। শব্দাদি মূলে দ্রষ্টব্য।

(১১৭) শ্রী আদি শব্দ কর্ম্মোপপদের পরবর্ত্তী ধৃঞ্ ধাতুর উত্তর টঙ্ হয়। শ্রিয়ং ধরতি—শ্রী—ধৃ + টঙ্, গুণ = শ্রীধরঃ ইত্যাদি। অর্থ—শ্রীপতি নারায়ণ। মাত্রাদিনিবন্ধন টঙন্ত ধৃঞ্ ধাতু দ্বারা নিষ্পন্ন শ্রীধর শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্রত্যয় হয় না, এজন্য আ করিয়া শ্রীধরা হইল। জাতি বুঝাইলে ঈ হইবে। যথা—বিদ্যাধরী।

কর্ত্তুঃ ৫০ পূর্ব্বাৎ ৫০

১১৯। কর্ত্তুঃ পূর্ব্বাৎ।—পূর্ব্বঃ সরতীতি পূর্ব্বসরঃ॥

নিশাদেঃ ৫০ কৃঞঃ ৫০

১২০। নিশাদেঃ কৃঞঃ।—নিশাকরঃ দিবাকরঃ। নিশা দিবা প্রভা বিভা ভাস্ কার অন্ত অনন্ত আদি লিপি লিবি বলি ভক্তি চিত্র ক্ষেত্র অরুস্ ধনুস্ একাদিসংখ্যা জঙ্ঘা অহন্ সুদিন দুর্দিন কর্ত্তৃ নান্দী বহু বাহু ক্ষপা দোষা ক্ষণদা রজনী ত্যদাদিশ্চ নিশাদিঃ। কিঙ্কর-যৎকর-তৎকর-বহুকরেভ্যো মাত্রাদিত্বান্ন স্ত্রিয়ামী, তেন কিঙ্করা। হেত্বাদৌ তু ভবত্যেব কিঙ্করী। তথাচ— "ইদানীং যাতি কিঙ্করী"তি ন্যাসঃ॥

ভবতি। পুরস্ ইতি পূর্ব্বশব্দাৎ স্যাদসৌ পূর্ব্বাপরাধরেভ্যঃ পুরাবাধশ্চেতি অস্ পুরাদেশশ্চ। অগ্রতঃ ইতি অগ্রশব্দাৎ সর্ব্ববিভক্তেরাদ্যাদিঃ প্রায় ইতি তসিঃ। অগ্রসর ইতি কর্ম্মণ ইত্যনুবৃত্তিমকৃত্বা সুপীত্যস্যানুবৃত্তৌ সপ্তম্যন্তস্য উপপদে টঙং কৃত্বা তৎপুরুষে কৃতি বহুলমিত্যলুক্, অথবা অগ্রং সরতীতি বাক্যং কৃত্বা শেষো বৃদ্ধাদিতি অগ্রশব্দস্য অকারস্যৈকারঃ করণীয়ঃ।

১১৯ কর্ত্তুঃ। পূর্ব্বশব্দাৎ কর্ত্তৃকত্বাৎ সর্ত্তেষ্টঙ্ ভবতি। কর্ত্তুরিতি কিম্? পূর্ব্বং দেশং সরতীতি পূর্ব্বসারঃ।

১২০ নিশা। নিশাদেঃ কর্ম্মণ উত্তরাৎ কৃঞষ্টঙ্ ভবতি। অহেত্বাদ্যর্থ আরম্ভঃ, অন্যথা পূর্ব্বেণৈব সিধ্যতি। দিবেত্যব্যয়মধিকরণবাচি, তত্র কর্ম্মণ ইতি ন সম্বধ্যতেঽসম্ভবাৎ। দিবা দিবসে প্রাণিনশ্চেষ্টাযুক্তান্ করোতীতি দিবাকরঃ। ভাস্কর ইতি কস্কাদিগণপাঠাদ্বিসর্গাভাবঃ। অন্তানন্তশব্দৌ গণে পঠ্যেতে, অন্তশব্দেনৈবানন্তশব্দেঽপি প্রাপ্তে যদুভয়পাঠস্তজ্জ্ঞাপয়তি ন হি সর্ব্বস্মিন্নুপপদবিধৌ তদন্তবিধিরিষ্যতে। ননু অন্তকরশব্দ এব নঞ্সমাসেনানন্তকর ইতি ভবিষ্যতীতি, কঃ পুনরাহ ন ভবিষ্যতীতি? কিন্তু অনন্তং করোতীতি অনন্তকরঃ, ন অন্তকরোঽনন্তকর ইত্যুভয়োরভিধানেঽর্থভেদ এব। অরুষ্করো ধনুষ্কর ইতি ইসুসন্তৌ কখপফে ইতি কস্কাদিত্বাৎ বিসর্গাভাবঃ, কস্কাদেশ্চেতি মূর্দ্ধন্যঃ। একাদিসংখ্যা ইতি এক আদির্যস্যাঃ সংখ্যায়াঃ। একাদিনির্দ্দেশাৎ ডত্যন্তাদিশ্চ সংখ্যেতি তস্যাত্রাগ্রহণম্; এককরঃ দ্বিকরঃ ত্রিকরঃ ইত্যাদি জয়াদিত্যমতম্। ভাষ্যকারস্তু সংখ্যাশব্দমপ্যুপপদমিচ্ছতি, তেন সংখ্যাকর ইতি মতদ্বয়সূচনার্থং বৃত্তিকৃতা একাদিসংখ্যেতি গণে পঠ্যতে। অয়মপ্যত্রার্থঃ প্রতিভাসতে, একাদিশব্দাঃ সংখ্যাশব্দশ্চ। অহস্কর ইতি সমাসেঽচি চেতি নকারস্য সকারঃ, কৃকমিকংস ইত্যাদিনা কস্কাদিত্বাদ্বিসর্গাভাবঃ। গণে পঠিতো বহুশব্দো বিপুলবাচীতি ন্যাসকারঃ, সংখ্যাবাচকস্য চ গ্রহণমিত্যন্যৈরুক্তম্। হেত্বাদ্যর্থরহিতানামেব কিঙ্করাদীনাং মাত্রাদিত্বমিতি হেত্বাদৌ তু ভবত্যেব কিঙ্করীত্যনেন সূচিতম্। কিঙ্করীত্যুপলক্ষণমাত্রং, যৎকরীত্যাদ্যপি বোদ্ধব্যম্। ত্যদাদীনামুপপদত্বং কাতন্ত্রেঽপ্যুক্তম্। ত্যদাদিপদেন যত্তদেতৎকিম্ ইমে এব গৃহ্যন্তে ইতি যুক্তং, তেষামেব পাণিনীয়লক্ষণে পাঠাৎ। ইমে অত্রাদিপদেন হেত্বাদ্যর্থাঙ্গীকারেণ বা দিনকরদিবসকরাদয়ঃ সাধনীয়াঃ।

---

(১১৮) পুরস্, অগ্রে, অগ্রেতস্ ও অগ্র শব্দ কর্ম্মোপপদে গমনার্থ সৃ ধাতুর উত্তর টঙ্ প্রত্যয় হয়। পূর্ব্ব-সৃ + টঙ্, 'স্যাদসৌ—' অস্ ও পুর্ আদেশ, গুণ = পুরঃসরঃ ইত্যাদি। 'অগ্রতঃসরঃ' স্থলে 'সর্ব্ববিভক্তেঃ' তস্। অর্থ—অগ্রগামী।

(১১৯) কারক পূর্ব্বশব্দ কর্ত্তৃ উপপদে সৃ ধাতুর উত্তর টঙ্ হয়। পূর্ব্বঃ সরতি—পূর্ব্ব-সৃ + টঙ্ = পূর্ব্বসরঃ।

কর্ম্মশব্দাৎ ৫০ ভৃতৌ ৭০

১২১। কর্ম্মশব্দাদ্ভৃতৌ।—কর্ম্মকরঃ॥

অপ্রাদেঃ ৫০ গায়তেঃ ৫০

১২২। অপ্রাদের্গায়তেঃ।—সামগঃ বক্রেগঃ॥

পিবতেঃ ৫০ সুরাসীধুভ্যাম্ ৫ঃ

১২৩। পিবতেঃ সুরাসীধুভ্যাম্।—সুরাপঃ সীধুপঃ॥

ভিক্ষাদেঃ ৫০ চরঃ ৫০

১২৪। ভিক্ষাদেশ্চরঃ।—ভিক্ষাচরঃ সেনাচরঃ আদায়চরঃ অনুচরঃ সহচরঃ॥

১২১ কর্ম্ম। কর্ম্মশব্দাদুত্তরাৎ কৃঞো ভৃতৌ গম্যমানায়াং টঙ্ ভবতি। পূর্ব্বসূত্রাৎ কর্ম্মণ ইত্যনুবৃত্তৌ কর্ম্মণ ইতি কৃতেঽপি স্বরূপগ্রহণে সিদ্ধে শব্দাদিতি কৃতং স্পষ্টার্থম্। কর্ম্ম ব্যাপারস্তন্মূল্যং বেতনং ভৃতিরুচ্যতে, ততোঽন্যত্র কর্ম্মকারঃ।

১২২ অপ্রা। কর্ম্মণ উত্তরাৎ প্রাদিবর্জ্জিতাৎ গায়তেষ্টঙ্ ভবতি। সামগ ইতি কৃদচ্যঙনাদাবিত্যাকারলুক্। আদন্তাদমাদেরপ্রাদেরিত্যঙাপি সিদ্ধে টঙ্ বিধানং স্ত্রিয়ামীবিধানার্থং; সামগী। প্রাদেস্তু সামসংগায়ঃ।

১২৩ পিব। সুরাসীধুভ্যাং কর্ম্মভ্যামুত্তরাৎ পা পান ইত্যস্মাৎ টঙ্ ভবতি। পিবতীতি নির্দ্দেশঃ পা রক্ষণ ইত্যস্য নিরাসার্থঃ। অঙি প্রাপ্তে টঙ্ বিধানং স্ত্রিয়ামীবিধানার্থং, তেন সুরাপী। সুরাসীধুভ্যামিতি কিম্? ক্ষীরপা ব্রাহ্মণী, অঙেবাত্র ভবতি।

---

(১২০) নিশাদি কর্ম্ম উপপদে পরবর্ত্তী কৃঞ্ ধাতুর উত্তর টঙ্ হয়। নিশাং করোতি—নিশাকৃ+টঙ্=নিশাকরঃ। দিবা করোতি+ দিবা-কৃ+টঙ্=দিবাকরঃ। নিশাদি মূলে দ্রষ্টব্য। কিঙ্কর, যৎকর, তৎকর ও বহুকর শব্দের উত্তর মাত্রাদিনিবন্ধন ঈ হয় না, এজন্য আপ্রত্যয়ে কিঙ্করা ইত্যাদি হইবে। হেত্বাদি অর্থরহিত কিঙ্করাদি শব্দই মাত্রাদি হয়, অতএব হেত্বাদি অর্থে ঈ প্রত্যয় হইয়া কিঙ্করী হইতে পারে। তাই ন্যাসকার—"ইদানীং যাতি কিঙ্করী" ইত্যাদি প্রয়োগ প্রদর্শন করিয়াছেন।

(১২১) ভৃতি (কর্ম্মমূল্য—বেতন) বুঝাইলে কর্ম্ম কারক কর্ম্ম শব্দের পরবর্ত্তী কৃঞ্ ধাতুর উত্তর টঙ্ হয়। কর্ম্ম করোতি—কর্ম্ম+কৃ+টঙ্=কর্ম্মকরঃ। বেতন না বুঝাইলে টঙ্ হইবে না। যথা—কর্ম্ম কৃ+ণট্=কর্ম্মকারঃ।

(১২২) কর্ম্ম উপপদে প্রাদি ভিন্ন উপসর্গের পরস্থিত গৈ ধাতুর উত্তর টঙ্ হয়। সাম গায়তি সামন্+গৈ+টঙ্ 'এচোঽশিতি' একারস্থানে আকার, 'কৃদচ্য—' আকারলোপ=সামগঃ। বক্রং গচ্ছতি—বক্র-কৃ+টঙ্=বক্রগঃ। "আদন্তাদমাদেরপ্রাদেরিঙ্" সূত্রে অঙ্ প্রত্যয় করিয়াও সামগ প্রভৃতি প্রয়োগ সিদ্ধ হইতে পারে, এই সূত্রে টঙ্ করার ফলে টি ইৎ হইয়া 'সামগী' স্থলে ঈ প্রত্যয় হইল। প্রাদি বলায় 'সামসংগায়ঃ' স্থলে টঙ্ হইল না,—ণট্ হইল।

(১২৩) সুরা ও সীধু কর্ম্ম উপপদ হইলে পানার্থ পা ধাতুর উত্তর টঙ্ হয়। সুরা—পা+টঙ্=সুরাপঃ ইত্যাদি। সূত্রে 'পিবতি' নির্দ্দেশ সামর্থ্যে রক্ষণার্থ পা ধাতুর উত্তর টঙ্ হইবে না। সুরা ও সীধু কর্ম্মোপপদ না হওয়ায় 'ক্ষীরপা' স্থলে টঙ্ না হইয়া অঙ্ হইল।

অধিকরণাৎ ৫০ চ ।১০

১২৫। অধিকরণাচ্চ।—কুরুচরঃ মদ্রচরঃ॥

গোব্রহ্মশক্রকৃতাৎ ৫০ হনঃ ৫০ টঃ ।১০

১২৬। গোব্রহ্মশক্রকৃতাদ্ধনষ্টঃ।—গোঘ্নঃ ব্রহ্মঘ্নঃ শক্রঘ্নঃ কৃতঘ্নঃ। 'কৃতঘ্নো নাস্তিনিষ্কৃতি'রিতি॥

অমনুষ্যকর্ত্তৃকাৎ ৫০ চ ১০

১২৭। অমনুষ্যকর্ত্তৃকাচ্চ।—পিত্তঘ্নং পয়ঃ॥

১২৪ ভিক্ষা। ভিক্ষাদেঃ কর্ম্মণ উত্তরাচ্চরতেষ্টঙ্ ভবতি। ভিক্ষাং চরতীতি ভিক্ষাচরঃ, চর্ গত্যর্থো ভক্ষণার্থশ্চ। আদায় চরতীতি আদায়চরঃ, আদায় ইতি ডুদাঞ্ দানে আঙ্-পূর্ব্বঃ, ক্তা যচ, আদানং কৃত্বা চরতীত্যর্থঃ। আদায়েত্যস্য গণপাঠসামর্থ্যাৎ অগমকত্বেপি সমাসঃ। ভিক্ষা সেনা আদায় অনু সহ ইতি ভিক্ষাদিঃ।

১২৫ অধি। অধিকরণাদুত্তরাচ্চরতেষ্টঙ্ ভবতি। কুরুচর ইতি কুরুষু চরতীত্যর্থঃ।

১২৬ গোত্র। গো ব্রহ্ম শক্র কৃত ইত্যেতস্মাৎ কর্ম্মণ উত্তরাদ্ধন্তেষ্টো ভবতি। গোঘ্ন ইতি হনাদেরনগীত্যকারলুক্, অল্লুগাদৌ হনো হো ঘ ইতি হস্য ঘঃ। কৃতঘ্নো নাস্তিনিষ্কৃতিরিতি নাস্তীতি তিঙন্তপ্রতিরূপকমব্যয়ং, নাস্তি নিষ্কৃতির্যস্য স নাস্তিনিষ্কৃতিঃ। অন্যে পঠন্তি কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিরিতি। মনুষ্যকর্ত্তৃকত্বাদুত্তরসূত্রেণাপ্রাপ্তিঃ। শিষ্টাভ্যুপগতসাধুত্বমূলমেতল্লক্ষণম্।

১২৭ অম। কর্ম্মণ উত্তরাদমনুষ্যকর্ত্তৃকাদ্ধন্তেষ্টো ভবতি। মনুষ্যকর্ত্তৃকাত্তু শক্রঘাতো রাজা। প্রলম্বঘ্ন ইতি তু দেবকর্ত্তৃকত্বেতুনামনুষ্যকর্ত্তৃকত্বাৎ।

(১২৪) ভিক্ষাদি কর্ম্মোপপদের পরবর্ত্তী চরধাতুর উত্তর টঙ্ হয়। ভিক্ষাং চরতি—ভিক্ষাচর+টঙ্=ভিক্ষাচরঃ ইত্যাদি। ভিক্ষা, সেনা, আদায়, অনু সহ—ভিক্ষাদি।

(১২৫) অধিকরণ অর্থাৎ সপ্তম্যন্ত উপপদে চর ধাতুর উত্তর টঙ্ হয়। কুরুষু চরতি—কুরুচর+টঙ্=কুরুচরঃ ইত্যাদি।

(১২৬) গো, ব্রহ্ম, শক্র ও কৃত শব্দ কর্ম্মোপপদের পরবর্ত্তী হন ধাতুর উত্তর ট হয়। গাং হন্তি—গো-হন+ট 'হনাদেরন—' হ'র অকারলোপ, 'অল্লুগাদৌ—' হস্থানে ঘ=গোঘ্নঃ। ব্রহ্ম—হন্+ট=ব্রহ্মঘ্নঃ। কৃত—হন্+ট=কৃতঘ্নঃ। "কৃতঘ্নো নাস্তিনিষ্কৃতিঃ" স্থলে কেহ তিঙন্তপ্রতিরূপক অব্যয় মানিয়া 'নাস্তি নিষ্কৃতির্যস্য' এইরূপ সমাসে 'নাস্তিনিষ্কৃতিঃ' বিশেষণ স্বীকার করেন; আবার অপর কেহ—'কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ' এইরূপও পাঠ করেন। অর্থ—কৃতঘ্নের নিষ্কৃতি বা কৃতঘ্নে নিষ্কৃতি নাই। পরবর্ত্তী 'অমনুষ্যকর্ত্তৃকাচ্চ' সূত্র নির্দ্দেশ হেতু এই সকল স্থলে ট প্রত্যয়ের অপ্রাপ্তি হয়, অতএব শিষ্ট প্রয়োগ দেখিয়া এই সূত্রের সাধুত্ব নিষ্পাদিত হইল।

(১২৭) অমনুষ্য অর্থাৎ মনুষ্য ভিন্ন কর্ত্তা বুঝাইলে কর্ম্মোপপদের পরবর্ত্তী হনধাতুর উত্তর ট হয়। যথা—পিত্তঘ্নং পয়ঃ। অর্থ—দুগ্ধ পিত্ত নষ্ট করে। পয়ঃ—কর্ত্তা। কর্ত্তা মনুষ্য ভিন্ন হইয়াছে। পিত্ত—হন্+ট=পিত্তঘ্নং। মনুষ্যকর্ত্তা স্থলে—শত্রুঘাতো রাজা। মনুষ্যকর্ত্তা হইয়াছে, এজন্য ট হইল না। 'প্রলম্বঘ্নঃ' স্থলে প্রলম্বাসুরঘাতী বলদেবকে বুঝাইয়াছে, বলদেব মানুষ নহেন, তিনি দেবতা, তাই ট হইতে পারিল।

ন ।১০ চৌরনগরাভ্যাম্ ৫ঃ হস্তিনি ৭০

১২৮। ন চৌরনগরাভ্যাং হস্তিনি।—চৌরঘাতঃ নগরঘাতো হস্তী॥

লক্ষণে ৭০ জায়াপতিভ্যাম্ ৫ঃ

১২৯। লক্ষণে জায়াপতিভ্যাম্।—জায়াঘ্নো হস্তঃ, পতিঘ্নী পাণিরেখা॥

হস্তিকপাটাৎ ৫০ শক্তৌ ৭০

১৩০। হস্তিকপাটাচ্ছক্তৌ।—হস্তিঘ্নঃ কপাটঘ্নঃ॥

অন্তাদেঃ ৫০ গমঃ ৫০ ডঃ ১০

১৩১। অন্তাদের্গমো ডঃ।—অন্তং গচ্ছতীতি অন্তগঃ, পন্নং চলিতং গচ্ছতীতি পন্নগঃ, অত্যন্তগঃ অধ্বগঃ। অন্ত অত্যন্ত অনন্ত পন্ন অধ্বন্ দূর পার স্ত্র্যাগার সর্ব্ব গুরুতল্প গ্রাম॥

১২৮ ন। চৌরনগরাভ্যামুত্তরাদ্ধন্তেষ্টৌ ন ভবতি হস্তিনি কর্ত্তরি বাচ্যে। অমনুষ্যকর্ত্তৃকত্বাৎ প্রাপ্তৌ নিষেধঃ। চৌরঘাত ইতি ণট্, নিতীণ্ লিড়্ বর্জ্জং হনো ঘাত ইতি ঘাতাদেশঃ। ভাষ্যমূলমেতল্লক্ষণম্। তথাচ ভাষ্যম্, অতএব নগরঘাতো হস্তীত্যাদৌ টাভাব ইতি।

১২৯ লক্ষ। জায়াপতিভ্যামুত্তরাদ্ধন্তেষ্টৌ ভবতি লক্ষণে কর্ত্তরি বাচ্যে। লক্ষ্যতে অনেনতি লক্ষণং শুভাশুভসূচকং চিহ্নমুচ্যতে। ক্বচিল্লক্ষণযুক্তোঽপি লক্ষণপদেনাভিধীয়তে উপচারাৎ, যথা; শুভ্রগুণযুক্তঃ পটঃ শুভ্র ইত্যভিধীয়তে। জায়াঘ্নো হস্ত ইতি জায়ায়া হননলক্ষণযুক্তো হস্তো লক্ষণপদেনাভিধীয়তে। পতিঘ্নী পাণিরেখতি অত্র রেখৈব পতিহননস্য লক্ষণম্। এবং জায়াঘ্নো ব্রাহ্মণ ইত্যাদৌ লক্ষণং ভবত্যেব, তত্র ন লক্ষণশব্দ উপচরণীয়ঃ।

১৩০ হস্তি। হস্তিকপাটাভ্যামুত্তরাদ্ধন্তেঃ শক্তৌ গম্যমানায়াং টৌ ভবতি। শক্তির্ব্বলম্। হস্তিঘ্ন ইতি হস্তিনং হন্তুং শক্ত ইত্যর্থঃ; স চ মনুষ্য এব বাচ্যঃ, অন্যথা অমনুষ্যকর্ত্তৃকাচ্চেত্যনেনৈব সিদ্ধং, যথা হস্তিঘ্নং বিষমিতি। শক্তাবিতি কিম্? বিষেণ হস্তিনং হন্তি হস্তিঘাতঃ।

১৩১ অন্তা। অন্তাদেঃ কর্ম্মণ উত্তরাদ্গমের্ডো ভবতি। অন্তগ ইতি ডিতিস্বরতচ্ছেষয়োর্লুগিত্যমলুক্। পন্নং চলিতমিতি পদ্ গতৌ ক্তঃ, অমদো দাদশ্চ ন ইতি দস্য তস্য চ নঃ। গুরোস্তল্পং গুরুতল্পং গুরুস্ত্রী। "অন্তাত্যন্তানন্তাধ্বদূর-পারস্ত্র্যাগারগুরুতল্পম্। সর্ব্বগ্রামৌ পন্নশ্চান্তাদিরয়ং গণো গদিতঃ।"

---

(১২৮) হস্তী কর্ত্তা বুঝাইলে চৌর ও নগর কর্ম্মোপপদে হন ধাতুর উত্তর ট হয় না। চৌরং হন্তি—চৌর হন্+ণট্ = 'নিতীণ্ লিড়্ বর্জ্জং হনো ঘাতঃ' ঘাত আদেশ = চৌরঘাতঃ। নগর—হন্+ণট্ = নগরঘাতঃ। হস্তী কর্ত্তা। অর্থ—চৌর ও নগর নষ্টকারী হস্তী। এখানে মনুষ্য কর্ত্তা হয় নাই, 'অমনুষ্য—' সূত্রে ট প্রত্যয়ের প্রাপ্তি ছিল, এই সূত্র দ্বারা নিষেধ করা হইল।

(১২৯) লক্ষণ অর্থাৎ চিহ্ন কর্ত্তা বুঝাইলে জায়া ও পতিশব্দের পরবর্ত্তী হন ধাতুর উত্তর ট হয়। যথা—জায়াঘ্নঃ হস্তঃ, পতিঘ্নী পাণিরেখা। অর্থ—হস্তচিহ্নে সুলক্ষণা পত্নী এবং কররেখা-চিহ্নে পতির মরণ সূচিত হয়। 'পতিঘ্নী' স্থলে ট ইৎ বলিয়া ঈপ্রত্যয় হইয়াছে।

(১৩০) শক্তি (বল) বুঝাইলে হস্তী ও কপাট শব্দের পরবর্ত্তী হন ধাতুর উত্তর ট হয়। হস্তিনং হন্তি—হস্তি+হন্+ট = হস্তিঘ্নঃ। অর্থ—হস্তিবধে সমর্থ। এখানেও মনুষ্যই কর্ত্তা বুঝিতে হইবে, অন্যথা 'অমনুষ্যকর্ত্তৃকাৎ' সূত্রানুসারে সিদ্ধি হইতে পারে, যেমন—হস্তিঘ্নং বিষম্। শক্তিবলা সামর্থ্যে—'বিষেণ হস্তিনং হন্তি' এস্থলে 'হস্তিঘাতঃ' হইবে।

বিহায়সঃ ৬০ বিহঃ ১০ চ ।১০

১৩২। বিহায়সো বিহশ্চ।—বিহগঃ ॥

অন্যতঃ ৫০ অপি ।১০ দৃশ্যতে—ক্রিয়া

১৩৩। অন্যতোঽপি দৃশ্যতে।—সর্ব্বত্রগঃ সততগঃ জিহ্মগঃ আশুগঃ শীঘ্রগঃ ॥

উরসঃ ৬০ উরঃ ১০ চ ।১০

১৩৪। উরস উরশ্চ।—উরসা গচ্ছতীতি উরগঃ ॥

সুদুরঃ ৫০ অধিকরণে ৭০

১৩৫। সুদুরোঽধিকরণে।—সুখেন গচ্ছত্যস্মিন্নিতি সুগঃ, দুর্গঃ ॥

নিরঃ ৫০ দেশে ৬০

১৩৬। নিরো দেশে।—নির্গো দেশঃ, ন গচ্ছতীতি নগঃ অগঃ ॥

১৩২ বিহা। বিহায়সো বিহশ্চেত্যত্র পুনঃ পাঠঃ লিপিকরপ্রমাদকৃতঃ।

১৩৩ অন্য। যেভ্য উত্তরাদ্গমের্ড্রো বিহিতস্তেভ্যোঽন্যতোঽপি ভবতি। দৃশের্গ্রহণং প্রয়োগানুসারার্থং, তেন পতগাদয়ঃ। সর্ব্বত্রগ ইতি সর্ব্বশব্দাৎ সপ্তমী, অদ্ব্যাদিসর্ব্বনামবহুভ্যঃ সপ্তম্যাস্ত্রো বেতি ত্রঃ অধিকরণাদুত্তরাদ্গমের্ডঃ।

১৩৪ উর। উরস্ ইত্যস্মাদ্গমের্ড্রো ভবতি। উরসঃ স্থানে উরশ্চ। উরসা গচ্ছতীতি বাক্যোপদর্শনং করণাদুত্তরাদিতি সূচনার্থম্।

১৩৫ সুদু। সুদুরিত্যেতাভ্যামুত্তরাদ্গমেরধিকরণে বাচ্যে ডো ভবতি। অধিকরণে ইত্যনেনাত্র কর্ত্তরীত্যধিকারো নিরস্তঃ, অধিকরণে কর্ত্তরীতি বিশেষণবিশেষ্যভাবানুপপত্তেঃ। দুর্গ ইত্যস্য দুঃখেন গচ্ছত্যস্মিন্নিত্যর্থঃ। বিশেষেণাপি সামান্যং বাধ্যতে ন ক্বচিৎ কৃতীতি ঙনটা সুগমনঃ দুর্গমন ইতি, বাচ্যলিঙ্গং ক্বাপি কারকে চেতি পুংলিঙ্গতা। যদা তু সুখেন গম্যতেঽসাবিতি বাক্যং, তদা সুদুরীষদ্ভ্যঃ কর্ম্মণি চেতি ঙঃ স্যাৎ; সুগমো দুর্গমঃ।

(১৩১) অন্তাদি কর্ম্মোপপদ হইলে গম ধাতুর উত্তর ড হয়। অন্তং গচ্ছতি অন্ত—গম + ড = অন্তগঃ ইত্যাদি। অন্তাদি মূলে দ্রষ্টব্য।

(১৩২) "বিহায়সো বিহশ্চ" (১১০) সূত্র একবার উল্লিখিত হইয়াছে, পুনরুল্লেখ লিপিকরপ্রমাদ। অর্থাদি সেইস্থানে দ্রষ্টব্য।

(১৩৩) পূর্ব্বে যে যে বাচ্যে যে সকল উপপদের পরবর্ত্তী গমধাতুর উত্তর ড প্রত্যয় বিহিত হইয়াছে, তাহার অন্যত্রও ড প্রত্যয় হইতে দেখা যায়। যথা—সর্ব্বত্র গচ্ছতি—সর্ব্বত্র – গম্ + ড = সর্ব্বত্রগঃ ইত্যাদি।

(১৩৪) উরস্ উপপদে গমধাতুর উত্তর ড এবং উরস্ শব্দস্থানে উর আদেশ হয়। উরসা গচ্ছতি এই বাক্য দ্বারা করণকারকের পরবর্ত্তী গমধাতুর উত্তর ড হইবে, ইহাই সূচিত হইল। উরস্—গম্ + ড = উরগঃ। অর্থ—সর্পঃ।

(১৩৫) অধিকরণ বাচ্যে সু ও দুর্ উপপদে গম ধাতুর উত্তর ড হয়। সুখেন গচ্ছতি—সু – গম + ড = সুগঃ। দুর্ দুঃখেন গচ্ছতি—দুর্ – গম + ড = দুর্গঃ। কৃৎপ্রকরণে কখনও বিশেষ বিধি সামান্যের বাধক হয় না। অতএব ঙণট্ প্রত্যয় করিয়া 'সুগমনঃ' ও 'দুর্গমনঃ' হইতে পারিল। বিশেষ বিধি ড প্রত্যয় সামান্য বিধি ঙণট্ প্রত্যয়ের বাধা করিল না। কিন্তু যখন কর্ম্মবাচ্যে 'সুখেন গম্যতে অসৌ' এরূপ করা হইবে, তখন 'সুদুরীষদ্ভ্যঃ কর্ম্মণি' বলিয়া ঙ হইয়া 'সুগমঃ' ও 'দুর্গমঃ' হইবে।

আশিষি ৭০ হনঃ ৫০

১৩৭। আশিষি হনঃ।—তিমিং বধ্যাৎ তিমিহঃ, শত্রুহঃ ॥

ক্লেশাদেঃ ৫০ অপাৎ ৫০

১৩৮। ক্লেশাদেরপাৎ।—ক্লেশমপহন্তি ক্লেশাপহঃ তমোপহঃ ভয়াপহঃ দুখাপহঃ ॥

পটাদেঃ ৫০ চ ১০

১৩৯। পটাদেশ্চ।—পটহঃ কলহ ইত্যাদি ॥

১৩৬ নিরো। নির উত্তরাদ্গমের্দেশেঽধিকরণে বাচ্যে ডো ভবতি। নির্গো দেশ ইতি নির্গম্যতে অস্মিন্ দেশে ইত্যর্থঃ। দেশাদন্যত্র ডনড়েব ভবতি, নির্গমনম্। অন্যতোঽপি দৃশ্যতে ইত্যনেনৈব সর্ব্বমেতৎ সাধনীয়মিতি সূচনার্থং শেষে তস্যৈবোদাহরণমুপন্যস্তম্। ন গচ্ছতীতি অগ ইতি। দারু আহন্তীতি বাক্যে দার্ব্বাঘাটঃ বর্ণসংঘাট ইতি শাস্ত্রান্তরে সাধিতং, তদিহ নোক্তং ঘটসংঘাত ইতি চুরাদৌ গড়েব সিদ্ধেঃ। দার্ব্বাঘাতাদয়স্ত হন্তেরেব সাধ্যাঃ, দার্ব্বাঘাত ইতি অসংজ্ঞায়াং ভবত্যেব।

১৩৭ আশি। কর্ম্মণ উত্তরাদ্ধন্তেরাশিষি গম্যমানায়াং ডো ভবতি। আশিষীতি প্রত্যয়ার্থবিশেষণম্। তস্মিন্ কর্ত্তরি প্রত্যয়ো ভবতি, যস্মিন্নভিধীয়মান আশীর্গম্যতে। তিমিং বধ্যাদিত্যাশীর্লিঙ্প্রয়োগেণ বাক্যোপন্যাসঃ তিমিহশব্দস্য তৎসমানার্থতাং সূচয়িতুম্। আশিষীতি কিম্? তিমিঘাতঃ।

১৩৮ ক্লেশা। ক্লেশাদেঃ কর্ম্মণ উত্তরাদপাদুত্তরাদ্ধন্তের্ড্রো ভবতি। ক্লেশমপহন্তীতি বাক্যোপদর্শনমাশীর্ব্বিষয়তামস্য নিরাকর্ত্তুম্, আশিষি গম্যমানায়াং পূর্ব্বেণৈব সিদ্ধেঃ। ক্লেশাপহস্তমোপহ ইতি সিদ্ধ্যর্থমেব পাণিনিসর্ব্ববর্ম্মাদি-সূত্রমস্তি। ভয়াপহঃ দুখাপহ ইতি সিদ্ধিস্ত শিষ্টপ্রয়োগদর্শনাদ্ বৃত্তিকারেণাভ্যুপগতা। বিষাপহো মন্ত্রঃ, তিমিরাপহমঞ্জনং, বাতপিত্তকফাপহং জ্বরাপহমৌষধমিত্যাদি প্রমাদজং বা, শিষ্টাভ্যুপগতং বেতি ন নিশ্চিতং।

১৩৯ পটা। পটাদেশ্চ কর্ম্মণ উত্তরাদ্ধন্তের্ড্রো ভবতি। পটং হন্তীতি পটহঃ। যথাকথঞ্চিৎ ব্যুৎপত্তিরেষাম্। কলং হন্তীতি কলহঃ অত্রাবয়বার্থানুগমো বিলুপ্ত এব, কলহে মধুরধ্বনেরভাবাৎ।

(১৩৬) দেশ বুঝাইলে অধিকরণবাচ্যে নিং উপসর্গ পূর্ব্বক গম ধাতুর উত্তর ড হয়। নির্গম্যতে অস্মিন্ (দেশে)—নির্ – গম + ড = নির্গঃ। অর্থ—দেশ। পূর্ব্বেই বলা হইয়াছে যে, অন্যত্রও ড প্রত্যয় হইতে দেখা যায়, সেজন্য 'ন গচ্ছতি' এই বাক্যে নগঃ অগঃ প্রভৃতি প্রয়োগও হইল।

(১৩৭) আশীর্ব্বাদ গম্যমান হইলে কর্ম্ম উপপদে হন ধাতুর উত্তর ড প্রত্যয় হয়। আশীর্ব্বাদ আশংসা। অতএব তিমি মৎস্য বধ করার কথা বলায় আশীর্ব্বাদই বুঝা গেল। তিমিং বধ্যাৎ—তিমিহন্ + ড = তিমিহঃ ইত্যাদি।

(১৩৮) ক্লেশাদি কর্ম্মের পরবর্ত্তী অপ উপসর্গের পরস্থিত হন ধাতুর উত্তর ড হয়। ক্লেশম্ অপহন্তি—ক্লেশ + অপ্ + হন + ড = ক্লেশাপহঃ ইত্যাদি। বিষাপহ তিমিরাপহ ইত্যাদি প্রয়োগ শিষ্টপরম্পরাগত অথবা প্রমাদজ।

(১৩৯) পটাদি কর্ম্মোপপদে হন ধাতুর উত্তর ড হয়। পটং হন্তি—পট – হন্ + ড = পটহঃ ইত্যাদি। পটহ—ঢাক।

সপ্তম্যন্তাৎ ৫০ জনঃ ৫০ ভূতে ৭০

১৪০। সপ্তম্যন্তাজ্জনো ভূতে।—মন্দুরায়াং জাতো মন্দুরজোঽশ্বঃ ॥

পঞ্চম্যন্তাৎ ৫০ অজাতেঃ ৫০

১৪১। পঞ্চম্যন্তাদজাতেঃ।—বুদ্ধের্জাতো বুদ্ধিজঃ, সংস্কারজঃ খেদজঃ। জাতেস্তু—অশ্বাজ্জাতঃ ॥

প্রাৎ ৫০ নাম্নি ৭০

১৪২। প্রান্নাম্নি।—প্রজা লোকঃ ॥

দ্বিতীয়ান্তাৎ ৫০ অনৌ ৭০

১৪৩। দ্বিতীয়ান্তাদনৌ।—পুমাংসমনুজাতঃ পুমনুজঃ, স্ত্র্যনুজঃ ॥

অন্যতঃ ৫০ অপি ।১০ দৃশ্যতে

১৪৪। অন্যতোঽপি দৃশ্যতে।—ন জাতোঽজঃ, দ্বির্জাতো দ্বিজঃ, ব্রাহ্মণাজ্জাতো ব্রাহ্মণজো ধর্ম্মঃ, ক্ষত্রিয়জং যুদ্ধম্, অভিজাঃ পরিজাঃ কেশাঃ, অনুজাতোঽনুজঃ, পরি খাতাঃ পরিখাঃ, আ খাতা আখাঃ, বরমাহতবান্ বরাহঃ, কেশিনামানমসুরং বধিতবান্ কেশবঃ, আপো ভ্রশ্যন্ত্যস্মাদভ্রং, বিজায়তেঽস্মাদ্বীজং শেষো বৃদ্ধাদিতি দীর্ঘঃ ॥

১৪০ সপ্ত। সপ্তম্যন্তাদুত্তরাজ্জন্ধাতোর্ভূতকালে কর্ত্তরি বাচ্যে ডো ভবতি। মন্দুরায়াং জাতো মন্দুরজোঽশ্ব ইতি তদ্ধিতেৎস্ত্র্যাতোঃ সংজ্ঞায়াং বহুলমিতি হ্রস্বঃ।

১৪১ পঞ্চ। জাতিবর্জ্জিতাৎ পঞ্চম্যন্তাদুত্তরাজ্জনো ভূতকালে কর্ত্তরি বাচ্যে ডো ভবতি। বুদ্ধের্জ্জাতো বুদ্ধিজ ইতি জন্যর্থকর্ত্তুরিত্যাদিনাপাদানসংজ্ঞা। বুদ্ধিসংস্কারয়োরাত্মগুণত্বাৎ, খেদস্য চ ক্রিয়াবাচকত্বাৎ ন জাতিবাচকত্বম্।

১৪২ প্রা। প্র ইত্যস্মাদুত্তরাজ্জনো ভূতে ডো ভবতি নাম্নি বাচ্যে। ধাতুপপদপ্রত্যয়সমুদায়েন সংজ্ঞা গম্যতে।

১৪৩ দ্বিতী। দ্বিতীয়ান্তাদুত্তরে অনু ইত্যস্মিন্নুপপদে জনো ডো ভবতি। পুমাংসমনুজাত ইতি অনু পশ্চাদর্থে। অনুপূর্ব্বো জনিস্তৎপূর্ব্বকরণপূর্ব্বকজন্মনি সকর্ম্মকঃ, ইতি রুহাদিভ্যঃ কর্ত্তরি চেতি ক্তঃ। পুমনুজ ইতি স্বরেঽপি সমাসে ইতি অস্লুক্।

---

(১৪০) সপ্তম্যন্তপদের পরবর্ত্তী জন্ধাতুর উত্তর অতীতকালে কর্ত্তৃবাচ্যে ড হয়। মন্দুরায়াং জাতঃ—মন্দুর–জন্+ড 'তদ্ধিতেৎ স্ত্র্যাতোঃ সংজ্ঞায়াম্' হ্রস্ব=মন্দুরজঃ। অর্থ—অশ্ববিশেষ।

(১৪১) অতীতকালে কর্ত্তৃবাচ্যে জাতি ভিন্ন পঞ্চম্যপদের পরবর্ত্তী জন ধাতুর উত্তর ড প্রত্যয় হয়। বুদ্ধেঃ জাতঃ—বুদ্ধি জন্+ড=বুদ্ধিজঃ ইত্যাদি। জাতি বলায় 'অশ্বাজ্জাতঃ' স্থলে ড হইল না, কেননা অশ্ব জাতি হইয়াছে।

(১৪২) সংজ্ঞা বুঝাইলে প্রপূর্ব্বক জন ধাতুর উত্তর ড হয়। যথা—প্র+জন্+ড=প্রজা।

(১৪৩) দ্বিতীয়ান্তপদের পর অনু উপসর্গ পূর্ব্বক জন ধাতুর উত্তর ড হয়। অনু অর্থ—পশ্চাৎ। পুমাংসম্ অনুজাতঃ—পুমস্–অনু+জন্+ড, 'স্বরেঽপি সমাসে' অস্লুক্=পুমনুজঃ ইত্যাদি।

শক্ত্যাদ্যাৎ ৫০ গ্রহাদেঃ ৫০ অঙ্ ১০

১৪৫। শক্ত্যাদ্যাদ্‌গ্রহাদেরঙ্।—শক্ত্যাদ্যাৎ কর্ম্মণ উত্তরাৎ গ্রহাদেরু-ত্তরেঽঙ্ ভবতি। শক্তিগ্রহঃ লাঙ্গূলগ্রহঃ অঙ্কুশগ্রহঃ। শক্তি লাঙ্গূল অঙ্কুশ যষ্টি তোমর ধনুস্ ঘট ঘটী।

সূত্রাৎ ৫০ ধারণে ৭০

১৪৬। সূত্রাদ্ধারণে।—সূত্রগ্রহঃ ॥

স্তম্বেকর্ণেভ্যাং ৫ঃ রমিজপোঃ ৬ঃ হস্তিসূচকয়োঃ ৭ঃ

১৪৭। স্তম্বেকর্ণেভ্যাং রমিজপোর্হস্তিসূচকয়োঃ।—স্তম্বেরমো হস্তী, কর্ণেজপঃ সূচকঃ ॥

১৪৪ অন্য। জনের্যতো ডো বিহিতস্ততোঽন্যতোঽপি দৃশ্যতে। জনেরন্যতোঽপি ধাতোর্ড্ডো দৃশ্যতে। সপ্তম্যন্তাৎ পঞ্চম্যন্তাচ্চ বিহিতঃ, ততোঽন্যত্রাপি দৃশ্যতে, অজো দ্বিজ ইতি। অজাতে-র্বিহিতো জাতেরপি দৃশ্যতে ব্রাহ্মণজ ইতি। প্রান্নাম্নি বিহিতোঽন্যতোঽপি উপসর্গাদনাম্নি চ দৃশ্যতে অভিজ্ঞাঃ পরিজা ইতি। দ্বিতীয়ান্তাদনৌ বিহিতোঽদ্বিতীয়ান্তাদপি দৃশ্যতে অনুজ ইতি। সপ্তম্যন্তা-জ্জনো ভূতে বিহিতোঽন্যধাতোরপি দৃশ্যতে, কেশা ইতি; কে মস্তকে শেরতে ইতি শীঙ্ স্বপ্নে, তৎপুরুষে কৃতি বহুলমিত্যলুক্। জনের্বিহিতো ডো ধাত্বন্তরাদপি দৃশ্যতে, পরি খাতা ইতি সর্ব্বতঃ খাতা ইত্যর্থে পরিখাঃ। আ খাতা আখা ইতি খনু অবদারণে। বরাহ ইতি আঙ্‌পূর্ব্বাদ্ধন্তে-র্ডিত্বাদানলুক্। কেশব ইতি বধঃ সৌত্রো ধাতুঃ শেষো বৃদ্ধাদিতি কেশিশব্দস্য ইকারস্যাকরঃ। অব-ভ্রমিতি ভ্রনসু ভ্রন্সু ধ্বন্সু অবস্রংসনে। বীজমিতি জনী প্রাদুর্ভাবে। এবং গিরৌ শেতে গিরিশঃ। কেবলাদপি দৃশ্যতে ইতি খনু ধাতোঃ খম্।

১৪৫ শক্ত্যা। শক্তিগ্রহ ইতি গ্রহ্ উপাদানে। নামগ্রহণে লিঙ্গবিশিষ্ট-স্যাপি গ্রহণমিতি ঘটগ্রহণাদ্ঘটীগ্রহণে সিদ্ধে উভয়োরুপাদানমস্যাঃ পরিভাষায়াঃ প্রায়িকত্বসূচনার্থম্। অতএবোক্ত-মিহ ন স্যাৎ দ্বিবতীতাপ ইতি। কালাপাস্ত বিকল্পমিচ্ছন্তি, তেন ণটা শক্তিগ্রাহ ইত্যপি তন্মতে ভবতি। শক্ত্যঙ্কুশযষ্টিধনুস্তোমরলাঙ্গূলঘটঘট্যঃ।

১৪৬ সূত্রা। সূত্রাদুত্তরাদ্‌গ্রহের্ধারণেঽর্থে বর্ত্তমানাদঙ্ ভবতি। সূত্রগ্রহ ইতি সূত্রং ধারয়-তীত্যর্থঃ। অন্যত্র সূত্রগ্রাহঃ সূত্রং কেবলমুপাদত্তে ন তু ধারয়তীত্যর্থঃ।

১৪৭ স্তম্বে। স্তম্বে কর্ণ ইতি সপ্তম্যন্তমনুকৃতং কর্ম্মণ ইত্যস্যানুবৃত্তিনিরাসার্থম্। অনুকৃতত্বেন শব্দান্তরত্বাত্ততঃ পঞ্চমী। রমিজপোরিতি বিভক্তিবিপরিণামাৎ পঞ্চম্যাঃ ষষ্ঠী। স্তম্বে কর্ণে ইত্যে-তাভ্যামুত্তরাভ্যাং রমু ক্রীড়ায়াং, জপ্ জল্প ব্যক্তায়াং বাচীত্যেতাভ্যামঙ্ ভবতি হস্তিসূচকয়ো-

(১৪৪) পূর্ব্বে যে যে উপপদে যে যে অর্থে ও যে যে বিভক্ত্যন্তপদের পরবর্ত্তী জনধাতুর উত্তর ড বিহিত হইয়াছে, তদ্‌ভিন্ন অন্যত্রও জন ধাতুর উত্তর ড প্রত্যয় হইতে দেখা যায়। যথা— ন জাতঃ—অ-জন্+ড=অজঃ ইত্যাদি। জন ধাতু ভিন্ন অন্য ধাতুর উত্তরও ড হয়। যথা— পরিখাঃ ইত্যাদি।

(১৪৫) শক্তি প্রভৃতি শব্দ কর্ম্মোপপদ হইলে গ্রহাদি ধাতুর উত্তর অঙ্ হয়। শক্তিং গৃহ্লাতি—শক্তি-গ্রহ+অঙ্=শক্তিগ্রহঃ ইত্যাদি। শক্তি, লাঙ্গূল, অঙ্কুশ, যষ্টি, তোমর, ধনুস্, ঘট ও ঘটী—শক্ত্যাদি।

(১৪৬) ধারণার্থ বুঝাইলে সূত্র শব্দের পরবর্ত্তী গ্রহধাতুর উত্তর অঙ্ হয়। সূত্রং গৃহ্লাতি—সূত্র-গ্রহ+অঙ্=সূত্রগ্রহঃ।

শমঃ ৫০ কৃঞাদেঃ ৫০ নাম্নি ৭০

১৪৮। শমঃ কৃঞাদের্নাম্নি।—শঙ্করঃ শংবরঃ॥

তথা ৩০ হেত্বাদৌ ৭০ অপি।১০ অঙ্ ১০ এব।১০

১৪৯। তথা হেত্বাদাবপ্যঙেব।—শঙ্করা নাম পরিব্রাজিকা, শংবরা নাম শকুনিকা; তচ্ছীলেত্যর্থঃ॥

আদন্তাৎ ৫০ অমাদেঃ ৫০ অপ্রাদেঃ ৫০

১৫০। আদন্তাদমাদেরপ্রাদেঃ।—শাকশ্রঃ গ্রামত্রঃ ব্রহ্মজ্যঃ সুখজ্যঃ। ক্বচিদপবাদবিষয়েঽপ্যুৎসর্গোঽভিনিবিশত ইতি কহ্বঃ। মাদেস্তু—ধান্যমায়ঃ তন্ত্রবায়ঃ স্বর্গহ্বায়ঃ। প্রাদেস্তু—শাকসংশ্রায়ঃ॥

গম্যমানয়োঃ। স্তম্বে রমত ইতি স্তম্বেরমো হস্তী; কর্ণে জপতীতি কর্ণেজপঃ সূচকঃ পিশুন ইত্যর্থঃ; তৎপুরুষে কৃতি বহুলমিতি সপ্তম্যলুক্। হস্তিসূচকয়োরিতি কিম্? স্তম্বে রমিতা, কর্ণে জপিতা।

১৪৮ শমঃ। শংশব্দাদুত্তরাৎ কৃঞাদের্নাম্নি বিষয়েঽঙ্ ভবতি। শঙ্কর ইতি শং কল্যাণং করোতীতি শঙ্করঃ শিবঃ। শং বৃণোতীতি শংবরোঽসুরবিশেষঃ, বৃঞ্ বরণে।

১৪৯ তথা। হেত্বাদাবিতি হেতুশীলানুকূলানাং গ্রহণম্। তথা তেনৈব প্রকারেণ শংশব্দাদুত্তরাৎ কৃঞাদের্নাম্নি বিষয়ে তচ্ছীলাদাবপ্যর্থেঽঙেব স্যাৎ। হেত্বাদাবশব্দাদেঃ কৃঞষ্টঙিতি টঙ্বাধনার্থমঙ্ বিধানং; টঙি তু টিত্বাদী স্যাৎ। এবকারকরণং বিশেষেণাপি সামান্যং বাধ্যতে ন ক্বচিৎ কৃতীতি শঙ্কানিরাসার্থম্। শঙ্করা নাম পরিব্রাজিকা, তচ্ছীলেত্যর্থঃ, ইত্যনেন তচ্ছীলং তৎসংজ্ঞা চেতি সূচিতম্।

১৫০ আদ। কর্ম্মণ উত্তরাদবিদ্যমানপ্রাদেরাকারান্তাদ্ধাতোর্মাদিবর্জ্জিতাদঙ্ ভবতি। শাকশ্র ইতি শাকং শ্রাতীতি শ্রা পাকে। গ্রামত্র ইতি ত্রৈঙ্ পালনে, এচোঽশিতীত্যাত্বং, কৃদচ্যঙনাদাবিত্যাকারলুক্। ব্রহ্মজ্য ইতি জ্যা বয়োহানৌ। ক্বচিদিত্যাদি বিশেষেণাপি সামান্যমিতি যৎ প্রাগুক্তং, তস্যৈবানুকরণমেতৎ। কহ্ব ইতি অমাদেরিত্যপবাদঃ, তৎপ্রাপ্তাবুৎসর্গসিদ্ধোঽঙেব

---

(১৪৭) হস্তী ও সূচক বুঝাইলে সপ্তম্যন্ত স্তম্ব ও কর্ণ শব্দের পরবর্ত্তী ক্রীড়ার্থ রম ধাতু ও জল্পার্থ জপ ধাতুর উত্তর অঙ্ হয়। স্তম্বে রমতে—স্তম্বেরম্+অঙ্=স্তম্বেরমঃ। অর্থ—হস্তী স্তম্বের সহিত ক্রীড়া করে। কর্ণে জপতি—কর্ণেজপ+অঙ্=কর্ণেজপঃ। অর্থ—দুর্জ্জন কাণে কুমন্ত্রণা দেয়। উভয় স্থলেই 'তৎপুরুষে কৃতি বহুলম্' বলিয়া সপ্তমী বিভক্তির অলুক্।

(১৪৮) সংজ্ঞা বুঝাইলে মঙ্গলবাচক শং শব্দের পরবর্ত্তী কৃঞ্ ধাতুর উত্তর অঙ্ হয়। শং (মঙ্গলং) করোতি—শং-কৃ+অঙ্=শঙ্করঃ-শিব। শং বৃণোতি—শং-বৃ+অঙ্, গুণ=শংবরঃ—অসুরবিশেষ।

(১৪৯) সংজ্ঞা গম্যমান হইলে হেতু, শীল ও অনুকূলাদি অর্থে শংশব্দের পরবর্ত্তী কৃঞ্ ধাতুর উত্তর অঙ্ হয়। পূর্ব্বে "হেত্বাদাবশব্দাদেঃ কৃঞষ্টঙ্" সূত্রে টঙ্ বিহিত হইয়াছিল, এই সূত্র তাহার বাধক অর্থাৎ এই সূত্রে অঙ্ই হইবে। কৃৎপ্রকরণে বিশেষ বিধি সামান্য বিধির বাধক হয় না," ইহা পূর্ব্বে বলা হইয়াছে; এখানে সেই নিয়মানুসারে বাধক না হইতে পারে, এই আশঙ্কায় সূত্রে এবকার বিহিত হইয়াছে। শং—কৃঞ্+অঙ্—শঙ্কর+আ (স্ত্রীত্বে) আ=শঙ্করা ইত্যাদি। টঙ্ হইলে আ না হইয়া ঈ হইত, প্রয়োগ হইত—শঙ্করী।

দঃ ৫০ প্রাৎ ৫০ চ।১০

১৫১। দঃ প্রাচ্চ।—গোদঃ গোপ্রদঃ॥

সমঃ ৫০ খ্যাতেঃ ৫০

১৫২। সমঃ খ্যাতেঃ।—গোসংখ্যঃ। সংপূর্ব্বস্য খ্যা প্রকথনে ইত্যস্যা-প্রয়োগাচ্চক্ষিঙো গ্রহণম্॥

স্যাৎ। ধান্যমায় ইতি মাঙ্ মানে, মেঙ্ প্রণিদানে বা, এচোঽশিতীত্যাত্বং, কর্ম্মণো ণড়িতি ণট্, যুবে́ঞাদেরিত্যাদিনা যুঃ। তন্তুবায় ইতি বেঞ্ তন্তুসন্তানে। স্বর্গহ্বায় ইতি হ্বেঞ্ স্পর্দ্ধায়াম্। এতে চত্বারো মাদয়ঃ। শাকসংশ্রায় ইতি শ্রা পাকে ণট্ যুঃ।

১৫১ দঃ। কর্ম্মণ উত্তরাদপ্রাদেঃ কর্ম্মণ উত্তরশ্চ যঃ প্রশব্দস্তস্মাদুত্তরাদ্দা ইত্যস্মাদঙ্ স্যাৎ। অবিশেষাৎ সর্ব্বেষাং দারূপাণাং গ্রহণম্। গোপ্রদ ইত্যত্রাপ্রাদেরিতি প্রতিষেধাৎ পূর্ব্বসূত্রেণা-প্রাপ্তের্বিধানম্। গোদ ইতি পূর্ব্বসূত্রেণৈব সিধ্যতি, তথাপি চকারেণ পূর্ব্বসূত্রানুকর্ষ ইতি শঙ্কামাত্রনিরাসার্থঃ; প্রাদেব দোঽঙ্ ভবতি ইত্যেষা শঙ্কা স্যাৎ। উপসর্গান্তরাত্তু ণডেব ভবতি, গোসংদায়ঃ। কথং দায়াদ্ ইতি? দায়মাদত্তে ইতি ব্যুৎপত্ত্যা পচাদেরাকৃতিগণত্বাৎ ঙঃ কর্ত্তব্যঃ।

১৫২ সমঃ। কর্ম্মণ উত্তরাৎ সম উপসর্গাদুত্তরাৎ খ্যাতেরঙ্ ভবতি। চক্ষিঙাদেশস্য খ্যা ইত্যস্যানুকরণং কৃত্বা খ্যাতেরিতি নির্দ্দেশঃ। অপ্রাদেরিতি প্রতিষেধাদপ্রাপ্তে বিধানম্। গোসংখ্য ইতি অচতুর্থ্যিত্যস্য বিষয়সপ্তমীত্বাৎ প্রথমং খ্যাঞাদেশঃ। ধাতুপারায়ণে তু খ্যা প্রকথনে ইত্যত্রা-শ্বসংখ্য ইত্যুদাহৃতম্। কথং, "গবাং শতসহস্রাণি যস্মিন্ জাতে পিতা দদৌ। ব্রাহ্মণেভ্যঃ প্রিয়াখ্যেভ্যঃ সোঽয়মুঞ্ছেন জীবতী"তি? উচ্যতে। যুস্ত্র্যাখ্যাবিত্যত্র ভাষ্যে উক্তং বচনসামর্থ্যাৎ, মূলবিভুজাদেরাকৃতিগণত্বাৎ, পদসংস্কারবিবক্ষয়া বহুলবচনসামর্থ্যাদ্বা ইহ তু ঙঃ পচাদেরাকৃতিগণত্বাৎ, অথবা প্রাদেরাদন্তাদিত্যতঃ কৃত্বা পদং সংস্কৃত্য সমাসেন সম্বন্ধনীয়ম্।

(১৫০) কর্ম্মের উত্তর প্রাদি ভিন্ন উপপদ থাকিলে মাঙ, মেঙ্, বেঞ্ ও হ্বেঞ্ ধাতু ভিন্ন আকারান্ত ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়। শাকং শ্রাতি (পচতি)—শাক—শ্রৈ+অঙ্ "এচোঽশিতি" একারস্থানে আকার (শ্রা-অঙ্) "কৃদচ্যঙাদৌ" আকারলোপ—শাকশ্রঃ ইত্যাদি। অর্থ—শাকের পাচক। এখানেও পূর্ব্বোক্ত সামান্য-বিধির অনুকরণ জানিবে। "কহ্বঃ" স্থলে বিশেষ বিধি দ্বারা কপ্রত্যয়ের প্রাপ্তি ছিল, কিন্তু সামান্যতঃ অঙ্ই হইল। মাদি বলায় 'ধান্যমায়ঃ' ইত্যাদি স্থলে অঙ্ না হইয়া ণট্ হইল। প্রাদি ভিন্ন বলা সামর্থ্যে "শাকসংশ্রায়ঃ" স্থলেও সং উপসর্গ হওয়ায় অঙ্ না হইয়া ণট্ই হইল।

(১৫১) কর্ম্মোপপদে প্রাদি ভিন্ন দাধাতু এবং কর্ম্মের পরবর্ত্তী প্রপূর্ব্বক দা ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়। বিশেষ বিধান না থাকায় দো, দেঞ্, দাঞ্, প্রভৃতি সাধারণ ধাতুরই গ্রহণ বুঝিতে হইবে। গাং দদাতি—গো+দা+অঙ—গোদঃ। গাং প্রদদাতি—গো—প্র +দা+অঙ্—গোপ্রদঃ। কেবল প্র উপসর্গবিধানহেতু, 'সংদায়ঃ' স্থলে অঙ্ না হইয়া ণট্ হইল।

(১৫২) কর্ম্মের পরবর্ত্তী সম্ পূর্ব্ব খ্যাধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়। গাং সংচক্ষতে গো+সম্+খ্যা+অঙ্—গোসংখ্যঃ। প্রকৃষ্টরূপ কথন অর্থে সংপূর্ব্বক খ্যাধাতুর প্রয়োগ না থাকায় তাৎপর্য্যবশতঃ চক্ষিঞ্ ধাতু বুঝিতে হইবে। গোসংখ্যঃ স্থলে 'অচতুর্থ্—' ইত্যাদি সূত্রে চক্ষিঙ ধাতু স্থানে খ্যা আদেশ হইয়াছে।

হৃঞঃ ৫০ অবহনে ৭০

১৫৩। হৃঞোঽবহনে।—অংশহরো দায়াদঃ। অবহন ইতি কিং? ভারহারঃ॥

বয়োবোধকবহনে ৭০ চ।১০

১৫৪। বয়োবোধকবহনে চ।—অস্থিহরঃ শ্বা, কবচহরঃ ক্ষত্রিয়কুমারঃ॥

আঙঃ ৫০ তচ্ছীলে ৭০

১৫৫। আঙস্তচ্ছীলে।—পুষ্পাহরঃ॥

স্থঃ ৫০ অধিকরণাব্যয়াভ্যাং ৫ঃ ভাবে ৭০ পুংসি ৭০ অন্যতঃ ৭০ চ।১০

১৫৬। স্থোঽধিকরণাব্যয়াভ্যাং ভাবে পুংস্যন্যতশ্চ।—গ্রামস্থঃ নিষ্ঠঃ। শলভোত্থো বর্ত্ততে। "স্বস্থে কো বা ন পণ্ডিতঃ॥"

১৫৩ হৃঞো। কর্ম্মণ উত্তরাদবহনেঽর্থে হৃঞ্ হরণে ইত্যস্মাদঙ্ ভবতি। অংশহর ইতি অংশং স্বীকরোতীত্যর্থঃ। উদ্ধৃত্য দেশান্তর প্রাপণং বহনং ততোঽন্যদবহনম্।

১৫৪ বয়ো। কর্ম্মণ উত্তরাদ্বয়োবোধকবহনে অর্থে বর্ত্তমানাদ্ধৃঞ্ হরণে ইত্যস্মাদঙ্ ভবতি। বয়োযৌবনাদি। অস্থিহরঃ শ্বা ইতি অস্থ্যুৎক্ষেপণযোগ্যে বয়সি বর্ত্তত ইত্যর্থঃ। অবহনে পূর্ব্বসূত্রেণ সিদ্ধে বহন এবাস্য বিষয় ইতি বিধানসামর্থ্যাদেব লব্ধে বহন ইতি কৃতং স্পষ্টার্থম্।

১৫৫ আঙ। কর্ম্মণ উত্তরাদাঙুপসর্গাদুত্তরাদ্ধরতেস্তচ্ছীলে কর্ত্তরি বাচ্যে অঙ্ ভবতি। তচ্ছীলং তৎস্বভাবঃ। বহনে অবহনে চ সামান্যেন বিধানম্। পুষ্পাহর ইতি প্রয়োজননিরপেক্ষ পুষ্পাহরণকর্ম্মণি প্রবর্ত্তত ইত্যর্থঃ। তচ্ছীল ইতি কিং? ভারমাহরতীতি ভারাহারঃ।

১৫৬ অধি। অধিকরণাদব্যয়াচ্চোত্তরাৎ তিষ্ঠতেঃ কর্ত্তর্যঙ্ ভবতি। ভাবে বাচ্যে পুংসি চ ভবতি। অন্যতোঽপি ভাবান্তরেঽপীত্যর্থঃ। গ্রামস্থ ইতি নাঙ্দিব সব্যস্য স্থে ইতি অলুক্নিষেধঃ। নিষ্ঠ ইতি স্থাদেরিত্যাদিনা মূর্দ্ধন্যঃ। শলভোত্থো বর্ত্তত ইতি শলভানামুত্থানমিতি ধাত্বর্থোঽত্র ভাবঃ, স্থাস্তস্তোরুদঃ সস্যেতি সলুক্, ভাবে বিহিতত্বাৎ ক্লীবত্বে প্রাপ্তে পুংবত্ত্বম্। 'স্বস্থে কো বা ন পণ্ডিত' ইতি প্রত্যয়ান্তরস্য ভাবঃ, স্বাস্থ্যমিত্যত্রার্থঃ।

(১৫৩) বহনার্থ না হইলে কর্ম্মোপপদে হৃঞ্ ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়। অংশং হরতি—অংশ—হৃঞ্+অঙ্, গুণ=অংশহরঃ। অর্থ—জ্ঞাতি। জ্ঞাতি অংশগ্রহণ করে। ভারহরঃ—ভারবাহী, এখানে বহনার্থ হওয়ায় অঙ্ হইল না।

(১৫৪) বহনের যোগ্য বয়স্ বুঝাইলে কর্ম্মোপপদে হৃঞ্ ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হইবে। বয়স্ অর্থ—যৌবন কাল। যথা—অস্থিহরঃ শ্বা, কবচহরঃ ক্ষত্রিয়কুমারঃ। এখানে কুকুরের অস্থিবহনের এবং ক্ষত্রিয়কুমারের কবচবহনের যোগ্য বয়স্ (যৌবনকাল) বুঝাইতেছে।

(১৫৫) শীল গম্যমান হইলে অবহন ও বহন উভয় অর্থে কর্ত্তৃবাচ্যে কর্ম্মোপপদে আঙ্ পূর্ব্ব হৃঞ্ ধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয়। পুষ্পাণি আহর্ত্তুং শীলমস্য—পুষ্প-আ+হৃঙ্+অঙ্=পুষ্পাহরঃ। পুষ্পাহরণে যাহার প্রয়োজনাপেক্ষা নাই, স্বভাবতঃই যে পুষ্পাহরণ করে, তাহাকে পুষ্পাহর বলে অর্থাৎ বিদ্যাধরাদি।

(১৫৬) ভাব ও কর্ত্তৃবাচ্যে অধিকরণ ও অব্যয়ের পরবর্ত্তী স্থাধাতুর উত্তর অঙ্ প্রত্যয় হয় এবং ভাববাচ্যস্থলে অঙ্প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ হইয়া থাকে। ভাববাচ্যে সাধারণতঃ শব্দ ক্লীবলিঙ্গ হয়, এখানে বিশেষ করা হইল। অধিকরণের উত্তর—গ্রামে তিষ্ঠতি=গ্রামস্থঃ। অব্যয়ের

জ্ঞঃ ৫০ প্রাদিকর্ম্মভ্যাং ৫ঃ কেবলাৎ ৫০ চ।১০

১৫৭। জ্ঞঃ প্রাদিকর্ম্মভ্যাং কেবলাচ্চ।—অভিজ্ঞঃ সর্ব্বজ্ঞঃ জ্ঞঃ ॥

সমুদিতাৎ ৫০ চ।১০

১৫৮। সমুদিতাচ্চ।—"পথিপ্রজ্ঞঃ সমাহিত" ইতি ভট্টিঃ ॥

শেতেঃ ৫০ অধিকরণাৎ ৫০

১৫৯। শেতেরধিকরণাৎ।—বিলে শেতে বিলেশয়ঃ সর্পঃ ॥

কর্ত্তুঃ ৫০ উত্তানাদেঃ ৫০

১৬০। কর্ত্তুরুত্তানাদেঃ।—উত্তানঃ শেতে উত্তানশয়ঃ, অবমূর্দ্ধশয়ঃ ॥

দিগ্ধসহাৎ ৫০ চ।১০

২৪১। অকর্তৃকারকে চ সমজাদেঃ সংজ্ঞায়াম্।—সমজন্ত্যস্যামিতি সমজ্যা সভা কীর্ত্তিশ্চ। নিষীদন্ত্যস্যামিতি নিষদ্যা বিক্রেতব্যস্থানম্। নিপতন্ত্যস্যামিতি নিপত্যা যুদ্ধভূমিঃ। মন্যতেঽস্যামিতি মন্যা, "পশ্চাদ্গ্রীবাশিরা মন্যা।" মতিরিতি সম্মত্যসূয়াকোপকুৎসাভৎ'সনেম্বিতি নির্দ্দেশাৎ। বিদন্ত্যনয়া বিদ্যা। সুম্বন্ত্যস্যামিতি সুত্যা। আসুতিরিতি রজস্বলাদিগণপাঠাৎ। শেরতেঽস্যামিতি শয্যা। ভরণং ভৃত্যা। ভৃতিরিতি কর্ম্মশব্দাস্তৃতাবিতি নির্দ্দেশাৎ। এত্যনয়া অয়নং বা ইত্যা। আসনম্ আস্যা। ঙনেন আসনা। ব্রজনং ব্রজ্যা। যজনম্ ইজ্যা। সংপূর্ব্ব অস্—সমস্যা। চীয়তেঽস্যাং চিত্যা। অগ্নেশ্চয়নং অগ্নিচিত্যা।

২৩৮ দুহা। দুহাদের্ধাতোরুত্তরে ক্যো ভবতি, পক্ষে ণ্যঃ। দুহ প্রপূরণে, গুহূ সংবরণে, মৃজূ শুদ্ধৌ, পৃষু মৃষু বৃষু সেচনে, ডুকৃঞ্ করণে, শন্সু স্তুতৌ, অভিপূর্ব্ব অসু ক্ষেপণে, সংপূর্ব্ব ডুভৃঞ্ ধারণপোষণয়োঃ, এষাং রূপাণি। মৃজ্যং মার্গ্যমিতি মৃজোঽচতুর্ষ'পীতি বৃদ্ধিঃ, ণ্যেঽনূচাদেরিতি জস্য গঃ। শস্যমিতি হলুপান্তেত্যাদিনা নকারলুক্।

২৩৯ ভুবো। প্রাদিবর্জ্জিতে সুবন্তোপপদে ভূধাতোর্ভাবে ক্যো ভবতি। সুপীতি কিম্? ভব্যম্। নমু ভুবঃ কর্ত্তরি চেত্যনেন ভাবে যণ্বাধকো ভবিষ্যতি, কিং সুপীত্যনেন? তস্য সোপসর্গবিষয়ঃ স্যাৎ, অস্য তু নিরুপসর্গঃ। অপ্রাদাবিতি কিম্? প্রভব্যম্।

২৪০ হনো। প্রাদিবর্জ্জিতে সুবন্তোপপদে সতি হন্ হিংসাগত্যোরিত্যেতস্মাত্তুত্তরে স্ত্রিয়াং ভাবে ক্যো ভবতি। নকারস্য চ লুক্। ব্রহ্মহত্যেতি নলুকি কৃতে তুক্, ব্রহ্মহননমিত্যর্থঃ। ভাব ইত্যেব, শ্বঘাত্যো মৃগঃ, শুনো হন্তব্য ইত্যর্থঃ। সুপীতি কিম্? ঘাত্যো বর্ত্ততে। প্রাদেস্তু প্রঘাত্যো বর্ত্ততে।

২৪১ অক। সমজাদিভ্যঃ কর্তৃবর্জ্জিতে কারকে ভাবে চ বাচ্যে সংজ্ঞায়াং ক্যো ভবতি স্ত্রিয়াম্। সমজ্যেতি সংপূর্ব্ব অজ্ গতিক্ষেপণয়োঃ, ক্যে কৃতে ভ্বাদেৰকি চাস্ত্যাদেরিতি অজো বীন' ভবতি, ঘণ্ঙকেষু বীরিতি প্রতিষেধাৎ। নিষদ্যেতি নিপূর্ব্বষদ৯ বিশরণগত্যবসাদনেষু, সদোঽপ্রতেরিতি মূর্দ্ধন্যঃ। নিপত্যেতি নিপূর্ব্ব পত৯ গতৌ। মন্যেতি মন্ জ্ঞানে। মতিরিতি ক্যেন বাধিতত্বাৎ ক্তির্ন' প্রাপ্নোতি, অত আহ—সম্মত্যসূয়েতি নির্দ্দেশাদিতি। বিদ্যেতি বিদ্ জ্ঞানে।

---

(২৩৮) দুহাদি ধাতুর উত্তর ক্য প্রত্যয় হয় বিকল্পে এবং পক্ষে ণ্য হইয়া থাকে। যথা—দুহ + ক্য = দুহ্যং। পক্ষে—দুহ + ণ্য, গুণ = দোহ্যং। এইরূপ গুহ্যং প্রভৃতি স্থলে ক্য ও পক্ষে ণ্য হইবে। মৃজ + ক্য = মৃজ্যং। পক্ষে—ণ্য 'মৃজোঽচ—' বৃদ্ধি, 'ণ্যেঽনূ—' জস্থানে গ = মার্গ্যং। শন্স + ক্য 'হলুপান্তে—' নলোপ। ইত্যাদি।

(২৩৯) প্রাদি ভিন্ন সুবন্ত উপপদ থাকিলে ভাববাচ্যে ভূ ধাতুর উত্তর ক্য প্রত্যয় হয়। যথা—ব্রহ্ম + ভূ + ক্য = ব্রহ্মভূয়ং। অর্থ—ব্রহ্মত্ব।

কৃঞঃ ৫০ তুক্ ১০ বা ।১০

২৪২। কৃঞস্তুগ্ বা।—কৃত্যা ক্রিয়া ॥

পুংসি ৭০ ঘণ্ ১০ কারকে ৭০ চ ।১০

২৪৩। পুংসি ঘণ্ কারকে চ।—ভাবে ক্বচিৎ কারকে চ বাচ্যে সর্ব্বধাতুভ্য উত্তরে পুংসি ঘণ্ ভবতি। পাকঃ ত্যাগঃ। কৃদভিহিতো ভাবো দ্রব্যবৎ প্রকাশত ইতি দ্বিবচনবহুবচনে চ ভবতঃ। পাকৌ পাকাঃ। পঞ্চতেঃ পঙ্কঃ। প্রপঞ্চয়তেঃ প্রপঙ্কঃ। কর্ত্রাদিষট্কে কারকসংজ্ঞা প্রসিদ্ধা। ব্যতি-

সুত্যেতি ষুঞ্ অভিবে। আঙ্পূর্ব্বাৎ সুঞঃ কথং আসুতিরিতি? অত আহ—রজস্বলাদিগণপাঠাদিতি। স্ত্রীধর্ম্মিণ্যাদৌ রজস্বলাদিরিতি; তত্র আসুতীবল ইত্যুদাহৃতম্। শয্যেতি শীঙ্ স্বপ্নে, ক্যযচোশ্চেতি শেভাবঃ,শীঙোঽঙিদ্ষ ইতি অয়াদেশঃ। ভরণং ভৃত্যেতি ভাবে ক্যবিধানম্। ভাবব্যতিরিক্তেঽর্থে সংজ্ঞায়ামপি নায়ং প্রবর্ত্ততে, তেন ভার্য্যেত্যত্র ণ্য এব ভবতি। কথং তর্হি ভৃতিরিতি? অত আহ কর্ম্মশব্দাদ্ভৃতাবিতি নির্দ্দেশাদিতি। ইত্যেতি ইণ্ গতৌ। আস্তেতি আস্ উপবেশনে। কথমাসনেত্যত্ত আহ—ঙনেনেতি; শ্রস্থাসেত্যাদিনা বিশেষবিহিতেনেতি। ব্রজ্যেতি বজ্ ব্রজ্ গতৌ। ইজ্যেতি যজ্ দেবপূজাদৌ পঠ্যতে। সমস্তেতি অসু ক্ষেপণে। চিত্যেতি চিঞ্ চয়নে।

২৪২ কৃঞ। করোতেঃ স্ত্রিয়াং কর্ত্তৃবর্জ্জিতে কারকে ভাবে চ সংজ্ঞায়াং ক্যো ভবতি। তুক্ বিকল্পেন। হ্রস্বাদিত্যাদিনা নিত্যে তুকি প্রাপ্তে বিকল্পঃ। অনেন ক্তেরবাধনং বক্ষ্যতি, তেন কৃতিরিত্যপি ভবতি। ক্রিয়েতি রিদৃতো যে চেতি ঋকারস্য রিৎ।

---

(২৪০) প্রাদি ভিন্ন সুবন্ত উপপদ থাকিলে হিংসার্থ হনধাতুর উত্তর স্ত্রীলিঙ্গে ভাববাচ্যে ক্য হয়; আর হন'র নলোপ হইয়া থাকে। ব্রহ্মহন্ + ক্য = নকারের লোপ, তুক্, স্ত্রীলিঙ্গে আ-প্রত্যয় = ব্রহ্মহত্যা।

(২৪১) সংজ্ঞা বুঝাইলে ভাব এবং কর্ত্তৃভিন্ন কারকবাচ্যে স্ত্রীলিঙ্গে সম্পূর্ব্ব অজ্ প্রভৃতি ধাতুর উত্তর ক্য প্রত্যয় হয়। অধিকরণবাচ্যে যথা—সমজন্ত্যস্যামিতি সমজ্যা। সম্ + অজ + ক্য, স্ত্রীলিঙ্গে আ = সমজ্যা। অর্থ—সভা বা কীর্ত্তি। এইরূপ নি + সদ্ + ক্য + আ = নিষদ্যা। নিষদ্যা বিক্রয়শালা অর্থাৎ হাট। নি + পত + ক্য + আ = নিপত্যা। যুদ্ধভূমির নাম নিপত্যা। মন + ক্য + আ = মন্যা। গ্রীবার পশ্চাৎদিগের ঘাড়ের) শিরাকে মন্যা বলে। মন্ধাতু ক্তি করিয়া মতি হইয়াছে, ক্যপ্রত্যয় ক্তির বাধা করিতে পারিত, তাই বৃত্তিকার বলিতেছেন,—"সম্মত্যসূয়াকোপকুৎসাভৎসনেষু" এইরূপ নির্দ্দেশ হেতু ক্তি হইবে। করণবাচ্যে যথা—বিদন্তি অনয়া এইবাক্যে বিদ্যা। সুঞ্ + ক্য + আ = সুত্যা। আপূর্ব্ব সুঞ ধাতুর 'আসুত্যা'পদ না হইয়া 'আসুতি' পদ হইল কেন? উত্তর—"রজস্বলাদিগণপাঠাৎ"। রজস্বলাদিগণে আসুতি শব্দের পাঠহেতু 'ক্তি'ও হইবে। শীঙ্ + ক্য = শয্যা। ভরণং ভৃত্যা, ভাববাচ্যে ভৃধাতুব উত্তর ক্তি প্রত্যয় করিয়া ভৃতি পদও হইবে যেহেতু "কর্ম্মশব্দাদ্ভৃতৌ" এই সূত্রে ভৃতি পদের নির্দ্দেশ আছে। ইণ্ + ক্য + আ = ইত্যা। আস + ক্য + আ = আস্যা। ইত্যাদি।

(২৪২) ভাব এবং কর্ত্তৃভিন্ন কারকবাচ্যে সংজ্ঞার্থে স্ত্রীলিঙ্গে কৃধাতুর উত্তর ক্য হয় এবং বিকল্পে তুক্ হইয়া থাকে। যথা—কৃত্যা ক্রিয়া। কৃ + ক্য, "রিদৃতো যে চ" বলিয়া ঋস্থানে রি = ক্রিয়া।—তুক্ = কৃত্যা। "হ্রস্বাত্তুগাদৌ" বলিয়া নিত্য তুকের বিধান ছিল; এই সূত্রে বিকল্পে বিধান করা হইল।

ষজতে ব্যতিষঙ্গঃ, অবসৃজতি অবসর্গঃ, দূরেপাকঃ, ফলেপাকঃ, প্রাস্যন্তি তং প্রাসঃ, প্রসীব্যন্তি তং প্রসেবঃ, পদ্যতে অনেনেতি পাদঃ, রজ্যতেঽনেনেতি রাগঃ, এবমুপদেশঃ সংহারঃ ন্যায়ঃ অবহারঃ অবতারঃ অবস্তারঃ বন্ধঃ বেদঃ অপামার্গঃ, আনায়ো জালম্। তালব্যান্ত দাশৃ দানে—দাশ্যন্ত্যস্মৈ দাশো বিপ্রঃ, উপেত্যাধীয়তেঽস্মাদিত্যুপাধ্যায়ঃ আধ্রিয়ন্তেঽস্মিন্নিত্যাধারঃ, এবমাবায়ঃ অধ্যায়ঃ॥

২৪৩ পুংসি। যদ্যপি ষট্কারকেষু ঘণ বিধানং, তথাপি শিষ্টপ্রয়োগদর্শনাদ্ব্যবস্থেয়মিতি সূচয়িতুমাহ—ক্বচিৎ কারকে চেতি। এবমুত্তরযোগেষ্বপি জ্ঞেয়ম্। অর্থস্য তু ব্যবস্থা লোকত এব জ্ঞেয়া। পাকঃ ত্যাগ ইতি অকবর্গাদীত্যাদিনা চজোঃ স্থানে কগৌ। ক্রিয়াসামান্যাৎ সর্ব্বধাত্বর্থানুগতঃ সত্তাবাচিনো ভবতেরর্থঃ, তস্মাদ্ভাব ইত্যনেন ঘণন্তেন ভবতিনা সর্ব্বধাতুনা ক্রিয়ামাত্রে বাচ্যে প্রত্যয়োৎপত্তিরুক্তা। ক্রিয়ায়াশ্চাদ্রব্যবাচিত্বাৎ সংখ্যাসম্বন্ধাভাবে দ্বিবচনবহুবচনাভ্যাং ন ভাব্যমিত্যত আহ—কৃদভিহিতো ভাব ইত্যাদি। কৃৎপ্রত্যয়েনোক্তো ভাবো দ্রব্যবদ্ভবতীতি দ্রব্যস্বরূপে চ সম্ভবত এব। কৃদভিহিত ইতি বিশেষণাৎ যদা তিঙভিহিতভাবো বর্ত্ততে, তত্রৈকত্বমেব। অতএব ভাবকর্ম্মণোরাত্মনে ইত্যত্রৈবোক্তং ধাত্বর্থঃ কেবলো ভাবস্তস্যৈকত্বাৎ প্রথমপুরুষৈকবচনমিতি। কৃতো হি প্রায়েণ সিদ্ধতামাভদধতি। এবঞ্চ সতি পাকাদিক্রিয়াব্যক্ত্যোঽপি দ্রব্যস্বভাবা ইব প্রকাশন্তে। তিঙন্তাস্তু সাধ্যতামভিদধতি, অতএকত্বমেব প্রকাশত ইত্যভিপ্রায়ঃ। এতচ্চ প্রপঞ্চভয়েন ন বিবিচ্যতে। পক্ব ইতি পচি ব্যক্তীকরণে ভ্বাদিঃ। কথং তর্হি প্রপঞ্চঃ? ইত্যত আহ—প্রপঞ্চয়তেরিতি। পচি বিস্তারে ইত্যস্মাৎ চুরাদিণ্যন্তাৎ ঘেন সাধনীয়ঃ। ইহ কারকসংজ্ঞায়া অভাবাৎ কারকশব্দেনাত্র কিমভিধীয়তামিত্যত্রাহ—কর্ত্রাদিষট্কে ইত্যাদি। তথাচ সা প্রসিদ্ধিরস্মাভিঃ কারকপাদে এব বিবিচ্য ব্যাখ্যেয়া। ব্যতিষঙ্গ ইতি ষন্জ্ সঙ্গে, স্থাদেরিত্যাদিনা ষত্বম্। অবসর্গ ইতি সৃজ্ বিসর্গে। দূরেপাক ইতি দূরে স্বয়মেব পচ্যত ইত্যর্থঃ, তৎপুরুষে কৃতি বহুলমিতি সপ্তম্যা অলুক। প্রাস ইতি অস্ ক্ষেপণে। প্রসেব ইতি ষিবু তন্তুসন্তানে। পাদ ইতি পদ্ গতৌ। রাগ ইতি রন্জ্ রাগে, ঘণি ভাবকরণয়োশ্চেতি নকারলুক্। এবমুপদেশ ইত্যাদি এবমনেন ক্রমেণ। উপদিশ্যতে অনেনেতি দিশ অতিসর্জ্জনে। সংহার ইতি সংপূর্ব্ব হৃঞ্ হরণে। ন্যায় ইতি নিপূর্ব্ব ইণ্ গতৌ। অবতার ইতি অবপূর্ব্ব তৃ প্লবনতরণয়োঃ। অবস্তার ইতি স্তৃঞ্ আচ্ছাদনে। বন্ধ ইতি বন্ধ বন্ধনে। বেদ ইতি বিদ্ জ্ঞানে। অপামার্গ ইতি অপপূর্ব্ব মৃজ্ শুদ্ধৌ, ঞিদচি চেতি বৃদ্ধিঃ, প্রাদের্ঘণি বহুলমিতি উপসর্গস্য দীর্ঘঃ। আনায ইতি আঙ্পূর্ব্ব নীঞ্ প্রাপণে, জাল এব বাচ্যে ঘণ্ বিধানমিতি সূচয়িতুং জালমিত্যুক্তম্। এতে করণকারকে প্রয়োগা দর্শিতাঃ। দাশ ইতি দাশৃ দানে। উপাধ্যায় ইতি উপ অধিপূর্ব্ব ইঙ্ অধ্যয়নে, বিশেষেণাপি সামান্যং বাধ্যতে ন ক্বচিৎ কৃতীতি ইণন্তাৎ প্রাপ্তং উপ্রত্যয়ং বাধিত্বা ইঙ্ধাতোর্ঘণ্ এব ক্রিয়তে। আধার ইতি ধৃঙ্ অবস্থানে। আধার ইতি কুম্ভকারাণাং যা প্রাগুনিকা, তামভিধত্তে ইতি রক্ষিতঃ। আবায়স্ত্যস্মিন্নিতি পৈ ও বৈ শোষণে, আত্বে কৃতে যুবেঞাদেরিত্যাদিনা যুঃ। অধ্যায় ইতি অধীয়তেঽস্মিন্নিতি অধিপূর্ব্বাদিঙঃ কর্ম্মণ্যপি বাচ্যেঽত্র প্রত্যয়োঽয়মিষ্যতে ইতি কেচিৎ, অধীয়তে ইত্যধ্যায়ঃ। যদ্যপ্যনেন সংজ্ঞায়ামসংজ্ঞায়াঞ্চ সামান্যেন বিধানং, তথাপি শব্দশক্তিস্বভাবাৎ প্রাসাদাদয়ঃ শব্দাঃ কেঽপি সংজ্ঞাবাচকা এব বিজ্ঞেয়াঃ।

---

(২৪৩) ভাব এবং কোন কোন স্থলে কারকবাচ্যে ধাতুর উত্তর ঘণ্ হয়। ঘণ্ প্রত্যয় হইলে শব্দ পুংলিঙ্গ হইয়া থাকে সর্ব্বত্র ভাববাচ্যে এবং কোথাও কারকবাচ্যে সকল ধাতুর উত্তর ঘণ্ হয়।

আঙঃ ৫০ নিপানে ৭০ হ্বেঞঃ ৫০ হুঃ ১০ চা১০

২৪৪। আঙো নিপানে হ্বেঞো হুশ্চ।—আহাবো নিপানম্, উদচ্যতেঽনেনেতি উদঙ্কঃ। অনভিধানাদুদকবিষয়ে ন স্যাৎ। উদকোদঞ্চনম্ ॥

২৪৪ আঙো। আঙ উত্তরাৎ হ্বেঙ্ স্পর্দ্ধায়ামিত্যস্মাদ্ঘণ্ ভবতি। হ্বেঞঃ স্থানে হুশ্চ নিপানে বাচ্যে। আহূয়ন্তে জলপানায় পশবোঽত্রেতি আহাবঃ; কূপসমীপস্থো জলাধারবিশেষো নিপানম্ নিপিবন্ত্যস্মিন্নিতি অধিকরণে ঙনট্। নিপান ইতি কিম্? আহ্বয়ঃ। আঙো যুদ্ধে হ্বেঞো হুশ্চেত্যস্মানন্তরং নিপানে ঘণ্ চেতি ন কৃতং স্পষ্টপ্রকরণভেদার্থম্। উদঙ্ক ইতি অনচু গতিপূজনয়োঃ। উদকবিষয়ে ন স্যাদিতি যদা ঘৃতাদিবিষয়ে ভবতি, তদা ঘৃতোদঙ্ক ইত্যাদি ভবতি। উদকোদঞ্চনমিতি ঙনট্ ক্লীবে ইতি ঙনট্।

এইরূপ দ্বিবিধ অর্থ কেন করা হয়? উত্তর—যদিও লক্ষণ দ্বারা প্রতীয়মান হয় ষট্ কারকে ঘণের বিধান সর্ব্বত্রই বটে, তথাপি শিষ্টপ্রয়োগানুসারে সর্ব্বত্র কারকবাচ্যে ঘণ্ প্রত্যয়ের বিধান হইল, এই কথা জানাইবার জন্যই "ক্বচিৎ কারকে চ" এই কথা বলিয়া দুইরূপ অর্থ করিয়াছেন। উদাহরণ—পচ্ + ঘণ্ = পাকঃ। ত্যজ্ + ঘণ্ = ত্যাগঃ।

কৃদন্তপাদে সকল প্রত্যয়ই পূর্ব্বাপর ধাতুর উত্তর হইয়া আসিতেছে এইজন্য ধাতুর উত্তরই ঘণ্ হইবে একথা বলিতে পারেন, তবে "সর্ব্বধাতুভ্যঃ উত্তরে ঘণ্ ভবতি" এইরূপ অর্থ কেন করিলেন? উত্তর—প্রথম কথা এই, গ্রন্থকার যখন ধাতুর কোন বিশেষ নির্দ্দিষ্ট উল্লেখ করেন নাই, তখন সকল ধাতুর উত্তরই ঘণ্ প্রত্যয় হইবার প্রসক্তি থাকিতে পারে। "অবিশেষাৎ সর্ব্বধাতুভ্যঃ" এই যুক্তিতে প্রথম শতৃ, শানপ্রত্যয় সকল ধাতুর উত্তরই হইয়াছে, সেখানেও ধাতুর নির্দ্দেশ ছিল না। অথবা ভাববাচ্যে ঘণ্ প্রত্যয়ের বিধান করাতেই সকল ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয়ের বিষয় সূচিত হইয়াছে। ভাবশব্দে ধাতুর অর্থকে বলে; ধাত্বর্থ বলিতে ক্রিয়া সাধারণকে বুঝিতে হইবে। যদি সকল ধাতুরই ক্রিয়াত্ব হইল তাহা হইলে ধাতুর উত্তর ঘণ্ হইবে বলিলেই, সকল ধাতুর উত্তরই বুঝাইবে।

ধাতুর অর্থ ভাবমাত্র, তাহা যদ্যপি এক হইল তাহা হইলে 'পাকৌ পাকাঃ' ইত্যাদি স্থলে দ্বিবচন এবং বহুবচন হইতে পারে না, এইজন্য বলিলেন—"কৃদভিহিতো ভাবো দ্রব্যবৎ প্রকাশতে—" অর্থাৎ কৃতের দ্বারা প্রকাশিত ভাব দ্রব্যবৎ প্রতীয়মান। কৃদুক্ত ভাব যদি দ্রব্যস্বরূপ হইল তাহা হইলে দ্বিবচন বহুবচন না হইবে কেন? দ্রব্যের যেমন একত্ব বহুত্ব আছে, সেইরূপ ভাবে বিহিত কৃদন্ত শব্দের একত্ব বহুত্ব বোধ হইতে পারিবে। সূত্রে কারকবাচ্যে বলা হইয়াছে, কারকশব্দে কাহাকে বুঝাইবে, কেবল কর্ত্তৃবাচ্য কি না? উত্তর—"কর্ত্রাদি ষট্কে কারকসংজ্ঞা" এই কথা বলাতে সকল কারকবাচ্যেই ঘণের বিধান হইল। বাহুল্য ভয়ে সূত্রস্থ প্রয়োগ সকল সাধিত হইল না।

(২৪৪) নিপান অর্থাৎ কূপসমীপস্থ পশুর জলপানাধার বুঝাইলে আঙ্পূর্ব্ব স্পর্দ্ধার্থ হ্বেঞ্ ধাতুর উত্তর ঘণ্ হয় এবং হ্বেস্থানে হু আদেশ হইয়া থাকে। আহূয়ন্তে জলপানায় পশবঃ অত্র— আ + হ্বে + ঘণ্, হ্বেস্থানে হু, বৃদ্ধি, সন্ধি = আহাবঃ। ইত্যাদি। অনভিধানবশতঃ উদক বিষয়ে ঘণ্ হইবে না, উদক-উৎ + অনচ্ + ঙনট্ = উদকোদঞ্চনম্।

প্রাদেঃ ৫০ রুবঃ ৫

২৪৫। প্রাদেরুবঃ।—সংরাবঃ ॥

সমঃ ৫০ যুদ্রুবঃ ৫০

২৪৬। সমো যুদ্রুবঃ।—সংযাবঃ সংদাবঃ সংদ্রাবঃ ॥

বেঃ ৫০ ক্ষুশ্রুবঃ ৫০

২৪৭। বেঃ ক্ষুশ্রুবঃ।—বিক্ষাবঃ, শ্রু শ্রবণে বিশ্রাবঃ ॥

প্রাৎ ৫০ দ্রুস্তুস্রুবঃ ৫০

২৪৮। প্রাদ্দ্রুস্তুস্রুবঃ।—প্রদ্রাবঃ প্রস্তাবঃ। দ্রুস্রু গতৌ প্রস্রাবো মূত্রম্ ॥

উদঃ ৫০ যুপূদ্রুবঃ ৫০

২৪৯ ॥ উদো যুপূদ্রুবঃ।—উদ্যাবঃ উৎপাবঃ উদ্দ্রাবঃ ॥

২৪৫ প্রাদে। প্রাদেরুত্তরাৎ রু শব্দ ইত্যস্মাৎ ঘণ্ ভবতি। ভাবে কারকে চ বাচ্যে। ইণন্তস্য দৃণ্ডাদিত্বাৎ ঙে প্রাপ্তে বিধানম্। অপ্রাদেস্তু রবঃ। অপ্রাদের্ব্বা নীরুস্রুব ইতি পক্ষে ঘণ্-বিধানাৎ প্রাদেরেবায়ং ভবিষ্যতি। এবঞ্চ সতি প্রাদেরিতি কৃতং স্পষ্টার্থম্; পারিশিষ্যালভ্যাচ্ছা-ব্দোঽর্থঃ স্পষ্টো ভবতীতি।

২৪৬ সমো। সম উত্তরেভ্যো যু মিশ্রণে, দ্রু দ্রু স্রু গতাবিত্যেতেভ্য উত্তরে ঘণ্ ভবতি। অয়-মপি ঙবাধনার্থঃ। সম ইতি কিম্? প্রযবঃ প্রদবঃ প্রদ্রবঃ।

২৪৭ বেঃ। বেরুত্তরাভ্যাং রু টুক্ষু শব্দে, শ্রু শ্রবণে ইত্যেতাভ্যাং ঘণ্ ভবতি। বেরিতি কিম্? সংক্ষবঃ প্রতিশ্রবঃ।

২৪৮ প্রাদ্। প্রাদুত্তরেভ্যো দ্রু দ্রু স্রু গতৌ, ষ্টুঞ্ স্তুতৌ ইত্যেতেভ্যো ঘণ্ ভবতি। প্রস্রাবো মূত্রমিত্যুক্তং লোকপ্রসিদ্ধ্যর্থম্।

২৪৯ উদো। উদ উত্তরেভ্যো যু মিশ্রণে, পূঙ্ পবনে ক্র্যাদিঃ পূঙ পবনে ভ্বাদিরবিশেষাদ্দ্বয়োরপি গ্রহণং, দ্রু গতৌ ইত্যেতেভ্যো ঘণ্ ভবতি।

(২৪৫) ভাব এবং কারকবাচ্যে প্রাদি উপসর্গের পরস্থিত রু ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—সং + রু + ঘণ্ = সংরাবঃ। প্রাদি উপসর্গ না হইলে ঘণ্ হইবে না, ঘণের বাধক ঙপ্রত্যয় হইবে। যথা——রবঃ।

(২৪৬) সংপূর্ব্ব মিশ্রণার্থ যু ধাতু এবং গমনার্থ দ্রু দ্রু ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—সং + যু + ঘণ্ = সংযাবঃ। এইরূপ সংদ্রাব ও সংদাবঃ। সং উপসর্গ বলা সামর্থ্যে অন্য উপসর্গ বিশিষ্ট যু ধাতুর উত্তর ঘণ্ হইবে না। ঘণপবাদ ঙপ্রত্যয় হইবে যথা—প্রযবঃ।

(২৪৭) বিপূর্ব্ব ক্ষু ও শ্রু ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—বি + ক্ষু + ঘণ্ = বিক্ষাবঃ। এইরূপ বিশ্রাবঃ। বিপূর্ব্ব বলা সামর্থ্যে অন্য উপসর্গবিশিষ্ট হইলে ঘণ্ নিষেধ থাকিবে। যথা—সংক্ষবঃ ইত্যাদি।

(২৪৮) প্রপূর্ব্ব দ্রু দ্রু স্রু ধাতু এবং স্তুতি অর্থ—ষ্টুঞ্ ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হইবে। যথা—প্র + দ্রু + ঘণ্ = প্রদ্রাবঃ ইত্যাদি।

(২৪৯) উৎপূর্ব্ব যু ধাতু, পবনার্থ ক্র্যাদিগণীয় পূঙ ধাতু ও ভ্বাদিগণীয় পূঙ্ ধাতু এবং দ্রু ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—উৎ + পূঙ্ + ঘণ্ উৎপাবঃ। উদ্যাবঃ, উদ্দ্রাবঃ পূর্ব্ববৎ সাধ্য।

সমঃ ৫০ স্তুবঃ ৫০ যজ্ঞে ৭০

২৫০। সমঃ স্তুবো যজ্ঞে।—সংস্তাবো যাজ্ঞিকদ্বিজানাং স্তুতিভূমিঃ॥

অভিলূনিষ্পূভ্যাম্ ৫ঃ

২৫১। অভিলূনিষ্পূভ্যাম্।—অভিলাবঃ নিষ্পাবঃ॥

শ্রিভুবঃ ৫০ অপ্রাদেঃ ৫০

২৫২। শ্রিভুবোঽপ্রাদেঃ।—শ্রায়ঃ ভাবঃ। অনুভাবঃ প্রভাব ইতি তু প্রাদিসমাসঃ॥

নে ৫০ ইণঃ ৫০ নয়ে ৭০

২৫৩। নেরিণো নয়ে।—ন্যায়ঃ॥

পরেঃ ৫০ ক্রমে ৭০

২৫৪। পরেঃ ক্রমে।—পর্য্যায়ঃ ক্রমঃ॥

২৫০ সমঃ। সম উত্তরাৎ ষ্টুঞ্ স্তুতাবিত্যস্মাদ্‌যজ্ঞবিশেষে ঘণ্ ভবতি। দ্বিজানামিতি বহুবচনং মিলিতা যত্র স্তুবন্তীত্যর্থঃ। যজ্ঞ ইতি কিম্? সংস্তবঃ শূদ্রাণাম্।

২৫১ অভি। অভিপূর্ব্ব লূঞ্ ছেদনে, নির্‌পূর্ব্ব পূঞ্ পবনে, ইত্যেতাভ্যাং ঘণ্ ভবতি। পূঞ্ পবনে ভ্বাদিরবিশেষাদ্দ্বয়োরপি গ্রহণম্।

২৫২ শ্রিভূ। প্রাদিবর্জ্জিতাভ্যাং শ্রিঞ্ সেবায়াং, ভূ সত্তায়ামিত্যেতাভ্যামুত্তরে ঘণ্ ভবতি। অপ্রাদেন্থ্রিগ্রহভুব ইতি ভবভাবৌ সংজ্ঞায়াম্, অয়ন্তসংজ্ঞায়ামিতি বিশেষঃ। যত্বনুপসর্গাদয়ং ঘণ্, কথমনুভাবঃ প্রভাবঃ? ইত্যত আহ—প্রাদিসমাস ইতি। অনুগতো ভাবঃ, প্রকৃষ্টো ভাব ইতি প্রাদেঃ কৃষ্টাদৌ প্রথময়েতি সমাসঃ।

২৫৩ নেরি। নেরুত্তরাদিণ গতাবিত্যস্মাদ্‌ঘণ্ ভবতি নয়ে অভিধেয়ে। পদার্থানাং স্বরূপাদ-চলনং নয়ঃ। পূর্ব্বস্তু ন্যায়শব্দঃ করণসাধন উক্তঃ; নীয়তে নিশ্চয়েন প্রতীয়তে যেনার্থঃ, স ন্যায়ঃ।

২৫৪ পরেঃ। পরেরুত্তরাদিণ্ গতাবিত্যস্মাদ্ ঘণ্ ভবতি ক্রমে বাচ্যে। পর্য্যায় ইতি ক্রমঃ পরিপাটীত্যর্থঃ। ক্রমঃ ইতি কিম্? কালস্য বিপর্য্যয়ঃ ব্যতিক্রম ইত্যর্থঃ।

---

(২৫০) সমপূর্ব্ব স্তুধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—সম্+স্তু+ঘণ্=সংস্তাবঃ। অর্থ—যাজ্ঞিকদিগের স্তুতিভূমি। যাজ্ঞিক ব্রাহ্মণগণ যেস্থানে সমবেত হইয়া ইন্দ্রাদি দেবগণের স্তব করেন সেই স্থানকে সংস্তাব বলে।

(২৫১) অভিপূর্ব্ব ছেদনার্থ লূঞ ধাতু এবং নির্‌পূর্ব্ব পূঞধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—অভি+লূঞ্+ঘণ্=অভিলাবঃ। নির+পূঞ্+ঘণ্=নিষ্পাবঃ।

(২৫২) প্রাদি ভিন্ন উপসর্গ বিশিষ্ট শ্রিঞ্ ও ভূধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—শ্রি+ঘণ্=শ্রায়ঃ। ভূ+ঘণ্=ভাবঃ। অনুভাবঃ ও প্রভাবঃ এই দুই স্থলে অনুপূর্ব্ব ভূধাতুর উত্তর ঘণ্ নহে। অগ্রে ভাব এই পদ ঘণ্ প্রত্যয়ান্ত করিয়া তাহার পর প্রাদি সমাস করিয়া অনুভাবঃ প্রভাবঃ এইরূপ পদ হইয়াছে।

(২৫৩) নীতি অর্থে নির্‌পূর্ব্ব ইন্ ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—নি+ইণ্+ঘণ্=ন্যায়ঃ। "নীয়তে নিশ্চয়েন প্রতীয়তে যেনার্থঃ—স ন্যায়ঃ। এখানে ভাবে ঘণ্ প্রত্যয় হইল।

(২৫৪) ক্রম বাচ্য হইলে পরিপূর্ব্ব ইণ্ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—পরি+ইণ্+ঘণ্=পর্য্যায়ঃ। অর্থ—ক্রম।

চিঞঃ ৫০ চেয়প্রত্যাসত্তৌ ৭০ অস্তেয়ে ৭

২৫৫। চিঞশ্চেয়প্রত্যাসত্তাবস্তেয়ে।—হস্তেন পুষ্পপ্রচায়ং কুরু। অস্তেয় ইতি কিম্? চৌর্য্যেণ পুষ্পপ্রচয়ঃ ক্রিয়তে। চেয়প্রত্যাসত্তাবিতি কিম্? তরুশিখরে পুষ্পপ্রচয়ঃ ক্রিয়তে॥

দেহে ৭০ চঃ ১০ কঃ ১০ চা।১০

২৫৬। দেহে চঃ কশ্চ।—কায়ো দেহঃ॥

গৃহরাশ্যোঃ ৭ঃ চ।১০

২৫৭। গৃহরাশ্যোশ্চ।—নিকায়ো গৃহং, নিকায়ো রাশিঃ। বহুত্বমাত্র-বিবক্ষায়ান্তু—কাষ্ঠনিচয়ঃ॥

চীয়মানে ৭০ চ।১০

২৫৮। চীয়মানে চ।—আকায়ো নিকায়শ্চীয়মানঃ॥

২৫৫ চিঞ। চেয়স্য প্রত্যাসত্তৌ গম্যমানায়াং চিঞ্ চয়নে ইত্যস্মাদুত্তরে ঘণ্ ভবতি অস্তেয়ে বাচ্যে ন চেৎ স্তেয়ং চৌর্য্যং গম্যতে। হস্তেন পুষ্পপ্রচায়ং কুর্ব্বিতি হস্তেনেত্যনেন প্রত্যাসত্তি-র্গম্যতে। তরুশিখর ইত্যনেনাপ্রত্যাসত্তিঃ

২৫৬ দেহে। চিঞ্ চয়নে ইত্যস্মাদুত্তরে ঘণ্ ভবতি দেহে বাচ্যে। চকারশ্চ কো ভবতি।

২৫৭ গৃহ। চিঞ উত্তরে ঘণ্ ভবতি গৃহরাশ্যোর্বাচ্যয়োঃ। চঃ কশ্চ। নিকায়ো রাশিরিতি দ্রব্যাণাং কূটীকরণং রাশিরিতি ব্যপদেশঃ। যত্র বহুত্বমাত্রং বিবক্ষ্যতে, তস্য নিয়মেন কিং কূটীকরণং ভবতীতি নায়ং নিয়মঃ পৃথগ্‌যোগকরণং নিরুপসর্গস্য দেহবাচিত্বং, নিশব্দপূর্ব্বস্য গৃহরাশ্যভিধায়িত্বং, শব্দশক্তিস্বভাবাদিতি সূচনার্থম্।

২৫৮ চীয়। চিঞ উত্তরে চীয়মানেঽর্থে ঘণ্ ভবতি, চশ্চ কঃ। চীয়তেঽসাবিতি চীয়মানঃ।

---

(২৫৫) চীয়মান পদার্থের পরস্পর সান্নিধ্য বুঝাইলে অস্তেয়বাচ্যে অর্থাৎ চৌর্য্যাদি ব্যতিরিক্ত অর্থে চিঞ্‌ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—হস্তেন পুষ্পপ্রচায়ং কুরু।— হাতে করিয়া পুষ্প-চয়ন কর। এখানে হাতের সহিত পুষ্পের এবং পুষ্পের সহিত কুরু এই ক্রিয়াপদের নৈকট্য সম্বন্ধ হইয়াছে। প্র+চি+ঘণ্=প্রচায়ঃ। 'কুরু' ক্রিয়ার কর্ম্মে দ্বিতীয়া হইয়া প্রচায়ং হইয়াছে। অস্তেয়বাচ্যে বলা সামর্থ্যে; "চৌর্য্যেণ পুষ্পপ্রচয়ঃ" 'ঙ'প্রপত্যয়ে এইরূপ পদ হইল। চয়নের নৈকট্য বলায় "তরুশিখরে পুষ্পপ্রচয়ঃ" স্থলে ঘণ্ হইল না।

(২৫৬) দেহ বাচ্য হইলে চিঞ্ ধাতুর উত্তর ঘণ্‌প্রত্যয় এবং চস্থানে ক হইবে। যথা—চিঞ্ +ঘণ্, চস্থানে ক, "ণিত্যকথা" ইকারের বৃদ্ধি ঐকার, "ন্যাদৌ" ঐস্থানে আয়্=কায়ঃ। •

(২৫৭) গৃহ ও রাশি বুঝাইলে চিঞ্ ধাতুর উত্তর ঘণ্ এবং চস্থানে ক হয়। যথা—নি+চিঞ্+ঘণ্, চস্থানে ক=নিকায়ঃ। অর্থ—গৃহ বা বস্তুরাশি। অধিকবস্তু বুঝাইলেই যে ঘণ্ হইবে এমন নহে। কারণ রাশি বলিতে স্তূপীকৃত বস্তু বুঝায়, অনেক সংখ্যা নহে। এইজন্য কাষ্ঠনিচয়ঃ স্থলে ঘণ্ হইল না।

(২৫৮) চীয়মান অর্থে চিঞ্ ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয় এবং চস্থানে ক হইয়া থাকে। চীয়তে অসৌ চীয়মানঃ। এখানে কর্ম্মবাচ্যে উপসর্গবিশিষ্ট ধাতুর উত্তর ঘণ্ হইয়াছে। আঙ্+চিঞ্+ঘণ্=আকায়ঃ এইরূপ নিকায়ঃ।

সংঘে ৭০ চ।১০ একধর্ম্মে ৭০

২৫৯। সংঘে চৈকধর্ম্মে।—ভিক্ষূণাং নিকায়ঃ। সঙ্ঘস্য প্রাণিবিষয়ত্বাদিহ ন স্যাৎ—প্রমাণসমুচ্চয়ঃ। একধর্ম্ম ইতি কিম্? শূকরনিচয়ঃ। পৌর্ব্বাপর্য্যমাত্রমত্র বিবক্ষিতং নৈকধর্ম্মত্বম্।

অবাৎ ৫০ নিয়ঃ ৫০

২৬০। অবান্নিয়ঃ।—অবনায়ঃ॥

পরেঃ শারীণাং ৬ঃ০ সর্ব্বতঃ ৭০ নয়নে ৭০

২৬১। পরেঃ শারীণাং সর্ব্বতো নয়নে।—পরিণায়ঃ॥

ব্যুপাৎ ৫০ শীঙঃ ৫০ ক্রমে ৭০

২৬২। ব্যুপাচ্ছীঙঃ ক্রমে।—তব রাজবিশায়ঃ, তব রাজোপশায়ঃ, তব রাজানমুপশয়িতুং ক্রম ইত্যর্থঃ॥

২৫৯ সংঘে। চিঞ্ উত্তরে ঘণ্ ভবতি, চশ্চ কঃ, একধর্ম্মে সংঘে বাচ্যে। ধর্ম্মশব্দোঽত্র আচারবচনঃ। একোঽভিন্নো ধর্ম্মো যস্য স একধর্ম্ম সমাসান্তবিধেরনিত্যত্বাৎ অকৃতসমাসান্তরাদ্ধর্ম্মাদন্ ইত্যন্ন ভবতি। সংঘঃ প্রাণিসমুদায়ঃ, স চ দ্বিবিধো ভবতি,—একধর্ম্মসম্বন্ধেন পৌর্ব্বাপর্য্যেণ চ। অত আহ পৌর্ব্বাপর্য্যমাত্রমত্র বিবক্ষিতং নৈকধর্ম্মত্বমিতি। রাশিত্বাৎ পূর্ব্বপ্রাপ্তোঽপি ঘণ্ ন ভবতি শূকরনিচয় ইত্যত্র যদি ঘণ্ স্যাত্তদৈকধর্ম্মগ্রহণমনর্থকং স্যাৎ।

২৬০ অবা। অবাদুত্তরাৎ নীঞ্ প্রাপণে ইত্যস্মাদ্ ঘণ্ ভবতি।

২৬১ পরেঃ। পরেরুত্তরাৎ নীঞ্ প্রাপণে ইত্যস্মাৎ শারীণাং সর্ব্বতোনয়নে বাচ্যে ঘণ্ ভবতি। দ্যূতায় রচিতদ্রব্যবিশেষঃ শারিঃ। পরিণয় ইতি দ্যূতসময়ে শারীণামিতস্ততো নয়নমুচ্যতে, ণাদিধাতোরন্তরি চেতি ণত্বম।

২৬২ ব্যুপা। বেরুপাচ্চোত্তরাৎ শীঙ্ স্বপ্নে ইত্যেতস্মাদ্ ঘণ্ ভবতি ক্রমে গম্যমানে। ক্রমশব্দঃ পর্য্যায়বচনঃ। ক্রম ইতি কিম্? বিশয়ঃ।

---

(২৫৯) অভিন্ন ধর্ম্মসংঘ গম্যমান হইলে চিঞ্ ধাতুর উত্তর ঘণ্ এবং চস্থানে ক হয়। যথা—ভিক্ষূণাং নিকায়ঃ; এখানে ভিক্ষুকদিগের অভিন্নধর্ম্ম হইয়াছে। অর্থ— একাচারবিশিষ্ট ভিক্ষুকসমূহ। সংঘ শব্দের অর্থ এখানে প্রাণিসমুদায়, এজন্য প্রমাণসমুচ্চয়ঃ এস্থলে এক ধর্ম্ম হইলেও অপ্রাণিত্বহেতু নিষেধ থাকিল আর "ভিক্ষূণাং নিকায়ঃ" এখানে প্রাণিবিষয়কই সমূহ কথিত হইয়াছে। একধর্ম্ম বলায় শূকরনিচয় হইল, নিকায় হইল না। সংঘ আবার দুই প্রকার যথা—একধর্ম্ম সম্বন্ধ ও পৌর্ব্বাপর্য্য। যেখানে একধর্ম্ম সম্বন্ধ প্রাণিসমূহ বিষয়ে বুঝাইবে সেইরূপ স্থলেই ঘণের বিধান, অন্যত্র নহে। এইহেতু শূকরনিচয় এস্থলে ঘণ্ হইল না। এখানে পৌর্ব্বাপর্য্যমাত্র বিবক্ষিত হইয়াছে, একধর্ম্মত্ব হয় নাই, এইহেতু এস্থলে ঘণ্ হইল না ও হইল।

(২৬০) অবপূর্ব্ব নীঞ্ ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—অব+নীঞ্+ঘণ্= অবনায়ঃ।

(২৬১) শারী অর্থাৎ দ্যূতক্রীড়ায় অক্ষগুটিকায় বিশেষরূপে নয়ন অর্থাৎ ইতস্তত, চালন বুঝাইলে পরিপূর্ব্ব নীঞ ধাতুর উত্তর ঘণ্ প্রত্যয় হয়। যথা—পরিণীয়তে প্রকর্ষেণ ইতস্ততঃ ক্ষিপ্যতে এই বাক্যে পরিণায়ঃ পদ হইল। পরি+নী+ঘণ্। এইস্থলে বিশেষরূপ চালন সূচিত হইল।

নিবৃঞঃ ৫০ ধান্যে ৭০

২৬৩। নিবৃঞো ধান্যে।—নীবারস্তৃণধান্যম্ ॥

গিরঃ ৫০ ন্যুদ্‌ভ্যাম্ ৫ঃ

২৬৪। গিরো ন্যুদ্ভ্যাম্।—নিগারঃ উদ্‌গারঃ ॥

কিরঃ ১০ ধান্যে ৭০

২৬৫। কিরো ধান্যে।—নিকারো ধান্যস্য, উৎকারো ধান্যস্য। স্বাদি-কৃঞস্তু—নিকারঃ পরিভবঃ। "সুদুঃসহং প্রাপ্য নিকারমীদৃশ"মিতি ভারবিঃ ॥

২৬৩ নিবৃ। নিপূর্ব্বাদ্‌ বৃঞ্‌ বরণে ইত্যস্মাদ্‌ ঘণ্‌ ভবতি ধান্যে বাচ্যে। নীবার ইতি প্রাদের্ঘণি বহুলমিতি দীর্ঘঃ। ধান্য ইতি সামান্যনির্দ্দেশেঽপ্যত্র বিশেষোঽভিধীয়তে। অত আহ—তৃণধান্যমিতি। অকৃষ্টেঽপি তৃণবদ্ভবতীতি তৃণধান্যমিত্যুক্তম্। ধান্য ইতি কিম্? নিব্রিয়তে ইতি নিবরা কন্যা, ঙপ্রত্যয়ান্তোঽপি স্বভাবাৎ স্ত্রিয়াম্।

২৬৪ গিরো। গৄ নিগরণে, গৄ শব্দে, দ্বয়োরপি গ্রহণমিতি জয়াদিত্যঃ। গিরতেরেবায়ং প্রত্যয় ইতি কাতন্ত্রচন্দ্রবৃত্তিকারৌ। নি উৎ ইত্যেতাভ্যামুত্তরাদ্‌ গিরতের্ঘণ্‌ ভবতি। ন্যুদ্‌ভ্যামিতি কিম্? গরঃ। ঋদৃঙাদেঙ ইতি ঙ এব ভবতি। ন গিরত্যগারমিতি বহুলবচনাৎ।

২৬৫ কিরো। নি উৎ ইত্যেতাভ্যামুত্তরাৎ কৄ বিক্ষেপে ইত্যস্মাদ্‌ ঘণ্‌ ভবতি; ধান্যবিষয়-শ্চেদ্ধাত্বর্থো ভবতি। নিবৃঞো ধান্য ইত্যতো ধান্য ইত্যনুবৃত্ত্যা কির ইতি কর্ত্তব্যে, যদত্রাপি ধান্য ইতি কৃতং, তেনেদং সূচিতং ন প্রত্যয়ার্থো ধান্যং, কিন্তু ধান্যবিষয় ইতি। অতএব নিকারো ধান্যস্যেতি ষষ্ঠী দর্শিতা, ন তু সামানাধিকরণ্যম্। নিকারো ধান্যস্য, উৎকারো ধান্যস্য ইতি ধান্যস্য বিক্ষেপ ইত্যর্থঃ। কথং তর্হি পরিভবার্থো নিকারঃ? ইত্যত আহ—স্বাদিকৃঞস্ত্বিতি স্বাদৌ কৃঞ্‌ হিংসায়ামিতি পঠ্যতে, তস্য হ্রস্বান্তত্বাৎ ঙো ন প্রাপ্নোতীতি পুংসি ঘণ্‌ কারকে চেতি ঘণা ভবিতব্যমিত্যভিপ্রায়ঃ। ক্র্যাদৌ কৄঞ্‌ হিংসায়াং কৄ হিংসায়ামিতি চ পঠ্যতে; তয়োর্নাত্র গ্রহণ-মনভিধানাৎ। যতঃ শব্দশক্তিস্বভাবাৎ, উৎকারনিকারশব্দাভ্যাং ধান্যবিষয়ো বিক্ষেপ এবাভিধীয়তে, ন হিংসা। তয়োস্তু ঙ এব ভবতি; নিকার উৎকারো ধান্যস্যেতি। ধান্য ইতি কিম্? পুষ্প-নিকরঃ।

---

(২৬২) ক্রম গম্যমান হইলে বি এবং উপ উপসর্গ পূর্ব্ব শীঙ্‌ ধাতুর উত্তর ঘণ্‌ হয়। যথা—রাজবিশায়ঃ ইত্যাদি। ক্রম বলিতে পর্য্যায় অর্থাৎ পালা। অর্থ—রাজার সমীপে শয়ন করিবার তোমার পালা।

(২৬৩) ধান্য বুঝাইলে নিপূর্ব্ব বৃঞ্‌ ধাতুর উত্তর ঘণ্‌ হয়। যথা—নি + বৃঞ্‌ + ঘণ্‌ "প্রাদের্ঘণি" বলিয়া ইকার দীর্ঘ = নীবারঃ। অর্থ—তৃণ ধান্য।

(২৬৪) উৎপূর্ব্ব ও নিপূর্ব্ব গৄ ধাতুর উত্তর ঘণ্‌ হয়। যথা—নি + গৄ + ঘণ্‌ = নিগারঃ। উৎ + গৄ + ঘণ্‌ = উদ্গারঃ। নিগার—ভক্ষণ ও উদ্গার ঢেকুর তোলা।

(২৬৫) ধান্যবিষয়ে বিক্ষেপার্থ বি ও উপপূর্ব্ব কৄ ধাতুর উত্তর ঘণ্‌ প্রত্যয় হয়। যথা—নি + কৄ + ঘণ্‌ = নিকারঃ। এইরূপ উৎ + কৄ ঘণ্‌ = উৎকারঃ। ধান্যস্য উৎকারঃ কিংবা নিকারঃ অর্থাৎ ধান্যের বিক্ষেপ। বিক্ষেপার্থ কৃঞ্‌ ধাতুর উত্তর ঘণ্‌ হয় "দুঃসহং প্রাপ্য—" ইত্যাদিস্থলে পরিভবার্থ কৃঞ্‌ ধাতুর উত্তর ঘণ্‌ হইল কেন? উত্তর—স্বাদিগণীয় কৃঞ্‌ ধাতু হিংসার্থ হ্রস্ব ঋকারান্ত, তাহার উত্তর ঙর প্রাপ্তি নাই অতএব ঘণ্‌ই হইবে, ইহাই গ্রন্থকর্ত্তার অভিপ্রায়।

স্তিরঃ ৫০ প্রাৎ ৫০ অযজ্ঞে ৭০

২৬৬। স্তিরঃ প্রাদযজ্ঞে।—প্রস্তারঃ। যজ্ঞে তু—বর্হিষ্প্রস্তরো যাজ্ঞিকানাম্॥

বেঃ ৫০ অশব্দবহুত্বয়োঃ ৭ঃ

২৬৭। বেরশব্দবহুত্বয়োঃ।—পটস্য বিস্তারঃ। শব্দে তু—বিস্তরো বাক্যস্য। বহুত্বে তু—বিস্তরস্তৃণানাম্॥

ছন্দোনাম্নি ৭০ ষত্বং ১০ চ।১০

২৬৮। ছন্দোনাম্নি ষত্বঞ্চ।—বিষ্টারঃ পঙ্‌ক্তিচ্ছন্দঃ। বিষ্টারো বৃহতীচ্ছন্দঃ॥

শিরঃ ৫০ বায়ুবর্ণাবরণেষু ৭ঃ০

২৬৯। শিরো বায়ুবর্ণাবরণেষু।—শারো বায়ুর্ব্বর্ণশ্চ। নীশারঃ প্রাবরণম্॥

২৬৬ স্তিরা। প্রাদুত্তরস্মাৎ স্তৃ ঞ্ আচ্ছাদনে ইত্যস্মাদ্ ঘণ্ ভবতি, যজ্ঞবিষয়শ্চেৎ প্রয়োগো ন ভবতি। বর্হিষ্প্রস্তর ইতি শ্বদৃঙাদেৰ্ঙ ইতি ঙঃ, ষষ্ঠীসমাসঃ, ইসুসন্তৌ কথপফে ইতি কস্কাদিত্বাদ্বিসর্গাভাবঃ, কস্কাদেশ্চেতি ষত্বম্।

২৬৭ বের। বেরুত্তরস্মাৎ স্তৃৃঞো ঘণ্ ভবতি, শব্দবহুত্বয়োর্বিষয়শ্চেৎ প্রয়োগো ন ভবতি। বিস্তার ইতি বিস্তীর্ণতা ইত্যর্থঃ।

২৬৮ ছন্দো। বেরুত্তরাৎ স্তৃৃঞ্ আচ্ছাদনে ইত্যস্মাচ্ছন্দোনাম্নি বাচ্যে ঘণ্ ভবতি। ষত্বঞ্চ। পূর্ব্বসূত্রেণৈব ঘণি সিদ্ধে ছন্দোনাম্নি ষত্বার্থং বচনম। ছন্দঃপদেন বৃত্তমিহ গৃহ্যতে। যস্য গায়ত্র্যাদয়ো বিশেষাঃ ন মন্ত্রাঃ, ন চ ব্রাহ্মণাস্তত্রৈবংবিধায়াঃ সংজ্ঞায়া অসম্ভবাৎ। বিষ্টারঃ পঙ্‌ক্তিরিতি ছন্দোবিশেষস্যাখ্যা। নন্থ যদি সমুদিতং বৃত্তনাম. তদা কথং বিপূর্ব্বাৎ স্তৃৃঞো ছন্দোনাম্নি বাচ্যে ইত্যুচ্যতে, বিষ্টারপদস্য ছন্দোনামত্বাভাবাৎ? তদুচ্যতে। নামৈকদেশে নামশব্দ উপচরণীয়ঃ; যথা ভীমো ভীমসেন ইতি। বিষ্টার ইতি ষটবর্গাদিত্যাদিনা তস্য টঃ।

২৬৯ শিরো। শৄ হিংসায়াম্ ইত্যস্মাদুত্তরে ঘণ্ ভবতি, বায়ৌ বর্ণে আবরণে চ বাচ্যে। সামান্যবিধানেঽপি যথা সংজ্ঞাপ্রসিদ্ধিস্তথা প্রত্যয়ঃ, তেন কেবলান্নিপূর্ব্বাচ্চ বিধিঃ।

---

(২৬৬) যজ্ঞবিষয়ক প্রয়োগ না হইলে প্রপূর্ব্ব আচ্ছাদনার্থ স্তৃ ঞ্ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—প্র+স্তৃ+ঘণ্=প্রস্তারঃ। যজ্ঞবিষয়ক ভিন্ন বলা সামর্থ্যে বর্হিষ্প্রস্তরঃ স্থলে ঘণ্ হইল না। "শ্বদৃঙাদে" বলিয়া ঙ হইল। ইহার অর্থ—যাজ্ঞিকদিগের বিস্তৃতকুশ।

(২৬৭) অবহুত্ব বিষয়ে ও শব্দ ভিন্ন বিষয়ে বিপূর্ব্ব স্তৃ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—পটস্য বিস্তারঃ। পটের (বস্ত্রের) বিস্তার অর্থাৎ প্রসার। অশব্দ বিষয় বলা সামর্থ্যে বাক্যস্য বিস্তরঃ, এইরূপ পদ হইল। এখানে ঘণ্ হইল না। অবহুত্ব নির্দ্দেশ হেতু বিস্তরস্তৃণানাম্ এস্থলে ঘণ্ নিষেধ থাকিল।

(২৬৮) ছন্দোবিষয়ক নাম বুঝাইলে বিপূর্ব্ব স্তৃ ধাতুর উত্তর ঘণ্ হয় এবং সস্থানে ষ হইয়া থাকে। যথা—বি+স্তৃ+ঘণ্ "ষটবর্গা" তস্থানে ট=বিষ্টারঃ। বিষ্টার বলিতে পঙ্‌ক্তিচ্ছন্দঃ ও বৃহতীচ্ছন্দঃ ইত্যাদি বুঝায়।

(২৬৯) বায়ু, বর্ণ কিংবা আবরণ বাচ্যে হিংসার্থ শৄ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—শৄ+ঘণ্=শারঃ। অর্থ—নীল, পীত প্রভৃতি মিশ্রবর্ণ, এবং বায়ু এইরূপ নী+শৄ+ঘণ্=নীশারঃ। অর্থ—প্রাবরণ অর্থাৎ উত্তরীয় বস্ত্র।

উদঃ ৫০ গ্রহঃ ৫০

২৭০। উদো গ্রহঃ।—উদ্‌গ্রাহঃ॥

সমঃ ৫০ মুষ্টৌ ৭০

২৭১। সমো মুষ্টৌ।—সংগ্রাহো মল্লস্য॥

ন্যবাভ্যাম্ ৫ঃ অভিশাপে ৭০

২৭২। ন্যবাভ্যামভিশাপে।—নিগ্রাহোঽবগ্রাহস্তে ভূয়াৎ॥

পরেঃ ৫০ যজ্ঞে ৭০

২৭৩। পরের্যজ্ঞে।—উত্তরপরিগ্রাহো যাজ্ঞিকানাম্॥

প্রাৎ ৫০ লিপ্সায়াম্ ৭০

২৭৪। প্রাল্লিপ্সায়াম্।—পাত্রপ্রগ্রাহেণ ভ্রমতি ভিক্ষুঃ॥

স্ফারস্ফালৌ ১ঃ চ।১০ স্ফুরস্ফুলোঃ ৬ঃ

২৭৫। স্ফারস্ফালৌ চ স্ফুরস্ফুলোঃ।—স্ফারঃ স্ফালঃ॥

২৭০ উদো। উদ উত্তরাদ্ গ্রহ্ উপাদানে ইত্যস্মাদ্ ঘণ্ ভবতি। দৃঙাদিত্বাৎ প্রাপ্তস্য ঙপ্রত্যয়স্যাপবাদঃ।

২৭১ সমো। সম উত্তরাদ্ গ্রহ উত্তরে ঘণ্ ভবতি, মুষ্টিবিষয়শ্চেদ্ধাত্বর্থো ভবতি। অতঃ সংগ্রাহ ইত্যনেন মুষ্টির্নাভিধীয়তে, কিন্তু মুষ্টিবিষয়ং দৃঢ়গ্রহণম্। নীবারমুষ্টিপচনা ইত্যাদৌ যদ্যপি মুষ্টিরিতি পরিমাণমপ্যুচ্যতে, তথাপি অঙ্গুলিবিন্যাসবিশেষস্যৈব গ্রহণম্, পরিমাণবাচকস্য সংখ্যাপরিমাণয়োরিত্যাদিনৈব ঘণ্ সিদ্ধেঃ।

২৭২ ন্যবা। নি অব ইত্যেতাভ্যামুত্তরাদ্ গ্রহধাতোরুত্তরে ঘণ্ ভবতি অভিশাপে গম্যমানে। অভিশাপ ইতি কিম্? অবগ্রহঃ পদস্য, নিগ্রহশ্চৌরস্য; ঙ এব ভবতি।

২৭৩ পরে। পরেরুত্তরাদ্ গ্রহেরুত্তরে ঘণ্ ভবতি, প্রত্যয়ান্তস্য চেৎ যজ্ঞবিষয়েঽভিধানং ভবতি।

২৭৪ প্রাল্লি। প্রাদুত্তরাদ্ গ্রহ উত্তরে ঘণ্ ভবতি লিপ্সায়াং গম্যমানায়াম্। পাত্রপ্রগ্রাহেণ ভ্রমতি ভিক্ষুরিতি ভিক্ষায়াং লিপ্সাত্র গম্যতে। লিপ্সায়ামিতি কিম্? প্রগ্রহো মিত্রস্য।

২৭৫ স্ফার। স্ফর্ স্ফুর্ স্ফুরণে স্ফুল সংচলনে. এতাভ্যামুত্তরে ঘণ্ ভবতি। স্ফারস্ফালৌ চাদেশৌ ভবতঃ। ঘণ্ প্রাপ্ত এব, তৎসন্নিযোগেনাদেশবিধানার্থং সূত্রম্। স্ফরতেরের স্ফারসিদ্ধৌ স্ফোরনিরাকরণার্থং স্ফুরঃ স্ফারাদেশবিধানম্।

---

(২৭০) উৎপূর্ব্ব গ্রহধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—উৎ + গ্রহ + ঘণ্ = উদ্-গ্রাহঃ। ঙপ্রত্যয়ের অপবাধক ঘণ্।

(২৭১) মুষ্টি গ্রহণ বুঝাইলে সম্ উপসর্গের পরস্থিত গ্রহধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—সম্ + গ্রহ + ঘণ্ = সংগ্রাহঃ মল্লস্য। অর্থ—মল্লের দৃঢ় মুষ্টি গ্রহণ।

(২৭২) অভিশাপ গম্যমান হইলে নি ও অব উপসর্গের পরস্থিত গ্রহধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—নি + গ্রহ + ঘণ্ = নিগ্রাহঃ। এইরূপ অবগ্রাহস্তে ভূয়াৎ। অবগ্রাহ শব্দে অনাবৃষ্টি, অতএব অভিশাপ গম্যমান হইল। অর্থাৎ তোমার রাজ্যে অবগ্রাহ অর্থাৎ অনাবৃষ্টি হউক এই অভিশাপ।

(২৭৩) যজ্ঞ অর্থে পরিপূর্ব্ব গ্রহধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—উত্তর—পরি + গ্রহ + ঘণ্ = উত্তরপরিগ্রাহঃ। অর্থ—যাজ্ঞিকগণের যজ্ঞসংক্রান্ত মন্ত্রের প্রতিবচনগ্রহণ।

(২৭৪) লিপ্সা গম্যমান হইলে প্রপূর্ব্ব গ্রহধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—প্র + গ্রহ + ঘণ্

সংখ্যাপরিমাণয়োঃ ৭ঃ সর্ব্বধাতুভ্যঃ ৫ঃ০

২৭৬। সংখ্যাপরিমাণয়োঃ সর্ব্বধাতুভ্যঃ।—একো নিশ্চায়ঃ। "একং নিশ্চায়মাগত"মিতি ভট্টিঃ। একো নিশ্চয় ইত্যেকে। দ্বৌ কারৌ নিশ্চায়ঃ প্রস্থঃ। পুংলিঙ্গপ্রত্যয়াপবাদোঽয়মিতি। একা তিলোচ্ছ্রিতিঃ।

ন ।১০ একাহাৎ ৫০ গমঃ ৫০

২৭৭। নৈকাহাদ্‌গমঃ।—একাহেন গম্যতে একাহগমঃ পন্থাঃ॥

অপ্রাদেঃ ৫০ বা ১০ নীরুস্রুবঃ ৫০

২৭৮। অপ্রাদের্ব্বা নীরুস্রুবঃ।—"নয়ো নায়" ইত্যমরকোষঃ। রবো রাবঃ। "নিনাদিতং ভীষণরাবগহ্বর"মিতি সপ্তকুমারিকা। স্রবঃ স্রাবঃ। "বরং গর্ভস্রাবো বরমৃতুষু নৈবাভিগমন"মিতি পঞ্চতন্ত্রং॥

২৭৬ সংখ্যা। সংখ্যায়াং পরিমাণে চ গম্যমানে সর্ব্বধাতুভ্য উত্তরে ঘণ্ ভবতি। নিশ্চায় ইতি নির্‌পূর্ব্ব চিঞ্ চয়নে, ঋদৃঙাদের্ঙ ইতি ঙে প্রাপ্তে ঘণ্ বিধানম্। একো নিশ্চয় ইত্যেক ইতি, যে এবং মন্যন্তে, তে সংখ্যাগ্রহণমস্মিন্ লক্ষণে নেচ্ছন্তি। এতত্তু ন শিষ্টসম্মতমিতি সূচয়িতুং ভট্টি-প্রয়োগো দর্শিতঃ। দ্বৌ কারাবিতি কৄ বিক্ষেপে, প্রস্থ ইত্যনেন নিশ্চায়শব্দস্য পরিমাণবাচকত্ব-মুক্তম্। অবিশেষবিধের্লব্ধে সর্ব্বধাতুভ্য ইতি কৃতং স্পষ্টার্থম্। পুংলিঙ্গেত্যাদি বাহুল্যাদপেক্ষিত-বিধিত্বাদ্বেতি শেষঃ। একা তিলোচ্ছ্রিতিরিতি উৎপূর্ব্ব শ্রিঞ্ সেবায়াং ক্তিঃ, শশ্ছ ইতি শস্য ছঃ।

২৭৭ নৈকা। একাহাদুত্তরাদ্‌গমধাতোঃ প্রাপ্তো ঘণ্ ন স্যাৎ। প্রত্যয়ান্তরং নিরূপণীয়ম্। ঘণ্‌নিষেধসামর্থ্যাৎ ঙো দ্রষ্টব্যঃ।

২৭৮ অপ্রা। প্রাদিবর্জ্জিতেভ্যো নীঞ্ প্রাপণে, রু শব্দে স্রু গতৌ, ইত্যেতেভ্যো ঘণ্ বা ভবতি। এতেন ত্যক্তপক্ষে ঋদৃঙাদের্ঙ ইতি ঙশ্চ ভবতি। নায়-রাব-স্রাবশব্দানাং শাস্ত্রান্তরে বহুসাধ্যত্বাৎ নিদর্শনোপদর্শনং বৃত্তিকৃতা কৃতম্।

=প্রগ্রাহঃ। ভিক্ষুকগণ ভিক্ষার্থপাত্র গ্রহণ করিয়া ভ্রমণ করে; অতএব ভিক্ষাতে লিপ্সা গম্যমান হইতেছে।

(২৭৫) স্ফুরণার্থ স্ফুর এবং সংচলনার্থ স্ফুল ধাতুর উত্তর ঘণ্ হয় এবং স্ফুর্ স্থানে স্ফার ও স্ফুল্ স্থানে স্ফাল আদেশ হইয়া থাকে। যথা—স্ফুর্ + ঘণ্ = স্ফারঃ। স্ফুল + ঘণ্ = স্ফালঃ।

(২৭৬) সংখ্যা এবং পরিমাণ গম্যমান হইলে সকল ধাতুর ঘণ্ হয়। যথা—নির্ + চিঞ্ + ঘণ্ = নিশ্চায়ঃ। "ঋদৃঙাদের্ঙ" বলিয়া ঙর প্রাপ্তিতে ঘণ বিধান হইল। কাহারও মতে 'এক-নিশ্চয়ঃ', এরূপ পদও হয়; যাঁহারা এইরূপ পদ হইবে বলেন, তাঁহারা সংখ্যাগ্রহণ এ লক্ষণে ইচ্ছা করেন না। ইহা শিষ্টসম্মত নহে, তজ্জন্য ভট্টির প্রয়োগ দেখাইতেছেন "একং নিশ্চায়মাগতম্"। দ্বৌ কারৌ নিশ্চায়ঃ। এই সকল উদাহরণের দ্বারা সংখ্যা ও পরিমাণ সূচিত হইতেছে। প্রস্থ শব্দদ্বারা নিশ্চয় শব্দের পরিমাণ অভিহিত হইয়াছে। একা তিলোচ্ছ্রিতিঃ পদটী উৎপূর্ব্ব শ্রিঞ্ + ক্তিঃ, "শশ্ছ" শস্থানে ছঃ।

(২৭৭) একাহ শব্দের পরস্থিত গমধাতুর উত্তর ঘণ্ হইবে না। যথা—একাহেন গম্যতে এইবাক্যে একাহগমঃ পদ হইয়াছে। ঘণ্ প্রত্যয়ের অপবাধক ঙপ্রত্যয় করিয়া একাহগম পদ সিদ্ধ হইয়াছে।

আঙঃ ৫০ রুপ্লুবঃ ৫০

২৭৯। আঙো রুপ্লুবঃ।—আরবঃ আরাবঃ, আপ্লবঃ আপ্লাবঃ॥

পরেঃ ৫০ অসংসরে ৭০ ভুবঃ ৫০

২৮০। পরেরসৎকারে ভুবঃ।—পরিভবঃ পরিভাবঃ॥

উদঃ ৫০ নীশ্রিয়ঃ ৫০

২৮১। উদো নীশ্রিয়ঃ।—উন্নয়ঃ উন্নায়ঃ, উচ্ছ্রয়ঃ উচ্ছ্রায়ঃ॥

প্রবৃঞঃ ৫০ আচ্ছাদনে ৭০

২৮২। প্রবৃঞ আচ্ছাদনে।—প্রবরঃ প্রবারো বস্ত্রম্॥

২৭৯ আঙো। আঙ উত্তরাভ্যাং রু শব্দে প্লুঙ্ গতাবিত্যেতাভ্যামুত্তরে ঘণ্ বা ভবতি। প্রাদেরুব ইতি রৌতের্নিত্যং ঘণি প্রাপ্তে, প্লবতেশ্চ ঙে প্রাপ্তে সূত্রারম্ভঃ।

২৮০ পরে। পরেরুত্তরাদ্ ভবতেরসংকারে বাচ্যে ঘণ্ বা ভবতি। অসংকার ইতি কিম্? পরিভবঃ সর্ব্বতো ভবনমিত্যর্থঃ।

২৮১ উদো। উদ উত্তরাভ্যাং নীঞ্ প্রাপণে, শ্রিঞ্ সেবায়ামিত্যেতাভ্যাং ঘণ্ বা ভবতি। ঙাপবাদঃ। উচ্ছ্রায় ইতি শশ্ছ ইতি শস্যঃ ছঃ। ভাগবৃত্তিকারস্তু উচ্ছ্রয়ং নেচ্ছতি। আপ্তপ্রয়োগা দৃশ্যন্ত এব, পতনান্তাঃ সমুচ্ছ্রয়া ইত্যাদয়ঃ।

২৮২ প্রবৃ। বৃঞো ঞকারানানুবন্ধো বৃঙ্ সংভক্তাবিত্যস্য নিরাসার্থঃ প্র ইতি সৌত্রত্বাৎ লুপ্তপঞ্চমীবিভক্তিকো নির্দ্দেশঃ। বৃঞা সহ সমস্তপদত্বে তু উত্তরযোগে প্রশব্দানুবৃত্তির্দুর্ল ভা স্যাৎ। প্রাদুত্তরস্মাদ্বৃঞ আচ্ছাদনে ইত্যস্মাদুত্তরে ঘণ্ বা ভবতি, প্রত্যয়ান্তেন চেদাচ্ছাদনবিশেষ উচ্যতে। সামান্যপ্রযুক্তোঽপি শব্দঃ প্রাসাদ্ধবশাদ্বিশেষবৃত্তির্ভবতি, অত আচ্ছাদনশব্দেন আচ্ছাদনবস্ত্রবিশেষ উচ্যতে। আচ্ছাদন ইতি কিম্? প্রবরোঽয়ং গোঃ; ঙ এব ভবতি।

(২৭৮) প্রাদিভিন্ন উপসর্গের পরস্থিত নীঞ্, রু ও স্রুধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। পক্ষে ঙপ্রত্যয় হয়। যথা—নী + ঙ = নয়ঃ। পক্ষে ঘণ্ নায়ঃ। এইরূপ রুধাতুতে ঙপ্রত্যয় করিয়া রবঃ এবং ঘণ্—রাবঃ হইয়াছে। সপ্তকুমারিকা হইতে একটি প্রয়োগ দৃষ্টান্তস্বরূপ দেখাইতেছেন "নিনাদিতং ভীষণরাবগহ্বরং"। স্রু + ঙ = স্রবঃ। ঘণ্—স্রাবঃ। শিষ্ট দৃষ্টান্ত যথা—বরং 'গর্ভস্রাবো বরমৃতুষু নৈবাভিগমনং'। এই দৃষ্টান্তদ্বারা ঙ'রপ্রাপ্তিতে ঘণ্ও হইবে এই অভিপ্রায় প্রকাশ করিতেছেন।

(২৭৯) 'আঙ্পূর্ব্ব রুধাতু ও গমনার্থ প্লুঙ্ ধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। পক্ষে—ঙপ্রত্যয়। যথা—আঙ্ + রু + ঙ = আরবঃ। আঙ্ + রু + ঘণ্ = আরাবঃ। এইরূপ আপ্লবঃ ও আপ্লাবঃ। ঙপ্রত্যয়ের প্রাপ্তিতে ঘণ্ বিধান বিকল্পে বিহিত হইল।

(২৮০) অসৎকার অর্থাৎ পূজা বা সমাদর ভিন্নার্থ বাচ্য হইলে পরিপূর্ব্ব ভূধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। পক্ষে ঙপ্রত্যয় যথা—পরি + ভূ + ঙ = পরিভবঃ। ঘণ্পক্ষে পরি + ভূ + ঘণ্ = পরিভাবঃ। ইহার অর্থ—অবজ্ঞা,—তিরস্কাররূপ অসৎকার।

(২৮১) উৎউপসর্গের পরস্থিত প্রাপণার্থ নীঞ্ এবং সেবনার্থ শ্রিঞ্ধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। যথা—উৎ + নীঞ্ + ঙ = উন্নয়ঃ। পক্ষে ঘণ্ উৎ + নীঞ্ + ঘণ্ = উন্নায়ঃ। উৎ + শ্রিঞ্ + ঙ = "শশ্ছ" বলিয়া শস্থানে ছ = উচ্ছ্রয়ঃ। পক্ষে ঘণ্ উচ্ছ্রায়ঃ। ঙপ্রত্যয়ের অপবাধক ঘণ্।

(২৮২) প্র উপসর্গের পরস্থিত আচ্ছাদনার্থ বৃঞ্ধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। যথা—প্র + বৃঞ্ + ঙ = প্রবরঃ। ঘণ্পক্ষে—প্রবারঃ। অর্থ—বস্ত্র।

গ্রহঃ ১০ বণিক্‌সম্বন্ধে ৭০

২৮৩। গ্রহো বণিক্‌সম্বন্ধে।—প্রগ্রহঃ প্রগ্রাহঃ তুলায়াঃ সূত্রং বণিজাম্॥

রজ্জৌ ৭০ চ।১০

২৮৪। রজ্জৌ চ।—প্রগ্রহঃ প্রগ্রাহোঽশ্বাদিবন্ধনরজ্জুঃ॥

অবাৎ ৫০ বৃষ্টিপ্রতিবন্ধে ৭০

২৮৫। অবাদ্বৃষ্টিপ্রতিবন্ধে।—অবগ্রহঃ অবগ্রাহঃ॥

কর্ত্তরি ৭০

২৮৬। কর্ত্তরি।—সরতি কালান্তরমিতি সারো মজ্জা বলঞ্চ, অতিপূর্ব্বঃ অতীসারো ব্যাধিভেদঃ, বিপূর্ব্বো বিসারো মৎস্যভেদঃ, পদ্যতে গচ্ছতীতি পাদঃ, রুজতীতি রোগঃ, বিশতীতি বেশঃ, স্পৃশতীতি স্পর্শো রোগঃ, জরয়তীতি জারঃ, দারয়ন্তীতি দারাঃ॥

২৮৩ গ্রহো। প্র ইত্যনুবর্ত্ততে। প্রাদুত্তরাদ্ গ্রহ উপাদানে ইত্যস্মাদ্ ঘণ্ বা ভবতি, প্রত্যয়ান্তবাচ্যস্য বণিক্‌সম্বন্ধে সতি। অত এবাহ তুলায়াঃ সূত্রং বণিজামিতি।

২৮৪ রজ্জৌ। প্র ইতি গ্রহ ইতি চানুবর্ত্ততে প্রাদুত্তরাদ্‌গ্রহেঃ রজ্জৌ বাচ্যায়াং ঘণ্ বা ভবতি। যদ্যপি রজ্জুশব্দঃ সামান্যেনোপাত্তস্তথাপ্যত্র বিশেষবৃত্তির্গ্রাহ্যঃ, প্রগ্রহশব্দস্য তত্রৈব বৃত্তিদর্শনাৎ। অত আহ অশ্বাদিবন্ধনরজ্জুরিতি।

২৮৫ অবা। অবাদুত্তরাদ্‌গ্রহের্বৃষ্টিপ্রতিবন্ধে বাচ্যে ঘণ্ বা ভবতি। প্রাপ্তকালায়া বৃষ্টেরুৎপাতদর্শনাৎ অভাবো বৃষ্টিপ্রতিবন্ধকঃ। পক্ষে দৃভাদিত্বাৎ ঙঃ।

২৮৬ কর্ত্তা। কর্ত্তরি বাচ্যে ঘণ্ ভবতি। পূর্ব্বসূত্রেণ কারকে ঘণ্ বিহিতঃ কর্ত্তরি চ; উদাহরণং তত্রোপদর্শিতম্। তথাপি পৃথগ্‌লক্ষণকরণং বিশেষার্থং, তেনান্যোদাহরণেষু প্রাপ্তস্য অন্যপ্রত্যয়স্য বাধা ভবতি সৃ গতৌ ভ্বাদিঃ, ঋ সৃ গতৌ হ্বাদিঃ তৃভাদ্যপবাদোঽত্র ঘণ্। যশ্চন্দনাদীনাং সারো ভবতি, স এব কালান্তরং সরতি চিরকালস্থায়িত্বাদিত্যভিপ্রায়ঃ। অতীসার ইতি প্রাদের্ঘণি বহুলমিতি দীর্ঘঃ, বিসার ইতি। বিসরতি বিবিধপ্রকারেণ সরতি বিসারঃ। রূঢ়িশব্দা অমী স্বভাবাদেব। পাদ ইতি পদ্ গতৌ, ণকতৃভৌ কর্ত্তরীতি প্রাপ্তস্যাপবাদঃ। পদামিতি তু ক্লীবেঽপি পূজাদের্ঘশ্চেতি ঘঃ। রোগ ইতি রুজো ভঙ্গে। বেশ ইতি বিশ প্রবেশনে। স্পর্শ ইতি স্পৃশ্ সংস্পর্শে, রোগাদন্যত্রাপি ঘঃ স্পর্শঃ, স পচাদিত্বাৎ সাধনীয়ঃ। এতেষু ইজুপান্তপ্রাদেররদিত্যস্য প্রাপ্তস্যাপবাদঃ জার ইতি জৄৎ ঝৄৎ বয়োহানৌ, ণিঙি বৃদ্ধৌ চ কৃতায়াং জনীজৄৎ ইত্যাদিনা ঘটাদিত্বাৎ হ্রস্বঃ। ঘণি ণিঙ্‌লোপে চ কৃতে ঘণো ণিত্বাদ্বৃদ্ধিঃ। দারা ইতি দৄ বিদারণে; অবহুত্বেঽপ্যস্য বহুবচনম্, আপো দারা ইত্যাদিনা। আপা তু স্ত্রী চোচ্যতে।

---

(২৮৩) বণিক্‌সম্বন্ধ হইলে উপাদানার্থ প্রপূর্ব্ব গ্রহধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। যথা—প্র + গ্রহ + ঙ = প্রগ্রহঃ। ঘণ্ পক্ষে—প্রগ্রাহঃ।

(২৮৪) রজ্জু বুঝাইলে প্রপূর্ব্ব গ্রহধাতুর উত্তর বিকল্পে ঘণ্ প্রত্যয় হয়। যথা—প্র + গ্রহ + ঙ = প্রগ্রহঃ। ঘণ্ পক্ষে—প্রগ্রাহঃ। ইহার অর্থ—অশ্বাদিকে বন্ধন করিবার দড়ি বা লাগাম।

(২৮৫) বৃষ্টিপ্রতিবন্ধ বাচ্য হইলে অবপূর্ব্ব গ্রহধাতুর উত্তর বিকল্পে ঘণ্ হয়। যথা—অব—গ্রহ + ঙ = অবগ্রহঃ। পক্ষে ঘণ্—অবগ্রাহঃ। অর্থ—অনাবৃষ্টি।

ব্যধাদেঃ ৫০ ত্রিষু ৭ঃ০

২৮৭। ব্যধাদেস্ত্রিষু।—বিধ্যতীতি ব্যাধঃ তানঃ শ্বাসঃ লেহঃ শ্লেষঃ ॥

আদন্তঃ ১০

২৮৮। আদন্তঃ।—দায়ঃ ধায়ঃ দরিদ্রঃ ॥

শৈঙঃ ৫০

২৮৯। শৈঙঃ।—শ্যায়ঃ অবশ্যায়ঃ প্রতিশ্যায়ঃ ॥

অবাৎ ৫০ সোহৃঞঃ ৫০

২৯০। অবাৎ সোহৃঞঃ।—অবসায়ঃ অবহারঃ ॥

অতেঃ ৫০ ইণঃ

২৯১। অতেরিণঃ।—অত্যায়ঃ ॥

২৮৭।২৮৮।২৮৯ ব্যধা। ব্যধাদের্ঘণ্ ভবতি ত্রিষু। ভাবে কর্ম্মণি কর্ত্তরি চেত্যর্থঃ। ব্যাধ ইতি ব্যধ্ তাড়নে, দৃভাদৌ ব্যধ ইতি ভাবে; ব্যাধ ইতি কর্ত্তরি, তান ইতি তনু বিস্তারে, শ্বাস ইতি শ্বস্ প্রাণনে, লেহ ইতি লিহ্ আস্বাদনে, শ্লেষ ইতি শ্লিষু আলিঙ্গনে, এতেষু ণকতৃভোরপবাদঃ। লেহঃ শ্লেষ ইতি পচাদিত্বাদপি সিধ্যতি; কিন্তত্র পঠ্যতাং তত্র বেতি ন কশ্চিদ্বিশেষঃ। আদন্ত ইতি আকারান্তা ধাতবো গৃহ্যন্তে, তেন দায় ইত্যাদি ডুদাঞ্ দানে, ধায় ইতি ডুধাঞ্ ধারণপোষণয়োঃ, দরিদ্র ইতি দরিদ্রা দুর্গতৌ, এতেষপি ণকতৃভোরপবাদঃ। ঘণি কৃতে যুর্ব্বেঞাদেরিত্যাদিনা যুঃ। দরিদ্র ইতি লুগ্যেহচ্যনকাদাবিত্যাকারলুক্। আদন্তত্বাদেব সিদ্ধে শৈঙ ইতি পৃথগ্নির্দ্দেশো বাধকবাধনার্থঃ। তেন সোপসর্গাৎ শৈঙ্ গতাবিত্যস্মাৎ প্রাদেরাদন্তাদিতি প্রাপ্তমতং বাধিত্বা ঘণেব ভবতি।

২৯০। অবাৎ। অবাদুত্তরাভ্যাং ষোহন্তকর্ম্মণি, হৃঞ্ হরণে,ইত্যেতাভ্যাং ত্রিষু ঘণ্ভবতি, অতং ণকতৃভৌ চ বাধিত্বা।

২৯১ অতে। অতেরুত্তরাৎ ইণ্ গতাবিত্যস্মাৎ ত্রিষু ঘণ্ ভবতি। ণকতৃভোর্বাধনার্থং বিধানম্।

(২৮৬) কর্ত্তৃবাচ্যে ঘণ্ প্রত্যয় হয়। পূর্ব্বে "পুংসি ঘণ্ কারকে চ" সূত্রে ঘণ্ বিধান করিয়াছেন, তাহাতে কর্ত্তৃবাচ্যে ঘণ্ প্রত্যয়ের ব্যবস্থাসত্ত্বে পুনরায় "কর্ত্তরি চ" এই সূত্র করিবার আবশ্যক কি? উত্তর—এই সূত্রের দ্বারা বিশেষ সূচিত হইতেছে। এই সূত্রের প্রয়োগে অন্য প্রত্যয়ের প্রাপ্তি থাকিলেও তাহার বাধা হইবে। অর্থাৎ তৃভাদির অপবাদে ঘণ্। যথা—"সরতি কালান্তরং" এইবাক্যে "সারঃ" পদ হইয়াছে। ইহার অর্থ এই—চন্দনাদির যে সার, তাহা চিরস্থায়ী এবং সার শব্দে মজ্জা এবং বলও বুঝায়। আবার উপসর্গযোগে ভিন্নার্থও হয়। যথা—অতীসার ব্যাধি। বিসার—মৎস্য। অন্যান্য পদগুলিও এইরূপ কর্ত্তৃবাচ্যে ঘণ্ প্রত্যয়ান্ত জানিবে।

(২৮৭) ভাব, কর্ম্ম ও কর্ত্তৃবাচ্যে ব্যধ প্রভৃতি ধাতুর উত্তর ঘণ্ হয়। কর্ত্তৃবাচ্যে বিধ্যতি এই বাক্যে ব্যধ্+ঘণ্=ব্যাধঃ। এইরূপ পরিব্যাধঃ। পরি উপসর্গবিশিষ্ট ব্যধাদি ধাতুর উত্তরও ঘণ্ হয়। পরি—ব্যধ+ঘণ্=পরিব্যাধঃ। ব্যধাদিগণ মূলে দ্রষ্টব্য।

(২৮৮) আকারান্ত ধাতুও ব্যধাদির মধ্যে গণ্য হইবে। অতএব এখানেও পূর্ব্ববৎ ঘণ্

প্রাদেঃ ৫০ কেবলাৎ ৫০ চ।১০ ইতি ২০ একে: ১:০

২৯২। প্রাদেঃ কেবলাচ্চেত্যেকে।—প্রায়ঃ আয়ঃ॥

নিয়ঃ ৫০ অপ্রাদেঃ ৫০

২৯৩। নিয়োঽপ্রাদেঃ।—নায়ঃ॥

সমঃ ৫০ স্রুবঃ ৫০

২৯৪। সমঃ স্রুবঃ।—দ্রু দ্রু স্রু গতৌ সংস্রাবঃ॥

আঙঃ ৫০ ঙঃ ১০ চ।১০

২৯৫। আঙো ঙশ্চ।—আস্রবঃ আস্রাবঃ॥

অপ্রাদেঃ ৫০ দুগ্রহ্ভুবঃ ৫০

২৯৬ অপ্রাদেদু´গ্রহ্ভুবঃ।—দবো দাবঃ, গ্রাহো জলজন্তুঃ, গ্রহঃ সূর্য্যাদিঃ, ভাবঃ পদার্থঃ, ভবো রুদ্রঃ॥

২৯২ প্রাদেঃ। প্রাদেঃ কেবলাচ্চ ইণ্ গতাবিত্যস্মাদ্ঘণ্ ভবতি ইত্যেকে।

২৯৩ নিয়ো। নিয়োঽপ্রাদেরিতি লক্ষণমত্র লিপিকরপ্রমাদকৃতম্। অপ্রাদের্ব্বা নীরুস্রুব ইত্যনেনৈব কৃতার্থত্বাৎ ঘণ্ সিদ্ধ এব।

২৯৪ সমঃ। সমঃ উত্তরাৎ স্রুবো ঘণ্ ভবতি।

২৯৫ আঙো। আঙ উত্তরাৎ স্রুবো ঘণ্ ভবতি, ঙশ্চ। আস্রব ইত্যাদি ভবতীতি চন্দ্রমতং, নাস্মস্য।

২৯৬ অপ্রো। প্রাদিবর্জ্জিতেভ্যঃ টুদু উপতাপে, গ্রহ্ উপাদানে, ভূ সত্তায়ামিত্যেতেভ্যো

হইবে। যথা—দা+ঘণ্ "যুর্ব্বেঞাদেঃ" যু=দায়ঃ ইত্যাদি। পূর্ব্বসূত্র দ্বারাই আকারান্ত ধাতুর উত্তর ঘণ্ বিহিত আছে। ণক ও তৃণের বাধনার্থ এই সূত্র।

(২৮৯) শৈ্যঙ্ ধাতুও বধাদি হয়। পুনরায় এ সূত্র কেন? উত্তর—"প্রাদেরাদন্তাৎ" বলিয়া উপসর্গ বিশিষ্ট শৈ্যঙ্ ধাতুর উত্তর অঙের প্রাপ্তি ছিল, তাহার বাধ করা হইল। যথা—শৈ্যঙ্+ঘণ্ "এচো" ঐকার স্থানে আকার "যুর্ব্বেঞাদেঃ" যু=শ্যায়ঃ ইত্যাদি।

(২৯০) কর্ত্তৃ, কর্ম্ম ও ভাববাচ্যে অবপূর্ব্ব সোধাতু ও হ্বঞ্ ধাতুর উত্তর ঘণ্ হয়। এখানেও অৎ, ণক্ এবং অঙ্ প্রত্যয়ের প্রাপ্তিসত্ত্বে ঘণ্ বিধান। যথা—অব+সো+ঘণ্ "এচ" ওস্থানে আ= অবসায়ঃ ইত্যাদি।

(২৯১) অতিপূর্ব্ব গত্যর্থ ইণ্ ধাতুর উত্তর কর্ত্তৃ কর্ম্ম ও ভাববাচ্যে ঘণ্ হইবে। ণক ও তৃণ্ প্রত্যয়ের প্রাপ্তিতে ঘণ্ বিধান হইল। যথা—অতি+ইণ্+ঘণ্=অত্যায়ঃ।

(২৯২) কেহ কেহ বলেন ইণ্ ধাতু ও প্রপূর্ব্ব ইণ্ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—প্র+ইণ্ +ঘণ্, বৃদ্ধিঃ=প্রায়ঃ। ইণ্+ঘণ্+আয়ঃ।

(২৯৩) "নিয়োঽপ্রাদেঃ" লক্ষণটী লিপিকরের ভ্রান্তিবশতঃ পুনরুল্লেখ হইয়াছে। কারণ ইতঃপূর্ব্বে "অপ্রাদের্ব্বা নীরুস্রুবঃ" এই সূত্রদ্বারা ঘণ্ সিদ্ধ আছে। তথাপি ইহার অর্থ লিখিত হইতেছে প্রাদি ভিন্ন কেবল নীঞ্ ধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—নীঞ্+ঘণ্=নায়ঃ।

(২৯৪) সম্ উপসর্গের পরস্থিত স্রুধাতুর উত্তর ঘণ্ হয়। যথা—সং+স্রু+ঘণ্=সংস্রাবঃ।

(২৯৫) আঙ্ পূর্ব্ব স্রুধাতু হইলে ঙপ্রত্যয়ও ঘণ্ প্রত্যয় হইবে। যথা—আঙ্+স্রু+ঙ= আস্রবঃ। আঙ+স্রু+ঘণ্=আস্রাবঃ।

জ্বলাদেঃ ৫০ চ।১০

২৯৭। জ্বলাদেশ্চ।—জ্বলঃ জ্বালঃ। জ্বল চল্ জল্ টল্ ট্বল্ ষ্ঠল্ হল্ নল্ বল্ পুল্ কুল্ কস্ শল্ হুল্ পল্ ফল্ পত৯ পথে ক্বথে মথে টুবম্ ভ্রমু ক্ষর্ সহ্ রমু সদ৯ শদ৯ ক্রুশ্ কুচ্ রুহ্ বুধ্ রুধির্॥

প্রাদেঃ ৫০ তু।১০ ভ ১০

২৯৮। প্রাদেস্তু ভঃ।—প্রজ্বলঃ উজ্জ্বলঃ॥

পচাদেঃ ৫০ চ।১০

২৯৯। পচাদেশ্চ।—পচতীতি পচঃ বদঃ নদঃ ভসঃ প্লবঃ চোরঃ ভরঃ জরঃ ঝরঃ পরঃ ক্ষমঃ সূদঃ দেবঃ মেষঃ দেবঃ সেবঃ লেখঃ কোপঃ মেধঃ নর্ত্তঃ ব্রণঃ দর্শঃ গমঃ সর্পঃ বেলঃ চেলঃ দদঃ দধঃ জারভরঃ জাতিস্মরঃ হরঃ গরঃ গাহঃ স্তেনঃ শ্বপচ ইত্যাদি॥

ঘণ্ ভবতি, ভশ্চ স্বভাবাৎ সংজ্ঞায়ামেতদ্বিধানম্। দুনোতীতি দবো দাবঃ, দ্বাবপি বনং বনাগ্নিশ্চাভিধত্তঃ। ভবিধাবপি ভাবার্থো গ্রহগ্রাহাবুদাহরিষ্যতি।

২৯৭ জ্বলা। প্রাদিবর্জ্জিতাৎ জ্বলাদেরুত্তরে ঘণ্ ভবতি, ভশ্চ। জ্বল দীপ্তৌ, চল্ কম্পনে, জল্ ধান্যে, টল্ ট্বল বৈক্লব্যে, ষ্ঠল্ স্থানে, হল্ বিলেখনে, ণল্ বন্ধনে, বল্ প্রাণনে, পুল্ মহত্ত্বে, কুল সংস্থানে বন্ধুষু চ, কস্ শল্ হুল্ পল্ ফল্ গতৌ, পত৯ পথে গতৌ, ক্বথে নিষ্পাকে, মথে বিলোড়নে, টুবম্ উদ্গিরণে, ভ্রমু চলনে, ক্ষর্ সঞ্চলনে, ষহ্ মর্ষণে, রমু ক্রীড়ায়াং, ষদ৯ বিশরণগত্যবসাদনেষু, শদ৯ শাতনে, ক্রুশ্ আহ্বানে রোদনে চ, কুচ্ সঙ্কোচনকৌটিল্যপ্রতিষ্টম্ভনবিলেখনেষু, রুহ্ জন্মনি প্রাদুর্ভাবে, বুধ্ বোধনে, রুধির্ আবরণে। ইতি ভ্বাদ্যন্তর্গণো জ্বলাদিঃ।

২৯৮ প্রাদেঃ। প্রাদেরুত্তরাৎ জ্বলাদের্ভো ভবতি পুংসি। তুশব্দোঽবধারণার্থঃ। জ্বলাদৌ পঠিতানামিজুপান্তানাং ঘণৈব কোলপোলাদিসিদ্ধৌ ভবিধানমনর্থকং স্যাৎ। দুর্ব্বলং বলবতা বাধ্যতে, তেন কুলং পুলং বিপুলমিত্যাদি। কিন্তু জ্বলাদেরচ্চ প্রাদেস্তুদিতি লক্ষণমেতল্লিপিকরপ্রমাদাদন্যথাজাতম্।

২৯৯ পচা। পচাদের্ধাতোর্ভো ভবতি। উদাহরণদর্শনাৎ পচাদেরাকৃতিগণ উহনীয়ঃ। ডুপচষ্ পাকে, বদ ব্যক্তায়াং বাচি, ণদ অব্যক্তে শব্দে, ভস্ ভর্ৎসনে, প্লঙ গত্যর্থঃ, চুর্ স্তেয়ে, ডুভৃঞ্ ধারণপোষণয়োঃ, জৄষ ঝৄষ বয়োহানৌ, পৄ পালনপূরণয়োঃ, ক্ষমুষ সহনে, ষূদ্ ক্ষণনে দিবু ক্রীড়ায়াং মিষস্পর্দ্ধায়াং, দেবৃ দেবনে, ষেবৃ সেবনে, লিখ অক্ষরবিন্যাসে, কুপ ক্রোধে, মেধৃ মেধাহিংসাসঙ্গমেষু, নৃতী গাত্রবিক্ষেপে, ব্রণ শব্দার্থঃ, দৃশির্ প্রেক্ষণে, গম৯ সৃপ৯ বেল্ চেল্ চলনার্থে পঠ্যতে, দদ দানে, দধ ধারণে, জারং বিভর্ত্তীতি জারভরঃ, জাতিস্মর ইতি স্মৃ চিন্তায়াং, হৃঞ্ হরণে গৄ নিগরণে, গাহূ বিলোড়নে, স্তেন চৌর্য্যে। আকৃতিগণত্বাৎ ন্যুব্জতীতি ন্যুব্জো রোগঃ।

---

(২৯৬) প্রাদি উপসর্গের পরস্থিত না হইলে তাপার্থ দুধাতু, উপাদানার্থ গ্রহধাতু, এবং সত্তার্থ ভূ ধাতুর উত্তর ঘণ্ ও ভপ্রত্যয় হয়। যথা—দু+ভ=দবঃ। পক্ষে ঘণ্—দাবঃ। এইরূপ গ্রহ+ঘণ্+গ্রাহঃ। অর্থ—হাঙ্গরাদি জলজন্তু। ভপক্ষে—গ্রহঃ। অর্থ—সূর্য্যাদিগ্রহ। ভূ+ঘণ্=ভাবঃ। ভপক্ষে—ভবঃ।

(২৯৭) প্রাদি উপসর্গের পরস্থিত না হইলে জ্বলপ্রভৃতি ধাতুর উত্তর—ঘণ [illegible] হয়। যথা—জ্বল+ভ=জ্বলঃ। পক্ষে ঘণ্—জ্বালঃ। জ্বলাদিগণ মূলে দ্রষ্টব্য।

প্রাদেঃ ৫০ ঘ্রাদেঃ ৫০ শঙ্ ১০

৩০০। প্রাদের্ঘ্রাদেঃ শঙ্।—উজ্জিঘ্রতীতি উজ্জিঘ্রঃ উৎপিবঃ। ঘ্রা পা ধ্মা ধেট্ দৃশঃ॥

অপ্রাদেঃ ৫০ চ।১০ ইতি ২০ একে ১:০

৩০১। অপ্রাদেশ্চেত্যেকে।--জিঘ্রঃ পশ্যঃ॥

সাহ্যাদেঃ ৫০ অপ্রাদেঃ ৫০

৩০২। সাহ্যাদেরপ্রসাদেঃ।—সাহয়তীতি সাহয়ঃ। সাতিঃ সৌত্রঃ। সাহি সাতি চেতি ধারি পারি বেদি॥

নেঃ ৫০ চ।১০ লিপঃ ৫০

৩০৩। নেশ্চ লিপঃ।—লিম্পতীতি লিম্পঃ, নিলিম্পা দেবাঃ॥

৩০০।৩০১ প্রাদে। প্রাদেরুত্তরাৎ ঘ্রাদেরুত্তরে শঙ্ ভবতি। ঘ্রা গন্ধোপাদানে, পা পানে, ধ্মা শব্দাগ্নিসংযোগয়োঃ, ধেট্ পানে, দৃশির্ প্রেক্ষণে। ভ্বাদীনাং সাহচর্য্যাৎ পাধাতুর্ভ্বাদিরেব গৃহ্যতে, ন হ্বাদিঃ। উজ্জিঘ্র ইত্যাদৌ শিতীত্যাদিনা জিঘ্রাদেশঃ ধ্মা বিধমঃ। ধেট্ উদ্ধয়ঃ। দৃশ্ উৎপশ্যঃ। প্রাদেরিতি কিম্? ঘণ্ ঘ্রায়ঃ পায়ঃ। বহুলবচনাৎ সংজ্ঞাবিষয়ে নায়ং প্রবর্ত্ততে, তেন ব্যাঘ্র ইতি প্রাদেরাদন্তাদিত্যং। জ্বলাদেশ্চেত্যতশ্চকারমনুবর্ত্তয়ন্তি, তেনাপ্রাদেশ্চ ভবতীত্যেকে।

৩০২ সাহ্যা। প্রাদিবর্জ্জিতাৎ সাহ্যাদেঃ শঙ্ ভবতি। সাহয় ইতি ষহ্ মর্ষণে প্রয়োজকণিঙন্তস্ততঃ শঙ্, শিত্বান্নিঙ্ লোপাভাবঃ, জসৃভিতোরিত্যাদিনা গুণঃ,ণ্যাদাবিত্যাদিনা অয়াদেশঃ। সাতিরপি প্রয়োজকণিঙন্তঃ। চিতী সংজ্ঞানে ভ্বাদিঃ প্রয়োজকণিঙন্তঃ। ধৃঞ্ ধারণে প্রয়োজকণিঙন্তঃ। পৄ পূরণে চুরাদিত্বান্নিঙন্তঃ, বিদ্ বেদনাখ্যাননিবাসেষু ইতি চুরাদিণিঙন্তঃ, অথবা বিদ্ জ্ঞানে ইত্যাদাদিঃ প্রযোজকণিঙন্তঃ।

৩০৩ প্রাদি। প্রাদিবর্জ্জিতাৎ নেশ্চোত্তরাৎ লিপ্ উপদেহে ইত্যস্মাচ্ছঙ্ ভবতি। লিম্প ইতি শে মুম্মুচাদেরিতি মুম্। ঙকারে লুপ্তেঽয়মপি শকারো ভবত্যেব। যদি শকারস্য গ্রহণং ন স্যাৎ, তদা শঙ্ বিধানমনর্থকং স্যাৎ।

---

(২৯৮) প্রাদি উপসর্গের পরস্থিত জ্বল প্রভৃতি ধাতুর উত্তর ঙপ্রত্যয় হইবে। অপ্রাদি জ্বলাদি ধাতুর উত্তর ঘণ্ ও ঙপ্রত্যয়ের বিধান আছে, কিন্তু প্রাদি পূর্ব্বক জ্বলাদি ধাতুর উত্তর ঘণ্ নিষেধ থাকিবে। ঙপ্রত্যয়ে ঘণের ন্যায় শব্দ পুংলিঙ্গ হইবে। প্র + জ্বল + ঙ = প্রজ্বলঃ। এইরূপ উজ্জ্বলঃ।

(২৯৯) পচ্ প্রভৃতি কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ঙপ্রত্যয় হইবে। এবং পূর্ব্ববৎ পুংলিঙ্গ হইবে। যথা—পচতি এইবাক্যে পচঃ। পচাদির বিশেষ কিছু নির্দ্দেশ নাই, তবে কতকগুলি গ্রন্থকার উল্লেখ করিয়াছেন; ইহা ছাড়াও অনেক পচাদি আছে।

(৩০০) প্রাদি উপসর্গের পরস্থিত ঘ্রাদিধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে শঙ্প্রত্যয় হইবে। যথা—উৎ + ঘ্রা + শঙ্ "শিতি জিঘ্র" বলিয়া ঘ্রাস্থানে জিঘ্র আদেশ = উজ্জিঘ্রঃ। এইরূপ উৎ + পা + শঙ্ "শিতি" পিবাদেশ = উৎপিবঃ। ঘ্রা, পা, ধ্মা, ধেট্ ও দৃশধাতু ঘ্রাদি।

(৩০১) কেহ কেহ বলেন—প্রাদি উপসর্গের পরস্থিত না হইলে ঘ্রাদিধাতুর উত্তর শঙ্ প্রত্যয় হয়। যথা—ঘ্রা + শঙ্ "শিতি" জিঘ্র আদেশ = জিঘ্রঃ। এইরূপ দৃশধাতু স্থানে পশ্য আদেশ করিয়া 'পশ্যঃ' পদ হইয়াছে।

এজেঃ ৫০ উদঃ ৫০

৩০৪। এজেরুদঃ।—উদেজয়তীতি উদেজয়ঃ॥

বিন্দতেঃ ৫০ অপ্রাদেঃ ৫০

৩০৫। বিন্দতেরপ্রাদেঃ।—বিন্দতীতি বিন্দঃ॥

গবাদেঃ ৫০ চ।১০

৩০৬। গবাদেশ্চ।—গাং বিন্দতীতি গোবিন্দঃ অরবিন্দম্॥

শতাৎ ৫০ লুপঃ ৫০

৩০৭। শতাল্লুপঃ।—শতং লুম্পতীতি শতলুম্পঃ। "শতলুম্পস্তু ভারবি"রিত্যুৎপলমালা॥

৩০৪ উদা। উদ উত্তরাৎ এজৃ কম্পনে ইত্যস্মাৎ এজৃ ভ্রেজৃ দীপ্তাবিত্যস্মাচ্চ প্রয়োজকণিঙন্তাচ্ছঙ্ ভবতি।

৩০৫ বিন্দ। বিন্দতীতি নির্দ্দেশো বিদ৯ লাভ ইত্যস্য গ্রহণার্থঃ। অন্যথা বিদ্ জ্ঞানে ইত্যাদেরপি গ্রহণং স্যাৎ। প্রাদিবর্জ্জিতাদ্বিন্দতেরুত্তরে শঙ্ ভবতি। বিন্দ ইতি পূর্ব্ববন্নুম্। সাহ্বাদয়ো ণিঙন্তা গৃহীতাঃ। যদি তত্রৈবায়ং পঠিতঃ স্যাত্তদায়মপি ণিঙন্তো গৃহ্যত ইতি শঙ্কা স্যাদেব; এতদর্থং পৃথগ্‌যোগকরণম্। অপ্রাদেরিত্যনুবৃত্তৌ পুনরপ্রাদেরিতি কৃতম্ উত্তরযোগানুবৃত্তিনিরাসার্থম্। অথবা পৃথগ্‌যোগকরণমপ্রাদেরিত্যনুবৃত্তিনিরাসার্থমিতি শঙ্কানিরাসায় পুনরপ্রাদেরিতি কৃতম্।

৩০৬ গবা। গবাদেশ্চোত্তরাদ্বিন্দতেঃ শঙ্ ভবতি। অরবিন্দমিতি অরং শীঘ্রং সূর্য্যোদয়াৎ প্রাক্ প্রকাশং বিন্দতীত্যর্থঃ। স্বভাবাদেব সংজ্ঞায়ামেবাস্য বিধানম।

৩০৭ শতা। শতশব্দাদুত্তরাৎ লুপ৯ ছেদনে ইত্যস্মাৎ শঙ্ ভবতি। পূর্ব্ববন্নুম্।

---

(৩০২) কর্ত্তৃবাচ্যে প্রাদি উপসর্গের পরস্থিত না হইলে ণিঙন্ত সহ প্রভৃতি ধাতুর উত্তর শঙ্ প্রত্যয় হয়। যথা—সহ (প্রযোজকে) + ণিঙ্—সাহি + শঙ্ শিত্বহেতু ণিঙের লোপ হইল না "জসৃঙিতোঃ" গুণ "ণ্যাদৌ" অয়াদেশঃ = সাহয়ঃ ইত্যাদি। সাহ্বাদি মূলে দ্রষ্টব্য।

(৩০৩) প্রাদি উপসর্গ পূর্ব্বে না থাকিলে কিংবা নিপূর্ব্বক হইলে লিপ ধাতুর উত্তর শঙ প্রত্যয় হয়। যথা—লিম্পতি। লিপ + শঙ "শে নুম্ মুচাদেঃ" বলিয়া মধ্যে নুম্ আগম, নস্থানে ম = লিম্পঃ। এইরূপ নিপূর্ব্ব লিপ ধাতু শঙ করিয়া নিলিম্পঃ পদ হইয়াছে। নিলিম্প শব্দর্থে দেবতা বুঝায়।

(৩০৪) উৎউপসর্গের পরস্থিত কম্পনার্থ ণিঙন্ত এজ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে শঙ্ হয়। যথা—উদেজয়তি এইবাক্যে উদেজয়ঃ। উৎ + এজৃ + ণিঙ্—এজি + শঙ্ (ণিঙন্ত) "জসৃঙিতোঃ" গুণ, "ণ্যাদৌ" অয়াদেশ = উদেজয়ঃ।

(৩০৫) প্রাদি উপসর্গের পরস্থিত না হইলে বিন্দ্ ধাতুর উত্তর শঙ হয়। 'বিন্দতি' এইরূপ নির্দ্দেশ হেতু লাভার্থ বিদ৯ ধাতুর গ্রহণ হইবে। "সাহ্বাদেরপ্রাদেঃ" সূত্রে ণিঙন্ত বিদ্‌ধাতুর গ্রহণ করিয়াছেন, এখানে অণিঙন্ত বিদ্‌ধাতুর গ্রহণ বুঝিতে হইবে বিন্দতি এই অর্থে—অন্যথা 'সাহ্বাদেরপ্রাদেঃ' এই সূত্রে লাভার্থ বিদধাতুর নির্দ্দেশ করিতেন, পৃথক্ এই লক্ষণ করিতেন না। বিদ + শঙ্ = বিন্দঃ।

(৩০৬) সংজ্ঞার্থে গবাদিশব্দের পরবর্ত্তী বিন্দধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে শঙ্ প্রত্যয় হয়। যথা—গাং বিন্দতি গোবিন্দঃ। শ্রীকৃষ্ণের নাম। এইরূপ অরং শীঘ্রং সূর্য্যোদয়াৎ প্রাক্ প্রকাশং বিন্দতি অরবিন্দম্। অর্থ—পদ্ম।

ইজুপান্তপ্র্যাদেঃ ৫• অং ১•

৩০৮। ইজুপান্তপ্র্যাদেরৎ।—বিষ্ণাতীতি বিষং গরলং, বিস্তীতি বিসং মৃণালং, বুস্যতীতি বুসং, তুষঃ বৃশঃ (বৃষঃ) বুধঃ বিলিপঃ বিক্ষিপঃ পুরং গৃহং ভুজঃ প্রিয়ঃ কিরঃ গিরঃ॥

কৃক্লিদ্ক্লসাং ৬ঃ০ দ্বিঃ ০১০ চ ১০

৩০৯। কৃক্লিদ্ক্লসাং দ্বিশ্চ।—চক্রং চিক্লিদং চক্লসম্॥

চর্চল্পদ্বদাং ৬ঃ০ চরা···বদাঃ ১ঃ০ চ।১০ বা।১০

৩১০। চর্চল্পৎবদাং চরাচর্চলাচল্পতাপৎবদাবদশ্চ বা।—চরং চরাচরং, চলং চলাচলং, পতং পতাপতং, বদং বদাবদম্॥

পাটেঃ ৬০ পটাপটঃ ১০ চ।১০

৩১১। পাটেঃ পটাপটশ্চ।—পাটং পটাপটম্॥

৩০৮ ইজু। ইজুপান্তাৎ প্র্যাদের্ধাতোরুত্তরেঽস্তবতি বিষমিতি বিষ্ বিপ্রয়োগে। সর্ব্বত্রৈব কর্ত্তরি প্রত্যয়ঃ। বিসমিতি বিস্ প্রবেশনে। বুসমিতি বুস্ উৎসর্গে, তুষ ইতি তুষ্ তুষ্টৌ, বৃশ ইতি বৃশ্ আবরণে (বৃষ ইতি বৃষ্, সেচনে), বুধ্ অবগমনে, লিপ্ উপদেহে, ক্ষিপ্ প্রেরণে পুর্ বক্রগমনে, গৃহ্ গ্রহণে; এষাং যথাক্রমং রূপাণি। ভুনক্তের্ভুজঃ স্বভাবাৎ পাণিরেবাস্ত বাচ্যঃ। ভোগ ইতি তু ঘণন্তঃ। প্র্যাদয়ঃ প্রী কৄ গৄ এতে। প্রিয় ইতি প্রীঞ্ তর্পণে, প্রীঙ্ প্রীতৌ বা, মুহ্বাতুরিত্যাদিনা ইয়াদেশঃ। কির ইতি কৄ বিক্ষেপে গির ইতি গৄ নিগরণে।

৩০৯ কৃক্লিদ্। ডু কৃঞ্ করণে, ক্লিদ্ আর্দ্রীভাবে, ক্লসু হ্বরণদীপ্ত্যোরিত্যেতেভ্য উত্তরেঽস্তবতি। দ্বিশ্চ। নিল্লিড়ন্ত ইত্যাদিনা বিহিতায়া এব দ্বিরুক্তেরনুবাদোঽয়ং দ্বিশ্চেতি। তেনাদ্যেকাচ্বর্ণ এব দ্বির্ভবতি। কথছাদিরিত্যাদিনা কস্য চঃ।

৩১০ চর্। চর্ গতৌ ভক্ষণে চ, চল্ কম্পনে, পত৯ গতৌ,বদ্ ব্যক্তায়াং বাচি, এষামস্তবতি। চরাচরাদয়শ্চাদেশা যথাক্রমং বা ভবন্তি।

---

(৩০৭) শতশব্দের পরবর্ত্তী ছেদনার্থ লুপ্ধাতুর উত্তর শঙ্ হয়। যথা—শতং লুম্পতি শতলুম্পঃ। শতং+লুপ্+শঙ্, নুম্, নস্থানে ম=শতলুম্পঃ। উৎপলমালায় শতলুম্প শব্দের অর্থ ভারবি বলিয়া উল্লিখিত হইয়াছে।

(৩০৮) ইজুপান্ত ও প্র্যাদি ধাতুর উত্তর অৎ প্রত্যয় হয়। যথা—বিষ্ণাতি এই অর্থে বিষ+অৎ=বিষং। অর্থ—বিষ। বিষ্ ধাতুর অন্তে ষ এবং তৎপূর্ব্বে ইকার থাকায় বিষধাতু ইচ্ উপান্ত হইয়াছে। প্রীঞ্+অৎ, ইয়াদেশ=প্রিয়ঃ। অন্যান্য উদাহরণ ও প্র্যাদি ধাতু টীকায় দ্রষ্টব্য।

(৩০৯) কৃ, ক্লিদ্ ও ক্লস্ ধাতুর উত্তর অৎ হয় এবং ধাতুর আদি বর্ণের দ্বিরুক্তি হইয়া থাকে। কৃঞ্+অৎ, দ্বিরুক্তিঃ "কথছাদি" বলিয়া কস্থানে চ=চক্রং। ক্লিদ্+অৎ, দ্বিরুক্তি, কস্থানে চ=চিক্লিদং। এইরূপ ক্লসধাতু হইতে চক্লসং পদ হইয়াছে।

(৩১০) চর্, চল্, পৎ ও বদ্ধাতুর উত্তর—অৎপ্রত্যয় হয় এবং বিকল্পে চরাচর্, চলাচল্, পতাপৎ ও বদাবদ্ এই আদেশগুলি যথাক্রমে হইয়া থাকে। যথা—চর্+অৎ=চরং। পক্ষে—চরাচরং ইত্যাদি।

প্রাদেঃ ৫০ আদন্তাৎ ৫০

৩১২। প্রাদেরাদন্তাৎ।—প্রহ্বঃ আহ্বঃ নিহ্বঃ ব্যাঘ্রঃ সুগ্নঃ সুম্লঃ প্রদঃ প্রধঃ॥

স্নাদেঃ ৫০ ভাবাকর্ত্তৃকারকয়োঃ ৭ঃ

৩১৩। স্নাদের্ভাবাকর্ত্তৃকারকয়োঃ।—প্রস্নানং প্রস্নং, প্রস্নাত্যস্মিন্নিতি প্রস্নং তীর্থং, প্রপিবন্ত্যস্যামিতি প্রপা পানীয়শালিকা, আবিধ্যন্ত্যনেন আবিধঃ, আযুধ্যন্তেঽনেন আয়ুধং শস্ত্রং, বিঘ্নন্ত্যস্মিন্নিতি বিঘ্নঃ প্রতিষ্ঠন্তেঽস্মিন্নিতি প্রস্থঃ, দীব্যন্ত্যস্মিন্নিতি দিবম্। "উর্দ্ধলোকো দিবং নভ" ইত্যুৎপলমালা॥

ঋদৃঙাদেঃ ৫০ ঙঃ ১০

৩১৪। ঋদৃঙাদের্ঙঃ।—পুংসি ভাবে কারকে চ বাচ্যে ঋদন্তাদ্দৃঙাদেশ্চোত্তরে ঙো ভবতি। তৄ তরঃ, পৄ পরঃ, গৄ গরঃ, ভৄ ভরঃ, ভৃঞস্তু ভারঃ,

৩১১ পাটেঃ। পাটেরিতি অট্ পট্ গতৌ ণিঙন্তো নির্দ্দিষ্টঃ; অস্মাদন্তবতি, পটপটাদেশশ্চ বা স্যাৎ। হন্তের্ঘনং ঘনাঘনং চেত্যকৈরুক্তং, তস্য ছান্দসত্বমিতি সূত্রকারস্যাশয়ঃ।

৩১২ প্রাদে। প্রাদেরুত্তরাদাকারান্তাদ্ধাতোরদ্ভবতি প্রহ্ব আহ্ব ইতি হ্বেঞ স্পর্দ্ধায়াম্, আহ্বে, কৃদচীত্যাদিনা আকারলুক্। ঘ্রা গন্ধোপাদানে, গ্লৈ হর্ষক্ষয়ে, ম্লৈ গাত্রবিনামে, দা ধা ইত্যেতয়োশ্চ প্রয়োগঃ।

৩১৩ স্নাদে। স্নাদের্ভাবে কর্ত্তৃবর্জ্জিতে কারকে চ অন্তবতি। স্না শৌচে, পা পানে ব্যধ তাড়নে, হন্ হিংসাগত্যোঃ, ষ্ঠা গতিনিবৃত্তৌ, যুধ্ সংপ্রহারে, দিবু ক্রীড়াদৌ পঠ্যতে; এতে স্নাদয়ঃ প্রস্নমিত্যাদৌ কৃদচ্যঙনাদাবিত্যাকারলুক্। প্রপেতি নাম্ন ইত্যাদিনা আৎ। আবিধ ইতি বশাদেরুশাদিরিতি ব্যধঃ বিধাদেশঃ। বিঘ্ন ইতি হনাদেরনগীত্যাকারলুক্, অল্লগাদাবিত্যাদিনা হস্য ঘঃ। স্না পিবতি ব্যধি হন্তি স্থা যুধ্যতয়োঽথ দীব্যতিঃ। স্নাদিরিত্যুক্তোঽন্যে চাত্র প্রয়োগদর্শনাদ্বিজ্ঞেয়াঃ। স্রবতি হবিরনেন স্রুবঃ।

৩১৪ ঋদৃ। ঘণোঽয়মপবাদঃ। তর ইত্যাদি তৄ প্লবনতরণয়োঃ গৄ নিগরণে. ভৄ ভর্ৎসনে ইতি ক্র্যাদৌ পঠ্যতে। ভৃঞস্ত্বিতি ভৃঞ্ ভরণে. ডুভৃঞ ধারণপোষণয়োঃ ইত্যেতাভ্যাং ভার ইতি পর ইতি পৄ পালনপূরণয়োঃ। দর ইতি দৃঙ্ আদরে। বর ইতি বৃঙ্ সংভক্তৌ, বৃঞ্ বরণে চ।

---

(৩১১) ণিঙন্ত গমনার্থ পট্ ধাতুর উত্তর অৎপ্রত্যয় হয় এবং বিকল্পে পটাপট্ আদেশ হইয়া থাকে। যথা—পট্ + ণিঙ্ = পাটি (ণিঙন্তধাতু) অৎ ণিঙ্লোপ = পাটং। পক্ষে—পটাপটম্।

(৩১২) প্রাদি উপসর্গের পরস্থিত আকারান্ত ধাতুর উত্তর অৎ হয়। যথা—প্র + হ্বেঞ "এচো" একারস্থানে আকার, অৎপ্রত্যয় "কৃদচি" বলিয়া আকারের লোপ = প্রহ্বঃ। আঙ্পূর্ব্ব ও নিপূর্ব্ব হ্বেঞ্ ধাতু হইতে আহ্বঃ এবং নিহ্বঃ পদ হইয়াছে। এইরূপ বিপূর্ব্ব আঙ্পূর্ব্ব ঘ্রাধাতু হইতে ব্যাঘ্রঃ পদ হইয়াছে।

(৩১৩) প্রাদি উপসর্গের পরস্থিত স্নাদি ধাতুর উত্তর ভাব ও কর্ত্তৃভিন্ন কারকবাচ্যে অৎপ্রত্যয় হয়। অধিকরণবাচ্যে যথা—প্রস্নাতি অস্মিন্ এই বাক্যে—প্র + স্না + অৎ, আকারের লোপ = প্রস্নং। অর্থ—তীর্থ। প্র + পা + অৎ, আ = প্রপা। অর্থ—জলাশয়। করণবাচ্যে আঙ্ + ব্যধ্ + অৎ, "বশাদেঃ" ব্যধস্থানে বিধ্ আদেশ = আবিধঃ ইত্যাদি।

দৃঙ্ দরঃ আদরঃ, বৃঙ্ বৃঞ্ বরঃ. বরেতি তু স্বভাবাদেব স্ত্রিয়াম্। বর বল্ল সংবরণে ইত্যস্য বারঃ বালঃ। মৃঙ্ মরঃ। গ্রহঃ,বাহুল্যাদ্দীর্ঘঃ—গ্রাহঃ। তথাচ, "গ্রাহং গতাস্তত্র কথঞ্চিদন্যে" ইতি ভট্টবার্ত্তিকম। বশ্ কান্তৌ বশঃ, রণঃ বসঃ গমঃ ॥

ইণন্তঃ ১০

৩১৫। ইণন্তঃ।—জয়ঃ বিজয়ঃ নয়ঃ বিনয়ঃ নিশ্চয়ঃ যবঃ প্লবঃ পবঃ লবঃ, জুঃ সৌত্রো জবঃ, ব্যধঃ, বেধস্তু বিধ্ বিধানে ইত্যস্যানেকার্থত্বাদ্ব্যধনার্থস্য রূপম্ ॥

প্রাদেঃ ৫০ অদঃ ৫০

৩১৬। প্রাদেরদঃ।—প্রঘসঃ ॥

নেঃ ৫০ অণ্ ১০ চ ।১০

৩১৭। নেরণ চ।—নিঘসঃ ন্যাদঃ ॥

